# उछिश्वा

-ঊষাকান্ত দত্ত

কলিকাতা, বর্ধমান, উত্তরবন্ধ, বিশ্বভারতী, যাদবপুর প্রভৃতি বিশ্ববিভালয়ের পাঠ্যস্কচী অমুমায়ী লিখিত পূর্ণান্ধ পুন্তক

# ইতিহাস শিক্ষণ শন্ধতি

[ বিষয় পদ্ধতিসহ পূর্ণাঞ্স সংস্করণ ]

অধ্যাপক ঊষাকান্ত দত্ত, এম.এ. বি.টি. (পদকপ্রাপ্ত) উত্তরবঙ্গ বিশ্ববিভালয় শিক্ষক শিক্ষণ মহাবিভালয় কোচবিহার।



<sup>8</sup> পরিবেশনায়ঃ

স্বব্রাব্র ভাণ্ডাব্র ১২৭এ, এস পি মুখার্জী রোড কলিকাতা-২৬ সঞ্জয় ৩০।১/বি, কলেজ রো, কলিকাতা-৯ প্রকাশিকাঃ
শ্রীমতী শোভারাণী চক্রবর্তী
প্রভূকেশনাল বৃক করপোরেশন
১২৭এ, খ্রামাপ্রদাদ ম্থার্জী রোড
কলিকাতা-২৬

প্রথম সংস্করণ : ১৫ই আগউ—১৯৭৫

আৰ্থিক ম্ল্য-বাঝো টাক। পঞ্চাশ পয়দা মাত্র

375.42 Dutta

মুদ্রাকর:
শ্রীতুলসীচরণ বক্সী
স্থাশনাল প্রিটিং ওয়ার্কস্
৩৩ডি, মদন মিত্র লেন,
কলিকাতা-৬

॥ উৎসর্গ ॥

আমার
বাবাকে

বিনি আমাকে ইতিহাক

চিনিয়েছেন আর

বিনি আজ নিজেই

ইতিহাস।

নাম ক্লেক্ট্রনার প্রথাক প্রথাক প্রথাকার আক বিশিক্ষক আক

## ॥ गुथवका॥

বাজারে ইতিহাদ শিক্ষণ পদ্ধতির উপর বহু বই প্রচলিত। তবুও আরেকটি বইয়ের প্রকাশনা ভধুমাত্র প্রকাশকের ব্যবসায়িক তাগিদ বা গ্রন্থকারের নিজেকে জাহির করার উদ্দেশ্য প্রণোদিত নয়।

ইতিহাস যেহেতু নিয়তই সঞ্চারমান, সেই হেতু ইতিহাসের সঞ্চয় দর্বদাই ক্রম-বর্ধমান। তাই ইতিহাসের পাঠককে সর্বদাই হতে হয় সর্বাধুনিক। স্বভাবতঃই এ কারণে এই গ্রন্থকে বিষয় ও পদ্ধতিগত দিক খেকে, ষতখানি সম্ভব, সাম্প্রতিক ও আধুনিক করার চেষ্টা করা হয়েছে।

প্রসক্তমে অবশ্রই স্বীকার্য, ইংরাজী ও বাংলা ভাষায় দেশে ও বিদেশে প্রকাশিত ও প্রচলিত প্রায় সব বই বর্তমান গ্রন্থকার পাঠ করেছেন। ফলে এই গ্রন্থ রচনায় সে সব গ্রন্থের প্রভাব থাকাটাই স্বাভাবিক।

এই গ্রন্থ রচনায় প্রথম উদ্দীপক ছাত্র-ছাত্রীবৃন্দ। আর সেই উদ্দীপণাকে পরিণতি পথে নিয়ে গিয়েছেন সহমর্মী ও সহকর্মী। অতএব কৃতজ্ঞতা এঁদের স্বার কাছে।

শেষে বিনীত অনুরোধ, গ্রন্থখানির অধিকতর গুণগত উৎকর্মতা অর্জনে স্বার সহযোগিতা এবং মূল্যবান উপদেশ একান্তভাবে আকাজ্জিত।

কোচবিহার रेखाई २२, ३०४२ . গ্রন্থকার।

## সূচীপত্ৰ

## প্রথম পর্ব—ইতিহাস বিষয়ের সাধারণ পদ্ধতি

#### প্রথম অধ্যায়

পৃষ্ঠা

#### ইতিহাসের পরিচয়

20-07

ইতিহাদের ইতিহাদ—১, ইতিহাদের সংজ্ঞা—৪, ইতিহাদের পরিধি—৬, ইতিহাদের দর্শন—৮, কল্পনাধর্মী মতবাদ—৮, ভাববাদী দর্শন—৮, বস্তুবাদী দর্শন—৯, সংস্কৃতি-ভিত্তিক মতবাদ—১০, আবর্তনমূলক মতবাদ—১১, ঈশ্বরবাদ—১১, বিবর্তনবাদ
—১১, নিয়তিবাদ—১২, ইতিহাদের স্কর্প-কলা না বিজ্ঞান—১৪, ইতিহাদ রচনাশৈলী
—১৮, ইতিহাদ চর্চার পদ্ধতি—১৯, ইতিহাদে নৈর্ব্যক্তিকতা—২১, ইতিহাদের কার্যকারণ স্থ্র—২৬, ইতিহাদে অঘটন—২৪, ইতিহাদে ব্যক্তিত্ব—২৪, ভারতীয়
ইতিহাদ রচনাশৈলী—২৫, প্রাচীন যুগ—২৫, মধ্যযুগ—২৭, আধুনিক যুগ—২৮, সাম্প্রতিক প্রবণতা—২৯।

## ৃদ্বিতীয় অধ্যায়

ইতিহাসের লক্ষ্য ও উদ্দেশ্য

७२—8°

লক্ষ্য নির্ধারণের প্রয়োজনীয়তা—৩২, লক্ষ্য ও মৃল্যের মধ্যে প্রভেদ—৩৩, ইতিহাদের স্বরূপ ও শিক্ষাগত সমস্থা—৩৪, ইতিহাদ পাঠের লক্ষ্য—৩৫, ইতিহাদ পাঠের ফুল্য—৩৮, ভারতীয় দৃষ্টিকোণ থেকে ইতিহাদ পাঠের উদ্দেশ্য—৪১, ইতিহাদ ও জাতীয় দংহতি—৪৩, জাতীয় দংহতির স্বরূপ—৪৩, ভারতীয় দৃষ্টিকোণ থেকে জাতীয় সংহতির প্রয়োজনীয়তা—৪৩, এই পটভূমিকায় ইতিহাদের ভূমিকা—৪৫, ইতিহাদ ও আন্তর্জাতিক চেতনা—৪৬, আন্তর্জাতিক সম্প্রতির গুরুত্ব—৪৬, এই পটভূমিকায় ইতিহাদের কর্তব্য—৪৬, আন্তর্জাতিকতা ও ভারতের ইতিহাদ ৪১।

## তৃতীয় অধ্যায়

বিত্যালম্মের পাত্যসূচীতে ইতিহাসের স্থান ৫০—৬০
বিত্যালয়ের পাঠ্যক্রমে ইতিহাসের স্থানলভের ইতিহাস—৫০, পাঠ্যক্রমে
ইতিহাসকে গ্রহণের ধৌজিকতা—৫৩, মনস্থাত্তিক দিক—৫৪, সমাজতাত্তিক দিক
—৫৫, বাস্তব উপযোগিতার দিক—৫৬, ইতিহাস পাঠের আবস্থিকতা ও ঐজ্জিকতা
—৫৭, বিত্যালয়ের বিভিন্ন ভরে ইতিহাস পাঠের লক্ষ্য—৫৮, প্রাথমিকস্তর—৫৯,
মাধ্যমিক স্তর—৫৯, উচ্চমাধ্যমিকস্তর—৫৯।

## ইতিহাসের পাট্যক্রম

3--- b 3

ভূমিকা—৬১, বিষয় নির্বাচনের সমস্তা—৬১, বিষয়বন্তর হুর বিস্তানের সমস্তা—৬২, বিষয়বন্তর সংগঠনের সমস্তা—৬২, পাঠ্যক্রম রচনার কয়েকটি দাধারণ নীতি—৬৬, বিষয় বিস্তাদ সম্পর্কিত কয়েকটি পদ্ধতি—৬২, জীবনী ভিত্তিক পদ্ধতি—৬৪, এই পদ্ধতি প্রয়োগের স্বপক্ষে যুক্তি—৬৫, এই পদ্ধতি প্রয়োগের বিপক্ষে যুক্তি—৬৫, এই পদ্ধতির প্রয়োগ সম্পর্কিত সতর্কতা—৬৬, কালচার—ইপক্ষতবাদ ৬৭, বিষয়-সংগঠন সম্পর্কিত কয়েকটি পদ্ধতি—৬৯, সময়ায়ুক্তমিক পদ্ধতি—৬৯, সময়ায়ুক্তমিক পদ্ধতি—৭৯, সময়ায়ুক্তমিক পদ্ধতি—৭১, প্রতিগামী পদ্ধতি—৭২, দোলক পদ্ধতি—৭২, ক্রমগতির ধারায়্বরণ পদ্ধতি—৭২, এই পদ্ধতির স্ক্রিয়া—৭৬, এই পদ্ধতির অস্ক্রিয়া—৭৬, এই পদ্ধতির অস্ক্রিয়া—৭৫, একক পদ্ধতি—৭৪, গ্রেথিতকরণ পদ্ধতি—৭৪, এই পদ্ধতির স্ক্রিয়া—৭৫, একক পদ্ধতি—৭৫, একক পদ্ধতি হাল ইতিহাসের এককের বৈশিষ্ট্য—৭৭, একক পদ্ধতির স্ক্রিয়া—৭৭, সমাজতাত্ত্বিক পদ্ধতি ৭৭, পশ্চিমবঙ্কের বিস্থালয় সমূহে নব প্রবৃত্তিত ইতিহাসের পাঠ্যক্রম—৭৮, ইংলগু—৭৯, আমেরিকা যুক্তরান্ত্র—৭৯, ক্রান্স—৭৯, নোভিয়েট রাশিয়া—৭৯, এই পটভূমিকায় পশ্চিমবঙ্কের ইতিহাসের নতুন পাঠ্যক্রম সম্পর্কে আলোচনা—৮০।

#### পঞ্চম অধ্যায়

## ইতিহাস শিক্ষাদান পৰাতি

866-04

পদ্ধতির প্রয়োজন—৮৩, উৎকৃষ্ট পদ্ধতির লক্ষণ—৮৪, পদ্ধতির শ্রেণী বিভাগ - ৮৫, মৌথিক পদ্ধতি—৮৬, মৌথিক পদ্ধতির স্থবিধা—৮৬, মৌথিক পদ্ধতির অস্থবিধা ৮৭, এই পদ্ধতির অস্থবিধেগুলি দ্র করার উপায়—৮৮, পাঠ্যপুস্তকপদ্ধতি—৮৯, এই পদ্ধতির স্থবিধা—৮৯, এই পদ্ধতির অস্থবিধা—৮৯, এই পদ্ধতির অস্থবিধা—৮৯, অব্যাগকৌশল—৯১, আলোচনা—৯০, আলোচনাপদ্ধতির প্রয়োগকৌশল—৯১, আলোচনা পদ্ধতির প্রবিধা—৯২, আলোচনা পদ্ধতির স্থবিধা—৯২, আলোচনা পদ্ধতির স্থবিধা—৯২, আলোচনা পদ্ধতির স্থবিধা—৯০, ক্রেম্বাগ—৯৮, উৎস পদ্ধতির স্থবিধা—৯৯, উৎস পদ্ধতির অস্থবিধা—৯৯, অবেক্ষণ পাঠচর্চা পদ্ধতির অস্থবিধা—১০০, অবেক্ষণ পাঠচর্চা পদ্ধতির অস্থবিধা—১০১, শিক্ষকের ভূমিকা—১০১, প্রকল্পদ্ধতি—১০২, প্রকল্প পদ্ধতির প্রয়োগ—১০১, শিক্ষকের ভূমিকা—১০১, প্রকল্পদ্ধতি—১০২, প্রকল্প পদ্ধতির স্থবিধা—১০৪, সমস্যাপদ্ধতি—১০৪, সমস্যাপদ্ধতির স্থবিধা—১০৬, সমস্যাপদ্ধতির স্থবিধা—১০৬, সমস্যাপদ্ধতির স্থবিধা—১০৬, সমস্যাপদ্ধতির স্থবিধা—১০৬, সমস্যাপদ্ধতির স্থবিধা—১০৬, সমস্যাপদ্ধতির প্রয়োগ বিধি—১০৭, একক পদ্ধতির প্রয়োগ বিধি—১০৭, একক পদ্ধতির প্রয়োগ বিধি—১০৭, একক পদ্ধতির প্রয়োগ বিধি—১০৭, একক পদ্ধতির প্রয়োগ—১০০, নাটকীয় পদ্ধতির

সম্পর্কে কয়েকটি সতর্কতা—১০৯, নাটকীয় পদ্ধতির স্থাবিধা—১১০, নাটকীয় পদ্ধতির অন্ধবিধা—১১০, স্থানিয় ইতিহাস ও তার ব্যবহার—১১১, স্থানীয় ইতিহাসের ব্যবহার—১১১, ইতিহাস শিক্ষণে নোট দান প্রথা—১১২, নোটদানের কারণ—১১২, নোটদানের পদ্ধতি—১১৬, নোট দান প্রথা বাতিল করার উপায়— ১৪।

## यर्थ जशास

ইতিহাসের বাস্তবায়ন ... ১১৫—১৬৮

ভূমিকা—১১৫, বান্তবায়ণের প্রয়োজন—১১৬, উপকরণ ব্যবহারে দতর্কতা—১১৬, উপকরণের শ্রেণী বিভাগ —১১৭, দৃষ্টি নির্ভর উপকরণ—১১৭, শ্রুতি নির্ভর উপকরণ—১২০, শ্রুতিহাদ কক্ষে—১২০, শ্রুতিহাদ কক্ষে—১২০, ইতিহাদ কক্ষের আয়তন—১২০, ইতিহাদ কক্ষের আয়বাব-পত্র ১২৪, ইতিহাদ কক্ষের সরঞ্জাম—১২৪, ইতিহাদ প্রাঠ্য পুস্তক ১২৬, পাঠ্য পুস্তকের অপরিহার্যতা—১২৬, পাঠ্য পুস্তকের প্রয়োজনীয়তা—১২৭, পাঠ্য পুস্তকের শ্রেণী বিভাগ —১২৮, পাঠ্য পুস্তকের গুণাবলী—১২৮, পাঠ্য পুস্তকের ব্যবহার বিধি—১২৯, পাঠ্য পুস্তকের নির্বাচন—১০০, পাঠ্য পুস্তকের ব্যবহার বিধি—১২৯, পাঠ্য পুস্তকের নির্বাচন—১০০, পাঠ্য পুস্তকে জাতীয়করণ—১০০, সমধর্মী পুস্তক পাঠ—১০১, সমধর্মী পুস্তক পাঠ-১০১, সমধর্মী পুস্তক পাঠ-১০১, সমধর্মী পুস্তক পাঠ-পদ্ধতি—১০২, সমধর্মী পাঠের প্রকার ভেদ—১০২, অন্তবন্ধ—১০০, ইতিহাদ ও দাহিত্য —১০৪, ইতিহাদ ও ভূগোল—১০৫, ইতিহাদ ও বাট্র বিজ্ঞান—১০৬, ইতিহাদ ও হম্বশিল—১০৭, ঐতিহাদিক স্থান ভ্রমণ—১০৭, ভ্রমণের প্রকার ভেদ—১০৭, ভ্রমণ পরিকল্পনার মানদণ্ড—১০৮, ভ্রমণ স্থচী সম্পর্কে ক্রেক্টি কথা—১০৮।

#### সপ্তম অধ্যায়

ইতিহাসের সময় জ্ঞান ... ১৩৯—১৪২

ভূমিকা—১৩৯, সমন্ত্র চেতনার সংজ্ঞা —১৩৯, সমন্ত্র চেতনা জাগ্রত করার বিভিন্ন উপায়—১৪১, সমন্ত্র তালিকা —১৪১, সমন্ত্র রেথা—১৪১, সমন্ত্র লেখচিত্র—১৪২, সমন্ত্র চেতনা সম্পর্কীত কয়েকটি তথ্য—১৪২।

#### ञ्हेम ञध्राश

ইতিহাসের শিক্ষক ... ১৪৩–১৫

শিক্ষকের ভূমিকা—: ৪৩, শিক্ষকের আবশ্যিক গুণাবলী—১৪৩, ইতিহাস শিক্ষকের শিক্ষণ—১৪৫, ইতিহাস শিক্ষকের পেশাগত প্রস্তুতি—১৪৬, ইতিহাস শিক্ষাদানে ব্যর্থতার কারণ—১৪৮।

ইতিহাস পাঠে সমসাময়িকতার ব্যবহার ২৫১–১৫৮

সমসাময়িক প্রসঙ্গের সংজ্ঞা—১৫১, সমসাময়িক প্রসঙ্গ ব্যবহারের উদ্দেশ্য—১৫২, সমসাম্য্রিক প্রসঙ্গ জানার উৎস ১৫২, সম্পাম্য্রিক প্রসঙ্গের ব্যবহার ১৫৩, সম্পাম্য্রিক প্রসঙ্গ ব্যবহারের মাধ্যম—১৫৪, সমসাময়িক প্রদঙ্গের প্রতিবন্ধক—১৫৪, শিক্ষকের ভূমিকা-১৫৫, মতহৈধতা পূর্ণ বিষয়ের পাঠ-১৫৫, ভূমিকা-১৫৫, মতানৈক্যের উৎস - ১৫৫, বিভালয় স্তরে উপযোগী মতাহিষ্ধতা পূর্ণ বিষয়—১৫৬, মতাহিষ্ধতাপূর্ণ প্রসক্ষের প্রকার ভেদ—১৫৬, তথ্য সম্পর্কীত মতহৈন্বতা—১৫৭, তথ্য বিশ্লেষণ সম্পর্কীত মতহৈৰধতা—১৫৭, মতহৈৰধতাপূৰ্ণ প্ৰদক্ষ আলোচনা পদ্ধতি—১৫৭।

#### দশ্য অধ্যায়

ইতিহাসের অভীক্ষা ও মূল্যায়ণ

মূল্যায়ণের প্রয়োজন—১৫১, মূল্যায়ণের বিভিন্ন পদ্ধতি −১৬০, রচনাধর্মী পরীক্ষার স্থবিধা—১৬১, দংক্রিপ্ত উত্তর লিখন পরীক্ষা—১৬২, নৈর্ব্যক্তিক পরীক্ষা—১৬২, নৈর্ব্যক্তিক পরীক্ষার স্থবিধা - ১৬২, নৈর্ব্যক্তিক পরীক্ষার অস্থবিধা - ১৬৩, নৈর্ব্যক্তিক পরীকার কয়েকটি নম্না—১৬৩, সঠিক নির্বাচনী অভীক্ষা—১৬৩, ঘটনাক্রম অভীক্ষা —১৬৪, সামন্ত্রস্থ সাধন অভীকা—১৬৫, ইতিহাসে অজিত জ্ঞানের অভীকা—১৬৫।

## দ্বিতীয় পর্ব—বিষয় বস্তু

বিষয় ব্যু

369-236

সিন্ধু সভ্যতা—১৬৯, আর্য সভ্যতার প্রভাব—১৭৫, অশোক ও তাঁর 'ধর্ম' ১৮১, ভারতে মুসলমান আগমনের ফলাফল: রাজনৈতিক, সামাজিক ও ধর্মীয়-১৮৫, ভারতে ইংরাজ দামাজ্যবাদ—তার স্বনিবার্থতা—১৯৬, সামাজ্যলাভের মূহুর্তে ভারতবর্ষ —২০২, ভারত স্বাধীনতা সংগ্রাম—২০৫, ভারতের ইতিহাসের উল্লেখ্যোগ্য ঘটনাবলী —২১২, ভারতের স্বাধীনতা সংগ্রামের উল্লেখযোগ্য ঘটনাবলী - ২১৫,

## তৃতীয় পর্ব-পাঠপরিকল্পনা

প্রথম অধ্যায়

ইতিহাসের পাটপরিকল্পনা

বিষয় বস্তু—২১৯, পাঠপরিকল্পনার প্রয়োজন—২১৯, পাঠপরিকল্পনা রচনায় কয়েকটি নীতি—২২০, পাঠপরিকল্পনার বিভিন্ন গুর—২২১, পাঠপরিকল্পনায় সার্থকতার মূল্যায়ন —২২২, পাঠপরিকল্পনা (১—১০)—২২৩,

# ইভিহাস শিক্ষণ

## প্রথম অধ্যায়

## ইতিহাসের পরিচয়

#### । বিষয়-সংকেত ॥

ইতিহাসের ইতিহাস—ইতিহাসের দংজ্ঞা— ইতিহাসের পরিধি—ইতিহাসের দর্শন— ইতিহাসের স্বরূপ—ইতিহাস রচনাগৈলী— ভারতীয় ইতিহাস রচনাগৈলী।

"What men have done and said and above all what they have thought that is history."—Maitland

"We can learn to lead efficient and useful lives only if we try to understand our present-day-problems—national and international, accurately and dispassionately. History will show us how to do it.

V. D. Ghate

"It is the welfare of your country, it is your whole interest as estimens that is in question when you study history."

John Seeley.

## । ইতিহাসের ইতিহাস।।

#### | History of History |

দাম্প্রতিক কালে সোভিয়েট রাশিয়ার মত শিক্ষায় সমূত্রত দেশে ইতিহাস একটি বিজ্ঞান-বিভাগীয় বিষয় হিসেবে পরিগণিত। বিগ্যালয়ের পাঠ্যক্রমে অন্তর্গত বিভিন্ন বিষয়ের মধ্যে ইতিহাসের যে বিশেষ মর্যাদা আজ সর্বজন স্বীকৃত তা কোন তাৎক্ষণিক ঘটনার ফলশ্রুতি নয়, বরং আমাদের চিস্তা-চেতনার ক্ষেত্রে দীর্ঘকাল ব্যাপী বিবর্তনের একটি স্বাভাবিক পরিণতি। এই বিবর্তনের প্রবাহকে অনুসরণ করতে হলে প্রয়োজন ইতিহাসের ইতিহাসকে জানা।

সেই কোন্ স্থদ্র অতীতে একটি সময় ছিল যথন ইতিহাস বলতে ব্ঝাতো আঞ্চলিক কোন রোমাঞ্চকর কাহিনী, কোন বীরত্বের কীর্তি-কথা, লোকগাথা, মহাকাব্য ইত্যাদি। তখন ইতিহাসের ভূমিকা ছিল আরম্ভিক কাল প্রাত্যহিকভার জীবন-যন্ত্রগায় বিক্ষত মানুষকে কিছুক্ষণের জন্ম আনন্দ দান। ইতিহাসের এই ভূমিকার পরিবর্তন আনলেন গ্রীক ঐতিহাসিক হেরোভোটাস।
তাই তাঁকেই আমরা ইতিহাসের জনক Father of history) বলে জেনেছি।

ইতিহাসকে একটি স্বতন্ত চিন্তা ও চেতনার বিষয়রূপে তিনিই
হেরোভোটাস
প্রতিষ্ঠিত করেন। তাঁর উল্লোগে সত্যকে অনুসন্ধান ইতিহাসের
মূল নীতিরূপে গৃহীত হ'ল। তাঁর লেখা পারস্তের যুদ্ধের কাহিনী একাধারে যেমন
প্রত্যক্ষ অভিজ্ঞতার ফলল, অন্তাদিকে তেমনি পরোক্ষভাবে প্রাপ্ত তথ্যের যথোচিত
বিশ্লেষণ লব্দ ফল। হেরোভোটাস প্রকৃত অর্থে ইতিহাস শব্দের যে ব্যুৎপাত্তগত
তোতনা 'অনুসন্ধান' তার প্রতি যথোচিত মর্যাদা আরোপ করেন। হেরোভোটাস
অনুস্ত পদ্ধতির মূলকথা হ'ল এই: ইভিছাস হ'ল অভীত ঘটনার বিবরণ আর
ঐতিহাসিক হলেন সেই বিবরণের গাঁ ব্লিক লিপিকার।

হেরোডোটাদের সমসাময়িক-কালে ছিলেন আর একজন ঐতিহাসিক, নাম

পুকিডাইডিস্। তাঁর রচনার বিষয় হ'ল পেলোপনেশিয়ার যুদ্ধ। তাঁর মতে,

অতীত নয়, সাম্প্রতিক-কালের বিবরণই হ'ল ইতিহাস। তুর্ তাই নয়।

পেলোপনেশিয়ার যুদ্ধের বিবরণ রচনা করতে গিয়ে তিনি উভয়

যুষ্ধান পক্ষের শক্তি-সামর্থার, ক্রটি-বিচ্যুতির যে তুলনামূলক
আলোচনা করলেন তাতে ইতিহাস সভ্যি স.ভাই বিশ্লেষণাম্মক হয়ে উঠলো। তাঁর
উদ্দেশ্য হ'ল, ইতিহাস মেন জনগণের ভবিশ্রৎ দৃষ্টিভদ্দা গঠনের সহায়ক হতে পারে।

তাই থুকিডাইডিদের সময় পেকে ইতিহাস হ'ল শিক্ষামূ ক বা Didactic এভাবেই
ইতিহাস-নিভ্রতার একটি মান নির্বারিত হয়ে গেল।

এঁদের পরবর্তীকালে এসেছেন বছ-খ্যাতিমান ঐতিহাদিক। যেমন জেনোফোন, পলিবাস, ক্যাদিয়াস্, ট্যাদিটাস্ প্রভাত। কিন্তু এঁরা সবাই হেরোডোটাস-থ্কিডাইডিস প্রদেশিত পথই অন্তসরণ করেন। অর্থাৎ দার্ঘকাল পরবর্তীকাল প্রত্ হদয়-প্রাহীতা ও শিক্ষায়ূলক বিবরণ-ধ্যিতাই হয়ে রইলো ইতিহাদের প্রধান বৈশিষ্ট্য।

ইতিহাসের পথ-পরিক্ষার নতুন থাক এল মধ্য-মুগে গৌছে। সেই তুমুল ধর্মান্ধভার নময় ধর্মই হ'ল ইটিএহাসের প্রধান উপজাব্য আর তথন ইতিহাস লেপক ছিলেন মূলতঃ যাজক-সম্পান। এঁর। ইতিহাসের মধ্যুগ নধ্যে ঈররের ভূমিকা গোগা করতে চাইলেন। তাই বলা হয়েছে এই সময় ইতিহাস ছিল handmaid of theology.

তারপর সপ্তদশ শতাক্ষাতে স্থচিত হ'ল আর এক পট-পরিবর্তন। ইতিহাস এ
সময় থেকে কেবল কোন ঘটনার বিবরণই নয়, অথবা শুরুমাত্র কোন শিক্ষামূলক
রচনাও নয়। ইতিহাস হয়ে উঠলো বহুলাংশে স্ব-নির্ভরতারই
সপ্তদশ শতাকী ঘটমানতার নিলিপ্ত সমালোচক। ইতিহাসের এই যে ভিন্নতর
ভূমিকা তাকে সার্থক করে তোলার জন্ম এতিহাসিকেরাও অবলম্বন করতে

চাইলেন ইতিহাস রচনার ভিন্নতর পথ। আরম্ভ হ'ল বিভিন্ন ইতিহাসের
নির্ভ্রুযোগ্য গ্রন্থাবলীর সন্ধানী বিচার-বিশ্লেষণ। আরম্ভ হ'ল মৃদ্রা, ত্মতিশুন্ত,
ইতিহাস রচনার
শ্বলালিপি প্রভৃতি উপাদানগুলি যাচাই করে ঐতিহাসিক
তথ্যচয়ন, সংগঠন ও সমন্তর সাধনের উত্যোগ। ইতিহাস
পরিবর্তন রচনার এই নতুন পথের প্রদর্শক হলেন জিন বোজিন ও জিন
ম্যাবিলন। প্রার্ভিপক্ষে এ সময় থেকেই বিজ্ঞান ও দর্শনের
মানদণ্ডে ইতিহাসকে বিচার করার স্ত্রপান্ত হ'ল। এভাবেই আধুনিক
ইতিহাস রচনার যাত্রা হ'ল শুক্র।

তারপর এক পট পরিবতন উনবিংশ শতাদীতে। এই শতাদী একদিকে যেমন
বিজ্ঞানের শতাদী, অন্তদিকে তেমনি ইতিহাসের শতাদী। আপাতঃদৃষ্টিতে যাই
মনে হোক্, কথা ছটি কিন্তু পরক্ষার বিরোধী নয়, বরং
পরক্ষারের পহিপূরক। কারণ এই শতাদীতে বিজ্ঞানের ত্থার
অগ্রগতির সঙ্গে সঙ্গতি রক্ষা করে জ্ঞানের প্রতিটি বিভাগেই এসেছে যে কোন
তথ্য নিয়ে পরীক্ষণ, পর্যবেক্ষণ ও বিশ্লেষণের মানসিকতা।
ইতিহাসও নিজেকে এই পরিবতিত মানসিকতা থেকে বিচ্ছির
করে রাথতে পারলো না। তাই আরম্ভ হ'ল ইতিহাসের ক্ষেত্রেও বিজ্ঞান
চেতনা।

ইতিহাদের এই অভিনব যাত্রা পথের প্রথম অভিযাত্রী হলেন এক জার্মান শিক্ষক,

শাম লিওপোল্ড ভন ব্যা কে। একজন বিজ্ঞানীর চোথে

রাাকে

ইতিহাদকে বিচার করতে গিয়ে তিনি বললেন, ইভিহাস হ'ল

অভীতের অবিকৃত এবা যথায়থা বিদরণ।

বিজ্ঞান-ভিত্তিক এই ইতিহাস-চর্চাকে স্পষ্টতর এবং ভীক্ষতর করে তুললেন ইংরেজ ঐতিহাসিক বাক্লো। তাঁর মন্দে, অভীন্ত সম্পর্কে সঠিক তথ্য সংগ্রাছ করাভেই ঐ জ্ঞাসিকের দায়িত্ব শেষ হয় না। বরং সেই বাক্লে সংগৃহীত তথ্যজ্ঞলোকে বিশ্লেষণ করে ক্তক্তজ্যে বিশি বা Law নির্ধানণ করাও ঐ ভিহাসিকের দায়িত্ব।

কিন্ত এট ইতিহাসের বিধি বা an নির্ধারণ করতে গিয়ে দেখা গেল যে, কোন স্মারণীয় ব্যক্তিমের ক্রিয়া-কলাপ সেই ব্যক্তিমের একক অবদান নয়, কারণ তাঁর পটভূমি হিসেবে হলেছে সমদাম য়িক সমাজ ও সভ্যতা। অতএব ইতিহাস ইতিহাস-বিধ হয়ে দাঁড়ালো সভ্যতার ক্রমিক বিকাশের এক অন্তহীন প্রবাহ। একেই আমরা বলছি law of development.

ইতিহাসের এই যে অভিনব পরিচয় তাকে সম্পূর্ণ অর্থেই বিজ্ঞান নির্ভর করে তুললেন কাল লামপ্রেকট তাঁর Genetic concept বা উৎপত্তি সম্পর্কতি মতবাদ দারা। এই মতবাদ অনুসারে বলা হয়, কোন ঘটনা অপর কোন ঘটনার সদে সম্পর্কহীন

নয়, বরং কার্থ-কারণ সত্তে গভীরভাবে সংযুক্ত। লামপ্রেক্টের মতে, অতীতে ঘটনাটি কেন ঘটেছিল তার কারণ অনুসন্ধানই ইতিহাসের কাজ। এমন লামপ্রেক্ট ইতিহাসই হ'ল প্রকৃত ইতিহাস, বিজ্ঞান ভিত্তিক ইতিহাস নির্ভুল ইতিহাস।

এই কার্য-কারণ স্থত্তের পারস্পর্য বজায় রেখে ইতিহাস রচনা করতে গিয়ে দেখা গেন, কেবলমাত্র রাজন্য-বর্গকে নির্ভর করে এডকাল যে ইভিহাস রচিড হজিল তা ঐতিহাসিকের সকল প্রত্যের জবাব দিতে ইতিহাদের ক্ষেত্র সক্ষম নর। তাই ইতিহাসের আন্দিনাও হ'ল সম্প্রসারিত। <u>দক্ষ্</u>দারিত রাজনৈতিক ইতিহাদের দলে দলে মানুবের অর্থনৈতিক ইতিহাস শামাজিক ইতিহাদকেও আর দৃষ্টির বাইরে রাগা গেল না। প্রকৃত ইতিহাস রচনায় অর্থনৈতিক উপাদানের উপর বিশেষ গুরুত্ব আরোপ করলেন সমাজবাদী রাজনীতিবিদ ও ঐতিহাসিক কার্ল মার্কদ। আর দামাজিক ইতিহাস পর্যালোচনার সূত্র ধরেই এল সাংস্কৃতিক ইতিহাসের অনুশীলন কাল মার্কস উলোগ। আজকের ইভিহাস ভাই মানুষের সামগ্রিক ইতিহাস এবং সামগ্রিক ইতিহাসকে পরিপূর্ণ করে তুলতে আজকের ঐতিহাসিককে প্রয়োজন অনুসারে সমাজ-ভাত্তিক হতে হয়, মনস্তাত্তিক হতে হয়।

স্তরাং দর্বাধৃনিক দময়ে **ইভিহাস চর্চা হ'ল প্রকৃতপক্ষে সভ্যের অনুসন্ধান** আর ইভিহা**স-গ্রন্থ হ'ল আবিদ্ধৃত সভ্যের লিপিবন্ধ প্রকাশ**।

#### ॥ ইতিহাসের সংজ্ঞা॥

#### || Definition of History ||

ইংরেজীতে History শক্ষি গ্রীক শক্ষ Historia থেকে এসেছে, যার অর্থ হ'ল সভাের অন্তসন্ধান। আর বাংলাতে 'ইতিহাদ' শক্ষি এল সংস্কৃত 'ইতিহ' শক্ষ থেকে যা ঐতিহ্যকে ব্ঝায়। এই তুই ভাষার মধ্যে আপাতঃ বিরোধ ব্যুংপদ্বিগত থাকলেও একটি অন্তর্নিহিত দম্পর্ক কিন্তু অম্পষ্ট নয়। কারণ ইংরেজীতে History যেমন সত্যান্তসন্ধান, বাংলাতে ইতিহাদ তেমন ঐতিহ্যকে জানার অর্থে প্রাচীন সত্যকেই জানা।

কিন্তু নানাজন ইতিহাদকে দেখেছেন নানা দৃষ্টি কোণ খেকে। বেমন ইংলণ্ডের প্রধান মন্ত্রী ওয়ালপোল তাঁর অস্ত্রন্থ থাকাকালে ইতিহাদ বাদে যে কোন বই পড়তে চেয়েছিলেন (Give me anything but history). ইতিহাদ দম্পর্কে ছিল তাঁর এমনি জনীহা। নেপোলিয়ন বলতেন, "What is history but a fable agreed upon." স্পেন্সার মনে করতেন, Read them (histories) if you like, for amusement: but don't flatter yourself they are instructive. অঞ্জিক অলিভার ক্রমভয়েল বলেছেন, "ভগবান নিজেকে ইতিহাসের মধ্য বিভিন্ন জনের দিয়েই প্রকাশ করেন।" ফ্রড বলেছেন, "History records the vices and virtues of the ages." জোফা বলেছেন, "History is a veritable mine of life experiences."

এত পরম্পার-বিরোধিতা যেথানে সেক্ষেত্রে ইতিহাস বলতে আমরা কি বুঝি ।

আমাদের দৈনন্দিন জীবন যাপনে যা কিছু ঘটে তা প্রচঙ—সত্য বাতব। ভাই জীবন

বলতে আমরা সব বাস্তবভাবেই বুঝি। এবং সেই জীবনের কথাই হ'ল

ইতিহাস।

ভাই ইভিহাস শৃষ্টি করতে পারে একমাত্র মান্ন্ন্রই এবং ইভিহাস বলতে মান্ন্র্রের কাহিনীকেই ব্ঝায়। এই পৃথিবীতে অন্তিত্বের হুটো দিক—মান্ন্র্য ও প্রারুত্তি। আবার প্রতিটি মান্ন্র্যের হুটো পরিচয়—একটি ভার ব্যক্তি পরিচয়, অন্নটি ভার সমষ্টিগত সামাজিক পরিচয়। মান্ত্র্য এই প্রাকৃতিক পরিবেশে ব্যক্তি ও সমষ্টির যুক্ত ক্রিয়ার ওপ্রতিক্রয়ার বেসব ঘটনার নায়ক ভাই হ'ল ইভিহাসের বিচরণ ক্রেন্তা। আর সেই মান্ন্য কোন একটি নিদিষ্ট ভৌগোলিক পরিসীমায় সংকীর্ণ নয়, কোন ক্রিয় জেণী বিস্থাসে বিভক্ত নয় কিংবা কোন জাতিগভ মান্ব-কাহিনী বৈয়ম্যে বিচ্ছিন্ন নয়। এই কথাটি Dilthey স্থলরভাবে বলেছেন "the historian concerns himself with elusive entities such as classes, nations and ages, even worse, with the religious spirit of an age, the will of a nation or the interests of a state."

কিন্তু এই মাহুষের কাহিনীতো হ'ল এক ধারাবাহিক বিবরণ—প্রতিটি ঘটনার সঙ্গে প্রতিটি ঘটনা গভীরভাবে সংযুক্ত। ঘটনাবজীর এই যে পারুম্পরিক সম্পর্ক ভাকে বুঝানোর ভচুই ইভিহাসে সমহের ছক্ত্রত্ব অপরিজীয়। ভি. এইচ. গলব্রেথ বলেছেন, "If time were to stand still, history would soon cease, once the existing evidence was fully shifted." প্রকৃতপক্ষে অতীত, বর্তমান, ভবিশ্বৎ যেন এক অনিবার্য ঘটমান তার রজ্জ্তে আবন্ধ। আর সময় বলতে বুঝায় বিবর্তন। শুধু মানুষই নয়, আমাদের সম্ম-ভিত্তিক যোগত্বে চারপাশে যে প্রাকৃতিক পরিমন্তল তাও নিয়ত পরিবর্তনশীল। ইতিহাস তো এই পরিবর্তনশীলতারই নিবাক, নিম্পৃত্ব ও নিরপেক্ষ দ্রষ্ট্রা। শুধু তাই নয়, এই পরিবর্তনের তাৎপর্য ও গুরুত্ব নিরপিত হয় সমসাম্য়িকতার পশ্চাদপটে। গৌতম বুদ্ধের বাণীর কোন ভিন্নতর মূল্য আজকে আমাদের কাছে নেই। কিন্তু তার বন্ধবিরের হথাত্বের ব্যাহির তাৎপর্য তথ্যই বিবেচিত হবে যথন সে বিচারের ভিতিভূমি হবে আড়াই হাজার হছর আগেকার পারিপাশ্বিকতা। প্রকৃত্বক্ষ ভূগোল যেমন স্থানীয় সানদ্ধ্যে মানব-জীবনের পরিমাপক, ইতিহাস তেমনি সময়ের মানদ্ধ্যে মানব

জীবনের অগ্রগতির বিশ্লেষক। তাই এদিক থেকে প্রম্ সভাটি হ'ল, "The wheels of history can not be rolled back, nor can the hands of clock be advanced. History must be re-written for each generation, from the ever changing angle of vision caused by the touch of time.

ইতিহাদ কাকে বলে —এ সপ্পর্কে কোন সর্বজনগ্রাহ্য মত প্রকাশ সম্ভব নয়। কারণ বিভিন্ন পণ্ডিত ব্যক্তি ইতিহাদকে নিজ নিজ দৃষ্টি কোণ প্রেকে বিচার করে েন। তার কলে স্বত্তী হলেছে নান মতের। তবে সবগুলো মতামত আলোচনা করলে ইতিহাদের পরিধি বা তার কর্মক্ষেত্র স্বপর্কে একটি স্থুপ্পাই ধারণা গড়ে তোলা যেতে পারে।

## ॥ ইতিহাদের পরিধি॥

## || Scope of History ||

ইতিহাসের সংজ্ঞা নির্দেশ করতে গিয়ে পণ্ডিতগপ কখনে। হয়েছেন, ভাববাদী, কখনো বস্তুবাদী, আবার কখনো অতিরিক্ত বিজ্ঞান-সচেতন। এর ফলে ইতিহাসের প্রাঞ্জ স্বরূপটি যেন কেমন সংশয়ের কুমাপার আছন হয়ে যায়। কিন্তু নানা জনের নানা মত থেকেই আঘরা ইতিহাসের বিষয়বন্ত, তাঁর ব্যপ্তি ও বিতৃতি সম্পর্কে স্পষ্ট ধারণা করে নিতে পারি।

আগেই আনোচনা করা হয়েছে যে মানুঘই হ'ল ইতিহাসের অপ্তা। মানুঘের সকল কর্মোলোগই হ'ল ইতিহাসের আলোচা বিষয়। কিন্তু এই যে চলমান মানবমানুঘের বিবরণ জীবন কাহিনী তা কখনোই কোন ব্যক্তি-কেন্দ্রিক নয়, নানা
ঘটনার ঘাত প্রতিঘাত নানা পরিবেশের প্রভাব সেই কোন্
স্থানর অতীত পেকে মানব-জীবন প্রবাহে জীবনীশক্তি যুগিয়ে চলেছে। তাই
ইতিহাসকে কেবলমাত্র মানব জীবন নির্ভ্র হলেই চলে না। বরং সেই জীবনকে
জানবার জন্ম তার নিয়ন্ত্রক শক্তিব। প্রভাবগুলোকে নিয়েও ইতিহাসকে পর্যালোচনা
করতে হয়।

স্থানিক। in this world is at bottom the history of what man has accomplished in this world is at bottom the history of creat men who have alternated alt

যথন নাধারণ মানুষের কথা এল তথন মানুষে মানুষে যে জাতি-গত বৈষম্য তাও ইতিহাসের আলোচ্য বিষয়। কেননা প্রত্যেক জাতিরই আছে কতকগুলো নৃত্রও জাতিগত দিক নিজস্ব বৈশিষ্ট্য এবং এই বৈশিষ্ট্যগুলোই জাতীয় ইতিহাসকে রূপায়িত করে, প্রভাবিত করে। কিন্তু বিভিন্ন জাতির মধ্যে বিভিন্ন বৈশিষ্ট্যগুলো কিভাবে বিকশিত তা ইতিহাসের নয়, নৃতত্ত্বের আলোচ্য বিষয়। কিন্তু ইতিহাস যেহেতু একটি জাতির পূর্ণান্ন পরিচন্ন ছাড়া অগ্রসর হতে পারে না সে কারণে ঐতিহাসিককে নৃত্রবিদের সহযোগিত। সর্বদাই গ্রহণ করতে হয়।

মানব-সমাজের জীবনধারা বহুলাংশে নিয়ন্ত্রিত হয় প্রাকৃতিক পরিমণ্ডল দারা।
কিংবা একটি নির্দিষ্ট 'প্রাকৃতিক পরিমণ্ডলই মানুবের থাবতীয় কর্মের ক্ষেত্র'। স্থতরাং
প্রাকৃতিক পরিবেশও
কুগোল
প্রয়োজনে প্রাকৃতিক পরিমণ্ডলকে বাদ দিয়ে মানুবকে জানার চেষ্টা
কথনো সার্থক ও সম্পূর্ণ হতে পারে না। একটি বিশেষ জৈবিক
প্রয়োজনে প্রাচীনকালের সভ্যুক্তাগুলোর বিকাশ হয়েছিল বিভিন্ন
নদীর তীরে। ভৌগোলিক অবস্থিতিই ভারতবর্ষকে একদিকে যেমন বহুদিন পর্যস্থ
এক নিশ্চিত নিরাপত্তা দান করেছিল অন্তদিকে তেমনি তাকে বহিবিশ্ব থেকে বিচ্ছিন্ন
করে রেখেছিল এই পটভূমিকাতেই ভারতবর্ষ প্রাচীনকালে গড়ে তুলেছিল তার নিজস্ব
সমাজ, সভ্যতা, সংস্কৃতি ও দর্শন। তাই ঐতিহালিককে অবশ্যই যথেই ভূগোল সম্পর্কীত
জ্ঞান অর্জন করতে হবে।

তারপর মান্ত্য তার নিজন্ম প্রয়োজন অনুসারে তৈরী করেছে ভাষা ও সাহিত্যের, গছে তুলেছে ধর্ম ও ধর্মীয় সংগঠন, স্বষ্ট করেছে সমাজ ও সামাজিক সংগঠন, রাষ্ট্র ও রাষ্ট্রনীতি, শিল্প বাণিজ্য-অর্থনীতি। এইসব বিষয়গুলো নিয়ে আবশ্য পৃথক পৃথক জ্ঞানের ক্ষেত্র রচিত হয়েছে কিন্তু ইতিহাসের পরিধি এই সবগুলো ক্ষেত্রেই সম্প্রসারিত। জনসন্ যথার্থই বলেছেন, "History with or without the name certainly has been and is a background for other social sciences." কংগাটি খুবই স্পন্ত। এ জীবন যাপন করার জন্ম যা কিছু অভিজ্ঞতা আমাদের অজিত হয় তাইতো ইতিহাস। তাইতো বলা হয়েছে ইতিহাস হ'ল veritable mine of life experiences.

এ সব ছাড়াও আরও একটি দিক্ আছে। ইতিহাসকে কখনোই কোন
সংকীণ ভৌগোলিক পরিসীমায় বিচার করা চলে না। সভ্যি সভিটে সে
সাস্পূর্ব-অর্থেই আন্তর্জান্তিক। তাই তার আলোচনার
সাম্ভর্জাতিক চেতনা
স্থিভন্নিত হ'ল আন্তর্জাতিক প্রেক্ষাপট। সমগ্র মানব সমাজ
সার বিচরণক্ষেত্র তাকে কথনোই কোন ক্ষুদ্র প্রকোষ্টের আবেইনীতে বেঁধে কেলা
চলে না

তাই অনন্ত প্রবাহী তার গতিপথের মত ইতিহাসের পরিধিও দিগন্ত বিস্তৃত।

## ॥ ইতিহাসের দর্শন ॥

#### || Philosophy of History ||

রহত্তর জীবন সম্পর্কে আমনদের যে উপলব্ধি তাকে প্রকাশই হল দর্শন। এই জীবনেরই বিভিন্ন জিঙা্রানা নিয়েই তো রচিত হয়েছে জ্ঞানের বিভিন্ন ক্ষেত্র। তাই স্বাভাবিক কারণেই প্রত্যেকটি ক্ষেত্রে নিজ নিজ দর্শন গড়ে উঠেছে। ইতিহাসেরও স্বাছে নিজস্ব দর্শন।

এই দর্শনের মূল স্থাটি হ'ল বিশ্বজনীনভার বোধ। এই দর্শনের ছির বিশ্ব হ'ল মানবতাবোধ আর প্রামাণ্য বিষয় হ'ল সভ্যভার অন্তহীন প্রবাহ। কিন্তু তর্পু রয়েছে মতহৈদ্বতা। একই বক্তব্যকে পরিস্ফুট করতে চেয়েছেন বিভিন্ন পণ্ডিতবর্গ ভিন্ন ভিন্ন দৃষ্টিকোণ থেকে। তার মধ্যে প্রথমেই আসে কল্পনাধর্মী মতবাদ বা Speculative approach-এর কথা।

## । কল্পনাধর্মী মতবাদ।।

#### Speculative Approach II

ইতিহাদ হ'ল এক অন্তহীন চলমানতা। কোথায় যে তার যাত্রা হ'ল ও'ৰু, কোথায় শেষ — আমরা জানি না। কিন্তু এই যে নিরবচ্ছিন্ন প্রবাহ, কোন কোন দার্শনিক এর অন্তর্নিহিত তাৎপর্য খুঁজে পেতে উৎসাহী হলেন। তাঁদেব মতে, "It is perfectly legitimate to speculate on the patterns and laws of historical change; though it is impossible to prove the existence of such patterns and laws with any certainty."

কিন্তু এই দার্শনিকের। ইতিহাসের সমস্তা নিয়ে উৎসাহী হলেন কেন ? তাঁদের মনে প্রশ্ন এল, পারস্পরিক সম্পর্কহীন কতকগুলো ঘটনার সমষ্টি যদি ইতিহাস হয় তবে তার প্রয়োজন কি ? তাঁরা বললেন, মান্তবের সামগ্রিক জীবনের ষেমন একটা অর্থ রয়েছে, তেমনি তার জীবনে ঘটে যাওয়া প্রত্যেকটি ঘটনা কথনো অকারণ, সম্পর্কহীন হতে পারে না। তা হলে "the sufferings and disasters which historians narrate are pointless and meaningless" তা হলে মান্ত্র্য কথনো তার ভংগ-ত্র্দশার বিরুদ্ধে অন্তর্হীন রান্তিহীন সংগ্রাম চালাতো না, সব কিছুক্তেই অনিবার্থ বলে মেনে নিত। দার্শনিকদের এই প্রশ্ন থেকেই জন্ম নিল ইতিহাসের ভাববাদী দর্শন।

## ॥ ভাববাদী দর্শন ॥

#### II Idealistic Philosophy

ইতিহাসের ভাববাদী দর্শনের বলির সার্থক প্রবক্তা হলেন জার্মান দার্শনিক হেণেল্। তাঁর মতবাদ পরবর্তীকালের চিম্বা-নায়কদের বিশেষভাবে প্রভাবিত করেছিল। হেগেলের মতে, বস্তজ্বং হ'ল অধ্যাত্ম জগতের প্রতিফলনমাত্র। তাই বস্তজগতের আলাদা কোন অন্তিত্ব নেই। অধ্যাত্ম জগতে যে পরমশক্তি (Absolute)
তারই পরমইচ্ছায় (Divine will) পরিচালিত হয় বস্তজ্বং।
ইতিহাস হ'ল এই পরমইচ্ছারই প্রকাশভঙ্গীমা। ভাই
ইতিহাসের কাজ হ'ল, সেই পরমইচ্ছার ক্রেমঃবিকাশের গতিপথকে
অনুধাবন করা। এই গতিপথের লক্ষ্য হ'ল স্বাধীনতা বা মৃক্তি। বস্তজ্গতে
রাধ্রীয় অন্তিথের বারা এই স্বাধীনতা নিজেকে প্রকাশ করে।

হেগেল্ বিশ্বাস করেন, ইতিহাসে বিরাট ব্যক্তিথের আবির্তাব ঘটে স্বাভাবিক কারণেই। সিজার, আলেকজাণ্ডার, চেন্দিস থার মত ত্র্ধর্য আক্রমণকারীর। ইতিহাসে অমর হয়ে আছেন তাদের ভয়াবহ ধ্বংসকার্যের জন্ম। কিন্তু এই ধ্বংসতো শুধুমাত্র আপাতদৃষ্টির বিচার। কেন না এমন ধ্বংসের মধ্য দিয়েই তো স্থচিত নতুন স্ক্টির সম্ভাবনা।

হেগেলের মতে, যুক্তি (Reason) এই পৃথিবীকে নিয়ন্ত্রণ করে। **ডাই পৃথিবীর**ইতিহাস বলতে প্রকৃতপক্ষে একটি যুক্তিনিঠ ধারাবাহিক
প্রবাহকেই বুঝার। স্বতরাং ঐতিহাসিক দর্বদাই প্রতি ঘটনার
কার্য-কারণ সন্ধানে নিরত হবেন।

হেগেলের এই মাতবাদ পরবর্তীকালের দার্শনিকদের বিশেবভাবে প্রভাবিত করেছিল। যেমন সিলার, ক্রোসে, ফ্রান্স ইত্যাদি। কিন্তু হেগেলীয় দর্শন পেকেই প্রতিপক্ষ হিসেবে জন্ম নিয়েছিল স্বার এক দর্শন—বস্তবাদী দর্শন।

## ॥ বস্তবাদী দর্শন ॥

#### || Materialistic Philosophy ||

বস্তবাদী দর্শনের প্রবক্ত। কার্ল মার্কস্ও তাঁর বক্তব্য আরম্ভ করেছেন হেগেলীয় দর্শন থেকেই। হেগেলের মত তিনিও হন্দ্যুলক বিবর্তনে বিশ্বাদী। কিন্তু হেগেদ্ বেখানে এই পৃথিবীকে সেই প্রমশক্তির (Spirit) এক বিচিত্র লীলা হিসেবে বিচার করেছেন, মার্কস্ সেধানে এই বস্তু জগৎকেই প্রাধান্ত দিয়েছেন।

মার্কদের মতে, মান্তবেব অর্থনৈতিক কর্মোজোণের মধ্যেই জীবনের চরমন্তব সভাটি প্রচ্ছন । ইতিহাস হ'ল এই কর্মোজোগেরই ধারাবাহিক বিবরণী । তিসি বলছেন, ধনবানের সঙ্গে ধনহীনের অনলস সংগ্রামের মধ্য দিয়েই অর্থনৈতিক রচিত হয় চিরন্তন ইতিহাস । এই সংগ্রামই হ'ল শ্রেণী সংগ্রাম এবং কর্মোজোণ মান্তবের ইতিহাস বলতে বুঝায় শ্রেণী সংগ্রামের ইতিহাসকেই ।

মার্কদের দর্শন বল্বযুলক বস্তবাদ (Dialectical Materialism নামে পরিচিত। এই দর্শনে বলা হয়েছে ক্রেমিক অগ্রগডিই হ'ল ইভিহাসের চালিকা শক্তি।



পরস্পর বিরোধী শক্তির মধ্যে সংগ্রামের মাধ্যমে যে সমন্বয় সাধিত হয় তার উপরই নির্ভর করে অগ্রগতি। মার্কস বললেন, এই বস্তু জগতে তিনটি অবস্থা নিরপ্রছিল অগ্রগতি লক্ষ্যণায়—থিসিস্, এ্যান্টিথিসিস্, সিন্থেসিস্। থিসিস্ হ'ল যে শক্তি বর্তমানকে ধরে রাথতে চায়। এটান্টিথেসিসাহ'ল যে শক্তি সেই বর্তমানকে বাতিল করে নতুন অবস্থা স্পৃষ্টি করতে চায়। এই উভয় বিরোধা শক্তির সংগ্রামের মধ্য দিয়ে আদে সমন্বয় বা সিন্থেসিস্।

মার্কস যথন এই দর্শন প্রচার করেন তথন ইউরোপে িল্প বিপ্লবের কলে সমাজের অর্থ নৈতিক কাঠামোতে এসেছে এক বিরাট পরিবর্তন। কলে সেই সময় এই মতবাদ যথেষ্ট জনপ্রিয়ত। অর্জন করে। পরবর্তীকালে এই দর্শনকে কেন্দ্র করে নানা বিতর্কের স্বাষ্ট্র হলেও অস্বীকার করার উপায় নেই যে মার্কস ইতিহাসের গতিকে একটি সামগ্রিক দৃষ্টিকোণ থেকে বিচার করতে সচেষ্ট্র হয়েছিলেন এবং তার ফলে আরও গভীর বৈজ্ঞানিক দৃষ্টিকোণ থেকে ইতিহাসকে যাচাই করার পথ প্রশস্ত হয়েছে।

## ॥ সংস্কৃতি-ভিত্তিক মতবাদ॥

## || Cultural Conception ||

দার্শনিক স্পেন্ধলার (Spengler) ইতিহাস দর্শনে শ্বরণীয় অবদান রেখে গেছেন।
তিনি বলেছেন, কতকগুলো সংশ্বৃতির সমন্বয়েই ইতিহাস রুচিত হয়। উপান
ও পতন বেমন প্রাকৃতিক নিয়ম সেই প্রাকৃতিক নিয়মই
ইতিহাসের ক্ষেত্রেও কার্যক্রী। তাই দেখা যায় যে কোন
সংস্কৃতির স্বাভাবিক উথান, তারপর তার পূর্ণ বিকাশ, শেষে তার অনিবার্য পতন।
এই গতিপথেই এগিয়ে চলেছে ইতিহাস।

অধ্যাপক টএন্বি ইতিহাস দশনের দিক থেকে স্পেঞ্জনার প্রদশিত পথেরই অন্তসারী। তাঁর রচিত "Study of History" ইতিহাসের এক অবিশারণীয় স্ঠি।

টএন্বি কতকগুলে। সভাতার উত্থান-পতনের তুলনামূলক আলোচনার মধ্য দিয়ে তার করেন। এই আলোচনার মধ্য দিয়ে তিনি এই সিদ্ধান্তে এদে পৌছান যে ছতিহান সচেতন ভাবেই এক পরিণতিরে দিকে এগিয়ে চলেছে এবং এই পরিণতিকে লক্ষ্য করলেই প্রত্যেক সভ্যতার যে অনিবার্থ পতন তার কারণ উপলন্ধি করা যায়। তার মতে হাতহাদের প্রাচ্থান্ত যদি সাত্যে হয় তা হলে জান্বির কহিমত জাতহান-বিধি (historical law) প্রণয়ন নিশ্চয়ই সভব, এবং তিনি এই বিধির উপর ভিত্তি করেই পাশ্চান্ত্য সভ্যতার ভবিশ্বৎ সম্পর্কে মন্তব্য রে তেনা সভ্যকে জানা এবং তাকে উদ্যান্তিত করা—এ জন্মই তিনি ইতিহাসকে ব্যবহার করতে চেয়েছেন।

# ॥ আবর্তন-মূলক মতবাদ॥ Cyclic Conception॥

আবর্তন-বাদ অনুসারে কতকগুলো জীবন-বৃত্তের মাধ্যমে মানবজাতির ইতিহাস বিবৃত হয়। এই মানবাদ অনুসারে ই ভিহাদের পুনরাবৃত্তি কথনো হয় না। মানুষ ভার চলার পথে নিভা নতুন অভিজ্ঞভার মধ্য দিয়ে কলি উডের অভিমত অগ্রসর হয়। দেখানে প্রানো অবস্থা দিরে আ্লার কোন স্থোগই থাকে না। কলিংউড্ এইজন্ম বলেছেন, "The cyclical movement is not a mere rotation of history through a cycle of fixed phases; it is not a circle but a spiral; for history never repeats itself but comes round to each new phase in a form differentiated by what has gone before."

এই মতবাদের মধ্য দিয়ে যে সত্যটি পরিক্ট হ'ল তা এই ষে, বিভিন্ন সভ্যতার ম:ধ্য উৎকর্ষতা বা অপকর্ষতার অহুসন্ধান একাস্থই অবাঞ্ছিত। কেননা প্রতিটি সভ্যতাই নিজন্ব পারিপাশ্বিকতায় স্বকীয় বৈশিষ্ট্যে সমূজ্জন।

## ॥ केथत-वाप ॥

#### # Theistic Conception |

এক সময় ইতিহাসকে ধর্মশান্তেরই অংশ হিসাবে বিচার করা হ'ত। এই মতবাদ অন্সারে, ঈশবের ইচ্ছ। ইভিহাসের মধ্য দিমেই প্রভিকালত হয়। নেব্র, বাটারফিল্ড প্রভৃতি ঐতিহাসিকগণ ইতিহাসকে এই দৃষ্টিকোণ বাটারফিল্ডের মন্তবা থেকেই বিশ্লেষণ করেছেন। বাটার ফিল্ড বলেছেন, "The purpose of life is not in the far future, nor as we so after imagine around the next corner, but the whole of it is here and now, as fully as it will ever be on this planet."

কিন্তু ইতিহাদের মাধ্যমে ঈগরের প্রভাব সম্পর্কে কোন প্রমাণ পাওয়া একান্তই কঠিন। তা ছাড়া ঈগরের গাতিবিধি যদি রহশুময় হয় তবে ইতিহাদের প্রকৃতিও আরও বেণী জটিল ও সংশয়-সংকূল হয়ে ওঠে।

#### । বিবর্তন-বাদ॥

#### # Evolutionary Conception |

ভারউইনের বিবর্তনবাদই ইতিহাসের বিবর্তনবাদী দর্শনের উৎস। এই দার্শনিক মতবাদ বিশ্লেষণ করতে গিলে কলিংউডের মতে প্রপ্রমে বিবর্তন বা evolution এবং এগাত বা দেশকে এই শব্দ দটর তাৎপর্যগত পার্যক্য সম্পর্কে কলিংউডের মন্তবা স্পন্ত হতে হবে। তাঁর মতে বিবর্তন বলতে প্রাকৃতিক জগতের

কোন পরিবর্তনকেই ব্রায়। অক্তদিকে প্রগতিই হ'ল প্রতির ধর্ম।

কিন্ত মাহুষের ইতিহাস কি সদা সর্বদা কোন স্থনিদিট প্রগতির পথকে ফেন্চলে ? দার্শনিক কাণ্ট অবশু বলেছেন ষে, ইতিহাস তথনই অর্থপূর্ণ হয়ে ওঠে ম্বন ইতিহাস হয় ক্রমশঃ এক উন্নততর অবস্থায় উত্তরণের ধারাবাহিক বিবরণ। প্রকৃত-পক্ষে কাণ্টের এই বক্তব্যের মৌক্তিকতা সামগ্রিকভাবে মানবজাতির ক্ষেত্রে অংশতঃ খুঁজে পাওয়া যায়।

ষাই হোক 'বিবর্তন' শব্দটি যদি ইতিহাসের গতিপথকে সর্বাংশে ব্যাখ্যা করছে না পারে তাহলে আমরা বিবর্তনের পরিবর্তে 'ঐতিহাসিক পরিবর্তন' বা Historical change শব্দটি বেছে নিতে পারি। কারণ নির্মাত তো কত ঘটনাই ঘটে চলেছে। কিন্তু ইতিহাসের দৃষ্টিকোণ থেকে সব ঘটনাই প্রটাতনীল নাম, শুধু পরিবর্তনশীল হতে পারে। উদাহরণ, যেমন ফ্রাসী বিপ্রব। এই বিপ্রব এমন এক ঘটনা যা সমগ্র মানবজাতি এই অপ্রতিরোধ্য প্রগতির পথের নির্দেশ দিতে পারে। কলিংউড্ তাই ঘণার্থ ই বলেছেন, "Progress is not the replacement of the bad by the good but of the good by the better." বিশেষ করে ইতিহাসের ক্রমবিকাশ যথন নির্ভর করে ঘটনার পারম্পর এবং ধারাবাহিকতার উপর।

## ॥ নিয়তিবাদ n

#### I Determins I

কেউ কেউ আবার ইিংহাদের প্রতি ঘটনার ভেতর এক অনিবার্যতার সন্ধান প্রেছেন। তাঁদের মত অফুনারে, "Determinism is the belief that everything that happens has a cause and could not have happened differently, unless something in the cause or causes had also been different." এই মতবাদ অফুবারী, ইতিহাস ভ্রমাত্র নৈর্বজ্জিক নয়, কভকগুলো ফুনিদিট্ট নিয়মের অধীন। এবং এই নিয়মাবলী ইতিহাসের সমস্থ ঘটমান্তাকে চলমান্তাকে নিয়ন্ত্রণ করছে।

কিন্তু মাত্র্বতো যূলতঃ স্বাধীনচেতা। তার নিজস্ব চিন্তা চেতনাই যে কোন কর্মোছোগের প্রধান কেন্দ্রবিন্য। সেন্দেত্তে কতকগুলো নির্ধারিত নিয়মকাত্মন কেমন করে মাত্র্যের জন্মগত স্বাধীন সভাকে বেঁধে ফেলতে পারে ?

এর সঙ্গে রয়েছে মান্তবের দীমাহীন অন্তসন্ধিংসা। আমাদের দৃষ্টি পথে কিছু ঘটে গেল, আমরা তথুনই জানতে চাই, ঘটনাটি ঘটলো কেন? যথন আবার কারণ আবিস্কৃত হ'ল তথন জানতে চাই, ঘটে যাওয়া ঘটনাটি যদি আদে না ঘটতো ভাহলে কি হতে পারতো। এভাবেই আমরা আমাদের অনন্ত কৌতুহলকে চরিতার্থ করে চলেছি এবং ইতিহাসে এর একটি নিশ্চিত প্রয়োজনীয়তা রয়েছে। যেমন ধরা যাকৃ মহাত্মা গান্ধীর সঙ্গে স্কুডায্চনেরে মত বিরোধ যদি না হ'ত কিংবা হলেও সেই

মত-বিরোধের মধ্যে যদি কোন সমঝোতার স্থ্র থুঁজে পাওরা যেত তা হলে ভারতবর্ধের সাম্প্রতিক কালের ইতিহাস কি এক ভিন্ন বর্ণে চিত্রিত হ'ত না? সীমাহীন কোতৃহল ইতিহাসকে বিশ্লেষণ করার জন্ম যুক্তি-তর্কের জাল বিছানো এই পরিক্রমাকে এক অকারণ আবেগপ্রধান অলসতা বলে নস্থাং করে দেবার কোন কারণ নেই, বরং ইতিহাসের চলমানতার অনেক অন্ধকারাচ্ছন্ন দিকে এই বিশ্লেষণ-ভংগিমাই আলোকপাত করতে পারে।

এই নিয়তিবাদের বিরোধিতা করেই বলা যায় যে যথন সত্যি সন্তিট্ট ইতিহাসে কোন স্থনিদিট কারণের অন্পশ্বিতি রয়েছে কিংবা কোন ঘটনার শিক্ষা থেকে অন্য কোন ঘটনার ব্যাথ্যাও অত্যন্ত ত্বরহ তথন ইতিহাস হ'ল ইতিহাসে আক্মিকতা কভকগুলো আক্মিকতার ফলশ্রেণিত বা যোগফল।
খদি আমর। ইতিহাসকে কার্যকারণের স্থত্রে বাঁধতেই না পারি তা হলে বহু আক্মিকতার সন্মিলনই হয়ে দাড়ায় ইতিহাস।

কিন্তু এরকম চিন্তাধারারও একটি উন্টো দিক রয়েছে। যেথানেই আমাদের বিশ্লেবণী সামর্থ্য নাগাল পায় না সেথানেই নিজেকে আক্মিকভার শিকার হতে দেওয়া তো নিজের অক্ষমতারই পরিচায়ক। তা ছাড়া প্রতিটি ঘটনার পেছনে কতরকমের স্বার্থচিন্তা পারিপাশিকতা কাজ করে চলেছে। এই মতের বিরোধিতা এটা হতেই পারে যে সমস্ত জটীলতা হয়তো বা আমাদের অন্ধাবনের অগোচরেই রয়ে গেল। আর রয়ে গেল বলেই সেখানে আক্মিকতা এ মৃক্তি কথনোই মেনে নেওয়া চলে না। "It is essential to realise that the world is very complicated and what we fail to understand cannot be attributed to chance.

আসল কথা হ'ল, সাধারণভাবে জীবনের ক্ষেত্রে যেমন ইতিহাসের ক্ষেত্রেও তেমনি দর্শনের শেষ কথাটি আজ অবধি অব্যক্তই রয়ে গেল। এতক্ষণ ইতিহাস সম্পর্কীত যে সব চিস্তাধারা আলোচিত হ'ল তার কোনটাকেই আমরা সর্ববাপী একমাত্র সত্য বলে মেনে নিতে পারি না, যদিও তার প্রত্যেকটি ইতিহাসের কোন না কোন দিক সম্পর্কে আলোকপাত, করছে। Dilthey যথার্থ ই উপসংখ্যর: সকল বলেছেন, "There is nothing like the meaning of life বলেছেন, "There is nothing like the meaning of life or of history and if there were, it would not concern the historian in his research. But on the other hand, there is, in a quite unmysterious way, meaning everywhere in life and it is with this kind of meaning that the historian too is concerned." কিন্তু আমরা জীবন বলতে কি বৃথি? জীবন হ'ল বিচিত্র সব অভিজ্ঞতার ফলশ্রুতি। যে কোন অভিজ্ঞতার মনস্থাতিক বিশ্লেষণ করলে দেখা যায়, কতকগুলো চিস্তাধারা থেকে সৃষ্টি হয় বিভিন্ন অনুভূতির আর বিভিন্ন অনুভূতি বিচিত্র কমোলাদনায় প্রকাশিত হয়

বিভিন্নরূপে এবং এই বিভিন্ন রূপই তো হ'ল আমাদের অভিজ্ঞতার সম্পদ্। স্বতরাং পারিপার্থিকতার সঙ্গে আমাদের যত বেশী লংঘাত তত বেণী অভিজ্ঞতার পুঁজির বৃদ্ধি এবং তত বেশী জীবনের পরিপূর্ণতা লাভ। তাই বলা অভিজ্ঞতাই মূলকণা হরেছে, "This human world permeated with meaning is the subject matter of the human studies. In its temporal extension it is the subject matter of history." সে কারণেই মান্নবের অতীত, বর্তমান ভবিশ্বং নিরবচ্ছিন্ন ভাবে পরস্পারের পশ্চাতে ধাবমান এবং এই গতিবেন্ই আমাদের অভিজ্ঞতার ভাণ্ডারকে নিম্নতই সমৃদ্ধ করে চলেছে। ঐতিহাসিকের কাজই হ'ল, এই অভিজ্ঞতা এবং অভিজ্ঞতা থেকে অজিত ফলশ্রুতির সঠিক মূল্যায়ন করা। সেক্ষেক্তে কোন একটি নির্দিষ্ট দার্শনিক চিন্তা ঐতিহাসিকের বহুম্থী ও বিচিত্র কর্মভার বহনে একভাবে সাহায়্য করতে পারে না।

#### ॥ ইতিহাদের স্বরূপ—কলা না বিজ্ঞান॥

Nature of History—art or Science

যদি কোন দার্শনিক মতবাদ ইতিহাদের গরপ স্থানিটিভাবে নির্ধারিত ক র দিতে না পারে তথনই প্রশ্ন আদে, তা হলে ইতিহাদের ক্ষেত্রে আমাদের দৃষ্টিভঙ্গা কি হবে ইতিহাদকে আমরা কেমন করে গ্রহণ করবো? একটি বিজ্ঞান না কলা বিষয়ক বিষয় হিসেবে ?

এই প্রশ্নের জ্বাব দিতে গিয়ে ঐতিহাদিক বিউরি থুব স্পষ্ট করে চোরের সঙ্গেই বললেন, "History is a science, no less and no more," এ কণাটাকেই আর একটু ব্যাখ্যা করে গলবেথ বললেন, "By science, we mean a body of Kno ledge that seeks to tell the truth the whole truth and nothing but the truth." ইতিহাসের কাজও তো প্রতপ্তে ততি—মতাতের গর্ভ পেকে সত্যের অনুস্থান, সভ্যের আবিহার এবং সভ্যের প্রতিষ্ঠা।

বস্তুত ই,তগদকে বিজ্ঞানের মর্যালায় অভি যক্ত করার উলোগ আরম্ভ হয়েছে

উল্লিখন শতাবলা পেনেই। বিজ্ঞান-ডেতনার অন্ধারেরণায়

নতুন পথঃ নেবুর

অন্ধাণিত হয়ে জার্মান ঐতিহাদিক নেবুর বোমে, ইতিহান লচনা
করেছিলেন। প্রবর্তীকালে র্যাণ্ডে স্টাব্দ, গাছিনার, মেন্ল্যাণ্ড, নাউট্ প্রভৃতি
ঐতিহাদিকগণ এই নতুন পথে ই,তহাস রচনায় ব্রত্তিহাদকগণ এই নতুন পথে ই,তহাস রচনায় ব্রত্তিহাদিক

কিন্তু আদল দমজাটি অন্মত্র। বিজ্ঞানের ধর্মই হ'ল, সঠিকতা, নিতুলিতা, বিজ্ঞানের চরিত্রগত তথ্যনির্ভরতা এবং ব্যক্তিনিরপেক্ষতা। বৈজ্ঞানিকের দিদ্ধান্ত বৈশিষ্টা সর্বজন স্বীকৃত এবং প্রমাণগ্রাহ্য। এবং সর্বোপরি বিজ্ঞানের স্থুম্পষ্ট হুত্ত সর্বদেশে সর্বকালে স্থানভাবে প্রধোজ্য। বিজ্ঞানের এই চারিত্রিক মানদণ্ডে ইতিহাদকে থাচাই করে তাকে কি আমরা বিজ্ঞান আথ্যায় ভূ ইত করতে পারি ?

প্রথম কথা হ'ল, বিজ্ঞ'ন হবে ব্যক্তি নিরপেক্ষ। বৈজ্ঞানিকের নিজস্ব বিশ্বাস, সংস্থার বা উচ্ছাসের কোন স্থান বিজ্ঞানের কাছে নেই। কিন্তু ইতিহাস কি কথনো এতটা ব্যক্তি নিরপেক্ষ হতে পেরেছে ? তাই যদি হ'ত তাহলে বাজি-নিরপেক্ষণা বিভিন্ন ঐতিহাসিক ঘটনাবলী নিয়ে এত মতদ্বৈধতার স্থাই হ'ত না। যেমন ভারতের ইতিহাসে সিপাহী বিদ্রোহের স্বরূপ নিয়ে কিংবা উনবিংশ শতাকীর নবজাগরণ নিয়ে বিভিন্ন ঐতিহাসিক ভিন্ন ভিন্ন মত পোষণ করেন। অবস্থ ইতিহাস চর্চার একটি বিধি হিলেবে ব্যক্তিনিরপেক্ষতা স্বীকৃত হলেও কর্মক্ষেত্রে কোন ঐতিহাসিকই সম্পূর্ণ ব্যক্তিনিরপেক্ষতা স্বীকৃত হলেও কর্মক্ষেত্রে কোন ঐতিহাসিকই সম্পূর্ণ ব্যক্তিনিরপেক্ষ হতে পারেন না। তার তা হওয়া সম্ভবও নয়। কারণ অতাতের পরিবেশ ঐতিহাসিকের ইন্দ্রিয়গ্রাহ্য নয়। ঐতিহাসিক বিক্ষিপ্ত তথা রাশি সংকলন করেন। তারপর আপন কর্মার ঐশ্বর্ধ ক্ষিয়ে অতীতকে নতুনভাবে গঠন করেন। সেক্ষেত্রে যে বর্তমানে ঐতিহাসিক বিকিপ্ত তথা রাশি সংকলন করেন। তারপর আপন কর্মার ঐশ্বর্ধ ক্ষিয়ে অতীতকে নতুনভাবে গঠন করেন। সেক্ষেত্রে যে বর্তমানে ঐতিহাসিক বর্তমানের হিন্তা-চেত্তনা-মূল্যুবোধকে সর্বভোতাকে বর্জন করে সর্বাংশে অতীভচারী হওয়ার প্রেয়াস কখনোই সার্থক হতে পারে না।

দিতীয় প্রশ্ন হল, ইতিহাদের প্রয়োগগত দিক। ইতিহাস ও বিজ্ঞান উভয়েই
তথ্যনির্জর। বৈজ্ঞানিককে তথা সংগ্রহ করতে হয়, বিশ্লেষণ
প্রয়োগগত দিক থেকে
করতে হয়, বিচার করতে হয়, তারপর একটি সিদ্ধান্তে এদে
সাদৃশ্য
পৌছাতে হয়। ঐতিহাসিক ও ঠিক এই পদ্ধতিরই অনুসারী।
বৈজ্ঞানিক যেমন কোন অনুমান বা hypothesis এর উপর নির্ভর করে এক নতুন সভ্যোর
সন্ধান পেয়ে যায়, তেমনি ঐতিহাসিক ও কোন নবলন তথ্যের উপর ভিত্তি করে
সর্বসিদ্ধান্ত বাতিল করে নতুন সভা প্রতিশিক্ষার।

কিন্তু প্রয়োগণত এই সাদৃশই নবটক নয়। কেননা বৈশান্থা অন্তর্ভুত ন্য, বরং
যথেইট প্রাই। কাশে অন্তান্ত বাবহারিক জিলাবের মৃত বিপ্রান
প্রয়োগণত দিক থেকে
ইতিহাস নয় ইতিহ।স হ'ল see ence of cirticism বা
বৈশাদৃশ্য সমালেশ সমার বিজ্ঞান। তাই বিজ্ঞানের তথ্য গোকে যেখানে
প্রপার থেকে বিভিন্ন করে বিশ্লেষণ করা যেতে পারে, ইতিহাসের তথ্য গুলো
সোধানে পরস্পারের নলে গালীরভাবে সম্পর্কযুক্ত। বরং
(১) পারম্পরিক সম্পর্ক
আফারে বিজ্ঞিন করার চেই। করলেই তথাগুলো তাদের নিজম্ম
তাংপর্য হারিয়ে ফেলে। এ ছাড়াও ইতহাসে থেহেতু কার্য কারণ সম্পর্কটা
হ'ল একটা বড় কথা, সেহেতু প্রতিটি ভথ্যের সঙ্গে
(২) কার্য-কারণ প্র

তথ্য দর্বদাই দৃষ্টিগ্রাহ্, প্রত্যক্ষ এবং পরীক্ষাযোগ্য। কিন্তু ইভিহাসের তথ্য **দৃষ্টিগ্রাহ্ম নয়, প্রান্ত্যক্ষও নয়।** তাই ইতিহাসের টুত্থ্য ঐতিহাসিকের কাছে অদুখা। কিন্তু বৈজ্ঞানিকের তথ্য অদুখ হলেও তার অন্তিম নিশ্চয়ই থাকে, কেননা এই অন্তিম্ব আছে বলেই বৈজ্ঞানিক সত্য বারংবার পরীক্ষার মাধ্যমে প্রশ্নাতীতরূপে প্রতিষ্ঠিত হতে পারে। ততীয়তঃ সতোর অকুনন্ধান যদিও ইতিহাদ ও বিজ্ঞান উভয়েরই ফুলমন্ত্র, তথাপি (৪) ঐতিহাসিক সতা ঐতিহাসিক সভ্য বেন অনেকখানি আপেক্ষিক। কারণ ঐতিহাসিক সত্য নির্বারণে অনুসন্ধানকারীর নিজম্ব অনুভব ও মানসিকতার প্রভাব তো অনস্বীকার্য। তাই রিক্ম্যান ঘণার্থ ই বলেছেন, "History deals with sequence of events, each of them unique, while science is concerned with the routine appearance of things and aims at generalisations and the establishment of regularities governed by lows." চতুৰ্থতঃ বৈজ্ঞানিক বেখানে ভার গবেষণার ফলশ্রুতি সম্পর্কে পর্বাক্তেই মভ প্রকাশ করতে পারেন, ঐতিহাসিকের পক্ষে ডা সম্ভব নয়। কারণ "Historians are not prophets but "a study of the history of a country or a movement does put us in a better position to forecast its future. The scientist concentrates his attention on extracting general truths and thus he is in a position to predict; the historian is engressed in the peculiarities of a particular event and thus he cannot predict." এই প্রসঙ্গেই অধ্যাপক পূপার Historicism শব্দটি ব্যবহার করেছেন। তাঁর মতে মানুধের ইতিহাস জ্ঞান-ভাণ্ডারের সমূদ্ধির দারা নিয়তই পরিবর্তিত হচ্ছে। সেক্ষেত্রে ভবিষ্যুৎ সম্পর্কে কোন রকম ধারণা করা অথবা ভবিশ্বৎ—প্রবাহ সম্পর্কে কোন ত্মনিশ্চিত মতামত প্রকাশ করা ঐতিহানিকের পক্ষে কথনো সম্ভব নয়।

এসব বৈদান্ত সত্ত্বেও ইতিহাস কতদ্র বিজ্ঞান তা আমরা অনুধাবন করতে পারি তৃই ধরনের চিন্তাধার। থেকে—একটি হ'ল আদর্শবাদী চিন্তা ( Idealist thinking ), অপরটি হ'ল দুইবাদী চিন্তা ( Positivist thinking )।

আদর্শবাদী চিন্তাধারার মূল প্রবক্তা হলেন অধ্যাপক কলিংউড্। তিনি বলছেন, উতিহাস হ'ল একটি স্থুশুখল পাঠচর্চা। সেই দিক থেকে ইডিহাস এমন মূর্ত বিজ্ঞান (concrete science) যার কর্মক্ষেত্র হ'ল ক্রমপ্রসারমান মাসুযের

অভিজ্ঞ ভা-রাশি। প্রকৃতপক্ষে ঐতিহাসিক এই সব অভিজ্ঞতাকে

আদর্শনাদী

নবজন্ম দান করেন। এবং এই যে কল্পনা-নির্ভির নবজন্মদান

এটাই হ'ল ঐতিহাসিক চিন্তাধারার কাফ্ল-কার্য। তাই ইতিহাস

অভ্তৰ দারা উপলব্ধি নির্ভির। কলিংউড্ বলছেন, যে কোন ঘটনার পেছনে

আছে তুটো দিক—বহিরঙ্গ ও অন্তরঙ্গ। বহিরঙ্গ ঘটনাটির বাইরের পরিচয় বহন করে,

বার পত্তরন্ধ দিক ঘটনাটির সঙ্গে যুক্ত মান্নবের মানসিক ক্রিয়া-প্রতিক্রিয়ার পরিচয় দের এবং "an action is the unity of the outside and inside factors of an event." তাই ঐতিহাসিককে যদি কোন অতীত অভিজ্ঞতাকে নবজন্ম দান করতে হয় তবে অবশ্রুই তাকে সেই অভিজ্ঞতার সঙ্গে যুক্ত বহিরদ ও অস্তর্গ দিকগুলোর সঙ্গে পরিচিত হতে হয়। এইভাবে ইভিছাসের আন্ধর্বাদী চিন্তাধারা অভীভ সম্পর্কে এক সহমর্মিভার মনোভাব গড়ে তুলতে আমাদের উৎসাহিভ করে।

এর অপরদিকে রয়েছে দৃষ্টবাদী চিন্তাধারা। এই চিন্তাধারার প্রবক্তাগণ ইতিহাসকে সর্বাংশে বিজ্ঞানের তরে উন্নীত করতে উৎসাহী। তাঁদের মতে বিজ্ঞানের চিন্তাধারার সক্ষে ইতিহাসের চিন্তাধারার কোন বিরোধ নেই। তাই তাঁরা চান বিজ্ঞানের মত ইতিহাসের কতকগুলো বিধি (Law) প্রণয়ন করতে। এরই চলশ্রুতি হ'ল, ১৯২৩ সালে আমেরিকার ইতিহাস সংস্থায় Bdward P. cheyney ঘোষণা করলেন ইতিহাসের বিধি আছে এবং থাক্বেই। এবু তাই নয়, তিনি ছয়টি বিধি ঘোষণাও করলেন। ষধা:—(:) নিরবচ্ছিন্নতা বা Law of Continuity, (২) পরিবর্তনশীলতা বা Law of change, (৩) পারস্পারিক নির্ভরশীলতা বা Law of interdependence, (৪) গণতান্ত্রিকতা বা Law of democracy, (৫) স্বেচ্ছা প্রণোদিত সম্মতির বিধি বা Law of free consent এবং (৬) নৈতিক প্রগতির বিধি বা Law of moral progress.

যাই হোক স্বপক্ষে বিপক্ষে এমন ভাবে বহু যুক্তির অবভারণার পরেও আজ পর্যন্ত এই প্রশ্ন আমীমাংসিত, ইতিহাস বিজ্ঞান কি না, কিংবা না হলে কতটুকু বিজ্ঞান। বেহেতৃ ইতিহাস ঐতিহাসিকের স্বষ্ট এবং ঐ ঐতিহাসিক তাঁর গবেষণাকালে নিজের ব্যক্তিসন্তাকে সর্বতোভাবে অবজ্ঞা করে নিজেকে বিলীন করে দেবেন অতীত গর্ভে বেহেতৃ এমনটা কথনোই সম্ভব নয়, সেই হেতু সম্পূর্ণ আক্ষরিক অর্থে নিরপেক্ষ ইতিহাস হতেই পারে না। এইজ্ঞেই ক্রোচে বলেছেন যে ইতিহাস সর্বদা বর্তমানের চিন্তাই প্রতিফ্লিত।

এবং এটাই স্বাভাবিক। কারণ ঐতিহাসিকের মনোজগতের বিষয় অতীত হলেও বাইরের যে বর্তমানে তিনি বাস করেন তাকে অস্বীকার করবেন কি করে? ইতিহাস ব্যক্তিনিরপেক এবং তথ্যনির্ভর এই বক্তব্যকে উপহার করে জেটিল বলেছেন: "The historian in short knows well enough that the life and meaning of past facts is not to be discovered in charters or inscriptions or in any actual relics of the past; their source is in his own personality."

কিন্তু সমস্ত মতবৈধতার উর্ধেন, ইতিহাস রচনার এমন কতকগুলো ক্ষেত্র রয়েছে যে সব ক্ষেত্রে গুধু সম্পূর্ণ নিরপেক্ষতাই নয়, বৈজ্ঞানিক পদ্ধতিও প্রয়োগ করা যেতে পারে। সেইক্ষেত্রগুলি যেমন, বিভিন্ন গণআন্দোলনের স্বরূপ এবং পরবর্তী কালে তাদের প্রভাব, বিভিন্ন জাতীয় জীবনে নিজস্ব ভৌগোলিক পরিমণ্ডলের প্রতিক্রিয়া কিংবা গণমানসিকতা বিকাশে সমসাময়িক সামাজিক ও অর্থ নৈতিক অবস্থার প্রতিফলন ইত্যাদি। এদব ক্ষেত্রে বিচার্য বিষয় এতটা নৈর্বজিক বে বাজি-নিরপেক্ষতার ঐতিহাসিক ঠিক পটভূমিকাকে আবিদ্ধার করতে না পারলে ক্ষেত্র। সামগ্রিক পরিস্থিতিও তাঁর অনুধাবনের বাইরেই থেকে যায়। এবং

প্রেক্ষাপট বিচারের উত্তোগ থেকেই জন্ম নিয়েছে মার্ক্সীয় দর্শন।

এতক্ষণ বে আলোচনা হ'ল তা হ'ল ইতিহাস আবিদার সম্পর্কীত। কিন্তু ইতিহাস আবিদ্ধার করেই ঐতিহাসিকের দায়িত্ব শেষ হ'ল না। তার পরবর্তী দায়িত্ব হ'ল, না। তার পরবর্তী দায়িত্ব হ'ল, আবিদ্ধৃত তথ্যকে নির্ভরযোগ্য, ইতিহাসের প্রকাশ-ভঙ্গী বিশ্বাসযোগ্য ও হৃদয়-গ্রাহী করে পরিবেশন করা। এটাও ক্ষর বড় দায়িত্ব নয়। কেননা যে তথ্য আমাদের ইন্দ্রিয়-গ্রাহ্থ নয়, তাকে ইন্দ্রিয়গ্রাহ্থ করে তোলা—দেটা থ্ব কম নৈপুণাের কাজ নয়। ঠিক এই জায়গাতেই ঐতিহাসিককে হতে হয় মানব-মনের এক স্থনিপুণ লিপিকার। এই প্রসঙ্গেই জর্জ ট্রেভেলিয়ান মন্তব্য করেছেন, ইতিহাস একই সঙ্গে বিজ্ঞান ও কলা। ইতিহাস বিজ্ঞান, কেননা তথ্যের স্ক্রেম্বিচার ও বিশ্লেষণ এবং সেই সঙ্গে কলাও, কেননা পরীক্ষিত তথ্যের মর্মম্পর্শী বছি প্রকাশ। তাই গ্রীক Historia শক্টির অর্থ সত্যান্থসন্ধান আর Historiography শক্টির অর্থ ইতিহাস রচনাশৈলী।

যাই হোক ইতিহাস কতথানি বিজ্ঞান আর কতথানি কলা—এ প্রশ্ন আজ অবধি
নিক্তর। এবং অতি সাম্প্রতিক কালে দেখা যাচেছ, ইত্থিহাস চয়নে
আমরা যত বেশী বিজ্ঞান-নির্ভর, ইতিহাস পরিবেশনায় আমরা তত বেশী
কলামুরাগী। যেন এক প্রতিদ্বিতা চলেছে, বিজ্ঞান রুড় কাঠিক্তকে কলা চর্চার
মাধুর্যরসে অধিকতর স্থাকর করে তোলার। তাই ইতিহাস বিজ্ঞান না কলা—
নিরবধি কাল এ প্রশ্ন অপেক্ষিতই থেকে ধাবে উত্তরের প্রতীক্ষায়।

## ॥ ইতিহাস রচনাদৈলী॥

## # Historiography #

ঐতিহাসিককে লিপিকার হতে হবে, হতে হবে পাঠককে মোহিত করার মত অতীতের স্থানক স্থানিপুন ভাষ্যকার। কিন্তু তাই বলে বন্ধনহীন কল্পনা কথনো তার সম্বল হতে পারবে না, কিংবা মানব-মনকে শুধুমাত্র মন্ত্রমুগ্ধ করে রাখার ভাগিদে সত্যকে বিকৃত করা চলবে না। স্থতরাং ইতিহাস রচনাশৈলী এক স্থল্প শিল্প চর্চা। এবং এই শিল্প চর্চার কাককার্যগুলোকে বৃথতে হলে আমাদের জ্ঞানতে হবে ইতিহাস চর্চার সঠিক পদ্ধতি কি, ইতিহাসে নৈর্গজ্ঞিকতা শুধু তাত্ত্বিক বক্তব্য না স্ত্যিকারের কোন ভূমিকা রয়েছে প্রভৃতি বিষয়েগুলো। আমরা এবার এই সব বিষয়গুলোই আলোচনা ক্রছি।

## ॥ ইতিহাস চর্চার পদ্ধতি॥

#### Historical Method |

অতীত তো কথনো ফিরে আসে না। আর ঐতিহাসিকের এমন কোন একান্তই নিজস্ব শক্তি থাকে না ধার সাহায্যে তিনি অতীতকে দেখতে পারেন। তবু সেই নুপ্ত অতীতকে নিয়েই ঐতিহাসিকের কাজকর্ম। কিন্তু সে কাজ কেমন করে সম্ভব ?

বিচিত্র এবং বিভিন্নভাবে অতীত নিজের আংশিক পরিচয় রেথে যায় বর্তমানেও।
সেই পরিচয় পাওয়া যায় ধ্বংসাবশেষ থেকে, রাষ্ট্রীয় দলিল এবং
বিদেশীদের ভ্রমণ বুড়ান্ত থেকে, প্রচলিত মুদ্রা থেকে, ব্যবহার্য
জিনিসপত্র থেকে, কাব্য-কাহিনী থেকে। তা ছাড়া রয়েছে আরও কত বিচিত্র
উপাদানের সম্ভার।

কিন্তু প্রশ্ন হ'ল এতো যে বিচিত্র উৎপাদনের প্রাচ্র্য এর মধ্য থেকে এতিহাসিক ইতিহাসকে আবিদ্ধার করেন কি করে? এই কাজ ত্রিম্থী। প্রথম ভথ্য সংগ্রহ দ্বিতীয় সংগৃহীত তথ্যের বিশ্লেষণ, তৃতীয় সংগৃহীত তথ্য সমূহের মধ্যে সমন্ত্রম সাধ্যম।

প্রথমে এতিহাসিক অতীতের কোন একটি বিশেষ সময়কে চিহ্নিত করে নিজের গবেষণার ক্ষেত্র হিদেবে। তারপর আরম্ভ হয় তার তথ্য সংগ্রহের কাজ। ইতিহাসের তথ্যগুলোকে আমরা সাধারণভাবে হুটো ভাগে ভাগ করে নিতে পারি। যথা মোলিক উপাদান বা primary source এবং অমোলিক উপাদান বা Secondary source. মৌলিক উপাদান বলতে ব্রায় সেই সব উপাদান যা ঐতিহাসিকের গবেষণার সঙ্গে প্রত্যক্ষভাবে জড়িত। এর উন্টোটাই হ'ল অমৌলিক উপাদান। দ্বিতীয় শ্রেণীর উপাদানের সত্যাসভ্য যাচাই যেহেত্ থুব সহজ সাধ্য নয়, সেইহেত্ ঐতিহাসিক সর্বদাই সচেষ্ট থাকেন যভটো সম্লব মৌলিক উপাদান সংগ্রহ করতে।

তথ্য সংগ্রহের পর এতিহাসিকের দ্বিতীয় কাজ হ'ল সংগৃহীত তথ্যের যূল্যায়ন, তার সত্যাসত্য বাচাই। এ কাজ অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ এই পর্যায়তেই স্থির হয়ে যাবে ঐতিহাসিক কোল কোল উপাদান নিয়ে ভার গবেয়ণার কাজে অগ্রসর হবেন এবং এই সব উপাদানের ভিন্তিভেই স্থ্যায়ন ইভিহাস রচিভ হবে। তাই এই স্থরের কাজ শেষ করতে ঐতিহাসিককে যথেষ্ট বিচক্ষণ এবং স্থনিপুণ হতে হয়়। এই দায়িত্ব পালনে ঐতিহাসিক সমালোচনের ভূমিকায় অবভীর্ণ হন। এই সমালোচনা দিম্থী অকটি বাইরের সমালোচনা বা external criticism, অপরটি আত্যন্তরীণ সম্লোচনা বা internal criticism, বাইরের সমালোচনা বা লেছের কোন বর্ষনা, কোন প্রাক্ষেপণ কোন অস্ত্য কিছু আছে কি না ভাজার ভ্রের কোন বর্ষনা, কোন প্রাক্ষেপণ কোন অসত্য কিছু আছে কি না ভাজার ভ্রের কোন বর্ষনা, কোন প্রাক্ষেপণ কোন অসত্য কিছু আছে কি না ভাজার ভ্রের কোন বর্ষনা, কোন প্রাক্ষেপণ কোন অসত্য কিছু আছে কি না ভাজার ভ্রের কোন ব্যক্ষা, কোন প্রাক্ষেপণ কোন অসত্য কিছু আছে কি না ভাজার ভ্রের কোন ব্যক্ষা, কোন প্রাক্ষেপণ কোন অসত্য কিছু আছে কি না ভাজার ভ্রের কোন ব্যক্ষা, কোন প্রাক্ষেপণ কোন অসত্য কিছু আছে কি না ভাজার কামে কিছু আছে কি না ভ্রের কোন কামে করিব কাম কামে কিছু আছে কি না ভ্রা

বিচার করা। এই স্তরে সর্বদাই মনে রাখতে হবে "Historical facts have in every case to be established; they are never simply given." বাই হোক উপাদানগুলোকে প্রাথমিক ভাবে বেছে নেবার পর আরম্ভ হয় আভ্যস্তরীণ সমালোচনার কাজ। এই কাজ অধিকতর জটিল এবং তুরহ। কারণ এক্ষণে ঐতিহাসিকের বিচার্য, সংগৃহীত তথ্যের সূত্র বা উৎস্টি বিশ্বাসযোগ্য কি না, নির্ভরযোগ্য কি না। यहि ঐতিহাসিক কোন লিখিত উপাদান নিয়ে কাজ করবেন স্থির করেন তবে তার বিপদ শারও বেনী। কার্গ ঐতিহাসিককে বুঝতে হবে লিথিত উপাদানের লেথকের মানসিকত।, লেধক কতথানি ব্যক্তি-দাপেক্ষ, কতথানি ব্যক্তি-নিরপেক্ষ, লেথক যে অর্থ প্রকাশ করতে চেয়েছিলেন তার লিখিত বিবরণের মধ্য দিয়ে তার কতটা বিবরণে পরিক্ট ইত্যাদি সব দিক। এই সব বিচার-বিশ্লেষণের মধ্য দিয়ে ঐতিহাসিক তার উপাদান সম্পর্কে যে সিদ্ধান্তে এসে পৌছান তা আবার নির্ভূল হ'ল কি না তা যাচাই করার জন্ত ঐতিহাসিককে অত্যান্ত উপাদানের সঙ্গে তার সিদ্ধান্তকে তুলনা করে দেখতে হবে। অবশ্য এই তুলনামূলক যাচাই-এর কাজটি দব সময় করা সম্ভব নাও হতে পারে। কেন না ইতিহাদে এমন অনেক সময় আছে যে সময়ে যথেষ্ট সংখ্যক উপাদানই পাওয়া যায় না। দেক্ষেত্রে তুলনাযূলক বিচারের স্থযোগ অত্যন্ত সীমিত। দিতীয় পর্যায়ে ঐতিহাসিকের কান্ধ কলিংউড খুব স্থন্দরভাবে বিশ্লেষণ করে বলৈছেন: The historian is like a detective, investigating a case. He begins by deciding what the undisputed fact is and builds his theories around that. He should be ready to give up even his fundamental fact when new evidence comes to his notice.

এরপর তৃতীর পর্যায় – সংগৃহীত তথ্য সমূহের মধ্যে সমন্বয় সাধন। এই পর্যায়ের বা কিছু করণীয় সবই ঐতিহাসিকের একাস্তই নিজন্ব, স্বকীয় বৈশিষ্ট্যে সমূজ্জল। এই স্থমে ঐতিহাসিক বাহ্যিক ও আভ্যন্তরীণ মূল্যায়নের মধ্য সম্বন্ধ-সাধন দিয়ে নিজন্ব দৃষ্টিকোণ থেকে প্রয়োজনীয় উপাদান নির্বাচন করেন। তারপর নির্বাচিত উপাদান সমূহকে গুরুত্ব অনুসারে বিদ্যন্ত বা প্রোণী বিভাগ করা হবে। এইবার উপাদান-সমূহের উপর ভিত্তি করে ইতিহাসের গতি-পথের উৎস আবিদ্যারের চেন্তা চলবে এবং এই আবিদ্যারকেই কেন্দ্রবিন্দু করে রচিত হবে ইতিহাস। এই বিস্তৃত ও ব্যাপক কর্মস্থচীকেই সামগ্রিক অর্থে বলা হয়েছে সমন্বয় সাধ্যের কাজ।

সভাবতঃই এই শুরে ঐতিহাসিকদের মধ্যে ব্যক্তিবৈষম্য স্পষ্ট হয়ে ওঠে। কারণ একটি দৃষ্টিভঙ্গী থেকে ঐতিহাসিক তার গবেষণা কার্যে মনোনিবেশ করেন এবং স্বাভাবিক কারণেই সেই দৃষ্টিভঙ্গী তার কর্মধারাকে প্রভাবিত করে। তাই জন্দন্ব বেলছেন "It has become an axiom that each generation must rewrite the history written by preceding generation." ঐতিহাসিকের জাতীয় চেতনা,

তার ধর্মীয় বিশ্বাস, তার সামাজিক মৃত্যুৰোধ কিংবা তার রাজনৈতিক আদর্শ তার জ্ঞাতসারে অথবা অক্তাতসারে তার চিন্তাচেতনা এবং সেই চিন্তা-চেতনা প্রকাশ-ভঙ্গীমাতে উপস্থিত থেকে যায়।

কিন্তু তাই বলে এতিহাসিক কখনে। ইতিহাসের মৌল সভ্য থেকে সরে ষেতে পারেন না। সেই মৌল সভ্যটি কি? যে পরিবর্তননীলতাই হ'ল ইতিহাসের প্রাণশজ্জি সেই পরিবর্তনের ধারাবাহিকতা ও নিরবচ্ছিন্নতাই হ'ল মৌল সভ্য। ইতিহাসের মৌল সভ্য এতিহাসিককে এই মৌল সভ্যটাই আবিদ্ধার করতে হয়। কিন্তু পরিবর্তন বলতে আমরা কি বুঝি? এই প্রসঙ্গে আমাদের পরিবর্তন বা change, প্রগতি বা development এবং উন্নয়ন বা progress এই তিনটি শব্দের অন্তানিহিত্ত পার্থক্যটুকু আমাদের হুদয়দ্দম করতে হবে। প্রথমে পরিবর্তন বলতে বুঝায় চলমান অবস্থার রকমফের। এই রকমফেরের ফলাফল ভালমন্দ তুইই হতে পারে। কিন্তু প্রগতি শব্দটির মধ্যে রয়েছে নিরবচ্ছিন্ন অগ্রগতির ব্যঞ্জনা, যে অগ্রগতি সর্বদাই উর্ব্বেম্বা। জন্সন্ শব্দটিকে স্থলরভাবে ব্যাথ্যা করে বললেন. "From the point of view of development, nothing ever was or is; everything was or is in a state of becoming." অন্তাদিকে উন্নয়ন শব্দটি যেন কেবল মাত্র শুভফল প্রত্যাশী। কিন্তু মানব-সমান্ধ তো পূর্ব-নিধারিত গতিপথ মেনে চলে না। সমাজকে চলার পথে কভ ঝড়-ব্যক্ষা, বাধা-বিদ্য, ভাল-মন্দের, চড়াই-উৎরাই পেরিয়ে আপন যাত্রাপথটুকুকে অব্যাহত রাথতে হবে।

তাহলে শব্দ তিনটির ব্যাখ্যার মধ্য দিয়ে দেখা গেল, প্রাণতি বলতে যা বুঝার তা নিয়েই ঐতিহাসিকের কাজ-কারবার। কিন্তু অহরহ তো কত ঘটনাই ঘটছে। সব ঘটনাই কি ঐতিহাসিকের কাছে সমান তাৎপর্যপূর্ণ ? সেই ঘটনাই ঐতিহাসিকের গ্রহণীয় যা প্রগতি শব্দটির ব্যাখ্যার দক্ষে যথোচিত সামক্ষ রক্ষা করে। অবশ্য এই ক্ষেত্রে ঘটনা বাছাই-এর প্রয়োজনে ঐতিহাসিক নিজস্ব চিন্তা-চেতনা, বিশ্বাস ছারা পরিচালিত হতে পারেন এবং এই প্রভাবের প্রতিবন্ধকতার মধ্য দিয়ে যেহেতু রচিত হয়ে থাকে ইতিহাস সেই হেতু বহুজনের প্রবল আপত্তি, সম্পূর্ণ অর্থে ইতিহাসকে বিজ্ঞান আখ্যা দিতে। তাই বারংবার বলা হয়, ঐতিহাসিককে যতটা সম্ভব ব্যক্তি-নিরপেক্ষ হতে হবে।

## ॥ ইতিহাসে নৈৰ্ব ক্তিকতা।।

## Objectivity in History

যে প্রক্রিয়ার মধ্য দিয়ে ইতিহাস-রচনার তথ্য সংগৃহীত হয় সেই প্রক্রিয়া নিঃসন্দেহে বিজ্ঞানভিত্তিক। কিন্তু তথ্য থেকে নিম্বাশিত যে ইতিহাস তার উপস্থাপনাই হ'ল ইতিহাস রচনাশৈলী। এই রচনাশৈলীতেই প্রকাশ পায় ঐতিহাসিক কডটা

নৈর্বক্তিক, কতটা ব্যক্তিদাপেক্ষ। আর ঐতিহাসিক নৈর্বক্তিক হবেন এটাই শামাদের আকাজ্জিত। অতএব এখন সামাদের প্রশ্ন হ'ল, নৈর্বক্তিক ইতিহাস রচনাশৈলী কতটা সম্ভব ?

ইভিহাদ বিজ্ঞান হিনেবে বিবেচিত হবার অন্যতম মানদণ্ড হ'ল, ইভিহাদকে ব্যক্তি নিরপেক্ষ হতে হবে। তু'জন বৈজ্ঞানিক যদি একই বিষয় নিয়ে বিচ্ছিন্নভাবেও গবেষণা করেন তবে তাদের গবেষণা-লব্ধ ফলাফল তো একই হবে। কিছু ইতিহাদের ক্ষেত্রেও কি তাই হয় ? হয় না বলেই আর্ঘ কারা এ নিয়ে ঐতিহাদিকের গবেষণার ফলশ্রুতি ভিন্ন ভিন্ন, দিপাহি বিদ্রোহ কিংবা অন্ধকৃপ হত্যা নিয়ে ঐতিহাদিকদের মধ্যে মতভেদ। কিন্তু এর কারণ কি ?

প্রথম কারণ হ'ল ব্যক্তিগত সংস্কার বা personal prejudice. এই সংস্কার
শাধারণতঃ ঐতিহাদিক বিবরণ প্রণয়ণে যথেই প্রভাব বিস্তার করে
থাকে। এবং এই প্রভাব যে অতিক্রম করা যায় না তার প্রমাণ
শাদ্ধকৃপ হত্যা সম্পর্কে হল ধ্রেলের বিবরণ।

দিতীয় কারণ হ'ল দলীয় সংস্কার বা group prejudice. ঐতিহাসিক যে দল বা গোষ্টার অংশীদার সেই দল বা গোষ্টার সংস্কার ঐতিহাসিককে প্রভাবিত করে। এই দলীয় সংস্কার ধর্মীয় বিশ্বাস থেকে জন্ম নিতে পারে অথবা সম্প্রদায় গত, শ্রেণীগত বা জাতিগত প্রয়োজন সাধনের তাগিদ থেকেও জন্ম নিতে পারে। এই দলীয় সংস্কারের বাইরে বেরিয়ে আসাও ঐতিহাসিকের পক্ষেসহজ্ব-সাধ্য নয়।

তৃতীয় কারণ ইতিহাসের বিভিন্ন তাত্তিক বা দার্শনিক চিস্থাধারা (Theories of historical interpretation.)। এই সব চিস্থাধারা ইতিহাসকে একটি বিশেষ দৃষ্টিকোণ থেকে বিচার করার চেটা করে। একটি উদাহরণ দার্শনিক চিস্থাধারা দেওয়া যেতে পারে। ভারতের ইতিহাসের সম্ভবতঃ সর্বাধিক বিতর্কিত প্রশ্ন হ'ল সিপাহী বিদ্রোহের স্বরূপ। মার্ল্লীয় দর্শন এই স্বরূপ ব্যাথ্যা প্রসঙ্গে সিপাহী বিদ্রোহকে এক রূষক বিদ্রোহ বলে অনায়াসেই চিহ্নিত করে দিল। ইউরোপের ইতিহাসে এমন নম্ভীরের অভাব নেই।

তা হলে দেখা গেল সম্পূর্ণ নিরপেক্ষ ইতিহাস রচনা আজ পর্যন্ত স্ভব হয় নি।
সে ক্ষেত্রে আমাদের লক্ষ্য হ'ল, এই নিরপেক্ষহীনতাকে কোন একটি দীমাবদ্ধতার
মধ্যে নিয়ে আসা। স্ততরাং আমাদের বিচার্য হবে ইতিহাস
কতথানি আপেক্ষিকভাবে ব্যক্তিসাপেক্ষ বা relatively subjective, কতটাই সম্পূর্ণ ব্যক্তি সাপেক্ষ বা absolutely subjective. ড্যান্স এই প্রসঙ্গে চমংকার বলেছেন, "One of the easiest ways of
telling an untruth is to speak nothing but the truth—with something
vital omitted.

তা হলে কি ঐতিহাসিক সত্য বলে কিছু নেই ? সত্যি, নেই। কারণ আজ্ব বাকে আমরা সত্য বলে মেনে নিচ্ছি আগামীকাল হয়তো তা কোন নতুন গবেষণার আলোকচ্ছটায় মিথ্যে বলে প্রমাণিত হয়ে যাবে। কিন্তু এতে পরিতাপের কোন স্বংদাগ নেই। আসল কথা হ'ল, কতটা নিরুদ্বেগে নির্দ্ধিয় আমরা সত্যাত্মসন্ধানী হতে পেরেছি, তাই বিবেচ্য।

তাই সম্পূৰ্ণ নৈৰ্বক্তিক ইতিহাস রচনাও সম্ভবতঃ সম্ভব নয়। ঐতিহাসিকও একজন মান্ত্ৰয় এবং মান্ত্ৰয় হিদেবে তার কতকগুলো নিজস্ব মৃল্যাবোধ বিশ্বাস ও আদর্শ থাকাই স্বাভাবিক। শুধু তাই নয়। তার একটি নিজস্ব দৃষ্টিভঙ্গী থাকাও প্রয়োজন। এই দৃষ্টিভঙ্গী ছাড়া যে ইতিহাস তিনি রচনা করবেন তা হবে প্রাণহীন, যান্ত্রিক, উদ্দেশ্যহীন। শিল্পা তার শিল্প স্বষ্টি ষেমন করে নিজের মন প্রাণ সমর্পণ করেন, এবং এই সমর্পণ আছে বলেই শিল্প স্বষ্টি সার্থকতায় উত্তীর্ণ হয়, তেমনি ঐতিহাসিককেও সাফল্যের সর্ব দ্বারে পৌছুবার জন্ম এমন সমর্পনই চাই। Walsh এ কথাটারই প্রতিধানি করে বলেছেন, History might be said to give us a series of different but incompatible portraits of the past, each reflecting it from a different point of view."

## ॥ ইতিহাসের কার্যকারণ সূত্র॥

#### || Law's of Causation ||

ষে কোন বৈজ্ঞানিক গবেষণার স্থ্রপাত কোন অন্ত্রমান বা hypothesis কে ভিত্তি করে। তারপর হয়তো নিত্য নতুন গবেষণার মধ্য দিয়ে হয়তো পুরোনো অন্ত্রমানকে পাল্টে নিতে হয় কিংবা নতুন কোন অন্ত্রমানের আশ্রয় নিতে হয়। এইভাবে আমরা কোন সঠিক সিদ্ধান্তে গিয়ে পৌছুই। বিশেষ করে ইতিহাদে এই অন্ত্রমান ছাড়া "……faots would have remained a meaningless jumblo."

কিন্তু কোন একটি অনুমানের সত্যতা যাচাই করার জন্ম প্রয়োজন হ'ল প্রাপ্ত তথ্য সমূহকে কার্যকারণের স্থত্তে গ্রথিত করা। কোন ঘটনাই অকারণে সংঘটিত হয় না। ঐতিহাসিককে জানতে হবে প্রতি ঘটনার পশ্চাদপট। এইথানেই ঐতিহাসিককে

প্রকলন নলোবিজ্ঞানীর ভূমিকাও গ্রহণ করতে হয়।
ইতিহাসে তো ব্যক্তিষের প্রাচ্য। প্রতিটি ব্যক্তিষের বহুমুখী
কর্মধারাকে ব্রুতে গেলে শুধু তাদের বাইরের আচরণ বিশ্লেষণ
করলেই চলবে না, তাদের মানসিক ক্রিয়া-প্রতিক্রিয়ার খবরও নিতে হবে। তবেই
তাদের কার্যাবলীর একটি স্থসংহত ব্যাখ্যা খুঁছে পাওয়া যাবে। শুধু তাই নয়।
অনুসন্ধান-লব্ধ কার্যাপ্তলোকে আবার শুরুত্ব অনুসারে সাজানোও

কিন্তু এমন পরিস্থিতিও এসে যেতে পারে যেখানে কার্য-কারণের যোগস্তাটুকু খুঁজে পাওয়া তুরহ হয়ে দাঁড়ায়। সেক্ষেত্রে "The use of imagination, which is indispensable for a historian to fill the gaps, in no way mars the scientific nature of his work." কারণ ঐতিহাসিক তার কল্পনাশক্তিকে কথনো বল্গাহীন হতে দেন না। তিনি তো কোন অতীত ঘটনার অস্তা হতে পারেন না। কল্পনা করার ক্ষেত্রে তার স্বাধীনতা হ'ল এইটুকু যে হুটো ঘটনার মধ্যে যোগস্ত্র স্থাপন করার জন্ম তিনি নিজের বিচারবোধ ও বিবেক-বোধকে কাজে লাগাতে পারেন।

## ॥ ইতিহাসে অঘটন॥

#### Accidents of History

ইতিহাসে যদি কার্য-কারণ স্ত্রকেই বিশেষ গুরুত্ব দিয়ে থাকি তাহলে অঘটনের স্থান কডটুকু? আমাদের চারপাশে কথনো এমন ঘটনা ঘটে যায় যার ব্যাথা। হয় না। অতীতে কি এমন অঘটন কথনো ঘটে নি? ঘটেছে নিশ্চয়ই। কিন্তু এমন অঘটন সম্পর্কে ঐতিহাসিকের দৃষ্টিভঙ্গী কি হবে? মন্টেকু বলেছেন, "If a particular cause, like the accidental result of a battle, has ruined a state, there was a general cause which made the downfall of this state ensue from a single battle." মার্ক্স বিশাস করতেন যে অঘটন ইতিহাসের অগ্রগতি আক্মিকভাবে ক্রতত্তর বা পশ্চাদ্পদ করতে পারে, "it could not basically change the direction of development."

স্থতরাং অঘটনের উপর অত্যধিক গুরুত্ব আরোপের কোন কারণ নেই। ঐতিহাসিকের কান্ধ হ'ল, অতীতের ঘটনাকে এমনভাবে বিশ্লেষণ করা যাতে সেই বিশ্লেষণ থেকে কোন সিদ্ধান্তে পৌছানো ষেতে পারে। কিন্তু কোন অঘটন থেকে এমন কোন সিদ্ধান্ত আমরা পেতে পারি না

## । ইতিহাসে ব্যক্তিছ।

## | Individuals in History |

সাধারণভাবে ইতিহাদে বিভিন্ন ব্যক্তিত্বকে প্রাধান্ত দেবার প্রবণতা আছে। কিছ ব্যক্তিত্বের পরিমাপ হওয়া উচিত কেই পরিমণ্ডলে, যে পরিমণ্ডলে সেই ব্যক্তিত্ব বর্ধিত। এই পরিমণ্ডল বলতে বুঝায় সামাজিক, অর্থ নৈতিক, রাজনৈতিক অবস্থা। মাক্র অবশ্য ব্যক্তিত্বকে আদৌ কোন মর্যাদা দিতে নারাজ। তাঁর মতে অন্তক্ল পরিবেশে থ্ব সাধারণ মাহ্যধন্ত অসাধারণ পর্যায়ে উন্নীত হতে পারেন। কিছ এটি একটি চ্ড়ান্ত মত। ইতিহাসে ব্যক্তিষের মর্বাদা নিশ্চয়ই আছে, ভূমিকাও অনসীকার্য। আসলে ব্যক্তিষ ও পরিবেশ উভয়ে উভয়ের গরিবেশ পরিপ্রক। তাই লেনিন যদি অষ্টাদশ শতাকীতে জন্মাতেন তবে হয়তো তাঁর পক্ষে এক সমাজতান্ত্রিক বিপ্লব সংঘটিত করা সম্ভব হ'ত না। কিংবা গান্ধীজীর পক্ষেও উনবিংশ শতাব্দীতে এত ব্যাপক জাতীয় স্বাধীনতা আন্দোলন গড়ে তোলা সহজ ছিল না। Hegel ঠিকই বলেছেন যে ''the great man of the age is the one who can put into words the will of his age, tell his age what its will is and accomplish it; what he does is the heart and essence of the age; he actualises his age."

স্থতরাং এক ব্যক্তিত্বকে বিচার করার মানদণ্ড হ'ল তার সামাজিক ও অর্থ নৈতিক প্রেক্ষাপট, কতটুকু এই প্রেক্ষাপট তাকে তৈরী করেছে, কতটুকু এই প্রেক্ষাপটকে তারা কাব্দে লাগাতে সমর্থ হয়েছেন।

## ॥ ভারতীয় ইতিহাস রচনা শৈলী॥

#### Indian Historiography

একটি চমৎকার উদ্ধৃতি দিয়েই শুরু করা যাক্। ঐতিহাসিক ভারতীয় ইতিহাস রচনাশৈলী সম্পর্কে মন্তব্য করতে গিয়ে বলেছেন, "Historians of the peoples of the sub-continent have in the past operated rather like isolated guerilla fighters in a jungle often performing feats of individual brilliance, but lacking discipline and only vaguely aware of the part they should play in a general campaign. উদ্ভূতিতে উল্লিখিত তুলনাতেই ভারতীয় ঐতিহাসিকদের চিন্থাধারা তাদের রচনাশৈলী সম্পর্কে একটি মনোজ্ঞ ছবি ফুটে উঠেছে। আমরা এই উদ্ধৃতিকে অবলম্বন করেই প্রাচীন যুগ থেকে অত্যাধুনিক কাল পর্যন্ত ভারতীয় ইতিহাস রচনার কলা-কৌশলের সঙ্গে পরিচালিত হতে চাই।

## ॥ প্রাচীন যুগ॥

ইতিহাদ নামক বিষয়টির দক্ষে আমাদের পরিচয় প্রাচীন কাল থেকেই প্রতাক্ষ অথবা পরোক্ষভাবে। ফলে ইতিহাদ-চর্চার স্থ্রপাত্তও সেই প্রাচীন কালেই। প্রথম স্তরে ইতিহাস ছিল মৌখিক গাঁথা, আখ্যান, প্রথম স্তরা প্রাণ ইত্যাদির আকারে। এই ভাবেই চললো দীর্ঘকাল। ক্রমশঃ গাঁথা, আথ্যান ইত্যাদির সংখ্যাধিক্যও ঘটতে লাগলো। গ্রহণ করেছেন। তাদের মতে, আধুনিক দামাজিক পরিস্থিতি বুঝতে হলে অতীতের ঘটনাবলী আলোচনা করতে হয়। দমাজের বর্তমান রূপের পেছনে আছে তার অর্থ নৈতিক, রাজনৈতিক, ভৌগোলিক এবং মনস্তান্থিক পটভূমিকা। তাই এই পটভূমিকার বিচার বিশ্লেষণ ব্যতিরেকে আধুনিক দমাজ-ব্যবস্থাকেও বুঝা ষেতে পারে না।

এইদৰ পণ্ডিতেরাই বিজ্ঞালয় স্তব্যে ইতিহাসের বিষয়-বস্তুকে সমাজকে কেন্দ্র করে বিশ্যস্ত করার কথা বলেছেন। কিন্তু কঠোর ইতিহাস-বেতা খারা, তাঁরা ইতিহাদ সম্পর্কে এই সমাজ প্রধান মতবাদকে মেনে নিতে চান না।

## ॥ পশ্চিমবঙ্গের বিভালয় সমূহে নব প্রবর্তিত ইতিহাসের পাঠ্যক্রম॥

১৯৭৪ দাল থেকে পশ্চিমবঙ্গের শিক্ষাব্যবস্থার কাঠামোগত পরিবর্ত্তন দাধন করা হয়েছে। কলে প্রচলিত হয়েছে দাদশ বর্ষব্যাপী মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা। কিন্তু এই পরিবর্তন কেবল কাঠামোগত নয়, পাঠ্যক্রমের ক্ষেত্রেও এমেছে বিশেষ গুরুত্বপূর্ণ রূপান্তর। ইতিহাসের পাঠ্যক্রমণ্ড এই রূপান্তরের প্লাবন থেকে অব্যাহতি পায় নি।

শিক্ষার যে নতুন কাঠামো প্রবর্তিত হয়েছে সেথানে প্রথম দশ বৎসরকাল সাধারণ শিক্ষাকাল বলে চিহ্নিত। এই নাধারণ শিক্ষাকালে ইতিহাস একটি আবিখ্যিক বিষয় হিসেবে গ্রহণ করা হয়েছে। অবশ্য ইতিহাস নামক বিষয়টির নাম আর ইতিহাস রাখা হয় নি, গ্রের নতুন নামকরণ হয়েছে ভারত ও ভারতজন কথা বা India and her people.

ষষ্ঠ মান থেকে এই নতুন বিষয়টির পাঠ্যক্রম এক ব্যাপক পরিবর্তন দাধন করা হয়েছে।
নতুন পাঠ্যক্রমটি হ'ল এ রকম :—

৬র্চ মান: –বাংলাদেশের ইতিহাস। বৈদিক যুগ থেকে আরম্ভ করে নতুন রাষ্ট্র বাংলাদেশের জন্ম পর্যস্ত।

৭ম মান:—ভারতের ইতিহাদ। দির্ সভ্যতা থেকে আরম্ভ করে ঔরঙ্গজেবের মৃত্যু পর্যস্ত।

৮ম মান:—ভারতের ইতিহাদ। ঔরক্ষজেবের মৃত্যু থেকে ভারতের স্বাধীনতা লাভ পর্যস্ত। এরই দঙ্গে রয়েছে, এই সময়ের মধ্যে বহির্ভারতের গুরুত্বপূর্ণ ঘটনাবলী।

নম মান:—ভারতের ইতিহাস। প্রাচীনকাল থেকে ভারতে ইন্ট ইণ্ডিয়া কোম্পানীর শাসনকাল পর্যন্ত।

> ম মান :- ভারতের স্বাধীনতা সংগ্রামের ইতিহাস। স্বাধীন ভারতীয় সংবিধান ও ভারতীয় নাগরিকদের অধিকার ও কর্তব্য।

এক ভিন্নতর দৃষ্টিকোণ থেকে এই যে নতুন পাঠ্যক্রম নির্বারিত হ'ল এর যৌক্তিকতা বিচার একস্তিই প্রয়োজনীয়। কিন্তু সেই বিচারের মানদণ্ড হবে কি ? এই মানদণ্ড স্থির করার উদ্দেশ্যে আমরা শিক্ষায় অগ্রসর কয়েকটি দেশের ইতিহাসের পাঠ্যক্রমের প্রতি আলোকপাত করতে চাই।

#### ॥ ইংলগু ॥

প্রথমেই ইংলণ্ডের কথাতেই আদা যাক্। এদেশে পুঁথিগত মাধ্যমিক শিক্ষার জন্ম তু'ধরনের মাধ্যমিক বিভালর রয়েছে, যথাঃ মডার্গ কুল ও গ্রামার স্কুল। তুই স্থলের ইতিহাদের পাঠ্যক্রমের মধ্যে তারতম্য রয়েছে। যেমন চার বৎসর ব্যাপী মডার্গ স্থলের মাধ্যমিক শিক্ষার প্রথম তিন বছর শিক্ষাথীদের ইংলও ও ইউরোপের বিভিন্ন দেশের পোষাক পরিচ্ছদ, যানবাহন, বাসগৃহ প্রভৃতির বিবর্তন সম্পর্কে শিক্ষা দেওয়া হয়। শেষ বংসরে শিক্ষার্থীরা রাজনৈতিক, সামাজিক ও অর্থ নৈতিক থেকে সাম্প্রতিক সমস্থাবলীর সঙ্গে পরিচিত হয়।

প্রামার স্কুলে শিক্ষাকাল অধিকতর দীর্ঘ, শিক্ষাগীগণও অধিকতর মেধারী।
এথানে প্রথম ছই বংসর প্রাগৈতিহাসিক ও প্রাচীন যুগের দক্ষে ১৭১৪ পর্যন্ত ইংলণ্ডের
ইতিহাস পড়ানো হয়। পরবর্তী বংসরে প্রথম বিশ্বযুদ্ধ পর্যস্ত ইউরোপের ইতিহাস।
এর পরের বংসর আবার ইংলণ্ডের ইতিহাস। পঞ্চম বংসরে বিস্তৃতভাবে ইউরোপের
ইতিহাস। যদ্ধ বর্ধ থেকে ইংলণ্ড, ইউরোপ ও বিশ্ব ইতিহাসের সামগ্রিক পাঠ।

### ॥ আমেরিকা যুক্তরাষ্ট্র॥

শিক্ষার প্রথম নয় বৎসর আমেরিক যুক্তরাষ্ট্রে সাধারণতঃ ইতিহাস একটি পৃথক বিষয় হিসেবে পঠিত হয় না। পরবর্তী তিন বৎসরে পড়ানো হয় উপনিবেশ, আমেরিকার ইতিহাস ও মাকিন যুক্তরাষ্ট্রের জন্মকথা। তারপরের ছই বৎসর আমেরিকা যুক্তরাষ্ট্রের রাজনৈতিক ও অর্থ নৈতিক জীবন। এর পরের বছর পৃথিবীর সামগ্রিক ইতিহাস। সর্বশেষে বিশ্ব ইতিহাসের পটভূমিকায় আমেরিকা যুক্তরাষ্ট্রের ইতিহাসের গভীরতর পাঠ।

#### ॥ खाम ॥

ক্রান্সে বারে। বংসর বয়সে প্রথম ইতিহাসের পাঠ্য হ'ল প্রাগৈতিহাসিক কথা ও রোম সাম্রাজ্যের পতন পর্যন্ত প্রাচীন যুগের কথা। এর পরের বংসর মধ্যযুগ। তার পরের বংসর ১৭৮৯ সাল পর্যন্ত ইউরোপের ইতিহাস। তারপর এক বংসর ১৭৮৯ সাল থেকে সাম্প্রতিক কাল পর্যন্ত ইতিহাস। এরপর এক বংসর বিশ্বব্যাপী বিশেষ করে আমেরিকা যুক্তরাষ্ট্রে ইউরোপের বিস্কৃতি। শেয তুই বংসরে বিশ্ব পট-ভূমিকায় ফ্রান্সের ইতিহাস সম্পর্কে গভীরতর পাঠ।

#### । সোভিয়েট রাশিয়া।

শোভিয়েট রাশিয়ার ইতিহাসের পাঠ্যক্রমের লক্ষ্য দক্ষকে বলা হয়েছে "The curriculum in history reflects the demand that history be interpreted

তারপর এমন একটি পর্যায় এল যখন কেবলমাত্র মৌখিক চর্চাই যথেষ্ট মনে হ'ল মা, প্রামোজন হ'ল লোকের মুখে মুখে মুগ থেকে মুগান্তরে যা বাহিত তাকে লিপিবদ্ধ করার। এই প্রয়োজনবাধ থেকেই রচিত হ'ল রামায়ণ ও মহাভারত। এই গ্রন্থন্ন সম্পর্কে জওহরলাল নেহেজ বলেছেন, 'I do not know of any book any where which has excercised such a continuous and pervasive influence on the mass mind as these two,' এই হই কাব্যই প্রকৃতপক্ষে প্রাচীনতর ভারতবর্ষের ইতিহাস যা মূলতঃ কর্মনাশ্রয়ী, সভ্য যেখানে বহুলাংশে উপেক্ষিত। তবু এই হুই মহাকাব্য আমাদের যা জানতে সাহায্য করছে ভার গুরুত্বও ক্য নত্ন।

ধর্ম, অর্থ, কর্ম ও মোক্ষ—এই চার নীতির প্রতিষ্ঠিত যে মানব-জীবন সম্পর্কে আমাদের প্রাচীন ধারণা ভাই হ'ল গুই মহাকাব্যের উপজীব্য বিষয়। সঙ্গে সঙ্গে লক্ষ্যনীয় হ'ল এই প্রাচীন ভারতীয় ইতিহাসের সংজ্ঞা অনুসারে মানব-জীবনের লক্ষ্য হিসেবে এ চার নীতির কথাই বলা হয়েছে।

পরবর্তী স্থরে ইতিহান ক্রমশঃ তার নিজম্ব রূপ পরিগ্রহ করতে থাকে। মোটাষ্টি

৪০০ গ্রীষ্টান্দ নাগাদ এই বিবর্তনের স্ট্রনা। বিভিন্ন রাজানুগৃহাত কবি-সাহিত্যিক

গ্রুক নতুন ধরনের রচনার পূত্রপাত করেন এগুলোকে

গ্রুক গ্রুমনা চরিত বা প্রশন্তি নামে অভিহিত করতে পারি। মূলতঃ

এগুলো পৃষ্ঠপোষকদের ভৃপ্ত করার তাগিদেই রচিত। যেমন বিক্রমদেব রচিত, রামরচিত, হর্ব-চরিত ইত্যাদি। এই সব রচনাবলী থেকে মূল্যবান ঐতিহাসিক তথ্যাবলী

সহজ্জভা

এ ধরনের রচনার একটা উদাহরণ দেওয়া যাক্। যেমন বাণভট্ট রচিত হর্ব-চরিত।
বাণভট্ট ছিলেন হর্ষবর্ধনের সভাকবি এবং তাঁর একজন গুণমুগ্ধ। স্বভাবতঃই বাণভট্ট
নিরপেক্ষ হতে পারেন নি: এমন কি তাঁর বক্তব্য-বিষয়ও হর্ষবর্ধন ও তাঁর প্রাত্যহিক
জীবনকে ছাড়িয়ে যেতে পারে নি। এমন কি রচনাতে
কাহিত্যগত উৎকর্ম সাধন করতে গিয়ে ইতিহাসগত প্রকরণের
প্রতিও অবজ্ঞা প্রদর্শিত হয়েছে। তবে এইসব রচনাবলীতে
একটা উল্লেখযোগ্য বৈশিষ্ট্য কুটে উঠেছে। তা হ'ল এই চরিত্ত-কাহিনীর
রচম্বিভাগণ সর্বদাই অভীতের পটভূমিকায় বর্তমানকে যাচাই করতে
চেয়েছিলেন। এর ঠিক উন্টো দৃষ্টিভঙ্গী গ্রহণ করেন বর্তমানের ঐতিহাসিকেরা।

অথচ এই সময়কারই বিশ্বয়কর সৃষ্টি হ'ল কল্হন রচিত রাজতরদিনী। বিশ্বয়কর, কারণ রচনাশৈলীর দিক থেকে কলহন সম্পূর্ণ আধুনিক, পদ্ধতিগত দিক থেকে তিনি সম্পূর্ণ বৈজ্ঞানিক। তাই তাঁর সৃষ্টি সম্পর্কে স্বতঃস্কূর্ত স্বীকৃতি জানিয়ে ফিলিপস্ বলেছেন: "The work is unique as the only attempt at true history in the whole of surviving sanskrit literature." কল্হন লিখিত বা প্রচলিত

ভিংশ সমূহের সন্ধান করেছেন, বিভিন্ন শিলালিপি বিচার করেছেন, বিভিন্ন প্রশন্তির সভ্যতা যাচাই করার চেষ্টা করেছেন। তারপর সম্পূর্ণ থোলা মন নিয়ে, কোন রকম কুদংস্কার ঘারা আজ্রন না হয়ে তিনি অগ্রসর হয়েছেন। এই যে পদ্ধতি তিনি অগ্নসরণ করেছেন একেই তে। আমরা বলছি বৈজ্ঞানিক পদ্ধতি, এ পথেই রাজ-তর্মিনী তো রচিত হয় নৈর্বজিক ইতিহাস। শুধু তাই নয়। কল্ফন আনভেন যে সভ্যকে আবিষ্কার করাই বড় কথা নয়। ভাকে প্রকাশন্ত করেছে হবে এমন শুংগিমায় যাতে পাঠক প্রকুর হভে পারে। ইতিহাসের লক্ষ্য ও প্রয়োজন ব্যাথ্যা করে তিনি নিজেই বলেছেন"……to please the readers by displaying before them the numberless events of ancient days and to give them food for thought on the impermanence of things, thereby encouraging the sentiment of resignation which rules supreme in the work."

ষাই হোক প্রাচীন ভারতের ইতিহাস রচনার ক্ষেত্রে কার্য-কারণ স্থত্তে ঘটনাবলীকে গ্রথিত করার উপলব্ধি একান্তই অনুপস্থিত। এর কারণ প্রাচীন ভারতীয় জীবনে ধর্মীয় জীবনে সর্ব-প্রাবী প্রাধান্ত। যেথানে সর্বশক্তিমানের কাছে গ্রাচীন মুগের বার্থতা নিঃশর্ভ সমর্পণ জীবনের পরম লক্ষ্য সেথানে মুক্তি-নির্ভর চিন্তা-চেতনার থুব বেশী প্রাবল্য থাকার কথা নয়।

#### ॥ यथा यूर्ग ॥

মুসলমান শাসনকাল ভারতের ইতিহাস চর্চার অধিকতর পরিপকতার কাল।
মুসলমান ঐতিহাসিকদের মধ্যে সর্বাধিক উল্লেখযোগ্য হলেন চতুর্দ্দশ শতান্দির ইবন
খল্পুল। তাঁর মতে ইতিহাস কেবলমাত্র ঘটনার বিবরণই নয়,
ইবন বলছন
ইতিহাস হ'ল বিভিন্ন বাহ্যিক ও আত্যন্তরীণ সামাজিক
ক্রিয়া প্রতি-ক্রিয়ার বিশ্লেষণ। ইতিহাস সম্পর্কে তাঁর যে সার্বজনীন দৃষ্টিভন্নী তা
ভারতের মুসলমান ঐতিহাসিকেরা গ্রহণ করেন নি।

বরং এইদব ঐতিহাসিকেরা সম্পূর্ণ সচেতনভাবে তাঁদের পূর্বতন ভারতীয় ইতিহাসের প্রতি অবজ্ঞা দেখিয়ে গিয়েছেন। তার কারণও খুব স্পষ্ট। তা হ'ল এইসব ঐতিহাসিকেরা কথনোই বিশ্বত হন নি যে তাঁরা হলেন ভারত বিজয়ীদেরই শরিক আর হিন্দুরা হলেন বিজ্ঞেতা।

ষাই হোক এই সময়কার ঐতিহাসিকেরাও ছিলেন স্থলতান-বাদশাহ-সমাটের ছারা অনুগৃহীত। ফলে তাঁদেরও লক্ষ্য ছিল এই শাসককুলকেই তুষ্ট কুষ্ট সাধন কর। করো। ফলে স্বাভাবিক কারণেই সাধারণ মাহ্যের কাহিনী তাঁদের বিজ্ঞানের বাইরেই থেকে গিয়েছে। তবে এই সময়কার এক উল্লেখযোগ্য ব্যতিক্রম হলেন **আবৃত্য ফলতা। তিনি** আবৃত্য ফলত্ তাঁর আইন-ই-আকবরীতে অনেক ব্যাপার ও বিস্তৃত বিষয় নিমে পর্যালোচনা করেছেন।

যাই হোক মধ্যযুগে ইতিহাস শুধুমাত্র ব্যক্তিও ঘটনা নির্ভর হওয়ার পরিবর্তে তথ্য-প্রধান হতে পেরেছে। ইতিহাস কার্য-কারণ বিধিটিও মর্যাদা পেতে থাকে। তবে ইতিহাস রচনার লক্ষ্য ছিল কোরাণের অনুশাসন মেনে চলা এবং ইতিহাসের মধ্য দিয়ে নীতিবোধকে জাগ্রত করা।

## ॥ আধুনিক যুগ॥

ভারতে ইংরেজ শাসনের গোড়াপত্তন থেকেই উন্মোচিত হ'ল ভারতীয় ইতিহাস
চর্চার আর এক দিগস্ত। স্বাভাবিক কারণেই এইবার পাওয়া গেল যুরোপীয়
ঐতিহাসিকদের বাঁদের রচনাশৈলীতে সমদাময়িক কালের যুরোপীয় চিন্তাধারার প্রভাব
ছিল এবং ছিল যুরোপীয় শক্তিবর্গের সঙ্গে ভারতের সম্পর্কের প্রতিক্রিয়ার প্রতিফলন ।
এই সময়কার ইতিহাস রচনার মূল স্থরটি ছিল জওহরলাল নেহকর ভাষায়, "The
overpowering need of the moment is to justify one's own actions and
condemn and blacken those of the others......" অবশ্য এর ব্যতিক্রমণ্ড ছিল ।
কিছু কিছু ঐতিহাসিকও ছিলেন বাঁরা ভারতীয় ভাবধারাকে সহার্ভ্তির সঙ্গে বিচার
করতে চেয়েছিলেন।

জেমল্ মিল্ ছয় থণ্ডে ব্রিটিশ শাসনাধীন ভারতের ইতিহাস রচনা করেন।
ইংরাজ শাসনের যৌক্তিকত। প্রতিষ্ঠায় তিনি প্রাচীন ভারতীয়
জেমদ্ নিল্
সভ্যতাকে হীন প্রতিপন্ন করতে চেয়েছেন। কিন্তু এ ক্রটি সত্তেও
তাঁর রচনা-কৌশল ছিল খুবই চিত্তাকর্ষক।

কাইভ ও হেটিংস্ সম্পাকিত মেক্লের প্রবন্ধগুলি সেই সময় যথেই আলোড়ন স্ষ্টি
করেছিল। কিন্তু তিনিও নিরপেক্ষ দৃষ্টিভন্দী গ্রহণ করেন নি। আসল কথা হ'ল এই
সময় পর্যন্ত যে বিশ্বাস প্রধান হয়েছিল তা হ'ল, "India existed
for the glorification of the English qualities. They
were blind to the fact that India was not a virgin land with a clean
slate to write on."

অন্তদিকে **এশ্কিনস্টোনের** ইতিহাস অনেক উদার দৃষ্টিকোণ থেকে রচিত।
কিন্ত মিলের রচনার যে জোর ও চমক ছিল তা একাস্তই

অনুষ্টিন অনুষ্ঠিত এল্ফিন্স্টোনের ইতিহাসে। ফলে তাঁর সময়ে তাঁর
প্রভাব ছিল প্রায় অন্তভবের বাইরে।

এই সময়কার সর্বাধিক প্রভাবশালী ঐতিহাসিক হলেন ভিনসেন্ট স্মিথ। তিনি বলেছেন, "The value and the interest of history depend largely on the degree in which the present is illuminated by the past. .....a sounder knowledge of the older history will always be a vanlable and in the attempt to solve the numerous problems of modern India. শিথের এই স্পাষ্ট বক্তব্যের ফলেই যা কিছু ভারতীয় সভ্যতা-নির্ভর তাকেই অবজ্ঞা করার মানসিকতায় এক উল্লেখযোগ্য পরিবর্তন এল। অবশু শিথ্ও চেয়েছেন, ভারতে ইংরেজ শাসনের যৌক্তিকতা প্রতিষ্ঠিত করতে। সঙ্গে সঙ্গে তিনিই ভারতীয় ইতিহাসের অপূর্ব বৈচিত্রে মৃথ্ণ হয়ে বলেছিলেন, "India offers unity in diversity." এবং শিথের এই কথাটিতো আজ অবধি সবাই সংশয়াতীতভাবে গ্রহণ করেছেন। তা ছাড়া শ্মিথ জোরের সঙ্গে এ কথাও বলেছেন যে, ভারতের রাজনৈতিক ইতিহাসই সবটুকু নয়, ভারতীয় সভ্যতাকে ব্যুতে হলে সাহিত্য-শিল্প-দর্শন-ধর্মের মধ্য দিয়ে যে ভারতীয় চিন্তাধারার প্রকাশ ঘটেছে তাকেও জানতে হবে, ব্যুতে হবে। স্কুরাং বলা যেতে পারে, শ্মিথ ভারতীয় ইতিহাস রচনাশৈলীর বিবর্তনে নির্ভূ ল পথের প্রদর্শক।

### ॥ সাম্প্রতিক প্রবণতা॥

উনবিংশ শতান্দীতে সর্বগ্রাসী যে নবজাগরণ ভারতে সম্ভব হয়েছিল তার প্রভাব স্থুস্পট্টভাবেই লক্ষিত হয় ভারতীয় ইতিহাস রচনা-শৈলীতে। এই নবজাগরণ জনসাধারণের মধ্যে নিজেদের দেশকে তালোমভ নৰজাগরণের শ্রভাব জানবার জন্ম এক দুর্বার আকাওলা জাগ্রান্ত করে। এতকাল পর্যস্ত এই জানার তৃষ্ণা মেটাবার একমাত্র উপায় ছিল যুরোপীয়দের রচিত ইতিহাস। এইবার দেশের লোকেরাই এগিয়ে এলেন নিজেদের পরিচয় উদঘাটন করার কাজে। এই নতুন উত্যোগের প্রভাব পড়লো ইতিহাস নজুন ইতিহাসের রচনাশৈলীতে তুই দিক থেকে। "It whetted their appetite न्छिकनो to learn more of the historical facts which would enable them to refute the charges of the European writers ..... At the same time it laid an undue emphasis on the duty of the Indian students to study. History with a view to vindicating their past culture against the unfounded charges of the European writers."

স্থতরাং রচিত হতে লাগলো নতুন ইতিহাস। এই রচনার উৎসাহে কারো লক্ষ্য হ'ল ভারতীয় সংস্থাগুলোকে ধরে রাখা। কেউ চাইলেন ভারতীয় প্রাচীন সভ্যতার প্রতি সম্রদ্ধ মনোভাব জাগ্রত করতে। কেউ চাইলেন অতীত বিভিন্ন লক্ষ্য থেকে এমন শিক্ষা নিতে যা ভবিশ্বংকে নির্ধারিত করে দিতে পারে। এই নতুন ইতিহাস-রচয়িতাদের মধ্যে এক উল্লেখযোগ্য নাম হ'ল ডঃ আর. জি. ভাগ্রারকার। পদ্ধতিগত দিক থেকে ভাণ্ডারকার ছিলেন বৈজ্ঞানিক, আর প্রকাশ-ভঙ্গীমার নৈর্বজ্ঞিক। তাঁর বক্তব্য উদ্ধৃত করলেই বিষয়টি পরিন্ধার হবে। ষেমন, ঐতিহাসিকের দায়িত্ব সম্পর্কে তিনি বলেছেন, "One must be impartial with আতারকার no particular disposition to find in the materials before him, something that will tend to the glory of his race and country nor should he have an opposite prejudice against the country or its people Nothing but truth should be his object."

ভারতীয় ঐতিহাসিকদের আর একটি উল্লেখযোগ্য অবদান হ'ল কে. এম. মুনসী সম্পাদিত ভারতীয় বিদ্যাভবন কর্তৃক প্রকাশিত History and culture of the Indian People. যে ভিন্নতর দৃষ্টিকোণ থেকে এই ইতিহাস রচিত হয়েছে ভারতীয়দের কাছে তা নিঃসন্দেহে অভিনৰ এবং অভিনন্দনযোগ্য। এথানেই শেষ নয়। সম্পাদক হিসেবে কে এম মুনসী এই ইতিহাসের ভূমিকা লিখতে গিয়ে ৰিলা-ভৰন গ্ৰন্থ আগামী দিনের ভারতীয় ঐতিহাসিকদের কর্মক্ষেত্রের স্বস্পষ্ট নিৰ্দেশ দিয়ে বলেছেন, "The modern historian of India must approach her as a living entity, with a central continuous urge of which the apparent life is a mere expression. Without such an outlook it is impossible to understand India which stands to day with a new apparatus of state determined not to be untrue to its ancient self and yet to be equal to the highest demands of modern life. প্রকৃত্পকে এই তো হ'ল সত্যিকারের ইতিহাস, যেথানে রইলো আপামর জনসাধারণের ভূমিকা স্বীকৃতি, কেবল বংশামুক্রমিক রাজবংশের কাহিনী নয় যার দঙ্গে এতকাল ছিলাম আমরা অভ্যন্ত I

জ ওহরলাল নেহরু ঐতিহাসিক হিসেবেও বিশেষ মর্যাদা সম্পন্ন। তাঁর ঐতিহাসিক সন্তাকে স্বীকৃতি জানিয়ে নেবুর বলেছেন, "It is a rewarding.

অধহরলাল নেহরু

experience to accompany this man (Nehru) through the paths and by-paths of history." ঐতিহাসিক হিসেবে জওহরলালের দৃষ্টিভঙ্গী হ'ল বিশ্বজনীন। সেই প্রাচীন যুগ থেকে বর্তমান সময় পর্যস্ত মানুষের জয়যাত্রার কাহিনীই হ'ল তাঁর উপজীব্য। জাতীয়তাবাদী হয়েও ঐতিহাসিক নেহরুকে কোন সন্ধার্ণ আদর্শবাদ বেঁধে রাখতে পারে নি। এখানেই ঐতিহাসিক নেহরুর বিরাট সাকল্য।

আবার স্বাধীনতা আন্দোলন চলা কালীন ভারতীয় ঐতিহাসিকদের মধ্যে এই প্রবণতা দেখা গিয়েছিল যে জাতীয়তাবাদকে সঞ্চারিত করার উদ্দেশ্যে ইতিহাসকে ব্যবহার। ফলে এই সময় ইতিহাসের আংশিক বিকৃতি ঘটেছিল বই কি।

যাই হোক ভারতীয় ইতিহাস চর্চা এবং রচনাশৈলীর এক বিরাট তুর্বলতা হ'ল এই যে এখানে সর্বদাই রাজনৈতিক ইতিহাসের উপর অত্যধিক গুরুত্ব আরোপ করার প্রবণতা দেখা গিয়েছে। তার ফলে ভারতীয় ইতিহাস রচনাশৈলীর মধ্য দিয়ে কখনোই একটি সামগ্রিক চিত্র ফুটে ওঠে নি। রাধাক্ষল মুখোপাধ্যায় তাই বলেছেন, "The approach to Indian history should be integrative, cultural and sociological rather than merely political."

ইতিহাস রচনার এই নতুন পথের পরিব্রাজক হতে হলে তৃটি সমস্যা প্রতিবন্ধক হয়ে দাঁড়ায়। নতুন পথিককে বিশেষ করে ভারতের প্রাচীন যুগের উৎসপ্তলিকে সুদ্দ্র এবং গভীরভাবে পর্যালোচনা নিতে হবে। এই প্রসঙ্গের প্রাচীন উৎসের ক্ষা রমেশ মজুমদার সতর্কবানী উচ্চারণ করে বলেছেন, "Ignorance may not be bliss in historical studies but it is certainly fally to be wise where wisdom is based on imperfect knowledge and serves merely as a cloak for dogmatism." এই নতুন দায়িত্ব পালনের অন্ত প্রয়োজন অসীম ধ্রের্যের সঙ্গে অধ্যয়ন, খোলা মন, এবং শাসিত তরবারির মন্ত প্রকাশভন্ধী।

বিতীয় সমস্থা হ'ল ভারতীয় ঐতিহাসিকের অনুমান-নির্ভর ইতিহাস রচনার প্রবণতা। প্রকৃতপক্ষে ভারতীয় ইতিহাসের এমন বহুক্ষেত্র রয়েছে দেখানে এখনো কোন পদচিহ্ন অঙ্কিত হয় নি। এমন বহু অন্ধকার অধ্যায় অনুমান-নির্ভরতা যেখানে পৌছায় নি এখনো কোন আলোক-রশ্মি। তাই কোন পূর্ব নির্ধারিত সিন্ধান্ত নিয়ে গবেষণা ভারতের ইতিহাসের ক্ষেত্রে অস্ততঃ সম্ভব নয়। এই ক্থাপ্রলো বিশেষভাবে প্রযোজ্য প্রাচীন যুগ সম্পর্কে। তাই ফিলিপ্র মন্ত প্রকাশ করেছেন। In my opinion it is best that the historian of ancient. India should continue to work with a minimum of fundamental presuppositions, in an attempt to discover with some degree of certainty what happened, for the history of ancient India is at present so tenuous that it can be fitted into almost any preconceived pattern."

প্রকৃতপক্ষে আজ ভারতের সত্যিকার ইতিহাস রচিত হয় নি। হয় নি ভারতের সভ্যতার সঠিক নির্ভীক ও নিরপেক্ষ মূল্যায়ন। আগামী দিনের ভারতীয় এতিহাসিকদের এই দায়িত্বই নিতে হবে। স্থথের কথা, সাম্প্রতিককালে দেশের ভক্ষণতর ঐতিহাসিকেরা এই সম্পর্কে যথেষ্ট সচেতন হয়েছেন, দায়িত্ব নিয়েছেন নিরপেক্ষ এবং বিজ্ঞান-ভিত্তিক ভারতের যথার্থ ইতিহাস রচনার। আমরা ইতিহাসের ছাত্র, হিসেবে সেই শুভদিনেরই আকঠ প্রত্যাশীন

আবার জারোলিমেক বলেছেন একক হ'ল "a means of organising materials for instructional purposes which utilizes significant subjectmatter content involves pupils in learning activities through active participation intellectually and physically and modifies the pupils behaviour to the extent that he is able to cope with new problems and situations more competently".

এই হুইটি বিশ্লেষণ করলে দেখা যায় যে একটি এককের যে সমস্ত বৈশিট্য থাকা উচিত তা হ'ল:

- (এক) বিষয়-বস্ত হবে ভাৎপর্য মণ্ডিত।
- (ছই) প্রত্যেকটি একক শিক্ষার্থীদের দেহে ও মনে সক্রিয়ভাবে শিথন-কার্যে অংশগ্রহণ করতে উৎসাহিত করবে।
- (তিন) শিক্ষার্থী যেন যে কোন নতুন পরিস্থিতির সম্মুখীন হতে পারে, যে কোন নতুন সমস্থার মোকাবিলা করতে পারে—শিক্ষার্থীর আচরণগত তেমন পরিবর্তন ম্বান্থিত করাই প্রতিটি এককের লক্ষ্য।

#### ॥ এককের প্রকার ভেদ॥

সাধারণত: একক হ' ধরনের হতে পারে: বিষয়-সমৃদ্ধ একক বা Resource Unit আর শিক্ষাদান মুখী একক বা Teaching Unit । বিষয়-সমৃদ্ধ এককগুলো বিভালয়তরে শিক্ষার জন্মই তৈরী করা হয় এবং শিক্ষকেরা প্রয়োজনীয় তথ্য এখান থেকে সংগ্রহ করতে পারেন। আর শিক্ষাদানম্থী এককগুলো বিভিন্ন বিভালয়ের নিজস্ব প্রয়োজন অনুসারে গঠিত হয়। বিষয়-সমৃদ্ধ একক সম্পর্কে বলা হয়েছে, "The resource unit is a teacher's guide to planning and action. In effect, it is blue print of suggestions and resources for developing a theme, problem or topic.

ভবে ষে কোন ধরনের এককের গঠনটি হবে এ রক্ম:---

- (এক) এককের নামকরণ
- (ত্ই) এককের উদ্দেশ্য নির্ধারণ
- (তিন) সম্ভাব্য প্রস্তৃতিমূলক কর্ম নির্দেশনা
- (চার) সম্ভাব্য পরবর্তী বিস্তৃত কর্ম নির্দেশন।
- (পাঁচ) উদ্দেশ্য কেন্দ্রিক বিষয়-বস্তু বিস্থাস
- (ছয়) প্রত্যক্ষ অভিজ্ঞতা বিশ্লেষণ
- (সাত) লব্ধ অভিজ্ঞতার বিবরণ
- (আট) মূল্যায়ন।

### ॥ একটি ভাল ইতিহাসের এককের বৈশিষ্ট্য॥

(এক) এককের উদ্দেশ্য স্কুম্পষ্টভাবে বণিত হবে। মনে রাখতে হবে, ইতিহাসের একক যেন ইতিহাসের বুহত্তর লক্ষ্য ও উদ্দেশ্য পূরণের সহায়ক হয়। একক যেন শিক্ষার্থীর সমস্তা সমাধানের মানসিকতা, সংঘবদ্ধভাবে কাজ **क्रियम्** করবার মত দহমমিতা বোধ, বিভিন্ন উপকরণ ব্যবহারের সক্ষমতা, বিভিন্ন ঐতিহাসিক মৌল ধারণ। সম্পর্কে অভিজ্ঞতা অর্জনে সাহায্য করে। (হই) একক যেন শিক্ষার্থীর কোতুহল নির্ন্তির উপযোগী হয়। স্তুতরাং একককে অবশ্যই শিক্ষার্থীর শক্তি ও সামর্থের কথাও বিবেচনা করতে হবে। ব্যক্তিগত বৈষম্যের কথা স্মরণ রেখে এককটি এমনভাবে গঠন কৌতুহলেম্ম নিবৃত্তি করতে হবে যেন বিভিন্ন কার্যাবলীর মধ্য দিয়ে শিক্ষাথীর নিজস্ব ক্ষমতা বিকাশের সঙ্গে সঙ্গে গোষ্ঠীগত লক্ষ্যও সাধিত হয়। (তিন) **ইতিহাসের** যে সব বিভিন্ন উপকরণ ও কর্মপন্তা আছে তার উপকরণ বাবহারের ব্যবহারের স্থােগ থেন এককে থাকে। যেমনঃ বিবিধ সুযোগ উপকরণের প্রয়োগ, ঐতিহাদিক স্থান পরিভ্রমণ, আলোচনা ও মূল্যায়নের মধ্য দিয়ে স্থিরীকৃত লক্ষ্যের মূল্যায়ন।

্চার) যে গতিশীলতাই ইতিহাসের প্রধান ধর্ম সেই গতিশীলতা যেন এককেরও অন্যতম প্রধান বৈশিষ্ট্য হয়।

### <mark>॥ একক পদ্ধতির সুবিধা</mark>॥

প্রথমত: গণতান্ত্রিক আচরণবিধি, আদর্শ ও পদ্ধতি সম্পর্কে সঠিক উপলব্ধি অর্জিত হতে পারে একক পদ্ধতির মাধ্যমে। এই পদ্ধতিই শিক্ষার্থীর বিশ্লেষণী বিচার-শক্তি, সমস্তা সমাধান-উপযোগী আচরণগত পরিবর্ত্তন চিন্তাশক্তি আলাপ-আলোচনার মাধ্যমে যথোচিত সিদ্ধান্ত গ্রহণ সামর্থ প্রভৃতি গুণাবলী অর্জনে সাহায্য করে।

(ত্ই) একক পদ্ধতির সাহায্যে ইতিহাসের বিষয়-বস্তু বিষয়ত হবার ফলে শিক্ষার্থীর পক্ষে সমগ্র বিষয়-বস্তুর অন্তর্লিহিত সম্পর্ক অনুধাবন সহজ সাধ্য হয়।

(তিন) ইতিহাদের সমগ্র বিষয়-বস্তু একই সঙ্গে অধ্যয়ন সম্ভব নয়। সেক্ষেত্রে একক হ'ল এই বিষয়-বস্তুর এক সম্পূর্ণ যুক্তিবাদী বিভাজন।

### ॥ সমাজতাত্ত্বিক পদ্ধতি॥

## N Sociological Method N

ইতিহাস-চর্চার সাম্প্রতিক প্রবণতা হ'ল সমাজ-বিবর্তনের উপর অত্যধিক গুরুত্ব আরোপ করা। এ কারণে কেহ কেহ ইতিহাসকে সমাজ-বিজ্ঞানেরই অদ্ধ হিসেবে

# দ্বিতীয় অধ্যায়

### ইতিহাসের লক্ষ্য ও উক্ষেপ্য

#### ।। বিষয়-সংকেত।।

লক্ষ্য নির্ধারণের প্রয়োজনীয়ত।—লক্ষ্য ও কুলোর মধ্যে প্রভেদ—ইতিহাদের ব্যরণ ও শিক্ষাগত সমস্তা—ইতিহাস পাঠের লক্ষ্য—ইতিহাস পাঠের ক্ষ্য—ইতিহাস পাঠের উদ্দেশ্য—ইতিহাস ও ক্ষান্তীর সংহতি—ইতিহাস ও আন্তর্জাতিক চেতনা—আর্দ্ত জাতিক চেতনা ও ভারতের ইতিহাস।

"Clio pours at our feet the treasured memories of the ages; she opens the long corridor of history and the palaces of all the courts; to us she permits to rest by pleasant streams and grants the glory of letters and the fellowship of men gone by."

-Figgish

"Where the poets make men witty, mathematics subtle, natural philosophy deep, moral grave, logic and rhetoric able to contend...... histories make men wise."

-Bacon.

# ॥ লক্ষ্য নির্ধারণের প্রয়োজনীয়তা॥

#### Needs of aims

ইতিহাসের যাত্রা হ'ল শুরু কবে থেকে আমরা জানি না, যেমন জানি না এই মহাবাত্রার শেষ-ইবা কোথায়। যে মহাসমূদ্রের মত সীমাহীন বিস্তৃতি ইতিহাসের, সেই মহাসমূদ্রের ক্লের সন্ধান পাবার জন্য চাই কতকগুলো স্টুচক-চিহ্ন, যেন এ সাধারণ লক্ষ্য নির্ধারণ

চহ্নপ্তলোকে অবলম্বন করেই আমরা অভিযাত্রী হতে পারি অজানার সন্ধানে। এই চিহ্ন বলতে আমরা ইতিহাস পাঠের লক্ষ্য স্থিনীকরণকেই বুঝাতে চাই। বলা হয় "The star is useful though the mariner never reaches." প্রকৃতপক্ষে লক্ষ্য নির্ধারণের প্রয়োজনীয়তা এইথানেই। আমাদের যাত্রাপথের নির্দেশনা থাকবে স্কুপ্তাই। এটা হতেই পারে যে শেষ অবধি হয়তো আমরা আমাদের গস্তব্য-স্থল অবধি পৌছাতে পারলাম না। কিন্তু তা না পারলেও, যদি পথের নির্দেশ হয় অভ্রান্ত তা হলে অন্ততঃ আমরা বিপথে পা

বাড়াবো না। তা ছাড়া শেষ অৰধি লক্ষ্যে না পৌছালেও সঠিক পথে ষত দূর পৌছাবো তার-ই বা মূল্য কম কিসের? তাই পাঠ্যক্রমের অন্যান্ত বিষয়ের মত ইতিহাস পাঠ আরম্ভ করার আগে প্রয়োজন আছে স্থানিশ্চিতভাবে লক্ষ্য স্থির করার।

এ ছাড়া বিতালয়ের সামগ্রিক পঠন-পাঠন ব্যবস্থার কতকগুলো স্থানিদিষ্ট উদ্দেশ্য আছে, যার উপর ভিত্তি করে শিক্ষার সমগ্র ব্যবস্থাপনা গড়ে তোলা হয়েছে। এখন বিভালয়ের পাঠ্যক্রমের অক্তম বিষয় হিসেবে ইতিহাদেরও নিজস্ব একটি দায়িত্ব রয়েছে, সেই সামগ্রিক উদ্দেশ্যসমূহের একাংশকে বাহুবায়িত করার। স্থতরাং এক্ষেত্রেই আমাদের বিবেচনা করে দেখতে হবে কিভাবে ইতিহাদের লক্ষ্য স্থির করার মধ্য দিয়ে কিভাবে শিক্ষার যে বৃহত্তর লক্ষ্য তা বিভালয়-ব্যবস্থার মাধ্যমে সার্থক করে তোলা যায়। তাই শিক্ষার সামগ্রিক উদ্দেশ্যকে সম্মুধে রেখে ইতিহাদের লক্ষ্য হিরকরতে হবে।

#### ॥ नका ७ ग्लात मस्य थाउन ॥

Il Difference between aims and values II

ইতিহাদের লক্ষা স্থির করার আগে লক্ষ্য এবং মূল্য এই শব্দ ছটির ভেডেরে যে তাৎপর্যগত বিভেদ ব্য়েছে তা আমাদের পরিদার করতে হবে।

লক্ষ্য বা উদ্দেশ্য থেন দার্শনিক চিন্তাধারা থেকে উচ্ছু । কিন্তু কোন বিষয়ের মৃল্য খাচাই হয়ে যায় বিষয়টির বাহুব ব্যবহারের মধ্য দিয়ে। লক্ষ্য বলতে এমন কডকগুলো আদর্শবাদী উপলব্ধিকে ব্রায় যা পরীক্ষণের মধ্য দিয়ে প্রমাণিত নয়। অথচ বাহুব অভিজ্ঞতার মধ্যদিয়ে আমাদের যে উপলব্ধি আমরা তাকেই মূল্য আথ্যা দিতে পারি। প্রকৃতপক্ষে লক্ষ্য পূরণের উদ্দেশ্যে লক্ষ্যগুলোর বাহুব প্রয়োগের ফলশ্রুতিই হ'ল মূল্য। তাই লক্ষ্য যেখানে আমাদের দৃষ্টির সন্মুধে উদ্ভাসিত স্পষ্ট নির্দেশনা, মূল্য সেথানে এমন ফলশ্রুতি যার সঙ্গে আমাদের কোন পরিচয় ছিল না। আরও সহজ্ঞাবে বলতে গেলে, গন্তব্যক্ষল হ'ল আমাদের লক্ষ্য আর সেই গন্তব্যক্ষলে পৌছুবার জন্ম যাত্রা পথে অজিত বে বিচিত্র অভিজ্ঞতা-রাশি যা অর্জনের জন্ম আমাদের কোন রকম পূর্ব প্রস্তুতি ছিল না তাই হ'ল মূল্য।

তাই ইতিহাদের ক্ষেত্রেও লক্ষ্য ও মূল্য কথনো এক হতে পারে না। একটি বিষয় হিসেবে ইতিহাদ পাঠ আরম্ভের আগে আমরা কতকগুলো ইচ্ছে মনের মধ্যে পোষণ করতে পারি। বলা যেতে পারে দেই ইচ্ছেগুলোই হ'ল ইতিহাদ পাঠের লক্ষ্য। কিন্তু পাঠ শেষের পর দেখা গেল এমন কতকগুলো অভিজ্ঞতা অজিত হ'ল যার সঙ্গে পাঠ আরম্ভ করার আগের ইচ্ছেগুলোর মিল হ'ল না, আমরা দেই অভিজ্ঞতা-গুলোকেই বলতে পারি মূল্য।

ইতি-শিক্ষণ--৩

## ।। ইতিহাসের স্বরূপ ও শিক্ষাগত সমস্তা।।

Nature of history & Educational problems I

পঠিক্রমে অন্তর্গু প্রত্যেকটি বিষয়ের দুটে। দিক আছে। একটি হ'ল বিষয়টির
কিন্দুস্থ উপলব্ধিগত্ত দিক বা philosophical aspect. অন্তর্টি হ'ল তার
মনস্তান্ত্বিক দিক বা psychological aspect. সাম্প্রতিকবিষয়ের মনতান্তিক
কালের শিক্ষায় এই মনস্তান্তিক দিকের প্রাধান্ত সর্বহন স্থীকৃত।
কিন্তু ইভিহাসের ক্ষেত্রে এই প্রাধান্তই একটি সমস্তা। কারণ
ইভিহাসের সন্থা এমন যে তার সন্দে শিক্ষাণীর সন্থা মিলিয়ে দেওয়। সহজ্ঞসাধ্য নয়।
তা হলে কি শিক্ষক শিক্ষাণীকে তত্টকুই ইভিহাস জানাবেন যত্টকু ইভিহাস
শিক্ষাণীর অভিপ্রায়ের সন্ধে সংগতি রক্ষা করে? আর যদি তাই কর। হয় তা হলে
কি ইভিহাসের নিজস্ব স্থরূপকে বিকৃত করা হবে না? এইসব প্রশ্নের সমাধান
ইভিহাসের স্বরূপ ও শিক্ষার সামগ্রিক স্বার্থে অত্যন্ত জ্বরুরী। এবং এই জ্বরুরী প্রশ্নের
সমাধান কল্পে প্রভিদ্বন্দ্বী কোন পক্ষে কোন অন্ড সমর্থন জানানে। উচিত হবে না।

ইতিহাসের শিক্ষককে প্রথমে ইতিহাসের কতকগুলো নিজম্ব অন্থবিধে সম্পর্কে সচেতন হতে হবে। ইতিহাসের বিষয়ই হ'ল অতীত, যে অতীত একদা সজীব অতীতাল্রমা কাহিনী। ফিল অথচ আজে ইল্রিয়-গ্রাহ্য নয়। এই অন্থবিধের কলেই ব্যাখ্যা হয়তো বা পরস্পার বিরোধী। কিন্তু ইতিহাসের যে মূল প্রবাহ তার উৎস কোথায়? "The under current of history is an expression of man's constant striving for achieving something beyond his reach" ইতিহাসের শিক্ষককে এই সত্যটি অন্থাবন করতে হবে এবং সত্যকেই সঞ্চারিত করতে হবে শিক্ষার্থীর মধ্যে।

দিতীয়তঃ, শিক্ষার্থীর স্বাভাবিক প্রবণতাই যদি প্রাথমিক বিবেচ্য, হয় তাহলে ইতিহাসের বিষয়বস্তু নির্বাচন আর একটি সমস্তা। এ সমস্তা সমাধানে ইতিহাসের শিক্ষক কি কেবল সাম্প্রতিক ঘটনাবলীর উপরই গুরুত্ব আরোপ করবেন ? কারণ সাম্প্রতিক ঘটনাবলী সম্পর্কেই শিক্ষার্থী অধিকতর কৌতুহলী হবে এটাই স্বাভাবিক। কিন্তু বিষয়-বস্তু নির্বাচনের এটাই যদি নীতি হিসেবে গৃহীত হয় তাহলে বর্তমানকে স্থান দেবার প্রয়োজনে ইতিহাসের বিষয়বস্তু হবে নিয়ত পরিবর্তনশীল। তাছাড়া কেবলমাত্র বর্তমানের উপর ভিত্তি করে তো আমরা কথনো ইতিহাসের সামগ্রিক প্রতিচ্ছবি পেতে পারি না।

আবার যদি ইতিহাদের সমগ্র প্রতিমৃতিকেই পরিক্ষূট করা হয় তাহলে প্রশ্ন আদে, এতিহাদিক অসংখ্য ঘটনাবলীর মধ্য থেকে কোন্কোন্ঘটনাকে শিক্ষার্থীর জন্য বেছে নেবেন ? এই বাছাই-এর নীতি কি হবে ? বেন্-থামের প্রদশিত পথ
the greatest happiness of the greatest number of
ঘটনার মূল্য বিচার

"The idea of what affects the greatest number
of people with lasting consequence is based on a value-judgement."

স্থতনাং এই পর্যায়ের আলোচনা শেষ করতে গিয়ে বলতে হয় যে ইতিহাস পাঠ থেকে সতিচকারের স্থকল পেতে হলে আমাদের দৃষ্টিকোণ হবে দ্বিম্থী। প্রথমটি দৃষ্টিকোণ হ'ল, এমনভাবে আমাদের বিষয়-বস্তু নির্বাচন করতে হবে যাতে মানুষের ক্রমিক অগ্রগতির বিভিন্ন স্থরগুলো স্পষ্ট হয়ে ওঠে। আর দিতীয়টি হ'ল ইতিহাসের যে কোন একটি সংক্রিপ্ত অধ্যায়ন বিভ্ত অধ্যয়ন। বাস্টিন এই তৃই দৃষ্টিকোণকে vertical এবং horizontal বলে ব্যাথ্যা করেছেন এবং মন্তব্য করেছেন এই বলে যে, "both must be kept in due balance or the picture of the past is distorted and history fails to bring its full benefit in education."

### ॥ ইতিহাস পাঠের লক্ষ্য॥

#### Aims of Teaching History

#### (ক) স্থান-কাল ও খমাজ সম্পর্কে সচেত্রন করা :--

ইতিহাস হ'ল এমন একটি বিষয় যার সাহায্যে শিক্ষার্থীদের আমরা স্থান, কাল ও সমাজ সম্পর্কে সচেতন করে তুলতে পারি। ইাডহাস হ'ল ধোগস্ত্রে বর্তমানের সজে অভীতের, নিকটের সজে দুরের এবং ব্যক্তির সজে সমাজের। জীবন সম্পর্কে সামগ্রিক উপলব্দির জন্ম এই সম্পর্কপ্রলোকে ম্পাই করে প্রকাশ করতে হবে। বর্তমানের পারিপাশ্বিকভাকে ব্রুবার জন্ম জানতে হয়় অভীত পরিমণ্ডলকে। কেননা বর্তমান ভো আক্ষাত্রক ঘটনার কলশ্রুতি নয়। আবার বর্তমানের তাৎপর্ব অন্তর্ভব করতে হলে সময়-জ্ঞানকে তাল্ল করতে হবে। বর্তমানের বিশ্বব্যাপী মৃদ্রাক্ষীতির ভয়াবহতাকে আমরা ব্রুবাই কি করে প্রভাবের একটি নির্দিষ্ট সময়ের সঙ্গে তুলনামূলক বিচারই তে। বর্তমানের ভয়াবহতাকে তীত্রতর করে তোলে। এইখানেই হ'ল সময়জ্ঞানের অপরিহার্যতা এবং সার্যক্তা। তাই ইতিহাস পাঠের অন্যন্তম লক্ষ্য হ'ল, স্থান, কাল ও সমাজ সম্পর্কে পাঠককে সচেতন করে তোলা।

### (খ) আত্মোপলনিডে সহায়তা করা:-

'নিজেকে জানো'—এতো এক চিরস্তন সত্য। কিন্তু সেই জানা সম্ভব হতে পারে কিভাবে ? সম্ভব হতে পারে নিজম্ব অতীত সম্পর্কে স্বক্ত ধারণার অধিকারী হওয়ার মধ্য দিয়ে। একথা বেমন একজন ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য, তেমনি সমভাবেই প্রযোজ্য সমাজের ক্ষেত্রে, জাতির ক্ষেত্রে এবং দেশের ক্ষেত্রে। প্রকৃতপক্ষে, অতীত ছাড়া আমাদের কোন পরিচয় নেই, আমরা অস্বীকৃত তথন নিজের কাছেই। ইতিহাল তো মানব-জাতির একমাত্র অতীত পরিচয়। তাই ভার ওয়ালটার রাালে বলেছেন, "The end and scope of all history being to teach us by example of times past, such wisdom as may guide our desires and actions." এই পৃথিবীতে কেমন করে বিভিন্ন সভ্যতার ক্রমবিকাশ হয়েছে, কেমন করে মহামানবেরা নিজ ব্রত উদ্ধাপন করে গিয়েছেন সাফল্যের সঙ্গে—এ সবই তো আমাদের উত্তরাধিকার এবং এই উত্তরাধিকার আমাদের নিজেদের আলোয় নিজেদেরই উদ্ভাসিত করে, চিনতে সাহায্য করে, জানতে সাহায্য করে।

#### (গ) মানসিক বিকাশে সাহায্য করা:-

ইতিহাস চর্চা শিক্ষার্থীদের বৌদ্ধিক বিকাশে সহায়ত। করে, কতক ওলো প্রাক্ষোভিক ও প্রবণতাগত ভারসাম্যহীনতায় সমন্বয় সাননে সাহায্য করে। ইতিহাস এই বোধই জাগ্রত করে যে মানুষের মত সামাদ্ধিক বিবর্তনও কোন নির্ধারিত পথ বেয়ে সংঘটিত হয় না, বরং এই বিবর্তন এমন ছটিল পদ্মান্থদারী যে ভার কোন পূর্বাভাষ দেওয়াও সন্তব হয় না। তাই ইতিহাস পাঠের মাধ্যমে নিরপেক্ষ দৃষ্টিকোণ থেকে কোন বিষয়কে বিচার করার মানসিকতা গঠিত হয় এবং সত্যাতুসন্ধানে আমাদের উদ্বৃদ্ধ করে।

আবার অন্তদিকে পরিবর্তনশীলতাই যে জীবনের ধর্ম এ শিক্ষা আমরা ইতিহাসের কাছ থেকেই পাই। এথানে রক্ষণশীলতার কোন স্থান নেই। স্বতরাং প্রগান্তিবাদী চিম্বাচেন্ডনার উল্লেখ সাধন, ইতিহাস পাঠেরই অক্সন্তম অবদান।

এইভাবে সামাজিক বিবর্তনের বিভিন্নস্থরের মঙ্গে পরিচিত হবার স্ক্রমোগে সমাজের সঙ্গে — শিক্ষার্থীর যে একাত্মবোধ জাগ্রত হয় সেই বোধই তাকে সমাজ-সচেতন করে তোলে, সমাজের শুভাশুভের একজন অংশীদার হতে তাকে উৎসাহিত করে, সমাজে নিজের ভূমিকাটুকু জেনে নিতে তাকে সাহায্য করে।

আবার সমাজের একজন দায়িত্বশীল সভ্য হিসেবে আপন দায়িত্বভার ষ্থাষ্থভাবে পালনের যে গুণাবলী অপরিহার্য তা হ'ল স্বল্ড চিন্তাশক্তি, বৈজ্ঞানিক-স্থলভ দৃষ্টিভ্রপী, সহনশীলতা এবং গঠনমূলক বিচার বোধ। ইতিহাদ পাঠের মধ্য দিয়ে এইসব গুণাবলী যত সহজে অর্জন করা যায়, অক্ত কোন বিষয়ের মাধামে তত সহজে সম্ভব নয়। ইতিহাস তো প্রকৃতপক্ষে নিজেকে উন্মৃক্ত রেথেছে দর্বক্ষণই যাতে অতীতের ঘটনাবলী থেকে মানুষ এইসব গুণাবলী অর্জনের প্রয়োজনীয়তা উপলব্ধি করতে পারে।

### (খ) নাগরিকভাবোধ জাগ্রভ করা:

ইতিহাদ পাঠের অন্যতম লক্ষ্য হ'ল শিক্ষার্থীদের গণতান্ত্রিক রাষ্ট্রের আদর্শ নাগরিক হিসেবে গড়ে তোলা। গণতান্ত্রিক শাসনের সাফল্য নির্ভর করে বহুলাংশে রাষ্ট্রের ভবিশ্যং সম্পর্কে জনসাধারণের স্থদৃঢ় প্রত্যয়বোধের উপর। কিন্তু ভবিশ্যং সম্পর্কে এই অবিচল আহা কেমন করে উদীপিত করা ধায়? এই আছা আসতে পারে দেশের অতীত সম্পর্কে সঠিক উপলব্ধি থেকে। তাছাড়া দেশের রাজনৈতিক উত্থান-পতনের কাহিনীও গণতান্ত্রিক শাসনের যৌক্তিকতা সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করে তোলে। এক্ষেত্রেও ইতিহাসের অবদান অপরিসীয়।

#### (৪) শিক্ষার্থীদের নৈতিক বিকাশে সাহা**য্য করা**ঃ

অস্বীকার করার উপায় নেই শিক্ষাথীদের নীভিবোধ সম্পর্কে সচেতন করে তোলাও ইতিহাসের অগ্রতম লক্ষা। ইতিহাসের শিক্ষা হ'ল বস্তুতঃ বাস্তববাদী শিক্ষা। আবার ইতিহাস হ'ল উদাহরণের মাধ্যমে এক অপূর্ব জীবন-দর্শনও বটে। রোলিন চার্লস যথার্থই বলেছেন, "History describes vice, it unmasks false virtue, it exposes errors and prejudices, it dissipates the enchantment of riches and of all that vain pomp which dazzles men, it shows by a thousand examples more persuasive than all arguements that there is nothing great and laudable except honour and uprightness." যাঁরা বিজ্ঞান তারাই অতীতকে অস্বীকার করেন, অভিজ্ঞতাকে অবজ্ঞা করেন এবং উদাহরণকে অগ্রাহ্ম করেন। তাই নৈতিক চেতনা বিকশিত করার ক্ষেত্রে ইতিহাস গভীর নিষ্ঠার সঙ্গে নিন্ধান করে।

#### (চ) ভবিশ্বৎ দৃষ্টি (Forward look) উন্মুক্ত করা:

শিক্ষার সার্থকতা বহুলাংশে নির্ভর করে শিক্ষার্থীর সমুথে এক বর্ণোজ্জন ভবিষ্যতের চিত্রাঙ্কনের মধ্যে। শিক্ষার এই সার্থকতা এনে দিতে পারে ইতিহাস-চর্চা। ইতিহাসের শিক্ষা শিক্ষার্থীর ভবিষ্যৎ দৃষ্টিই শুধু উন্মৃত্ত করে না, সেই দৃষ্টিভদ্নীকে বাংবায়িত করার মত পরিকল্পনা রচনাতেও সাহাধ্য করে। কেননা অতীত-অভিজ্ঞতাই তে। ভবিষ্যতের রচয়িতা। ইতিহাসের জ্ঞান আমাদের জানতে শাহাধ্য করে কোন্ কোন্ উপাদান মান্ত্রের জীবন্যাত্তাকে কেমনভাবে নিয়ন্ত্রণ করছে। এবং এই জ্ঞানই আমাদের ভবিষ্যতের রূপ রেখা অঙ্কন করতে শাহাধ্য করে।

#### (ছ) জীবন-দর্শন গড়ে ভুলভে সাহায্য করা:

ইতিহাস-বেন্তাগন ইতিহাদকে ব্যাগ্যা করেছেন নিজেদের বিশ্বাস ও উপলব্ধি অন্ধ্যারে। এ ভাবেই গড়ে উঠেছে ইতিহাসের দর্শন সম্পর্কে বিভিন্ন মতবাদ। বিশ্ব বে মতবৈধতাই থাকুক না কেন তাঁদের মতবাদের মূল উৎসটি হ'ল জীবন সহজে তাঁদের উপলব্ধি এবং জীবনকে দেববার তাঁদের নিজস্ব দৃষ্টিকোণ। ইতিহাস পাঠের মধ্য দিয়ে পাঠক এইসব মতবাদের সঙ্গে পরিচিত হন। আর এই পরিচিত পাঠককে তার নিজস্ব জীবন-দর্শন গড়ে তুলতে অন্ধ্যাণিত করে।

### (জ) জাতীয় চেডনা জাগ্রভ করা:

জাতীয় চেতনা জাগরণে ইতিহাসের চেয়ে উপযোগী অন্ত কোন বিষয় যে আর নেই এ বিষয়ে সংশয় প্রকাশের কোন অবকাশ নেই। মাতৃভূমির গৌরবোজ্জল অতীত শিশু-চিত্তেও যে আলোড়ন জাগায়, অনাবিল তৃপ্তিবোধের যে উৎস ধারা উৎসারিত করে দেয়, কেমন এক একাত্মবোধে নিজেকে আরুত করে ফেলে আমরা তো তাকেই বলি দেশ প্রেম, বা জাতীয় চেতনা। এই চেতনাই দেশকে স্থ্যংহত করে, স্জনদাল স্থপাবেশে আপ্রত করে। এই চেতনাই দেশের নেতৃত্বের ভিত্তিভূমি রচনা করে। প্রকৃত পক্ষে দেশের অতীত সম্পর্কে স্ক্ছ ধারণা ব্যতিরেকে নেতৃত্ব কথনো দেশকে সঠিক পথে পরিচালনা করতে পারে না। এইভাবে ইতিহান পাঠের মধ্য দিয়ে জার্ত.য়

### (ঝ) আন্তর্জাত্তিক চেতনার জাগরণ:

ইতিহাস বলতে কেবল কোন দেশের ইতিহাসকে ব্যার না। ইতিহাস কোন সঙ্কীর্ব ভৌগলিক পরিসীমার সীমাবছও নর। ইতিহাসের বিচরণ ক্ষেত্র বিশ্বব্যাপী মানব-সমাজ। ইতিহাসের আলোচ্য মানব সমাজের অগ্রগতির কাহিনী। তাই ইতিহাসের ছাত্রও কথনো ভৌগোলিক সীমাবছতার আবদ্ধ হতে পারে না। এমন কি তাকে নিজ দেশের ইতিহাসকেও বিচার করতে হয় সমগ্র বিশ্বের প্রেক্ষাপটে। এই যে এক বৃহৎ ও ব্যাপক পটভূমিকায় নিজের অভিত্ব ও পরিস্থিতি স্থির করার শিক্ষাইতিহাস দেয়, সেথানে কোন সঙ্কীর্থ মানসিকতার স্থান নেই। তাই ইতিহাসের ছাত্রকে সর্বদা উদার, উন্মুক্ত মনোভাব নিয়েই যে কোন সমস্থার বিচার বিশ্বেষণ করতে হয়। অহরহ এই মনোভাব নিয়ে চলতে গিয়েই ইতিহাসের ছাত্র আন্তর্জাতিক মহামত্রে দীক্ষিত হয়। এই চেতনা বিশেষ ভাবে আন্তর্কের দিনে একান্তই অপরিহার্য। যত উদ্মা, উত্তাপ পর্ণার অন্তর্রালে থাকুক না কেন অধুনা আমরা এমন পারিপাশ্বিকভার বেঁচে থাকে যথন বাহর্জগতের সঙ্গে বিচ্ছিন্নতা অভিপ্রেত নয়, সম্ভব্ও নয়। এমন কি যে ঠাঙা লড়াই এখনো বিশ্ব শান্তি বিশ্বিত করে তারও একমাত্র প্রতিসেধক সত্যিকারের আন্তর্জাতিকতা বোধের সম্প্রসারণ। প্রকৃত ইতিহাস চর্চার মধ্য দিয়ে আমরা এই বোধের ক্রমবিকাশকেই উৎসাহিত করতে পারি।

# ॥ ইতিহাস পাঠের মূল্য॥

# || Values of Teaching History ||

ইতিহাস পাঠের মধ্য দিয়ে আমর। কতকগুলো মূল্যবোধ শিক্ষার্থী দের মধ্যে জাগ্রত করতে পারি এবং একটি সম্পূর্ণ ব্যক্তিত্ব গড়ে তোলার পিছনে এই মূল্যবোধগুলোর অবদান অপরিদীম। এবার দেই মূল্যবোধগুলো আলোচনা করা যাক্।

## (ক) নৈতিক মূল্যবোধ:

মানব সমাজের অগ্রগতিতে যে সব মহামানব নিজেদের জীবন উৎসর্গ করে গিয়েছেন তাঁদের মৃত্যুঞ্জরী কাঁতি-কাহিনীর সংব্লক্ষক হ'ল ইতিহাস। এইসব মহাপুরুষদের জীবন-কথা স্বভাবতঃই শিক্ষার্থীদের মহান্ আদর্শে উদ্দীপিত করে, ত্যাগমন্ত্রে দীক্ষিত করে এবং সত্যিকারের জীবন সন্ধানের মধ্য দিয়ে এক নিরুত্তর গভীরতর প্রশ্নের সম্মুখীন করে। বহুকাল ইতিহাসকে তাই মহামানবদের কীত্তি-কলাপের সংকল্ল বলেই মনে করা হ'ত এবং এই কীতি কলাপের আলোচনার মাধ্যমে শিক্ষার্থীদের নৈতিক মূল্যবোধকে উন্নত করাই ছিল ইতিহাসের কাজ।

কিন্ত বতমান শতাকীতে দৃষ্টিভঙ্গীর ব্যাপক রূপান্তর ঘটেছে। ইতিহাস নিয়ে বিভূত অনুসন্ধানের কলে দেখা গিয়েছে কেবলমাত্র মৃষ্টিমেয় মহামানবের সমষ্টিই ইতিহাস নয় এবং তাঁদের দৃষ্টিকোণই ইতিহাসের পরম সত্য নয়। তাছাড়া "There arose some measure of scepticism about the greatness of great men and the weakness of weak men, about the goodness of good men and the badness of bad men."

কিন্তু সমালোচন। যাই হোক না কেন, দৃষ্টিভঙ্গীর পরিবর্তন ষতই হোক না কেন, ইভিহাসের একমাত্র উপজীব্য বিষয় হ'ল মানুষ এবং "so long as the human element is the central theme of history, great personalities will be studied." স্থতরাং স্কুমারমতি শিক্ষার্থীগণ মহাপুরুষদের জীবনকাহিনী পড়বেই। তবে এ সম্পর্কীত সমালোচনাও যেহেতু অযৌক্তিক নয় সেইহেতু শিক্ষক পাঠ্য হিসেবে জীবনী নির্বাচনে এমনভাবে সতর্ক হবেন যাতে সেই নির্বাচনের মধ্য দিয়ে সমাজের বিভিন্ন দিকের প্রতিনিধিত্ব পরিক্ষ্ট হয়। তাছাড়া মহাপুরুষদের জীবনী আলোচনা কালেও আমাদের সম্পূর্ণ পক্ষপাতহীন হতে হবে। যে পারিপাশ্বিকতায় এক মহাপুরুষ তার ব্রত পালনে উল্বোগী হয়েছিলেন, তাঁর সাফল্য, তার ব্যথতা অর্থাৎ একটি সামগ্রিক চিত্র যেন আমাদের প্রতিবেদনের মধ্য দিয়ে প্রতিক্লিত হয়। তাহলেই ''There (greatmen) exemplary lives and their foot-steps on the sands of time will always be one of the important values of teaching history."

#### (খ) উত্তরাধিকার সংক্রান্ত মূল্যবোধ:

জোন্স বলেছেন, "History is a veritable mine of life-experiences and the youth of to-day studies history so that he may profit by the experiences of the race." এ. এল. রোসি বলেছেন, "It is a subject that rids you of illusions, one in which you grow up and become adult." স্প্তির সেই জন্মকণ থেকে আজকের এট বিজ্ঞান-ভিত্তিক সভ্যভায় যে উত্তরণ তার বিজ্ঞিন পর্যায় বিস্ময়কর এবং লোমহর্শক। কিন্তু এ সবই হ'ল ইতিহাসের এক্তিয়ার ভুক্ত। এই পর্যায়গুলোকে ব্যাথ্যা করতে গিয়েই ইতিহাসিকের। নানা মতবাদের প্রবক্তা হয়েছেন। অথচ মতভেদ যাই থাকুক, এ সবই হ'ল আমাদের উত্তরাধিকার আর এই উত্তরাধিকারই হ'ল আমাদের সভ্যিকারের পরিচয়। তাই উত্তরাধিকার সম্পর্কে গচেতনতা আত্মোগলন্ধির প্রয়োজনে একান্তই অপরিহার্য।

তাই "Our goal is to highlight the significant phases of the heritage of man so that we can derive inspiration for the present and guidance for the future."

#### (গ) বৌদ্ধিক মূল্যবোধ:

ইতিহাস পাঠের মধ্য দিয়ে কতকগুলো গুরুত্বপূর্ণ বৌদ্ধিক মূল্য বোধের বিকাশ সম্ভব হতে পারে। বেমন: স্মরণ শক্তিকে শাণিত করা, যুক্তি বোধকে তীব্রতর করে তোলা, করনা শক্তিকে সমৃদ্ধ করা, বিচার বিশ্লেষণের মাধ্যমে সঠিক দিন্ধান্ত গ্রহণের সামর্থ অর্জন করা ইত্যাদি। অবশু এক সময়ে আমাদের ধারণা ছিল মানব-মনের কতকগুলো পৃথক পৃথক সামর্থ আছে—যেমন ভাববার সামর্থ, বিচারের সামর্থ, সিদ্ধান্ত গ্রহণের সামর্থ। কিন্তু অধুনা এই ধারণায় আমরা বিশ্বাসী নই। বর্তমান বিশ্বাস হ'ল, মন সামগ্রিক ভাবেই কাজ করে, কার মধ্যে সামর্থগত কোন উপবিভাগ নেই। তব্ও ইতিহান যে দূরকে নিকট করে, অদুশ্রের সঙ্গে আগ্রীয়তার বন্ধন রচনা করে, জানার কৌত্বল চরিতার্থ করে, কল্পনা শক্তির সাহায্যে মনকে সমৃদ্ধ করে সে বিষয়েও কোন সংশয় নেই। এবং এই সব গুণাবলীর মূল্যও সামগ্রিক ব্যক্তিত্ব বিকাশে কম নয়।

#### (ম) নিৰ্মল আনন্দ লাভ:

"A knowledge of history enriches and fills out our appreciation of the world around us...and gives an interest and a meaning to things." <u>এক জীবনৈতিহাদ নিয়ে পর্যালোচনায় যে আনন্দান্তত্ব, ঐতিহাদিক স্থান পরিভ্রমণে</u> অতীতের স্পর্শ লাভের মধ্য দিয়ে যে ত্থান্ত্তব, বাস্তব জগতে বোধ হয় তার তুলনা মেলা ভার। কিন্তু তাই বলে এই অন্নভৃতি তো মিথ্যে হবার নয়। বরং ইতিহাসের আবেদন আমাদের দার। জীবনের দঙ্গী, আমাদের সাফল্য অর্জনের সঙ্গেত। তাই বলা হয়েছে "The appeal of history is one that grows with you as you grow in mind, ripens with your own experience in life, deepens and comes to have more meaning for you as you achieve maturity." প্রাকৃতপক্ষে ইতিহাদ হ'ল বয়স্কদের বিষয়, এর ষে শিক্ষা, এর ভেতর প্রচ্ছন যে আনন্দান্তভৃতি তা একজন পরিপূর্ণ মান্তবের প্রকেই উপভোগ করা সম্ভব। কিন্ত এই উপভোগের সক্ষমতা অর্জনের জন্মও প্রস্তুতি প্রয়োজন। বিতালয় স্তরে ইতিহাস চর্চার মাধ্যমে এই প্রস্তুতি কার্যই অব্যাহত থাকবে। তাই আমরা নিঃসংশয়ে বলতে পারি, "School history is more than an adventure of the imagination; it is also more than a labyrinth to be explored...The final goal is to understand something and to appreciate something." এইটেই হ'ল আসল কথা, তা সে আমরা ইতিহাস পাঠের যত উদ্দেশ্য বা যত মূল্য বোধের কথাই বলি না কেন।

### ।। ভারতীয় দৃষ্টিকোণ থেকে ইতিহাস পাঠের উদ্দেশ্য।।

স্বাধীনতা লাভ করার পর আমরা ধর্যনিরপেক্ষতা, গণতন্ত্র, সমাজতন্ত্র এবং বিগদৌ প্রাতৃত্ব এই চারিটি নীতিকে জাতীয় লক্ষ্য হিসেবে ঘোষণা করেছি। ইতিহাস পঠন-পাঠনের উপর এই নীতিচতৃষ্টয়ের প্রভাব নিশ্চয়ই আছে।

্বিস্ত বর্তমানে ইতিহাস পঠন-পাঠনের ক্ষেত্রে যে পদ্ধতি অনুসরণ করে চলেছি তা কিন্ত ঐ নীতিগুলোর সঙ্গে সংগতি রক্ষা করে চলে না। কারণ ধর্ম নিরপেক্ষ ও

সমাজতান্ত্রিক নীতির বাহুবারণের জন্ম প্রয়োজন বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী গ্রহণ করার। অথচ এখনো আমাদের প্রবণতা, যুক্তিহীন ভাবে অভীতকে গোরবোজ্জল এক অধ্যায় হিলেবে দেখানোর। রাজনৈতিক ইতিহাসের উপর অত্যধিক গুরুত্ব করার ফলে এখনো আমাদের ইতিহাস কিছু রাজা আর রাজবংশের কাহিনী, কিছু যুদ্ধ বিগ্রহ, আর স্বার্থ সংঘাতের বিবরণ। এখনো সমাজের ক্রমিক বিবর্তনের পর্যালোচনা আমাদের ইতিহাসে যথোচিত মর্যাদা পায় নি। সাম্প্রাদারক ভেদ-বৃদ্ধি এখনো আমাদের ইতিহাসের একটি সামগ্রিক প্রতিমৃতি গড়ে তোলার ক্ষেত্রে প্রধান প্রতিবন্ধক। এক কথায়, বিজ্ঞান-ভিত্তিক নৈর্বজ্ঞিক চিন্তা-চেতনার অভাবই আমাদের দেশের ইতিহাস পঠন-পাঠন ব্যবস্থার স্বচেয়ে বড় সক্ষট।

স্থতরাং এই মুহূর্তে স্বচেয়ে বড় প্রয়োজন হ'ল ইতিহাস পাঠের লক্ষ্য সম্পর্কে স্কুম্পট্ট সিদ্ধান্ত গ্রহণ এবং এই লক্ষ্য অবশ্রুই আমাদের গৃহীত জাতীয় নীতির সঙ্গে সঞ্চীত জাতীয় নীতির সঙ্গে সঞ্চীত জাতীয় নাকের কাজা করেই নির্ধারণ করতে হবে। এর সঙ্গে আরও একটি জাতীয় লক্ষ্যের সঙ্গে দিকে নজর রাখাত হবে। তা হ'ল ইতিহাস চর্চাকে আমাদের ইতিহাসের লক্ষ্যের এমন পর্যায়ে নিয়ে যেতে হবে যাতে এই চর্চার মাধ্যমে প্রাম্বাধন। প্রাক্ষোভিক ও জাতীয় সংহতি সাধনের কাজ ত্বরান্তিত হতে পারে। কারণ ধর্ম-নিরপেক্ষ ও সমাজতান্ত্রিক দেশ গঠনের প্রয়োজনে জাতীয় সংহতি একটি অতীব জন্ধরী প্রশ্ন।

এই দিক থেকে আমাদের লক্ষ্য হবে শিক্ষাথীদের মধ্যে এই বোধ জাগ্রত করা যে ইভিহাল হ'ল সামাজিক পরিবর্তন ও প্রাণ্ডির বিচার বিশ্লেষণ। তাই মান্ত্রের ইভিহালের গতি কথনো শুর হতে পারে না, চলমানতাই হ'ল ইভিহালের মৌল ধর্ম। এই দৃষ্টিকোণ থেকে ইভিহাল পঠন-পাঠনের সঙ্গে সঙ্গে শিক্ষাথীদের সময় সচেতনতাও যেন বৃদ্ধি পায় দেদিকে আমাদের নজর দিতে হবে।

অবশ্য সমাজ বিবর্তনের উপাদান কি এ সম্পর্কে কোন স্পষ্ট প্রমাণ উপস্থাপন কর।

শস্তব নয়। কিন্তু ইতিহাসের পরিবর্তন বলতে যে সর্বাত্মক
ইতিহাসে পরিবর্তনের পরিবর্তনকেই বুঝায় এ কথাটি আমাদের উপলব্ধি করতে হবে।
তাংপর্ফ সমাজ-জীবনের কোন এক ক্ষেত্রের পরিবর্তন কথনো সেই
ক্ষেত্রেই সীমাবদ্ধ থাকে না, ক্রম প্রসারমান মেঘপুঞ্জের মত সেই পরিবর্তন ক্রমান্বয়ে সম্প্র

সমাজ জীবনকে আবৃত করে। সামাজিক পরিবর্তনের গভীরতম তাৎপর্যটি অন্থধাবনের জন্ম পরিবর্তনের এই সর্বব্যাপী চরিত্রটি আমাদের বুঝতে হবে।

ইতিহাল পাঠের মধ্য দিরে শিক্ষার্থী যেন নিজের পরিমণ্ডলকে নিজু ল ভাবে জানতে পারে দেদিকেও লক্ষ্য রাখতে হবে। অতীতের ব্যর্থতা থেকে একদিকে যেমন দে শিক্ষা নেবে, অক্সদিকে তেমনি অতীতের সাফল্যে সে গৌরবাহিতও বোধ করবে। এভাবে অতীতের সাফল্য- বার্থতা থেকে শিক্ষার্থী শুধু নিজের পরিমণ্ডলকেই চিনতে পারবে তাই নয়, সেই পরিমণ্ডলে তার ভূমিকা কি সে সম্পর্কে দায়িত্বশীল সচেতনতা জাগ্রত হবে।

ইতিহাস পাঠের মধ্য দিয়ে শিক্ষাথী যেন স্বদেশ-প্রেমে উদ্ধুদ্ধ হয় এটাও আমাদের
লক্ষ্যণীয়। এই স্বদেশ প্রেম কেমন করে জাগ্রত হবে? শিক্ষাথী যদি তার নিজ্প
জাতীয় ঐতিহ্যের মর্মকথাটি উপলব্ধি করতে পারে ঐতিহ্যের
ক্রমবিকাশের স্তরগুলি জানতে পারে এবং কেমনভাবে বহু জাতির
সমন্বয়ে এই ঐতিহ্য গড়ে উঠেছে তা যদি হৃদয়ঙ্কম করতে পারে তা হলে শিক্ষাথীর মনে
ক্রমশঃ স্বদেশ প্রেমের অনির্বাণ দীপশিথার আলো তীব্র থেকে তীব্রতর হতে
থাকবে।

• শুধু সঙ্কীর্ণ জাতীয় অনুচিন্তনই নয় গভীরতর মানবভার মহামন্ত্রেও শিক্ষার্থীদের দীক্ষা নিতে হবে। আমাদের জাতীয় ঐতিহ্য যে বৃহত্তর মানব-ঐতিহ্য থেকে বিচ্ছিন্ন কিছু নর এটা মনে প্রাণে অন্তত্ব করতে হবে শিক্ষার্থীকে। অন্ধ জাতীয় চেতনা এমন সঙ্কীর্ণ মনোভাব তৈরী করে থাকে কথনো আশার্বাদ বলে গ্রহণ করা যায় না। আবার এই অন্ধ জাতীয় চেতনা কথনো দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত হতে পারে না। কেননা এই চেতনার কোন বৈজ্ঞানিক প্রস্তুতি নেই। তাই স্বদেশ প্রেম নিশ্চয়ই স্বদেশ সম্পর্কে মৃগ্ধতা বৃঝায়, কিন্তু সেই মৃগ্ধতা অবগ্র আন্তর্জাতিকতা ও মানবতাবাদ দ্বারা অভিসিক্ত হবে।

ইতিহান পাঠের এই লক্ষ্যের মঙ্গে মন্ত্রতি রেখে আমাদের ইতিহাস রচনাকৈলীতেও পরিবর্তন আনতে হবে। প্রকৃতপক্ষে এতকাল যে রচনাকৌশল আমর।
বচনাশৈলীতে পরিবর্তন অভ্যানরণ করে এমেছি তা নৈর্বক্তিকও নয়, বিজ্ঞান ভিত্তিকও
নয়। তাই চাই পরিবর্তন, এমন পরিবর্তন যা পরিবর্তিত
পরিস্থিতিকে গ্রহণ করতে পারে। কারণ "The objectives of history teaching that flow from our national objectives of secularism democracy and socialism are also logically related to our present stage of historical development 'and ensure constructive outlook towards the past and a progressive one for future."

### ॥ ইতিহাস ও জাতীয় সংহতি॥

কথায় বলে, "যা নেই ভারতে তা নেই ভূ-ভারতে।" প্রকৃতপক্ষে ভারত হ'ল এক মহাদেশেরই কুদ্র সংস্করণ। ভারত তার প্রাচীনত্বে, তার বিশালত্বে, তার বৈভবে, তার বৈচিত্র্যে তুলনা রহিত। তাই তার সমস্রাও বােধ হয় তুলনাহীন। এই মুহুতে যে সমস্রা তাকে সর্বাধিক বিভূম্বিত করছে, তার জীবনী-শক্তির অকারণ অপব্যয় ঘটাচ্ছে তা হ'ল সামগ্রিক অর্থে ঐক্যবােধের অন্থপস্থিতি, জাতীয় সংহতিবােধের অভাব। অথচ কোঠারী কমিশন্ ঘার্থহীন ভাষায় বলেছেন: Social and national integration is crucial to the creation of a strong, united country. Which is an essential pre-condition for all progress." জাতীয় সংহতি সম্পর্কীত সমস্রা আলোচনার আগে জানা দরকার বান্তব অর্থে জাতীয় সংহতি বলতে আমরা কি বৃঝি।

#### ।। জাতীয় সংহতির স্বরূপ।।

জাতীর সংহতি সাধনের প্রাথমিক শর্ত হ'ল দেশের নাগরিকদের আবেগগুলোকে নিয়ন্ত্রণ করে তাদের স্থামঞ্জপূর্ণ ব্যক্তিজ-বিকাশে সহায়ত। করা। এ পথেই সংহতি শব্দের তাপের স্থামঞ্জপূর্ণ ব্যক্তিজ-বিকাশে সহায়ত। করা। এ পথেই সংহতি শব্দের তাপের মানুষ ক্ষুদ্র সার্থবৃদ্ধিকে অবজ্ঞা করে বৃহত্তর লক্ষ্য পূর্ণে নিজেদের নিযুক্ত করতে পারে। যথন একটি জাতির ক্ষেত্রে আমরা সংহতি শব্দটি প্রয়োগ করি তথন অর্থ দাঁড়ায়, ভাষাগত ও সংস্কৃতগত পার্থক্যকে মেনে নিয়েও আস্তঃপ্রাদেশিক ভেদাভেদকে দূর করার উত্যোগ গ্রহণ, বিভিন্ন ভাষা ও জাতির মধ্যে এক সহনশীল মানসিকতার বিকাশ সাধন, এবং সর্বোপরি যে কোন সঙ্কীর্ণতার উর্ব্ধে জাতীয়তাবোধের উল্লেষ সাধন। "National integration aims at unifying the people and not necessarily making them conform to one pattern. It gives them progressive realisation of the fact that there can be similarities among difference."

# ।। ভারতীয় দৃষ্টিকোণ থেকে জাতীয় সংহতির প্রয়োজনীয়তা।।

ভারতে বিভেদের রূপটিই খুব স্পষ্ট—একথা অস্বীকার করার কিছু নেই। ইতিহাসের কোন সময়েই সমগ্র ভারতে এক ভাষা, এক ধর্ম প্রচলিত ছিল না, এমন কি কখনো আসমুদ্র হিমাচল একই শাসনাধীনেও ছিল না। এ ছাড়া বিভেদ রয়েছে আমাদের থাতে, বস্ত্রে, জীবন ধারণের পদ্ধতিতে, সামাজিক আচার অন্তর্গানে। তবুও, এতস্ব বিভেদের মধ্যে কেমন এক অনির্বচনীয় ত্র্বার স্থভীর সাংস্কৃতিক ঐক্যবোধ ভারতীয় জনজীবনকে গ্লাবিত করছে যুগ থেকে যুগান্তরে।

তৃত্তাগ্যবশতঃ দাম্প্রতিককালে কিছু বিভেদকামী প্রবণতা ক্রমশঃ প্রবল হয়ে উঠছে। এবং এমন অবস্থা যদি এখনো প্রতিহত করা না যায় তাহলে অচিরেই ইতিহাসের পুনরাবৃত্তি ঘটবে, ভারতবর্ব আবার তার রাজনৈতিক অথওত্ব হারিছে 
ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যে বিভক্ত হয়ে ধাবে এবং তেমন সন্তাবনাও এর মধ্যেই বেশ স্পাষ্ট 
হয়ে দেখা দিচ্ছে। স্কুডরাং যদি আমরা আমাদের বহু 
ক্টার্জিড সাধীনভাকে অকুন্ন রাশতে চাই ভবে জাতীয়সংহতি সাধন আমাদের এই মুহূর্তের কর্তব্য।

আমরা আমাদের দংবিধানে গণতন্ত্রকে কেবলমাত্র একটি প্রশাদনিক প্রক্রিয়া হিদেবেই গ্রহণ করি নি, তাকে জীবন ধারণের মাধ্যমরপেও গ্রহণ করেছি। গণতন্ত্রের এই যে নতুন পরীক্ষা তা দার্থকতায় উত্তীর্ণ হবে তথনই যথন গণতন্ত্র আমাদের মধ্যে বহুবাঞ্ছিত ঐক্যবোধ প্রতিষ্ঠায় যথাযোগ্য ভূমিকা গ্রহণ করতে পারবে। তাই আমাদের গণতন্ত্র প্রতিষ্ঠার ভিত্তি হ'ল ধর্মনিরপেক্ষতা এবং দামাজিক দমতা। একারণে ভারতে জাতীয় সংহতি দাধনের লক্ষ্য হবে,

(এক) বিভেদের মধ্যে যে এক্যবোধ তাকে অক্ষুণ্ন রাখা।

( হই ) ক্রত সামাজিক, অর্থনৈতিক ও শিক্ষাগত উন্নয়ন সাধন।

( তিন ) বছ সংস্কৃতির সমন্বয়ে সামগ্রিক সংস্কৃতিবোধকে সমৃদ্ধ করা।

( চার ) বিভেদকামী প্রতিক্রিয়াশীল চক্রের অবদমন।

( পাঁচ ) আভ্যন্তরীণ ও বৈদেশিক বিপদাশক্ষার বিরুদ্ধে নিরাপত্তা বিধান।

এই পরিস্থিতির পটভূমিকাতেই কোঠারী কমিশন্ বলেছেন, "Even more important is the role of education in achieving social and national integration." কিন্তু শিক্ষা এই দায়িত্ব পালন করবে কি ভাবে? শিক্ষাকে শিক্ষার্থীদের ভিতর সচেতনভাবেই কতকগুলো উপলব্ধি জাগ্রত করতে হবে। যেমন:

( এক ) ভারত যে অভিন্ন জাতি তা স্পষ্ট করে তোলা।

( গুই ) আপেক্ষিক বিরোধের মধ্যেও যে ঐক্যবোধটাই ভারতে সক্রিয় তা স্বচ্ছ করে তোলা।

(তিন) বিভিন্ন প্রাদেশিক শিল্প-সাহিত্য-সংস্কৃতির প্রতি অহুরাগী থেকেও ভারতের সামগ্রিক সংস্কৃতি সম্পর্কে শ্রদ্ধাশীল করে তোলা।

(চার) বহুজাতি ও সংস্কৃতির মিলনভূমি যে ভারতবর্ষ এই চেতনা জাগ্রত করা।

(পাঁচ) দেশের বিভিন্ন অংশের মধ্যে পারস্পরিক সহযোগিতার মধ্যেই শে ভারতের যে কোন সমস্থার সমাধান নিহিত—এই উপলদ্ধিকে শক্তিশালী করে তোলা।

(ছয়) দেশের প্রত্যেকটি নাগরিকের উপর গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা ও সমাজতন্ত্রের নীতিকে সার্থক করে তোলার দায়িত্বভার অপিত—এই কর্তব্যবোধ জাগ্রত করা।

( সাত ) দেশের আঞ্চলিক ও স্থানীয় ইতিহাসের তথ্যনিষ্ঠ যুক্তিবাদী ও বৈজ্ঞানিক ব্যাখ্যার পটভূমিকা রচনা।

## ।। এই পটভূমিকায় ইতিহাসের ভূমিকা।।

'ভারতীয়ত্ব' বোধের বিকাশে ভারতের ইতিহাস-চর্চার একটি বিশিষ্ট ভূমিকা রয়েছে। ভারতের ইতিহাস এই কথাটিই বলে দিচ্ছে যে এ হ'ল তাদেরই ইতিহাস যারা ভারতবর্ষ নামক ভৌগোলিক পরিমণ্ডলে বদবাস করে। এথানে কোন আঞ্চলিকভার, কোন খণ্ডাংশের স্পর্শমাত্র নেই। তব্ যে ইতিহাস নিয়ে আমরা পঠন-পাঠনের দায়িত্ব সম্পূর্ণ করি সেথানে কিন্তু এই অথণ্ডরূপটি স্কম্পষ্টভাবে প্রতিক্লিত নয়। আমরা বিচ্ছিন্নভাবে বিভিন্ন ঘটনা বিশ্লেষণ করি। দেশের সামগ্রিক পরিস্থিতির সঙ্গেও সেই বিশ্লেষণের কোন যোগাযোগ নেই।

তাই প্রয়োজন হ'ল ভারতের সর্বান্ধক পরিচয়বাহী ইন্ডিহাল রচনার।
সর্বদাই যন আমাদের দৃষ্টিভঙ্গী থাকে সর্বভারতীয় পরিচয় উদ্ঘাটন। এটা না
পারলেই কেমন বিচ্ছিন্নতা বোধ স্বষ্টি হয় তা একটা উদাহরণ
দিলেই স্পষ্ট হবে। সাধারণভাবে আমরা দাক্ষিণাতোর বিজয়
নগর রাজ্যের ইন্ডিহাস বেশ বিস্থারিত আলোচনা করি।
আকবরের রাজ্যুকালের তো প্রশ্নই নেই। কিন্তু আমাদের উপস্থাপন তো কথনো
আমন সামগ্রিকরপ পায় না ধেখানে আমরা দেখাতে পারি যে উত্তরভারতে
আকবর যখন এক শক্তিশালী সাম্রাজ্য গড়ে তোলার স্থপ
দেগছেন তখন দক্ষিণ-ভারতের আর এক শক্তিশালী রাজ্য
বিজয়নগর তালিকোটার যুদ্ধে ধ্বংস হয়ে গেল। আমাদের সামগ্রিক চেতনার
আভাবেই সমসাময়িক ছটো ঘটনা শিক্ষার্থীদের কাছে ছটো বিচ্ছিন্ন ঘটনায় রূপাস্তরিত
হয়। স্থতরাং প্রয়োজন আমাদের দৃষ্টিভঙ্গীর পরিবতনের।

অতঃপর প্রায়োজন হ'ল নৈর্ব ক্তিক দৃষ্টিভঙ্গীর, বিশেষ করে ভারভের ইতিহাসে যার প্রায়োজন দর্বাধিক। বিরাট দেশের বহু ঘটনা বিচিত্রভাবে চিত্রিত বর্ণজিক মনোভাব ও বর্ণিত। কিন্ত থোলা মন নিয়ে যদি সত্যটুকু গ্রহণ করতে পারা না যায় তা হলে, যে ইতিহাসই শুধু বিক্বত হবে তাই নয়, জাতীয় সংহতি সাধনের কাজও বিভ্ষিত হবে। স্কুতরাং মৃক্ত মন ও উদার দৃষ্টিশক্তি নিয়েই আমাদের ভারত-ইতিহাসের সন্ধানী হতে হবে।

দর্বশেষে ভারভের ধে বিরাট অতুলনীর সাংস্কৃতিক উত্তরাধিকার ভা ধেন ইতিহাসে স্থপরিস্ফুট হয়। আমাদের সংস্কৃতি ধেন এক প্রগল্ভ নির্বিকার প্রবাহ, বহমান নিরবধি কাল। আর দেই মূল প্রবাহের সঙ্গে যুগে সাংস্কৃতিক ঐতিহ্নের বহু আঞ্চলিক সংস্কৃতি চেতনা সম্মিলিত হয়ে মূল প্রবাহকেই উপর গুরুত্ব আরোপ অধিকতর বেগবতী করেছে। এই সম্পর্কেও আমাদের পরিপূর্ণ-ভাবে সচেতন থাকতে হবে।

### ।। ইতিহাস ও আন্তর্জাতিক চেতনা।।

বর্তমান সময়ে মানব সভ্যতার সবচেয়ে বড় সমস্তা হ'ল স্থায়ী শান্তি প্রতিষ্ঠার সমস্তা।
স্থায়ী শান্তি প্রতিষ্ঠা বলতে আমরা কেবলমাত্র যুদ্ধাবস্থার অবসানই বুঝি না, স্থায়ী
শান্তি কথাটি আরও বেশী গভীর অর্থবহ। তাই বলা হয়েছে, "Since wars begin in the minds of men, it is in the minds of men that the defences of peace must be constructed.

The state shall endeavour to

- (a) promote international peace and security
- (b) maintain just and honourable relations between nations.
- (c) foster respect for international law and treaty obligations in the dealings of organised peoples with one another.
  - (d) encourage settlement of international disputes by arbitration.

### ।। আন্তর্জাতিক সম্প্রতির গুরুত্ব।।

১৯৬৪ দালে UNESCO-র দাধারণ সভায় আশংকা প্রকাশ করে ডঃ রাধাক্ষণ বলেছিলেন: We live today in a State of Gold War that is Armed fear. It is not peace that we are having but a precarious equilibrium in which dissension does not declare itself because of mutual fear. It is not a state of order, there is no inward tranquility."

অথচ অধুনা আমরা এমন এক দনপিনদ্ধ বিশ্বে বাস করি যেখানে যে কোন বিচ্ছিন্ন

ঘটনা এক বিশ্বব্যাপী প্রতিক্রিয়ার সৃষ্টি করতে পারে। এখন
শান্তির প্রয়োজন
ভৌগোলিক দূরত্ব কোন দূরত্বই নয়, আধুনিক বিজ্ঞান দূরত্বকে
নিবিড় নৈকটো নিয়ে এসেছে। স্বতরাং আন্তর্জাতিক সম্প্রীতির অপরিহার্যতা
বহুগুণে বৃদ্ধি পেয়েছে।

তাছাড়া মানুষের জ্ঞানের জগতে এমন এক বিস্ফোরণ ঘটে গিম্বেছে
ধেখানে সমন্ত ভোগোলিক বাধ্যবাধকতা ছিম্ন-বিচ্ছিন্ন। জ্ঞান জগতের
ক্রমবর্ধমান আদান-প্রদানের মধ্য দিয়েই সাহযের উত্তরাধিকার
সর্বান্ধক নির্ভরণালতা ক্রমণ: সমুদ্ধ হচ্চে। প্রযুক্তি বিজ্ঞানের ক্রমবর্ধমান প্রয়োগ মানুষের
সামাজিক ও অর্থ নৈতিক জীবনে খুব স্পষ্ট ভাবেই অন্ধুভূ হয়। আবার এই প্রযুক্তি
বিজ্ঞানের অপপ্রয়োগের ফলেই এক প্রচণ্ড সন্ত্রাস ছায়া ফেলে যায় বার বার বিশ্বব্যাপ্টা।
স্বত্রাং স্থম আন্তর্জাতিক সম্প্রী তর উপরই নির্ভর করবে জ্ঞানের এই বিস্ফোরণ জনিত
ফলশ্রুতিকে আমরা কল্যাণের সাধ্যায় না ধ্বংসের উন্মন্তবায় প্রয়োগ করবো।

দর্বোপরি কেমন এক অবোধ মূল্যহীনভাম আজ সমগ্র বিশ্ব আক্রান্ত।
এই ম্ল্যহীনভার প্রকাশ ঘটে পারম্পরিক সহম্মিতা বোধের অভাবের মধ্যে, বিশ্বাসহীনভার মধ্যে। তার ফলে যে কোন উত্তেজক সিদ্ধান্ত যে নারা বিশ্বে কি মহাপ্রলয়
ঘটাতে পারে দে সম্পর্কেও আমরা যথেষ্ট সজাগ ও সচেতন নই। তাই "The
security against this is the development of international understanding and the idea of world
citizenship." এই পরিপ্রেক্ষিতেই বার্ট্রিণ্ড রাশেল্ তাঁর সভাবসিদ্ধ অনুকর্ণীয়
ভিন্নিমার বলেছেন, "It is more than nine hundred years since Christ
said, Thou shall love they neighbour as theyself. I wonder how
many more years it will be before people begin to think that this was
sound advice."

॥ এই পটভূমিকায় ইতিহাসের কর্তব্য ॥

পারস্পরিক জীবনধারা ও সংস্কৃতি সম্পর্কে সচেতনতা এবং বৃহত্তর মানব-সভ্যতার
পরিপূর্ণতা অলনের পথে পারস্পরিক অবদান এটাই বিশ্বন্ধনানতা বোধ জাগরণের মূল
বিন্দু। এই দিক থেকে ইভিহাদের ভূমিকা জনন্ম সাধারণ।
ইভিহাদের বিশেষ ইভিহাস যেমন আন্তর্জাতিক চেতনার ভিতিকে দৃঢ় করতে পারে
ভূমিকা তেমন ধ্বংসপ্ত করতে পারে। এটা নির্ভর করে ঐতিহাসিক
ঘটনাবলীকে কেমন ভাবে বিশ্লেষণ করা হবে, কেমন ভাবে উপস্থাপিত করা হবে তার
উপর। সঙ্গার্গ জাতীয় চেতনা থেকে ধলি ইভিহাস রচিত হয় তবে সেই ইভিহাস
জনাগ্নাদেই বহিবিশ্ব সম্পর্কে পাঠকের মনে এক গভার ঘণাবোধ জাগ্রত করতে পারে।

অল্পদিন আগে পর্যন্ত আমরা ইতিহাদ বলতে কেবলমাত্র রাজনৈতিক ইতিহাদকেই বৃন্যতাম। দাম্প্রতিক কালে অবশু দামাজিক ইতিহাদের উপরও যথোচিত গুরুত্ব আরোপিত হচ্ছে। এই দিক থেকে UNESCO-র উন্থোগে হাতহাদের দৃষ্টেগত ১৯৬৩-র জুনমানে প্রকাশিত History of mankind গ্রন্থ মালার পরিবর্তন প্রথম খণ্ডটি উল্লেখযোগ্য। এই গ্রন্থমালার একটি উপ-নামও রাখা হয়েছে। তা হ'ল: Cultural and Scientific Development. তুই

নামকরণ থেকেই এটা স্পষ্ট যে এখানে রাজনৈতিক ঘটনাবলীর সমান্তক্ষমিক বিবরণ দানই লক্ষ্য নয়। লক্ষ্য হ'ল, তুলনায়লক দৃষ্টিকোণ থেকে বিভিন্ন দেশের অর্থ নৈতিক ও লামাজিক ইতিহাস, ধর্মীয় ও আবেগময় জীবন কথা, তাদের শিল্প বিষয়ক কীতিকলাপ ও বৈজ্ঞানিক চিতাধারার বিবরণ দান। এই গ্রন্থমালার প্রথম থও সম্পর্কে UNESCO সংস্থার ডিরেক্টর জেনারেল রেণে মেহিউ বলেছেন, "For the first time an attempt has been made to present, with respect to the history of consciousness, the sum total of the knowledge which the various contemporary societies and cultures possess…It departs from the traditional approaches to the study of history which, as we know, attach decisive importance to political, economic and even military forces…This historical study is by itself a cultural achievement, calculated to influence by its spirit and methods the present trend of culture and that, no doubt, is its ultimate end."

মাল্লষের ইতিহাসের বিবর্তনের বিভিন্ন স্তরগুলি বিশেষ সতর্কতার সঙ্গে বিশ্লেষণ করা দরকার। বিভিন্ন দেশে নতুন নতুন আবিষ্কারের মধ্য দিরে মানবমনের চেডনার দিগন্ত যে ক্রমশঃ উন্মোচিত হয়েছে, একথা স্পাষ্ট করে 
কুলতে হবে। কোন দেশ বা কোন জাতি কথনো কোনদিনই নিজেকে সম্পূর্ণ 
বিচ্ছিন্ন ভাবে গড়ে তুলতে পারে নি, এটাও যুক্তিগ্রাহ্য করে তুলতে হবে।

এরট নঙ্গে বিভিন্ন সংস্কার বোধ ও সঙ্কীর্ণ বিগাস কিভাবে আমাদের মনে বদ্ধগ্ল হয়ে যায় এবং সেই সব সংস্কার ও সঙ্কীর্ণতার মধ্যে বাস্তবতা কতটুকু তাও নৈর্বক্তিক ভাবে বিচার করার সামর্থ যাতে শিক্ষার্থীরা অর্জন করে সে সম্পর্কেও আমাদের তৎপর থাকতে হবে।

রাজনৈতিক ইতিহাদ নিয়ে আমাদের চর্চা যদিও বছ পুরোনো, তর্ এথানেও
দৃষ্টিভঙ্গীর পরিবর্তন প্রয়োজন। নিজ দেশের শাদক বা সম্রাট
রাজনৈতিক
বলে তাকে মহান্ করে দেখানোর প্রবণতা ত্যাগ করতে হবে।
ইতিহাদের পরিবর্তন
আবার আক্রমণকারী বলেই তাকে অগ্রাহ্য না করে দেই
আক্রমণ থেকে কি শুভাশুভ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছিল তার আলোচনাই অনেক
বিশী জরুরী।

হতরাং এই প্রদক্ষে আমাদের বন্তব্য শেষ করতে হয় এই কথা বলে: No doubt, one of the important objectives of teaching history in schools is to develop in children a love for their own country—that is not inconsistent with internationalism. In fact to-day the national interests are bound to suffer if international interests are ignored.

### ॥ আন্তর্জাতিকতা ও ভারতের ইতিহাস।।

ভারতের ইতিহাদের বিভিন্ন ঘটনাবলীর মধ্য দিয়ে আমরা শিক্ষাথীদের আন্তর্জাতিকভার আদর্শে উদ্বুদ্ধ করতে পারি। আমাদের ইতিহাসের প্রধান প্রধান ঘটনাগুলিকে বিশ্লেষণ করলে দেখা যায়, আমরা কখনোই পৃথিবী থেকে বিচ্ছিন্ন ছিলাম না। সেই আর্যদের ভারত আগমনের সময় থেকে যুগে যুগে যে বিদেশী আক্রমণ হয়েছে তার দলে বিশ্লের সঙ্গে ভারতের সংযোগের দ্বার হয়ে গিরেছে উন্মৃক্ত। এই দার পথেই এশিয়া ও য়ুরোপের ঘটমানভার সঙ্গে ভারত নিজেকে যুক্ত রেথেছে। বিদেশের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক এই ধোগাযোগকে আরও বর্ধিত করেছে।

তারপর বৌদ্ধর্ম বহির্দেশীয় সম্পর্ককে অধিকতর নিবিড়তর করে তুলতে সাহায্য করেছে। মধ্য ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় ভারতের বৌদ্ধ ধর্মের প্রভাব এখনো পরিষ্কার অমুভূত হয়।

এরপর এল মুসলমান যুগ। এই সময় মুসলমান আক্রমণকারীদের মাধ্যমেই

য়ুরোপ ভারতীয় মননশীলতার পরিচয় পেয়েছে এবং ভারত হয়ে

মুসলমান যুগ

উঠেছে এই মহাদেশের চোখে শ্রন্ধেয়।

ব্রিটিশ যুগে বৈদেশিক প্রভাব আলোচনার অপেক্ষা রাথে না। কে না জানে উনবিংশ শতান্দীর যুরোপীয় চিন্তা জগৎ ভারতবর্ষকে নব চেতনায় উহোধিত করেছিল, পাশ্চাত্য শিক্ষার আলোয় ভারত নিজেকে নতুন দৃষ্টিতে ইংরেজ শাসনকাল দেখবার স্থযোগ পেয়েছিল, জাপানের উত্থান ও রাশিয়ার বিপ্লব ভারতের সামত্যিক পরিবর্তনে অহ্পপ্রাণিত করেছিল আমাদের। আর স্বাধীনোত্তর কালে আত্রতাতিক মৌহার্দ প্রতিষ্ঠায়ই হ'ল আমাদের বহু বিঘোষিত নীতি।

তবে আসল কথা হ'ল, "Teaching of history for international understanding should be done in a natural manner and in the right perspective. It needs special equipment on the part of the history teachers. The personal attitude of the teacher himself is also important. He should have an open mind and see things objectively rather than in a narrow nationalistic manner bordering on chauvinism."

# তৃতীয় অধ্যায়

# বিদ্যালয়ের পাঠ্য সুচীতে ইতিহাসের স্থান

।। বিষয়-সংকেত ।।

বিদ্যানয়ের পাঠাক্রমে ইতিহাসের স্থানলাভের ইতিহাস-পাঠাক্রমে ইতিহাসকে গ্রহণের যৌক্তিকতা—ইতিহাস পাঠের আৰ্গ্যিকতা ও ঐচ্ছিকতা—বিভানয়ের বিভিন্ন তরে ইতিহাস শিক্ষার লক্ষা।

"In East or in West, in ancient or in modern times, in religious or in secular societies, the principles in which it has been proposed to educate the youth have always been checked, reinforced and examplified by reference to the past."

"It is a strange that a subject like history that records man's doings in society and explains the state of civilization in which we find ourselves and as such, is of the widest human appeal, should have failed to convince the school authorities of its vital importance.

-K. D. Ghosh

"In fact it is no exaggeration to say that from long being the cinderella of the curriculum, she bids fair to be its Queen."

-K. D. Ghosh.

# ॥ বিক্তালয়ের পাঠ্যক্রমে ইতিহাসের স্থানলাভের ইতিহাস।। | History of Accepting History as a School Subject |

বর্তমানে পৃথিবীর সবদেশের বিভালয় ভরের পাঠ্যক্রমে ইতিহাস একটি পাঠ্য বিষয় হিদেবে গৃহীত হয়েছে। কিন্তু ইতিহাদের এই স্থানলাভ কোন আক্ষিক ঘটনা হয়, দীর্ঘকাল ব্যাপী বহু পরীক্ষা-নিরীক্ষা বহু বিতর্কের ফল্ফ্রতি। আমরা এক্ষণে সেইদিকে আলোকপাত করতে চাইছি।

একেবারে প্রাথমিক স্তরে কেবল মাত্র আনন্দলাভের উদ্দেশ্যে ইতিহাস পঠি করা হ'ত। তারপর ক্রমণঃ বিভালয়ের পাঠ্য বিষয়ের সঙ্গে ইতিহাবও যুক্ত হ'ল। তথন লক্ষ্য হিল ইতিহাসের মাধ্যমে নীতিশিক্ষা দোল। মধ্যযুগেও ধর্ম প্রচারকগণ ধর্মতত্ত্ব ও ধর্মীয় সংস্থার উপর প্রাথমিক স্তর

সাধারণ মান্ত্যের অবিচল বিশ্বাস রাথার জন্ম ইতিহাস শিক্ষার ব্যবস্থা করতেন।

ষোড়শ শতাব্দীতে দেখা গেল দৃষ্টিভঙ্গীর পরিবর্তন। জার্মান পণ্ডিত জ্যাকব উইম্ফেলিং 'জার্মান জাতীয়তাবাদকে শক্তিশালী করার তাগিদে ইতিহাস শিক্ষার উপর গুরুত্ব আরোপ করেন।

এরপর ইতিহাদের ভূমিকাকে স্পষ্টতর করে তুললেন মার্টিন লুথার। তাঁর মতে ইতিহাসের মধ্য দিয়ে আমরা আমাদেরই প্রতিফলন দেখতে পাই এবং ইতিহাসের মধ্য দিয়ে ঈশ্বরও নিজেকে প্রকাশ করেন। মার্টিন র্থান্তের অভিনত তাই ইতিহাসকে হতে হবে সত্যের প্রবন্ধণ এবং ঐতিহাসিক হবেন একজন নির্ভীক সমালোচক ও নিরপেক্ষ শক্তিমান লেথক। তাই লুথারের বিশাস ঐতিহাসিক হলেন the most useful of men and the best of teachers.

অন্তদিকে স্পেনের লুই বাইব্স বললেন, ইতিহাস হ'ল সর্বোৎকৃষ্ট পাঠ্য বিষয়। তাঁর মতে, where there is history, children have transferred to them the advantages of old men; where history is absent, old লুই বাইব্স-এর men are as children. তিনি আরও বলেছেন, "It is one অভিযত study which either gives birth to or nourishes, develops, cultivates all arts" কারণ ইতিহাস্ট হ'ল গতি-নির্দেশক, আমাদের পথ-প্রদর্শক।

এই নীতির উপর ভিত্তি করে এই সময়ের আর একজন পণ্ডিত জোহানীস শ্লিডেনাস "Four Menarchis" নামে একথানি ইতিহাসের রিডেনাশ পাঠ্যপুস্থক রচনা করেন। এই পুত্তকথানি জার্মানী, ফ্রান্স ও

ইংলণ্ডের শিক্ষক মহলে তুমুল আলোড়ন স্বাচ্চ করেছিল।

পাঠ্য বিষয় 'হসেবে ইতিহাসের বিবর্তনে পরবর্তী অবদান হ'ল প্রথ্যাত শিক্ষাবিদ্ কমেনিয়াসের। তিনি শিক্ষার সমগ্র তরে ইতিহাসকে পাঠ্য হিসেবে গ্রহণের পক্ষে অভিমত প্রকাশ করেছেন। শুরু তাই নয়। ইতিহাসের কমেৰিয়াৰ পাঠ্যক্রম কেমন হওয়া উচিত তার একটা রূপরেথাও তিনি অঙ্কন করেছেন। তা হ'ল, প্রাথমিক হুরে পৃথিবীর ইতিহাস, মাধ্যমিক স্তরে সামাজিক ইতিহাস এবং পরবর্তী হুরে জাতীয় ইতিহাস পড়ানো হবে।

এই সঙ্গে আর একটি নাম উল্লেখযোগ্য। তা হ'ল এটিয়ান উইদ্ধী। ইনি ইতিহাদ পাঠে দমদাময়িকতার উপর গুরুত্ব আরোপ করেন। **उ**रेजी কারণ তাঁর বিখাস হ'ল, বর্তমানের প্রয়োজন অনুসারেই অভীতের পাঠ্য নির্বাচন করা দরকার। তারপর সপ্তদশ শতান্ধীর শেষভাগে জার্মানীর অধ্যাপক কেলারিয়াদ ইতিহাদকে প্রাচীন, মধ্য ও আধুনিক এই তিনভাগে বিভক্ত করেন এবং এই যুগভাগের কেলারিয়াস্ উপর ভিত্তি করেই ইতিহাদের পাঠ্য পুস্কক রচনা করেন।

অস্তাদশ শতাব্দীর প্রথম থেকেই বিভালয়ে ইতিহাস পড়ানোর প্রাকৃত উৎসাহ স্প্রি হয়। এই সময় ভলটেয়ার রচনা করলেন সভাতার ইতিহাস। গিবন্ লিখলেন রোমান সাম্রাজ্যের পতনের কাহিনী। চালস রোলিন প্রকৃত নীতি শিক্ষাদানের উদ্দেশ্যে ইতিহাস পাঠের উপর জোর দিলেন।

এইভাবে দেখা গেল, ফ্রান্সে দমত্ত বিভালয় পাঠ্যক্রমে ইতিহাদ পরিপূর্ণ মর্যাদায় স্বীকৃতি পেল। জার্মানীতেও এই উদ্যোগ আরম্ভ হ'ল। ইউরোপের অক্যান্ত দেশের শিক্ষাসংস্কারকগণ ইতিহাসের অপরিহার্যতা ক্রমশঃ স্বীকার করে নিলেন। ইংলপ্তেও এই দময়েই শিক্ষার মধ্য দিয়ে রাট্রনায়ক ও স্থনাগরিক তৈরী করার প্রয়াদ গুরু হ'ল। ফলে এখানেও ইতিহাস আপন মহিমায় প্রতিষ্ঠিত হ ল।

এই শতান্দীতেই শিক্ষাবিদ্ধ রুশে। এক ভিন্ন দৃষ্টিকোণ থেকে ইতিহাসকে বিচার করতে চাইলেন। তিনি বললেন, নির্লিপ্তভাবে মানুষকে বিচার করবার জন্মই কশো তার অতীতকে জানতে হবে। এক্ষেত্রে সমসামন্ত্রিক প্রোমিকা কেই। কোন মূল্য নেই প্রতিহাসিকের অভিমত্তরও। বরং এই অভিমত শিক্ষার্থীর নিজস্ব চিন্তাধার। বিকাশের ক্ষেত্রে প্রতিবন্ধক স্বরূপ। কারণ স্বকিছু জেনে, বিচার করে শিক্ষার্থী কোন বিষয় সম্পর্কে নিজেই থাতে সিদ্ধান্ত গ্রহণ করতে পারে এমন সামর্থ অর্জনে সাহায্য করাও শিক্ষার কাজ। এ ছাড়া কশো সামাজিক পরিলতার বাইরে যে ব্যক্তি-মানুষ তার জীবনী পাঠের মাধ্যমে ইতিহাস জানাতে চেয়েছেন তাঁর এমিলকে।

প্রদারার ফ্রেডরিক দি গ্রেট আইন করে ইতিহাসকে বিভালয়ের আবশ্যিক পাঠে রূপান্তরিত করেন। তার মতে, ইতিহাস একাদকে যেমন ফ্রেডারিক দি গ্রেট অন্ত দিকে তেমনি নীতিজ্ঞান ও দেশের শাসকবর্গের আচুগত্য বোধ জাগ্রত করার নির্ভরযোগ্য মাধ্যম।

জার্মানীর বেসডো বর্তমান থেকে ক্রমশঃ অতীতের দিকে পিছিয়ে গিয়ে ইতিহাস পড়াতে বলেছেন। টুগপ্ ইতিহাস পাঠে শিক্ষার উপকরণ ব্যবহারের প্রয়োজনীয়তা সম্পর্কে বললেন। ক্যাম্প্ প্রাচীন বীরত্বপূর্ণ উপকথাকেই শিশু-ইতিহাসের উপজীব্য হিসেবে গ্রহণ করতে বললেন। অত্যদিকে সল্জম্যান ম্পষ্ট বলে দিলেন, "History, as it is ordinarily taught. lifts the pupil out of the society of the living and places him in the society of the dead." তিনি ইতিহাস থেকে উপাধ্যানকে বাদ দিয়ে শিক্ষাণীর সামাজিক দৃষ্টিভঙ্গী গড়ে তোলার কথাই বললেন।

ষাই হোক অষ্টাদশ শতাব্দীতেই দেখা গেল ইতিহাস পাঠ্য বিষয় হিসেবে সর্বত্রই
গৃহীত এবং ইতিহাসের পরিধি মোটামূটি মধ্যযুগ পর্যস্ত সীমিত। বিষয়বস্তুতে ছিল

বিশ্ব ইতিহাসের একটি সাধারণ পাঠ, নৈতিক ও ধর্মীয় দৃষ্টিকোণ থেকে বাইবেল বণিত ইতিহাস, এবং চারিত্রিক ও সাংস্কৃতিক দৃষ্টিকোণ থেকে অতীতের ধঞ্জাংশে।

উনবিংশ শতাব্দীতে আরম্ভ হ'ল বিজ্ঞানভিত্তিক ইতিহাস চর্চা। এর থেকেই তিন শ্রেণীর মতবাদের জন্ম। প্রথম মতবাদ হ'ল অনুবন্ধ তত্ত্ব যার মূল প্রবক্তা হলেন হার্বাটের অনুগামী জিলার্। এরা ইতিহাসকে কেন্দ্র করে অন্যান্ত বিষয় পঠন-পাঠনের স্থপারিশ করলেন।

দ্বিতীয় মতবাদ প্রজ্ঞাতত্ত্ব যার বিকাশ যুলতঃ জার্যানীতে। এই মতবাদ অনুসারে নিরবচ্ছিন্ন অগ্রগতির অনুসন্ধানই হ'ল ইতিহাস। এই মতবাদ ক্রমশঃ ব্যাপক প্রসার লাভ করে।

তৃতীয় মতবাদ হ'ল বিজ্ঞান-তত্ত্ব যার বিকাশ হয়েছে ফ্রান্সে। এই মতবাদ অনুসারে, সত্যকে প্রকাশ করা যেহেতু সকল বিষয়েরই লক্ষ্য, সেই হেতু ইতিহাসেও থেন এর কোন ব্যতিক্রম না ঘটে।

আমেরিকা যুক্তরাট্রে এই সময় পর্যস্ত চলেছে ইতিহাস রচনা পঠন-পাঠন সম্পর্কে পরীক্ষণ ও পর্যবেক্ষণের পর্যায়। বহু আলাপ-আলোচনার পর সিবাস্ত হ'ল, সামাজিক মানেরিকা যুক্তরাষ্ট্র অবহিত করা এবং বর্তমান সম্পর্কে আগ্রহশীল করাই হবে আমেরিকা যুক্তরাষ্ট্র ইতিহাস শিক্ষার লক্ষ্য।

আবার প্রথম বিশ্বযুদ্ধকে কেন্দ্র করে জাতীয় চেতনা জাগরণই হয়ে উঠ্লো ইতিহাস শিক্ষার লক্ষ্য। কিন্তু যুদ্ধ শেষে জাতি-সংঘের নেতৃত্বে আন্তর্জাতিক সদ্ভাব স্পন্তির উদ্দেশ্যে ইতিহাসকে ব্যবহার করার প্রবণতা দেখা দিল।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তীকালে UNESOO-র উত্যোগে আন্তর্জাতিক সৌহার্দ স্থাপনই ইতিহাসের অন্যতম লক্ষ্য বলে চিহ্নিত হ'ল। সঙ্গে স্থাতীয় ইতিহাস ছাড়াও সাংস্কৃতিক ও সামাজিক বিবর্তনের কাহিনীও ইতিহাসে উত্যোরোত্তর অধিকতর গুরুত্ব পেতে লাগলো।

## ॥ পাঠ্যক্রমে ইতিহাসকে গ্রহণের যৌক্তিকতা॥

আজ ইতিহাস সর্বদেশে সকল বিভালয়ে একটি অক্ততম পাঠ্য বিষয় হিসেবে গৃহীত। অথচ ইতিহাস এমন একটি বিষয় ষার কোন তাৎক্ষণিক বান্তব উপযোগিতা নেই। অন্ততঃ বিভিন্ন বৃত্তি শিক্ষামূলক বিষয়ের তুলনীয় তো বটেই। তব্প ইতিহাসের এই ষে বিশ্বব্যাপী সার্বজ্ঞনীন স্বীকৃতি তা নিশ্চয়ই সুন্দ্ম পর্যালোচনার অপেক্ষা রাথে। আমরা এবার এই পর্যালোচনাতেই প্রবৃত্ত হ'ব।

#### । মনস্তাত্ত্বিক দিক ॥

ইতিহাস যে রচিত হ'ল তার গোড়ার কথাটা কি ? তা হ'ল মানুষের সীমাহীন অনুসন্ধিৎসা। মানুষের প্রবৃত্তি-ই হ'ল অদেখাকে দেখার, অজানাকে জানার। সেই মানুষ তাই স্বভাবতঃই একদা জানতে চেয়েছিল তার পটভূমিকা, যে পটভূমিকা তাকে আজকের পর্যায়ে উনীত হতে সাহাষ্য করেছে। এই চাওয়া থেকেই জন্ম হ'ল ইতিহাস নামক বিষয়টির। মেট্ল্যাণ্ড যথার্থই বলেছেন ইতিহাস হ'ল "the study of man's progress from his weak shady beginning to the splendour of his present position." স্বতরাং ইতিহাস যেমন মানুষের কৌতূহলকে জাগ্রত করেছে তেমনি সেই কৌতূহলকে চরিতার্থ করতে সাহাষ্য ও করছে।

অন্ততঃ বাং দক্ষিকাল পর্যন্ত মান্নবের এই কৌতৃহলী মন থাকে সদা-জাগ্রত।
এই সময় মান্নবের মন কল্পনার ভানা মেলে উড়ে চলে যায় দেশ থেকে দেশান্তরে, কাল
থেকে কালান্তরে, যুগ থেকে যুগান্তরে। মান্নবের অগ্রগতির যে
ধারাবাহিক কাহিনী তা এমনই লোমহর্ষক, চিতাকর্ষক এবং
বিশানকর যে মান্নবের এ সময়কার কল্পনা বিলাসও এখানে
পরাজিত হয়। তাই এই কল্পনা-বিলাসকে তৃপ্ত করার যে প্রয়োজনীয়তা
মনস্তত্ত্বে স্বীকৃতি পেয়েছে, ইতিহাস সেই ক্লেত্রে একটি উল্লেখযোগ্য
ভূমিকা পালন ক্রতে পারে।

শুধু মাত্র কৌতৃহল চরিভার্থ করাটাই বড় কথা নয়। এর সঙ্গে জড়িয়ে আছে
অন্তান্ত প্রসঙ্গও। ইতিহাস এমন একটি স্থশুজল পদ্ধতি অন্তমরণ করে যা সর্বাংশে
বিজ্ঞানভিত্তিক। শিক্ষার্থীকে যদি আমরা ইতিহাসের পদ্ধতিগত
সামগ্রিক ব্যক্তিপ দিকটির সঙ্গেও সঠিকভাবে পরিচিত করাতে পারি তাহলে
বিকাশ ইতিহাসের সঙ্গে সঙ্গেক শিক্ষার্থীরও একটি স্থস্থ এবং
স্থশুজ্ঞাল মানসিক কাঠামো গড়ে উঠবে। সামগ্রিক ব্যক্তিপ বিকাশের ক্ষেত্রে
এই মানসিক কাঠামোর বিশেশ গুরুত রয়েছে।

ইতিহাসের শিক্ষা হ'ল সংকীর্ণতা পরিহারের শিক্ষা। ইতিহাসের দীক্ষা হ'ল ঔদার্যের দীক্ষা। দেশ, জাতি ও সমাজের উর্ধেয়ে সামগ্রিক মানবিক সভা তাই হ'ল শেষ কথা এবং এই সন্তার পরিপূর্ণতার জন্ম কোন সংকীর্ণ ভেদাভেদের ভূমিকা নেই। জাতিগত উগ্রতা পরশ্রীকাতরতা, পারস্পরিক বিশ্বাস হীনতা, সংস্থারগত সংকীর্ণতা কেবলমাত্র সেই সন্তার ক্ষেত্রে অন্তরায় স্বাধী করে। এই সভাের উপলব্ধি শিক্ষার্থীকেও উদার নীতিতে আস্থাশীল করে তােলে।

ইতিহাস চর্চার মধ্য দিয়েই শিক্ষার্থীর যুক্তবাদী চিত্তাধাবা, বিশ্লেষণী বৃদ্ধিবৃত্তি, নিরপেক বিচারশক্তি, নৈর্বজ্ঞিক মানসিকতা, সহনশীলতা, সংবেদনশীলতা প্রভৃতি গুণাবলী অর্জন করতে পারে। তাছাড়া শৃতিশক্তি বৃদ্ধি ও সত্যাত্মসন্ধানের প্রবৃত্তি

এসব গুণাবলীও শিক্ষার্থীর জীবনে ইতিহাসের অসামান্ত
অক্ষান্ত গুণাবলী অবদান। এইসব গুণাবলী সামাজিক জীবনে স্কন্থ জীবন

যাপনের প্রয়োজনে যে একান্তই অপরিহার্য সেই সম্পর্কে সংশন্ত প্রকাশের কোন
স্কযোগই নেই।

#### । সমাজতাত্ত্বিক দিক ॥

একসময় ছিল যখন ইতিহাস বলতে ব্ঝাতো রাজা ও রাজবংশের কাহিনী আর যুদ্ধ-বিগ্রহের বিবরণী। কিন্তু ক্রমশঃ এল দৃষ্টিভঙ্গীর ক্ষেত্রে এক পরিবর্তন। সাম্প্রতিক দৃষ্টিভঙ্গী হ'ল, রাজা আর রাজবংশ. যুদ্ধ আর বিগ্রহ— এইসব কাহিনী আর ইতিহাসের যূল উপজীব্য বিষয় নয়, তার পরিবর্তে মানুষ ও তার সামাজিক পারিপার্থিকতার স্কুচারু বিশ্লেষণই হ'ল ইতিহাস। এই নতুন দৃষ্টিভঙ্গীটি টেরেন্দ স্থানরভাবে বর্ণনা করে বলেছেন, "I am a man, whatever concerns man is of interest to me."

এই যে ইতিহাসের নতুন বক্তব্য ভার কারণ অনুসন্ধান থুব আয়াসসাধ্য নয়। আমরা আজ যে পটভূমিকায় বসবাদ করি, আমাদের স্বাভাবিক কৌতৃহল হতে পারে সেই পটভূমিকার বিবর্তন সম্পর্কে স্বচ্ছ জ্ঞান অর্জন করবার। তাছাড়া যে সভ্যতা মাতুৰ আজ গড়ে তুলেছে তা যে বিচ্ছিন্নভাবে শাসুষের সামগ্রিক কোন দেশ বা জাতির সৃষ্টি নয়, কিংবা বিচ্ছিন্নভাবে কডকগুলো পরিচয় ব্যক্তিত্বের নিঃসঙ্গ অবদান নয়, এটা আমাদের বুঝতে হবে। সর্বোপরি বর্তমানের ঘটনাবলীকে যদি স্থাচিন্তিত বিচার করতে হয় তবে সেই ঘটনাবলীর পশ্চাদৃপটও আমাদের জানা দরকার। অর্থাৎ বর্তমানের নির্ভুল বিচারের জন্মও অতীত বা ইতিহাস। মূর্লে তাই বলেছেন, "It is the present which really interests us; it is the present we seek to understand and explain. I want to know what men thought and did in the 13th century not out of idle antiquarian curiosity but because the 13th century was at the root of thought and action in the 19th century." আবার বর্তমানের সঠিক বিশ্লেষণের মধ্য দিয়ে আমরা ভবিষ্যুৎ সম্পর্কেও একটি স্থুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করতে পারি। তাই ইতিহাসের অন্ততম কাজ হ'ল ভবিষ্যৎ দৃষ্টিভঙ্গী গড়ে তোলা। এই কথাটি পরিদার ব্যাখ্যা করে স্থার্ জন্ ষ্টি,লি বলেছেন : "I tell you that when you study history, you study not the past of England but her future. It is the welfare of the country, it is your whole interest as citizens, that is in question when you study history,"

তা হলে দেখা গেল, ইতিহাসের নতুন পরিক্রমার গতিপথ হ'ল মানুষ ও তার সমাজ জীবন। এই নতুন গতিপথের তাংপর্য কেবলমাত্র তাত্ত্বিকই নয়, এর একটি ব্যবহারিক প্রয়োজনীয়তাও রয়েছে। আজকের গণতান্ত্রিক সমাজ ব্যবহার নাগরিকদের সমাজ-সচেতনতার গণতান্ত্রিক সমাজ ব্যবহার নাগরিকদের সমাজ-সচেতনতার গণতান্ত্রিক সমাজ ব্যবহার নাগরিকদের সমাজ-সচেতনতার হ'ল আগামী দিনের নাগরিক। স্থতরাং তাদের মধ্যে দমাজ সচেতনতার বীজরোশন করতে হলে তাদের দল্পথে সমাজের সামগ্রিক চিগ্রটিই পরিক্ষ্ট করে তুলতে হবে। ইতিহাসের সমাজতান্ত্রিক বিশ্লেষণ এই গুরু দায়িত্বভার নিঃশব্দে বহন করে চলেছে।

## ॥ বাস্তব উপযোগিতার দিক॥

অন্যান্ত বৃত্তিমূলক ব্যবহারিক বিষয়ের মত পাথিব উপধোগিত। ইতিহাসের না থাকলেও ইতিহাস এমন কতকগুলো বাস্থ্য প্রয়োজন মিটিয়ে চলেছে যে তারও মূল্য উপেক্ষণীয় নয়।

গণতান্ত্রিক ভাবাদর্শ শিক্ষার্থীর মধ্যে প্রতিফলিত করা, তাদের দেশপ্রেমে উদ্বৃদ্ধ করে দেশ গঠনের কাজে নিয়োজিত আজকের পৃথিবীতে গণতত্রও দেশপ্রেম যে কোন দেশের শিক্ষা-ব্যবস্থার উপ্সিত লক্ষ্য। গণতান্ত্রিক চেতনা জাগরণের জন্ম শিক্ষার্থীকে নাগরিক দায়িত্র ও কর্তব্য সম্পর্কে অবহিত হতে হবে। দেশপ্রেম জাগরণের জন্ম তাদের সন্মুথে নিজ নিজ দেশের সামগ্রিক চিত্রটি তুলে ধরতে হবে। উভয় প্রয়োজন সাধনের উদ্দেশ্যে ইতিহাসকে আমরা যথেই নির্ভরতা ও বিশ্বস্তুতার সঙ্গে ব্যবহার করতে পারি।

"History furnishes to the child a splendid guide to a vast storehouse of knowledge—the great home of knowledge in which the child may scarch at will. এই জ্ঞান ভাঙার কিন্দের? জ্ঞান ভাঙার হ'ল মানব সংস্কৃতির ঐতিহ্য ও উত্তরাধিকারের। ইতিহাস এই উত্তরাধিকারকেই—আপন বক্ষে ধারণ করে রেখেছে অনন্তকালব্যাপী মানুষের অপরিসীম জ্ঞান-পিপাসাকে চরিতার্থ করবার জন্যে। শিক্ষার্থী এই উত্তরাধিকারের চর্চার মধ্য দিয়েই জানতে পারবে নিজেদের প্রস্কৃত পরিচয়।

শিক্ষার্থীর স্কচরিত্র গঠনে সাহায্য করাও শিক্ষার অপর একটি উদ্দেশ্য।
ইতিহাস তো নিজেকে পূর্ণ করে রেথেছে কত মান্তবের সাফল্য আর ব্যর্থতার অস্তহীন
কাহিনী দিয়ে। এইসব কাহিনী একদিকে যেমন শিক্ষার্থীর
ভেতর নীতিবাধ জাগ্রত করে, অক্সদিকে তেমনি চরিত্র-গঠনের
অন্তর্কল সাম্যবাদের সন্ধান দেয়। কারণ ইতিহাস তো নিয়তই সত্য-সন্ধানী এবং
সত্য-নিষ্ঠা যে কোন মান্তবের গ্রেষ্ঠ সম্পদ্।

বর্তমান প্রযুক্তি-বিজ্ঞানের যুগে মানব-জীবন একদিকে যেমন বিজ্ঞান-নির্ভর অক্তদিকে দেই বিজ্ঞানই তার প্রহণ্ড বিভীষিকা। য'দি 'বিজ্ঞানকে সর্বতোভাবে কেবলমাত্র আশীর্বাদ হিসেবেই পেতে চাই, যদি পৃথিবীকে ধ্বংদের ত্বঃসহ 
নান্তর্জাতিক সম্প্রীতি বিভীষিকা থেকে অধ্যাহতি দিতে চাই, তা হলে প্রয়োজন হ'ল
আক্র্যাতিক সম্প্রীতি। এই সম্প্রাতি সম্প্রদারণের কাজে ইতিহাস একটি গুরুত্বপূর্ণ
ভূমিকা পালন করে থাকে।

শিক্ষাবিদ্যা বলে থাকেন, "Our great endeavour today is to train boys and girls to think and to think in an orderly dispassionate manner."

এই যে যুক্তিবাদী চিত্তাশক্তির কথা বলা হ'ল ইতিহাস গুলিবাদী চিত্তাশলি। এই শক্তির স্থমম বিকাশে বিশেষ সহায়তা করে। প্রকৃতপক্ষে ইতিহাদ যে পদ্ধতিগত প্রক্রিয়ার মধ্য দিয়ে রচিত হয় তার অন্থাবন এবং অনুদরণ শিক্ষার্থীর শিক্ষাগত ও বৌদ্ধিক বিকাশে বহুদিক থেকে সাহায্য করে থাকে।

# ॥ ইতিহাস পাঠের আবগ্যিকতা ও ঐচ্ছিকতা।

ইতিহাসকে যথন বিতালয়ের পাঠ্যক্রমে গ্রহণ করার যৌক্তিকতা সম্পর্কে প্রশ্ন করার আর কোন অবকাশ রইলো না, তথন এল পরবর্তী প্রশ্ন: ইতিহাসকে আবিশ্যিক বিষয় হিসেবে না এচ্ছিক বিষয় হিসেবে গ্রহণ করা যুক্তি সঙ্গত। এই প্রশ্নের জবাব দেবার দায়িত্বও আমাদেরই গ্রহণ করা উচিত।

বর্তমান শিক্ষাব্যবস্থার ক্ষেত্রে শিক্ষার্থাদের কোন একটি নির্দিষ্ট দিকে বিশারদ্ করে তোলার প্রবণতা অত্যন্ত স্পষ্ট। এর কারণও খুব ত্রধিগম্য নয়। শিকার বাস্তব উপযোগিতা দিম্থী—প্রথমতঃ শিক্ষার্থী যেন তার লক শিক্ষার বিশেষীকরণ শিক্ষার সাহায্যে ভবিশ্বং কর্মময় জীবনে সহজ প্রবেশাঃধকার পায়। প্রয়োজন হিতীয়তঃ শিক্ষার্থীর ভবিশ্বং কর্মী-জীবন যেন সামাজিক প্রয়োজন মেটাবার অন্তর্কুল হয়। এই পারিপাশ্বিকতায় স্বভাবতঃই সন্দেহ এনে যায় ইতিহাদের ভূমিকা সম্পর্কে।

এই সন্দেহের নিরসন আমরা করতে পারি চই দিক থেকে।

প্রথমতঃ অধুনা আমরা যতই বিশেষীকরণের কথা বলি না কেন সত্যকে আমরা কথনোই এড়িয়ে যেতে পারছি না, তা হ'ল আধুনিক জ্ঞানের ক্রমপ্রসারমান ব্যাপকতা, গভীরতা ও জটিলতার পরিপ্রেক্ষিতে সাধারণ শিক্ষার একটি পোক্ত ভিত্তিভূমি ছাড়া বিশেষী-প্রয়েজন করণের শিক্ষা কেবলমাত্র নিজের পারে ভর রেখে শাঁড়াতে পারে না। প্রকৃতপক্ষে সাধারণ শিক্ষার হুরটি হ'ল বিশেষীকরণ শিক্ষার প্রস্তুতিপর্ব। তাই এই প্রস্তুতিপর্বে ইতিহাদ যে একটি আব্যুক্তি বিষয় হিসেবে

বিবেচিত এবং গৃহীত হওয়া উচিত দে সম্পর্কে সন্দেহের কোন অবকাশ থাকতে পারে না।

বিতীয়তঃ বিশেষীকরণের শিক্ষার সার্থকত। নির্ভর করে গভীর মানবতাবোধের উপর। বিশেষীকরণের শিক্ষা তো দামাজিক প্রয়োজনকেই মেটাবে।
কিন্তু সেই দামাজিক প্রয়োজনটা কি তা জানার জন্ত দমাজকে
তো জানতে হবে। আজকের পরিবেশে যে উদ্দেশ্রহীনতা, যে
গভীর হতাশাবোধ, যে জীবন-যত্রণা তরুণ-দমাজকে নিয়মিত এক চূড়ান্ত অবক্ষয়ের
পথে নিয়ে ঘাছে তার মূল কারণ হ'ল আমাদের দামাজিক মূল্যহীনতা। এবং
আমরা যতক্ষণ এই মূল্যবোধকে ফিরিয়ে আনতে না পারছি—ততক্ষণ পর্যন্ত
শিক্ষাক্ষেত্রে যত পরীক্ষা-নিরীক্ষাই চলুক না কেন তা কথনোই দার্থকতায় উত্তীর্ণ
হতে পালবে না। স্বতরাং এই মূল্তে দর্বাগ্রে প্রয়োজন হ'ল দামাজিক
মূল্যবোধের পুনঃপ্রতিষ্ঠা। আর এই প্রতিষ্ঠার কাজে ইতিহাদের ভূমিকা
অনন্ত দাধারণ। কারণ ইতিহাদ তো হ'ল দমগ্র মানব-সভ্যতা ও সংস্কৃতির এক যৌথ
উত্তরাধিকার।

তাই আল দেখি সর্বদেশে শিক্ষার একটি নির্দিষ্ট শুর পর্যন্ত ইতিহাস আবশ্রিক বিষয় এবং পরবর্তী প্রেরও একটি এডিক বিষয় হিসেবে ইভিহাসের স্থান প্রনির্দিষ্ট। আসাদের দেশেও সাম্প্রতিক কালে কোঠারী কমিশম যে মুপারিশ করেছেন তাতেওু ইভিহাসের এই ভূমিকার কোন পরিব ইন ঘটে নি।

### । বিজ্ঞালয়ের বিভিন্ন ভারে ইভিহাস পাঠের লক্ষ্য ॥

আবিশ্রিক হোক আর এচ্চিক হোক বিভালয়ের পাঠ্যক্ষে ইভিহাসের স্থান সম্পর্কে ব্যন আর কোন সংশ্রের অবকাশ থাকলো না, তথন আমাদের বিবেচ্য, বিভালয়ের বিভিন্ন করে কোন্ কোন্ লক্ষ্যপূর্ণের উদ্দেশ্যে ইভিহাসকে ব্যবহার করা হবে।

আলোচনার প্রবিধের জন্ম আমরা বিভালয়ের শিক্ষার্থীদের তিন্টি ভাগে ভাগ করে নিই-প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক। কোঠারী কমিশন্ যে নতুন শিক্ষা কাঠানোর কথা বলেছেন দেখানে প্রাথমিক শিক্ষার স্থায়জকাল সাত বা আটি বংসর। এই সময়কে আবার হুটো ভাগে ভাগ করা হয়েছে—নিম্ন প্রাথমিক ও উচ্চ প্রাথমিক। আমাদের করা প্রাথমিক ভাগটি কোঠারী কমিশনের নিম্নপ্রাথমিক হুর পর্যন্ত বিস্তৃত। এরপর কোঠারী কমিশনের মাধ্যমিক হুর, সেক্ষেত্রেও উপ-বিভাগ হুইটি, যথাঃ নিম্ন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক। আমাদের মাধ্যমিক ভাগ বলতে বুঝায় কোঠারী কমিশনের উচ্চ প্রাথমিক ও নিম্ন মাধ্যমিক কুকু ভাবে। স্কুতরাং এই স্তর বিস্থাদের উপর ভিত্তি করে এবার আমরঃ পরবর্তী আলোচনার অগ্রসর হ'ব।

#### ॥ প্রাথমিক স্তর ॥

এই শুরে শিক্ষার্থীদের বয়:সীমা হ'ল আট থেকে দশ। তাই এই শুরে ইতিহাস
শিক্ষার লক্ষ্য স্থির করার কালে আমাদের এই বয়.সীমার কথা মনে রাখতে হবে।
এখন শিক্ষার্থীরা কল্পনা প্রবণ ও কৌতূহলী। কিন্তু তারা যুক্তিবাদী চিন্তা-চেতনায়
সক্ষম নয়। তাই এই শুরে ইতিহাস চর্চার প্রথম লক্ষ্য হবে, ইতিহাস
সম্পর্কে শিক্ষার্থীদের আগ্রহশীল করে তোলা। তারা আগ্রহশীল হবে
যদি ইতিহাসকে এখন গল্প বলার ভিদ্যায় পরিবেশন করা যায়। অন্ততঃ তারা
এখন এটুকু বৃত্তুক যে তারা যে দেশে বাস করে সেই দেশেরও এক দীর্ঘ পুরানে।
ইতিহাস রয়েছে যা তাদের জানতে হবে বৃথতে হবে।

দিতীয়তঃ অতীতের খ্যাতিমান ব্যক্তিষের কাহিনী তাদের জানতে হবে। লক্ষ্য হবে এই স্তরে শিক্ষার্থীদের মধ্যে অন্ততঃ ভাল-মন্দের তারতম্য বিচারের চৈতত্যোদয় ঘটুক। মাহযের সংসারে মাহযেরই মঙ্গল করতে গিয়ে মহাপুরুষেরা যে কত বাধা বিদ্ন পেরিয়ে এসেছেন, কত ত্যাগ অমান বদনে মেনে নিয়েছেন, কত বাড়-বয়া সহা করেছেন—এটুকু শিক্ষার্থীরা অন্তব করুক। তাই সহজ্ব-সরল-ভানাডক্ষর ইতিহাসই হ'ল এই স্তরের ইতিহাস।

#### ॥ মাধ্যমিক স্তর ॥

এই ভরে শিক্ষার্থীদের বয়ঃসীয়া হ'ল এগারো থেকে চৌদ্দ বা পনের বংসর। এখন বিশালালার কৈলোনের কিল্লান্ত কলে চলেছে দৌননের ভাগেল গোরবে। ক্রমশঃ তারা এখন বাস্তবম্থা, তাদের চিন্তা শক্তি ও খুতি শক্তি ক্রিয়াদীল। তাদের খনো ক্রমশঃ এনে যান্তে নিজন পরিবেশ সম্পর্কে স্কাণ সভেতনতা। স্তত্রাং এই মান্সিকতার সঙ্গে স্কৃতি রক্ষা করেই এখনকার ইতিহাস শিক্ষার লক্ষ্য নির্ধারণ করতে হবে।


এই স্তরে ইতিহাসকে অধিকতর আকর্ষণীয় করে তোলার উদ্দেশ্যে দাটনা ঠিক যেভাবে ঘটেছিল সেইভাবে বিশ্বত করতে হবে। লক্ষ্যর রাখতে হবে ইতিহাস পাঠের মাধ্যমে শিক্ষার্থী যেন বিবর্তনের ধারাটি অনুভব করতে পারে, সমসাময়িক ঘটনা, আন্তর্জাতিকতা ও কার্য-কারণ সূত্রে ইতিহাসকে প্রথিত করতে পারে। তাছাড়া গণতান্ত্রিক নাগরিকতা ও জাতীয়তাবোধকে বিকশিত করবার জন্ম ধেমন স্থানীয় ও জাতীয় ইতিহাস পাঠ হবে তারই সঙ্গে বিশ্বজনীনতা বোধও যাতে উপেক্ষিত না হয় সেইজন্ম জাতীয় ইতিহাস পর্যালোচনার সঙ্গে সঙ্গে বিশ্ব-প্রসঙ্গও উত্থাপিত হবে।

এই হুরে আর একটি দিক সম্পর্কে সচেতন হতে হবে। তা হ'ল এই হুরের সঙ্গেই সাধারণ শিক্ষার স্তুর শেষ হবে। এমন হতেই পারে যে কিছু সংখ্যক শিক্ষাথী এই ভরের শিক্ষা সমাপন করার মঙ্গে মঙ্গেই ছাত্র জীবন সাপ করবে। কিংবা তা না করলেও পরবর্তী ভরে ইতিহাস হবে ঐচ্ছিক বিষয় যা প্রায় বিশেষীকরণের পর্যায়ভূজ হবে। তাই মাধ্যমিক স্তরে ইতিহাসের পাঠ এমন পর্যায়ে নিয়ে যেতে হবে যাতে একদিকে এই বিষয়ের অমূল্য অবদান থেকে কোন শিক্ষার্থী বঞ্চিত না হয়, তেমনি অন্যদিকে ইতিহাসকে উচ্চ শিক্ষা লাভের উপযোগী করে গড়ে তুলতে হবে।

# ॥ উচ্চমাধ্যমিক স্তর ॥

এক্ষণে শিক্ষাথীরা সম্পূর্ণভাবে বয়ঃসন্ধিকালে উপনীত। এই সময়ের যে এক অভূত মানসিকতা তার পরিচর্যা হবার মত প্রচুর সন্থার ইতিহাস থেকেই সংগৃহীত হতে পারে। স্কুদূরের সাল্লিধ্য লাভ, অদৃশ্যকে ইন্দ্রিয় গ্রাহ্য করে তোলা, বিশ্বব্যাপী সখ্যতার প্রসার—বয়ঃসন্ধিকালের এইসব প্রবৃত্তি অনায়াসেইতিহাস মিটিয়ে দিতে পারে।

তাই এই স্তরে ইতিহাসকে হতে হবে যুক্তিবাদী মননশীলতায় প্রাজ্ঞ ও তীক্ষ্ণ সহাজি-দ্রষ্টা। শিক্ষার্থীর সীমাহীন কৌতূহল নির্বৃত্তির জন্ম ইতিহাসের পদ্ধতির সঙ্গে ষেন তার পরিচয় হয় তেমন স্থযোগ স্কৃষ্টি করে দিতে হবে। এক কথায় এই স্থরে প্রথমে ইতিহাসের মৌল লক্ষ্যকে বাস্থবায়িত করতে হবে। তারপর ইতিহাস পাঠের সাহায্যে শিক্ষার্থীর বৃদ্ধি বৃত্তির যথায়থ রূপায়ণ করতে হবে। সর্বশেষে উচ্চতর পর্যায়ে ইতিহাস চর্চার উপযোগী করে তোলার জন্য বিজ্ঞান-ভিত্তিক ইতিহাসের পদ্ধতি সম্পর্কেও তাদের অবহিত করতে হবে।



। বিষয়-সংকেত॥

ভূমিকা—পাঠ্যক্রম রচনার করেকটি সাধারণ
নীতি—বিষয়-বিভাগে সম্পর্কীত করেকটি পদ্ধতি—
জীবনী ভিত্তিক পদ্ধতি—কালচার ইপক্ মতবাদ
—বিষয় সংগঠন সম্পর্কীত করেকটি পদ্ধতি—
পশ্চিমবঙ্গের বিভালয় সমূহে নব প্রবর্তিত ইতিহাদের পাঠ্যক্রম।

"The ideal of the teacher should be to so plan his history courses as to give pupils a broad sweep of historical development and not to drill them in the details of any one of the sources of study."

-Tout.

## ॥ ভূমিকা ॥

বিত্যালয়ের সামগ্রিক পাঠ্যক্রমে ইতিহাসের অবন্ধিতি স্থানিশ্চিত হলেও ইতিহাসের নিজস্ব পাঠ্যক্রম রচনার কাজটি কিন্তু থ্ব সহজ্ঞ্যাধ্য নয়। কারণ ইতিহাসের পাঠ্যক্রম রচনার কাজটি কিন্তু থ্ব সহজ্ঞ্যাধ্য নয়। কারণ ইতিহাসের পাঠ্যক্রম রচনার সঙ্গে জড়িয়ে আছে কভকগুলো মৌল সমস্তা যেগুলো আদৌ উপেক্ষণীয় নয়, বরং সেই সমস্তা সমৃহের যথায়থ সমাধান খুঁজে পাওয়া গেলে প্রাথমিক কাজটিই আরও জটিলতার আবর্তে যায় হারিয়ে। এই সমস্তাগুলো হ'ল বিষয় নির্বাচনের সমস্তা বা problem of selecting materials, বিষয়বস্তার সংগঠনের সমস্তা বা problem of grading materials এবং বিষয়বস্তার সংগঠনের সমস্তা বা problem of organising materials,

## ॥ বিষয় নির্বাচনের সমস্তা॥

|| Problem of Content Organisation ||

প্রথমেই আসা যাক বিষয় নির্বাচনের সমস্থা প্রসঙ্গে। ইতিহাসের কর্মক্ষেত্র যেমন ব্যাপক তেমনি বিস্তৃত। বিশ্ব-প্রসঙ্গ, জাতীয়, স্থানীয় ও আঞ্চলিক প্রসঙ্গ —এর কোনটাকেই ইতিহাসের পরিধির বাইরে রাখা যায় না। বিষয়-বৈচিত্র আবার যেমন আছে রাজনৈতিক ইতিহাস তেমনি আছে অর্থ-নৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাস। এর কোনটার মূল্যই আমরা লঘু করে দেখতে পারি না। তারপর রয়েছে বিতালয়ের বিভিন্ন স্থরে **মানসিক গঠনের বৈচিত্র। এই** বৈচিত্রকে অবজ্ঞা করেও পাঠ্যক্রম রচিত হতে পারে না, বিশেষ করে আধুনিক শিক্ষা যথন মনোবিজ্ঞানকেই ভিত্তি করেই গড়ে উঠেছে।

এর সঙ্গেই জড়িয়ে আছে মূল্য ও উপযোগিতার সমস্যা। একদিকে
শিক্ষার্থীকে যেমন বিশ্বজনীনতার আদর্শে উদ্ধৃদ্ধ করতে হবে তেমনি অন্তদিকে তার

মধ্যে দেশা মুবোধও জা এত করতে হবে। এরই ফাঁকে ইতিহাসের
কার্য-কারণ স্থ্রটিও স্পাষ্ট করে তুসতে হবে। আবার শিক্ষার্থীকে
সমসাময়িকতার সঙ্গে পরিচিত করাতে হলে প্রকৃত ঘটনা ও উর্বর
কল্পনা এবং যথার্থ বাস্তবতা ও উদ্দেশ্যমূলক প্রচারের মধ্যে প্রভেদ্টুকু আবিদ্ধার করার
পদ্ধতিও শিক্ষার্থীকে জানতে হবে।

সর্বশেষে যে বাস্তব পরিস্থিতি আমরা কথনো বিশ্বৃত হতে পারি না তা হ'ল: বিভালয়ের শিক্ষাকালের সামগ্রিক দৈর্ঘ, বিভিন্ন তরে ইতিহাসের জন্ত নিদিষ্ট সময়দীমা, শিক্ষোপকরণের লভ্যতা এবং তা ব্যবহারের প্রথোগ, স্থযোগ্য শিক্ষকের উপস্থিতি প্রভৃতি। এসব উপাদানের উপর ইতিহাসের গাঠ্যক্রম রচনার সমস্তা বহুলাংশে নির্ভরশীল।

### ॥ বিষয়বস্তুর স্তর বিক্যানের সমস্তা॥

নির্বাচিত বিষয় বস্তকে বিভালয়ের বিভিন্ন শুরে বিভক্ত কর।—এও এক কঠিন সমস্থা। এই ক্ষেত্রে সর্বাহ্রে লক্ষ্য করতে হবে বিষয়-বস্ত যে স্তরের জন্য বিশ্বস্ত হ'ল সেই বিষয়-বস্ত সেই স্তরের উপযোগী কি না। শিক্ষার্থীর দামগ্রিক মানসিক কাঠামোর উপর ভিত্তি করেই বিষয়-বস্তর শুর বিভাদ হওয়া উচিত। আবার এই কাদ্ধ করতে গিয়ে আমাদের আর একটি দিকে সমন্থ নজর রাখতে হবে। ভা হ'ল, এই নীতি অনুসারে বিষয়বস্তর স্তর বিভাদ করতে গিয়ে মেন ইতিহাসের নিরবিভিন্ন ধারাবাহিকতার ধর্ম এবং ইতিহাসের কার্য-কারণ-সূত্র-উপেক্ষিত না হয়়। তাহলে আমরা ইতিহাসের মূল লক্ষ্য থেকে বিচ্যুত হ'ব, ইতিহাসের মর্মবাণী হবে অবহেলিত। তাই ইতিহাসের বিষয় বস্তর শুর বিভাসের প্রার নিয়ে স্বান্থী হবে অবহেলিত। তাই ইতিহাসের মৃত্রবাদ্ধ আমরা প্রবর্তী কালে আলোচনা করছি।

## ॥ বিষয়বস্তর সংগঠনের সমস্তা॥

অক্যান্ত সমস্তার অনুপাতে বিষয়বস্তুর সংগঠনের সমস্তাটি জটিল নয়। যদি বিষয় বস্তু স্থাচিস্তিত ও স্থানিশ্চিত ভাবে নির্বাচন করা যায় এবং যদি সেই বিষয় বন্তুর স্তর বিক্যাদের সমস্তার মীমাংসাও হয়ে যায় তবে বিষয়বস্তুর সংগঠনও প্রয়োজনভিত্তিক হতে পারে। তবে এই প্রদঙ্গে ঐ একটি কথাই আবারও উচ্চারণ করতে হচ্চে।
তা হ'ল শিক্ষার্থীর মানসিকতা। এক্ষেত্রেও এই মানসিকতার প্রতি স্থবিচার
একাস্তই বাঞ্জিত।

॥ পাঠ্যক্রম রচনার কয়েকটি সাধারণ নীতি॥

|| Principles for Curriculum Construction ||

পাঠ্যক্রমের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করতে গিয়ে একটি স্থনর তুলনার মধ্য দিয়ে বলা হয়েছে: "A good curriculum should have the virtues of a good house. It must be convenient, well-planned, appropriate to its locality, presenting a sensible and orderly appearance, contributing by these things to the possibility of a full life for those who live in it" এই দিক থেকে ইতিহাসের পাঠ্যক্রম রচনাকালে যেন কয়েকটি সাধারণ নীতির স্থপ্ত প্রতিফলন ঘটে সেদিকে আমাদের তৎপর থাকতে হবে। সেই সাধারণ নীতিগুলো হ'ল:—

(এক) এই পাঠ্যক্রম যেন ইতিহাস পাঠের মৌল লক্ষ্য পূরণের সহায়ক হয়। পাঠ্যক্রমে এমনসব বিষয়ের সন্নিবেশ করা হবে যা ইতিহাস

চর্চাকে তাৎপর্য মণ্ডিত করে তুলবে।

( ছুই ) পাঠ্যক্রম প্রণয়নে যেন ইতিহাসের নিরবচ্ছিন্ন ধারাবাহিকতা অব্যাহত থাকে। "The history of the human race is the history of growth," এই 'growth' শব্দটি সীমাহীনতার প্রতীক। যেদিন আমাদের অগ্রগতি স্তব্ধ হয়ে যাবে দেদিন ইতিহাসও তার চলার ছন্দ হারিয়ে জড়ে রপান্তরিত হবে।

(তিন) পাঠ্যক্রম রচনাকালে শিক্ষার্থীর মানসিক গ্রন্থণ সামর্থ্যও বিবেচনা করতে হবে। এদিক থেকে পাঠ্যক্রম প্রণেতার বিবেচ্য হ'ল, শিক্ষার্থী কতটুকু গ্রহণ করতে পারে এবং কতটুকু তার গ্রহণ করা উচিত। শিক্ষার্থীর মানসিক্তা প্রকৃতপক্ষে ঘাদের উদ্দেশ্যে এই পাঠ্যক্রম রচিত তাদের প্রয়োজন সিদ্ধ হলেই পাঠ্যক্রমের সাফল্য স্থাচিত হবে।

চার ) বলা হয়েছে Each generation must rewrite the history nritten by preceding generations. সত্যাত্মসন্ধান যদিও ইতিহাসের প্রধানতম লক্ষ্য তবু ইতিহাসের সত্য চিরকালীন সত্য নয়, আপেক্ষিক পরিবর্তনশীলতার সত্য । আর এটাই স্বাভাবিক । কারণ ঐতিহাসিক যেন অতন্ত্র প্রতিফলন প্রহরী অতীতের সন্ধানে । তাই আজকের গৃহীত সিদ্ধান্ত আগমীকাল বাতিল করবার প্রয়োজন স্বভাবতঃই আসতে পারে । এই পরিবর্তনের প্রতিফলন যেন ইতিহাসের পাঠ্যক্রমেও থাকে সেদিকে দৃষ্টি দিতে হবে । তাহলে শিক্ষার্থীরা ইতিহাসের প্রগতিবাদী চিন্তাধারার সঙ্গে পরিচিত হবার স্ক্রেয়াগ পারে ।

পোচ) পাঠ্যক্রমের বিভিন্ন স্তরে যেন বিচ্ছিন্নতার স্ঠিই না হয়।
অর্থাৎ পূর্বজ্ঞানের দঙ্গে বর্তমান জ্ঞানের আবার বর্তমান জ্ঞানের
বিভিন্ন স্তরে সংহতি
সঙ্গে পরবর্তী জ্ঞানের পারস্পরিক সম্পর্ক ইতিহাসের পাঠ্যক্রমের
মধ্য দিয়ে পরিক্ষৃট হয়।

## ॥ বিষয়-বিন্যাস সম্পর্কিত কয়েকটি পদ্ধতি॥

পাঠ্যক্রম রচনা সম্পর্কে যে নীতিগুলির কথা উল্লেখ করা হ'ল তার ভিত্তিতে তাত্ত্বিক দিক থেকে কতকগুলো পদ্ধতি বিশেষ জনপ্রিয়। এবার আমরা এই পদ্ধতিগুলো নিয়ে আলোচনা করব।

#### ॥ জীবনা ভিত্তিক পদ্ধতি॥

### Biographical Method |

ইতিহাসতো মান্নবেরই ইতিহাদ আর সেই মানব গোদ্ধীর মধ্যে থারা অধিকতর কর্ম ক্ষমতার পরিচয় দিয়েছেন থারা মানব-সভ্যতার অগ্রগতিতে অবিশ্বরণীয় অবদান রেখে গিয়েছেন তাঁদের জীবন-বৃত্তান্তের পর্যালোচনাতো শেল তত্ত্ব প্রকারান্তরে ইতিহাসেরই পর্যালোচনা। এই বক্তব্য থেকেই ক্ষম হ'ল জীবনী-ভিত্তিক পদ্ধতির।

এই পদ্ধতির স্থেপাত হয়েছিল প্রাচীন কালেই। বহু পূর্বেই প্লুতার্ক বলেছিলেন,
"I fill my mind with the sublime images of the best and greatest men"
কেনোও তাঁর এমিলের ইতিহাস চর্চার জন্ম জীবনী পাঠই সর্বোৎক্রই পদ্ধা বলেই চিহ্নিত
করেছেন। উনবিংশ শতান্দীর প্রথমার্ধের মধ্যে এই পদ্ধা
ইউরোপের বিভিন্ন দেশে অন্তন্মত হতে থাকে। তথাপি এই
পদ্ধতির প্রবক্তা হিসেবে কার্লাইলাই সমধিক প্রিচিত।

কার্লাইলের মতে "The history of what man has accomplished in this world is at bottom the history of the great men" তাঁর বিশাস প্রত্যেক মহামানবই তাঁর সময়ের যোগ্যতম প্রতিনিধি। প্রতিটি ঐতিহাসিক ঘটনাবলী তাই মহামানবদের কর্মযন্তের মধ্য দিয়েই সাফল্য অর্জন করে। ভিক্তর কজিন তাই কলেছেন, "dreat men sum up and represent humanity." পারিপার্থিকতার প্রস্থৃতি যতই থাকুক না কেন মহামানবের উহোগ ব্যতীত নিক্ষল হয়ে যায় যেমন ডঃ স্পাক্রের ভাষায় "However magnificent the set, it is lifeless without players." অতএব জীবনী চর্চার মাধ্যমেই শিক্ষার্থীর সম্মুথে ইতিহাসের স্বরূপ উদ্ঘাটন করা যেতে পারে।

# ॥ এই পদ্ধতি প্রয়োগের স্বপক্ষে যুক্তি॥

এই পদ্ধতি প্রয়োগের পক্ষে প্রথম বক্তব্য হ'ল সকুমার মতি শিক্ষার্থীদের পক্ষে ইতিহাসের বিমূর্ত চেতনাকে উপলব্ধি করা সহজ লাধ্য নয়।
কিন্তু একজন ব্যক্তি বিশেষের কার্য-কলাপ তাদের পক্ষে শুধু
সহজ-বোধাই নয়, হৃদয়-গ্রাহাও বটে।

দ্বিতীয়তঃ বিজ্ঞালন্মের শিক্ষার্থীনের মানসিকতায় বীর পূজার প্রবণতা আতিশয় স্বস্পষ্ট। জীবনী পাঠ তাদের এই বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ মানসিক চাহিদাকে স্থলরভাবে পরিপূর্ণ করে তুলতে পারে। মহামানবদের জীবনী পাঠে তারা এতটা আপ্লৃত হয় যে মহাপুরুষদের সাফল্যে তারাও আনন্দে উচ্ছদিত হয়, আর ব্যর্থতায় বেদনায় উদ্বেলিত হয়। পাঠ্য বিষয়ের সঙ্গে এমন একাত্মবোধই জো সাফল্যের স্থচক।

তৃতীয়ত: জীবনী পাঠের মধ্য দিয়েই শিক্ষার্থীর নীতি-শিক্ষার সূত্রপাত হতে পারে। হৃদয় বৃত্তির প্রসারতা, মানসিক উন্নতি ও চরিত্র গঠন ঐতিহাসিক জীবনী পাঠের তাৎপর্য এখানেই।

চতুর্থতঃ মহাপুরুষের জীবনী বহুলাংশে ঐতিহাসিক বিতর্কের উথেব । ফলে শিক্ষার্থীর অজিত জ্ঞান পরবর্তীকালে মিথ্যে প্রমাণিত হবার স্থযোগ এক্ষেত্রে অত্যন্ত সীমিত।

পঞ্চমতঃ জীবনী চর্চার মধ্য দিয়েই ইতিহাসকে শ্রেণীকক্ষে জীবন্ত করে তুলতে পারা যায়। যে অতীত দৃশ্য নয়, স্পর্শনীয়ও নয় তার সজীব স্পানন ও স্পর্শ শিক্ষার্থী পোতে পারে জীবনী পাঠের মধ্য দিয়ে।

# ॥ এই পদ্ধতি প্রয়োগের বিপক্ষে যুক্তি॥

প্রথমতঃ মানব সভ্যতা হ'ল বিশ্বমানবের যৌথ সৃষ্টি এবং যৌথ স্মপত্তি। কেবল মহামানবেরাই নয়, কত অগণিত জানা-অজানা মান্নযের মৃত্যুঞ্জ্যী অবদানের ফলেই গড়ে উঠেছে এই সভ্যতা ইতিহাস তার অগণতান্ত্রিক বিস্তারিত থবর রাথে না। কিন্তু রাথে না বলেই এই সভ্যতার বিবর্তনে একমাত্র মহাপুরুষেরাই সত্যি—এমন সিদ্ধান্ত অযৌক্তিক এবং অসঙ্গত। ঘাটে তাই এই পদ্ধতিকে অগণতান্ত্রিক বলে চিহ্নিত করেছেন।

দ্বিতীয়ত: মহামানবেরাও তাঁদের সময়েরও যথাযোগ্য নন। খাটে এই প্রসঙ্গটি ব্যাখ্যা করে বলেছেন, ''Their very greatness shows that they are far above the average humanity প্রতিনিধি নন। of their times. They are usually rebels and occasionally martyrs.'' অর্থাৎ মহাপুরুষেরাও কথনো সীমাবদ্ধতার উর্ধেব নন।

ইতি-শিক্ষণ—৫

তৃতীয়ত: মহাপুরুষের। মহান্, কিন্তু তাঁদের মহত্ব তো সর্বপ্লাবী নয়।
সমাজ জীবনের যে বিচিত্র ও বহুম্থী গতিবিধি তার সমগ্রতার
মহাপুরুষের মহত্বের রূপকার মহাপুরুষেরা হতেই পারেন না। রবীন্দ্রনাথ তো তাঁর
সীমাবদ্ধতা
নিজস্ব ক্ষেত্র সম্পর্কেই স্বীকার করেছেন "জানি, আমার কবিতা/
গেলেও বিচিত্র পথে/ইয় নাই সে সর্বভ্রগামী/।"

চতুর্থতঃ কেবল জীবন-ভিত্তিক পদ্ধতি ইতিহাসের ধারাবাহিকতাকে
বিত্মিত করে। ইতিহাসে এমন সময় স্বাভাবিক ভাবেই আসে
ইতিহাসের ধারাধ্বন সেই সময়কে প্রতিকলিত করার মত মহাপুরুষ থাকেন না।
শাহিকতার বাধা
এই পদ্ধতি অনুসারে, এই সময়কে ভাহলে আমাদের বাদ দিয়ে
বেতে হয়। কিন্তু তা কথনোই বাঞ্ছিত নয়।

পঞ্চমতঃ শিক্ষার্থীর ষে বীর পূজার প্রবণতা জীবনী পাঠের পদ্ধতিকে উৎসাহিত
করেছিল দেই প্রবণতাকে অত্যধিক প্রশন্ন দিলে তা
এতাধিক বীর পূজার শিক্ষার্থীরি নিজস্ব ব্যক্তিত্ব বিকাশের ক্ষেত্রে বিরাট
কুফল প্রতিবন্ধকতার সৃষ্টি করে। অন্ততঃ আধুনিক মনোবিজ্ঞানীদের
এই অভিমত।

ষষ্ঠতঃ শিক্ষাগীকে সময় সচেতন করে তোলাও ইতিহাস পাঠের সমন্ধ-জ্ঞান বিকাশে অন্যতম লক্ষ্য। কিন্তু জীবনী পাঠের মধ্য দিয়ে সঠিকভাবে বাধা এই সচেতনতা জাগ্রত করা যায় না।

# ॥ এই পদ্ধতির প্রয়োগ সম্পর্কিত সতর্কতা॥

সমালোচন। যাই হোক, জীবনী-ভিত্তিক পাঠের সাফল্য সম্পর্কে সন্দিহান হ্বার কোন কারণ নেই। আবার এই পদ্ধতির ব্যর্থতাগুলিকেও অবজ্ঞা করবার নয়। স্কুতরাং প্রশ্ন হ'ল কিভাবে সতর্ক হলে আমরা এই পদ্ধতির ব্যর্থতাকে কমিয়ে আনভে পারি।

প্রথমত: শুরুতেই কোন্ কোন্ মহাপুরুষ পড়ানো হবে তা স্থির না করে আগে ঘটনাবলীকে বাছাই করতে হবে। তারপর সেই ঘটনাবলীকে পরিক্ট করবার জন্ম বিভিন্ন ব্যক্তিদের নির্বাচন করতে হবে। প্রথম ঘটনা নির্বাচন জনগণ এই প্রসঙ্গেই বলেছেন, "Biography can on the whole be made more historical by making it more biographical, grouping men about events rather than events about men and by studying men first of all as men.

দ্বিতীয়তঃ কেউই বেহেতু তার সময়ের সর্বদিকের পরিচয় বছন করেন না, তাই সমাজের সাবিক পরিচয় দেবার প্রয়োজন অনুসারেই ব্যক্তি নির্বাচন করতে হবে।

তৃতীয়তঃ একজন ব্যক্তিজীবনে প্রতিষ্ঠিত হন কখনোই কুস্থমান্ডীর্ণ পথ বেয়ে
নয়। তাঁকেও অনেক বাধা বিদ্ন পেরিয়ে আসতে হয়। স্কৃতরাং
দমগ্র পরিচয় বহনকারী
কোন ব্যক্তির জীবনী পাঠকালে যেন তাঁর প্রতিবন্ধকতার পরিচয়
সেলে তেমন ব্যক্তিদেরও নির্বাচন করতে হবে।

চতুর্থতঃ জীবনীর অর্থ যেন ঠাকুরমান্ত্রের ঝুলি হয়ে না যায় সে সম্পর্কে আমাদের সতর্ক হতে হবে। মনে রাথতে হবে সমাজভিত্তিক ব্যক্তি আমরা এক ব্যক্তি জীবনের সেই দিকগুলো সম্পর্কেই আগ্রহান্থিত পরিচম যে দিকগুলো বৃহত্তর সমাজ-জীবনকে প্রভাবান্থিত করেছিল। তাই জীবন-কাহিনী নির্বাচন কালে আমাদের এ সম্পর্কে সচেতন থাকতে হবে।

পঞ্চমতঃ জীবনী ভিত্তিক পদ্ধতি প্রয়োগের ফলে ইতিহাসের ধারাবাহিকতার ক্ষত্রে যে শুক্ততার স্বাষ্ট হবে, তা বিবরণ দানের মধ্য দিয়ে পূর্ণ করে তুলতে হবে।

ষ্ঠতঃ প্রাথমিক হরে জীবনীভিত্তিক পদ্ধতি ইতিহাস চর্চায় বিশেষ উপ্যোগী হলেও পরবর্তী স্তরে এই পদ্ধতিকে সহায়ক পাঠ রূপেই গ্রহণ করতে হবে। কারণ "The biographical method is possessed পরবর্তী হবে সহায়ক of a great human appeal and has thus a rosy future in the domain of higher learning. Biography with all its short-comings is sure to survive as an efficient instructional method at almost all stages for the great personal element it is possessed with.

## ॥ কালচার-ইপক্ মতবাদ।।

### || Culture Epoch Theory ||

ইতিহাসের বিষয়বস্তা নির্বাচন ও সংগঠনের ক্ষেত্রে কালচার ইপক্ মতবাদ এক মনোবিজ্ঞানসন্মত পদ্ধতি। বহু পূর্বে এই মতবাদেব জন্ম হলেও এর তুলনা মূলক প্রয়োগ এক সাম্প্রতিক ঘটনা। এই মতবাদ সম্পর্কে প্রথম জিলার

বলেন হার্বাটের শিষ্য জিলার। কিন্তু জিলার নির্দেশিত পথে ইতিহাস পাঠন ও পঠন সম্ভব ছিল না। ইতিহাসে এই তত্ত্বের প্রয়োগ ভিন্নমূথী।

ইতিহাদে এই মতবাদের প্রয়োগ সম্পর্কে ত্রকম ব্যাখ্যা করা হয়েছে। প্রথম
ব্যাখ্যা স্ট্যান্লি হলের। তিনি বলেছেন মানবসভ্যতা ক্রমবিকাশের ধারাবাহিকতার বিভিন্ন স্তরের উপর ভিত্তি করেই ইতিহাসের
হল্ এর মতবাদ
পাঠ্যক্রম রচনা করা হবে। তার কারণ সভ্যতার পাঠ্যক্রম
ক্রমবিকাশের সঙ্গে ব্যক্তি-মান্থয়ের ক্রমবিকাশের এক অপূর্ব সঙ্গতি রয়েছে। তাঁর
মতে, মাতৃগর্ভে শিশুর জীবন যেন জনজীবের অধ্যায়। তারপর শিশু ক্রমশং স্বেচ্ছাচারী
ও স্বার্থপর, এই স্তর যেন আদিম মান্থয়ের বর্বর জীবন-যাপন প্রণালীরই অন্তর্রেপ।

ভারপর শিশু হামাগুড়ি দেয়, মারামারি করে। এটা হ'ল গুহাবাদী মাছুষের জীবন-ধাত্রারই রোমন্থন। একটা দমন্ব শিশু রক্ত, আগুন ইত্যাদি গল্প শুনতে ভালবাদে। এই ভালবাদা ঘেন তার যে রক্ত পিপাত্ম বর্বরতার উত্তরাধিকার তারই এক অভূত মনোবিজ্ঞানী তৃপ্তিবোধ। তারপর ক্রমশঃ শিশুর ঘৃক্তিবোধ প্রবল হয়, স্থলনীল শক্তির বিকাশ হতে থাকে। এটা হ'ল মানব দভ্যতার পরিপূর্ণতার স্তর।

এইভাবে শিশু তার নিজের জীবন যাত্রার মধ্য দিয়ে মানব সভ্যতার বিভিন্ন গুরুকেই অতিক্রম করে আসে। তাই দ্যান্লী হলের অভিমত হ'ল, ইতিহাসের পাঠ্যক্রম যদি সঙ্গতির দিকগুলোর অনুসারী হয় তা হলে ইতিহাস শিক্ষা হবে মনোবিজ্ঞান সন্মত। স্থতরাং হলের স্থপারিশ হ'ল, প্রাথমিক হবে পাঠ্য হবে প্রাচীন ইতিহাস, তারপর মধ্য যুগের ইতিহাস আর উচ্চস্তরে আধুনিক ইতিহাস।

বিতীয় ব্যাখার প্রবক্তা হলেন অধ্যাপক ল্রী। তিনি স্পষ্ট করেই বলেছেন: The childhood of history is but for the child, the boyhood of history for the boy, the youthhood of history for the youth and the manhood of history for the man." তিনি তাঁর এই বক্তব্যকে দাঁড় করিয়েছেন এক তত্ত্ব দিয়ে। তিনি হলের সভাতার ক্রমবিকাশের তরের কথা না বলে বললেন ঐতিহাসিক চেতনার ক্রমবিকাশের লক্ষীর মতবাদ

স্তরের কথা। তিনি বলেছেন, ঐতিহাসিক চেতনা বিকাশের তিনটি স্তর। প্রথম স্তর গল্প, উপকথা ও রোমাঞ্চকর কাহিনীর'। দ্বিতীয় স্তর হ'ল সমালোচনা নির্ভর। তৃতীয় স্তর বিজ্ঞান ধর্মী। ইতিহাস-চিন্তার এই ক্রমবিকাশের উপর ভিত্তি করেই ইতিহাসের পাঠ্যক্রম রচনা করতে হবে। কারণ লরীর অভিমত অহুসারে, "History can not be reasoned history to boy even at the age of seventeen it is only partially so, but it can always be an epic, a drama and a song,"

যাই হোক এই মতবাদ প্রচারিত হবার দঙ্গে সঙ্গে তা শিক্ষাবিদ্দের আরুষ্ট করেছিল। কারণ এই মতবাদে শিক্ষার্থীর ইচ্ছে—অনিচ্ছে, আগ্রহ-আকাক্ষার প্রতি মর্যাদা আরোপ করা হয়েছে। কর্নেদ এই মতবাদ নিয়ে বাস্তব প্রয়োগের পরীক্ষা-নিরীক্ষাও চালিয়ে ছিলেন।

কিন্তু এই মতবাদ সমালোচনার উর্ধ্বে নয়। যার। এই মতবাদের বিরোধীতা করেন তাঁদের বক্তব্য হল:

প্রথমত: শিশু যথনই জন্মাক না কেন, শিশু শিশুই। আর বর্বর যুগের হলেও
তথনকার মান্ন্য একজন পূর্ণ বয়স্ক ব্যক্তি। তাই জন্মন্ বলেছেন
শিশুও পূর্ণ বয়স্ক
"An adult savage whatever his stage of culture is
after all an adult and a child, however modern is
after all child." স্তরাং উভয়ের মধ্যে মিল অমিলের দক্ষান তো একেবারেই

আকারণ। দ্বিতীয়তঃ সকল জাতি ক্রমিক অগ্রগতির ক্ষেত্রে একই ধারা অমুসরণ করে চলে না। তাহলে আজকের সভ্য সমাজেও অমুন্নত সম্প্রদায় করনা-নির্ভর
বলে কিছু থাকতো না। তৃতীয়তঃ সমগ্র মতবাদ বড় বেশী করনা-নির্ভর। বাহুব-গরিছিতির সঙ্গে এই মতবাদের সঙ্গতি শ্বাকে পাওয়াই অত্যন্ত কটকর।

কিন্তু এইসব সমালোচনা সত্ত্বেও এই মতবাদ একেবারেই উপেক্ষণীয় নয়। এই মতবাদেই ইতিহাস পঠন-পাঠন ব্যবস্থার কতকগুলো স্ক্রবিধে হয়।

প্রথমতঃ এই মতবাদের সারাৎসারটুকু গ্রহণ করেই শৈশবাবছা থেকে বাল্যকাল পর্যন্ত ইতিহাসের পাঠ্যক্রম রচনার কাজটি সহজতর হয়েছে। দ্বিতীয়তঃ এই মতবাদ

পাঠ্যক্রম রচনার সহল হক্ত-বাত্তব ও কর্মভিত্তিক করার হ্রমোগ, শিকার্থীর অভিক্রচির মর্যাদা, নৃতত্ত্ব-বিভার গুরুত। প্রবর্তিত হবার ফলেই ইতিহাস কেবল মাত্র বৃদ্বিবৃদ্ধির অন্থ শীলনের
মাধ্যমের পরিবর্তে তাকে আরও বান্তব ও কর্মভিত্তিক করে তোলার
উত্যোগ আরস্ত হয়। এটি ইতিহাস পঠন-পাঠনের ক্ষেত্রে নি:সন্দেহে
একটি অবিশ্বরণীয় অবদান। তৃতীয়তঃ ইতিহাস চর্চার ক্ষেত্রেও
শিক্ষার্থীর অভিক্রচিকে মর্যাদা দেবার প্রয়োজনীয়তা এই মতবাদ
থেকেই স্বীকৃতি পায়। চতুর্থতঃ এই মতবাদ থেকেই অন্তুভ্
হয় যে ইতিহাস শিক্ষকের পক্ষে কেবলমাত্র বিষয় বস্তু সম্পর্কে

পাণ্ডিত্য অর্জনই শেষ কথা নয়, ইতিহাসকে জীবস্ত, বাস্তব ও ক্রিয়াশীল করে তোলার জন্ম তার নৃতত্ত বিছা সম্পর্কেও কথঞ্চিৎজ্ঞানার্জন করা অতীব প্রয়োজনীয়।

## ॥ বিষয়–সংগঠন সম্পৰ্কীত কয়েকটি পদ্ধতি॥

বিষয়বস্তা নির্বাচন করা হয়ে গেলে পরবর্তী প্রশ্ন, কি ভাবে বিষয়বস্তকে সাজালে । তা শিক্ষার্থীর কাছে হদয়গ্রাহী হয়ে উঠবে। এই প্রশ্নের সমাধান করতে গিয়ে জন্ম হয়েছে কতকগুলো পদ্ধতির। এবার আমরা সেই পদ্ধতিগুলো আলোচনা করব।

## ।। সময়ানুক্রমিক পদ্ধতি॥

#### 11 Chronological Method 11

সময়ের ধারাবাহিকতাকে অনুসরণ করে ইতিহাসের বিষয়বস্তুকে
বিশ্বস্তু করার যে পদ্ধতি তাকেই বলা হয় সময়ানুক্তমিক পদ্ধতি। এই
পদ্ধতির প্রবক্তাদের মতবাদ কালচার ইপক মতবাদের অমুসারী। তাঁরাও বলেন
প্রাচীনকাল থেকেই শিশুদের ইতিহাস শিক্ষার স্থ্রপাত হওয়া
শক্ষা
উচিত। কেননা তাতে শিশুর মানসিকতার প্রতি যথোচিত মর্যাদা
আারোপ করা হবে। এই উদ্দেশ্যে ইতিহাসকে কতকগুলো মুগে বিভক্ত করতে হবে।
তবে লক্ষ্য রাথতে হবে এই মুগ বিভাগ যেন বেশ বিস্তৃত এবং মুক্তিসিদ্ধ হয়,
ধেন এক মুগের সঙ্গে অশু মুগের ব্যবধানটুকু স্পষ্ট বুঝা যায়।

## ॥ সময়াতুক্রমিক পদ্ধতির সূবিধা ॥

প্রথমতঃ এই পদ্ধতি অন্থসারে বিষয়বস্তর বিক্যাস অনেক সহজ সাধ্য হয়ে।

যায়। ঘটনার পারম্পর্য আর সময়-চেতনা যা ইতিহাস পাঠের

ফ্রেল বিষয় বিক্তাস

অপরিহার্য অন্ধ তা এই পদ্ধতির মাধ্যমে অনায়াসে জাগ্রত করা যায়।

দ্বিতীয়তঃ এই পদ্ধতি অনুসারে এক যুগের সঙ্গে অন্য যুগের সম্পর্ক সহজেই শিক্ষার্থীর সন্মুখে উন্মোচন করা যায়। কলে তারা স্থন্দর ঐতিহাসিক তাৎপর্য অনুভব করতে পারে।

তৃতীয়তঃ এই পদ্ধতি অনুসারে বিদ্যালয়ের প্রতিতরেই নতুন নতুন বিষয়ের সন্নিবেশ করা হবে বলে শিক্ষার্থীর আগ্রহ ও কৌতৃহল কথনো নির্বাপিত হবে না। ফলে আদর্শ পঠন-পাঠনের ক্ষেত্রে যা অপরিহার্ধ তারই যোগান হবে অনুবান।

## ॥ সময়ানুক্রমিক পদ্ধতির অসুবিধা ॥

প্রথমতঃ যে মূল আদর্শের উপর ভিত্তি করে এ পদ্ধতি গড়ে উঠেছে দে সম্পর্কেই
সন্দেহ আছে। ইতিহান প্রাচীনকালের হলেই তা হবে সহন্ধ ও সাধারণ আর
আধুনিক কালের হলেই হবে জটিল এমন একটি সহন্ধ সিদ্ধান্ত
আদর্শ সম্প্রকে মতভেদ গ্রহণ যোগ্য নয়। প্রত্যেক যুগেরই নিজস্ব জটিলতা রয়েছে,
নিজস্ব সমস্থা রয়েছে এবং সেই সমস্থার সমাধানের চেষ্টাও সবার নিজস্ব, তার সঙ্গে
অক্ত কেউ তুলনীয় নয়।

দ্বিতীয়ত: কেবলমাত্র সময়ানুক্রম ছাড়া বিষয়বস্ত সংগঠনের অন্ত কোন নীতি নেই। তাই ইতিহাস শিক্ষার মধ্য দিয়ে কোন স্থনিদিট লক্ষ্যে শিক্ষার্থীকে

পৌছে দেওয়া এই পদ্ধতি অনুসারে অত্যন্ত তুঃসাধ্য।

তৃতীয়তঃ যেহেতৃ এক একটি সময়সীমা এক এক শ্রেণীতে অতিক্রম করে যাবে
শিক্ষার্থীরা, এবং যেহেতৃ সমগ্র বিভালয় জীবনে সেই সময় সীমার
প্রজ্ঞান বিশ্বত হবার পুনরালোচনার আর স্থযোগ থাকে না সেইহেতৃ শিক্ষার্থীরা
স্থাভাবিকভাবেইবহুপূর্বে অর্জিভ জ্ঞান বিশ্বত হতেপারে।

চতুর্যতঃ এই পদ্ধতিতে শিক্ষার্থীর রুচি প্রবণতার প্রতি বিন্দুমাত্র লক্ষ্য রাথার চেয়ে সময়াত্মকমিকতার প্রতি সতর্কতা রক্ষা করা হয় বেশী।

### ॥ এককেন্দ্ৰিক পদ্ধতি॥

#### || Concentric Method ||

সময়ানুক্রমিক পদ্ধতির উন্টোটাই হ'ল এককেন্দ্রিক পদ্ধতি। এই পদ্ধতি <mark>অনুসারে</mark> একই পাঠ্য বিষয় ক্রমশঃ সরলতা থেকে গভীরতর ও পূর্বতর দজ্ঞা বিশ্লেষণে অগ্রসর হওয়া হবে। এই পদ্ধতির দাবী হ'ল, এ ভাবেই শিশুর শারীরিক ও মানসিক ন্তরের ক্রমবিকাশের সঙ্গে সঙ্গতি রক্ষা করা হবে। কারণ

#### ইতিহাসের পাঠ্যক্রম

এ পদ্ধতিতে জ্ঞানবৃত্তের কেন্দ্রে থাকবে শিশু। শিশু ক্রমশঃ বয়োপ্রাপ্ত হবে, ক্রমশঃ জ্ঞানবৃত্তও সম্প্রদারিত হবে।

কিন্তু এই পদ্ধতি প্রয়োগ করতে গেলে কতকগুলো বান্তব অস্থবিধে প্রতিবন্ধক হ

দাড়ায়।

প্রথমতঃ এই পদ্ধতি অনুসারে ইতিহাস হয়ে দাঁড়ায় বহু ঘটনার সমাবেশে এক কংকাল যেন, এখানে প্রাণের উষ্ণ স্পর্শ পাবার কোন স্বযোগ নেই।

দ্বিতীয়তঃ একই বিষয়বস্তার পুনরাবৃত্তির ফলে বিষয়বস্তা তার নিজস্ব অভিনবত্ব এবং বৈচিত্র্য থেকে বঞ্চিত হয়। ফলে শিক্ষার্থীর নতুন বিষয় জানার আগ্রহ ন্থিমিত হয়ে আদে, ইতিহাস পাঠে তার উদ্দীপনার অভাব ঘটে।

তৃতীয়ত: এই পদ্ধতি অনুসারে শিক্ষাণীদের সময় সচেতন করে তোলা সহজ্যাধ্য নয়।

কিন্তু এইদৰ সমালোচনাও অত্যস্ত স্পর্শকাতরত। দোষে ছুই। স্বস্থভাবে বিচার করলে দেখা যায়, প্রকৃতপক্ষে সমগ্র বিভালয় জীবনে একই ইভিহাস ত্বারের বেশী পুলরালোচিত হয় না। এবং এটা কখনো অতিরিক্ত থুনরাবৃত্তি প্রবণতার পরিচায়ক নয়।

আবার একই বিষয়ের পুনরাবৃত্তির ফলে শিক্ষার্থীদের আগ্রহ এই পদ্ধতিতে বিছিত হবে এমন সমালোচনাও ষ্থেষ্ট গ্রহণযোগ্য নয়। কারণ বিষয়বস্তা বিশ্বাবস্থ বিষয়বস্তা উপরই নির্ভর করে না, নির্ভর করে বহুলাংশে বিষয়বস্তা উপস্থাপনে নৈপুত্তের উপর।

### ॥ বিষয়ানুক্রমিক পদ্ধতি॥ ॥ Topical Method॥

সময়ারুক্রম অন্থনারে যেমন ইতিহাসের বিষয় বিশ্বাদ হতে পারে তেমনি প্রত্যেকটি
সমগান্তক্রমকে আবার কতকগুলো যুগে ভাগ করা যেতে পারে। যেমন সময়ান্তক্রম
অন্থনারে ভারতের ইতিহাসকে প্রাচীন, মধ্য ও আধুনিক যুগে
ভাগ করা ধায়, তেমনি প্রাচীন যুগকে মৌর্য যুগ, গুপ্ত যুগ
প্রভৃতি ভাগে ভাগ করা ধায়। আবার মৌর্য যুগকে মৌর্যযুগের শাসন ব্যবহা,
মৌর্যযুগের শিল্প কলা প্রভৃতি উপভাগে বিভক্ত হতে পারে। এই ক্ষুদ্র যুগ বিভাগকেই
বিষয়ান্তক্রমিক পদ্ধতি বলা হয়।

১৮৪১ সালে পেহালৎসী পরান্ত্রসারী হপ্ট (Haupt) বিষয়ান্ত্রন অন্ত্রসারে ইতিহাসের পাঠ্যক্রম রচনা করেন। এই পাঠ্যক্রম অন্ত্র্যায়ী হপ্ট নির্দেশিত বিভালয়ের প্রথম বংসরে মহামানবদের গৃহজীবন, দিতীয় বংসরে গাঠ্যক্রম তাঁদের সামাজিক জীবন, তৃতীয় বংসরে রাজনৈতিক নেতাদের রাজনৈতিক জীবন, চতুর্থ বংসরে ধর্মীয় নেতাদের ধর্মীয় জীবন, পঞ্চম বংসরে শিল্পী ও

বৈজ্ঞানিকদের দৃষ্টাস্তসহ বিজ্ঞান ও শিল্পকলার বিবরণ ও যর্চ বৎসরে সাধারণ কালাম্থ-ক্রমিক ইতিহাস পড়ানো হবে। আমেরিকা যুক্তরাষ্ট্রে এই প্রভাব ব্যাপকভাবে অহুস্তত হতে থাকে এবং এরই হুত্র ধরে একক পদ্ধতির জন্ম হয়।

প্রকৃতপক্ষে ইতিহাসের শিক্ষককে বিষয়াত্মক্রমিক পদ্ধতি অনুসরণ করতেই <mark>হয়।</mark>
তিনি যা কিছুই পড়ান না কেন তাকে পাঠদানের স্থবিধার জন্ম পাঠ্যবিষয়কে সময়াত্মক্রম রক্ষা করে কতকগুলো ভাগে ভাগ করে নিতেই হয়।

### ॥ প্রতিগামী পদ্ধতি॥

#### Regressive Method II

এই পদ্ধতি অনুসারে বর্তমান থেকে ক্রমশঃ পিছিয়ে যেতে হবে। ইতিহাসের তাৎপর্য হ'ল বর্তমানকে ব্যাখ্যা করা। বর্তমানকে জানতে হলে জানতে হবে তার অতীতকে। আবার সেই অতীতকে জানতে হলে জানতে হবে তারও অতীতকে। এই পদ্ধতি এক সর্বজন বিদিত মনোবিজ্ঞানসমত সিদ্ধান্তের উপর ভিত্তি করেই গড়ে উঠেছে। তা হ'ল, জানা থেকে অজ্ঞানার দিকে অগ্রসর হওয়া।

### । দোলক পদ্ধতি।

#### 11 Pendulum Method 11

বর্তমানকে জানার জন্ম যখন অতীতকে জানতে হবে তখন বর্তমানের সদে অতীতের নিবিড় সম্পর্ক স্থাপনার প্রয়োজন একান্তই অপরিহার। তাই দোলক পদ্ধতিতে বলা হয়েছে ইতিহাস পাঠের সময় সর্বক্ষণ বর্তমানের সঙ্গে অতীতের, অতীতের সঙ্গে বর্তমানের সম্পর্ক স্থাপনের মধ্য দিয়েই আমাদের অগ্রসর হতে হবে। কিন্তু এই পদ্ধতিতে শিক্ষাদান কার্য চলতে পারে তাও সর্বক্ষণ নয়, তাৎক্ষণিক প্রয়োজন মেটাবার তাগিদে। কিন্তু এই পদ্ধতি অবলম্বন করে ইতিহাসের পাঠ্যক্রম প্রথমন সম্বর্থ নয়।

# ॥ ক্রমগতির ধারাতুসরণ পদ্ধতি॥

# || Lines of Development ||

বর্তমান কালে বিজ্ঞানভিত্তিক ইতিহাস চর্চার ফলে ইতিহাস ক্রমশঃই তত্ত্ব ও তথ্য
বহুল হয়ে উঠেছে। কিন্তু তথ্য সমৃদ্ধ এই ইতিহাসকে বিছালয়ের শিক্ষার্থীদের উপযোগী
করে পরিবেশন করতে গিয়ে এক সংকটের সৃষ্টি হয়েছে ইতিহাস
প্রয়োজনীয়তা
শিক্ষার ক্ষেত্রে। তাই সৃষ্টি হ'ল নতুন নতুন পদ্ধতি এই সংকটকে
অভিক্রম করার তাগিদে। এমনি এক অভিনব পদ্ধতি হ'ল ক্রমগতির ধারামুসরশ
পদ্ধতি।

এই প্ৰতির মূল প্ৰবক্তা হলেন Prot. Jaffreys. তাঁর বক্তব্যই হ'ল "a definite thesis to establish a particular standpoint and illustrate its implications. তিনি স্পটভাবে বললেন ইতিহাস হ'ল সমাজের ক্রমিক স্তাগতির এক ধারাবাহিক বিবরণ। তাই ইতিহাসকে বুঝতে হলে ধারাবাহিকতার প্রবাহকেই সঠিকভাবে অনুসরণ করতে হবে। তাঁর ভাষায়, "History is a study of social development and by the historical sense we mean a habitual disposition to see the whole historical process or some selected part or aspect of it, in its developmental perspective.

এই পদ্ধতি অনুসারে শিক্ষার্থীর বয়স ও অভিক্রচির বিচারে কতকগুলো বিষয় আমাদের বেছে নিতে হবে। বিষয়, যেমন বাসগৃহ, যানবাহন, ব্যবসা-বাণিজ্য পোষাক-পরিচ্ছদ, প্রভৃতির বিশ্বব্যাপী বিবর্তনের ধারাবাহিক পদ্ধতির কার্ধকারিতা বিবরণ। শিক্ষার্থী যত বেলী পূর্ণতার দিকে অগ্রসর হবে ততবেশী বিষয়গত গভীরতার দিকেও লক্ষ্য রাখা হবে। অর্থাৎ শিক্ষার্থীর মানসিকতার সঙ্গে সঙ্গতি রক্ষা করেই বিষয় নির্বাচন করা হবে এবং সেই বিষয়ের উপস্থাপনাও হবে শিক্ষার্থীর বোধগম্যতার প্রসঙ্গ শ্বরণে রেণ্ডেই।

# ॥ এই পদ্ধতির সুবিধা ॥

প্রথমতঃ এই পদ্ধতিতে ঐতিহাসিক পদ্ধতিকেই স্থীকৃতি জানানো হয়। এখানে ঘটনার উত্থাপন কেবল ঘটনার তাগিদেই আসে না, বরং প্রতিটি ঘটনার পরিবর্তনগুলোকে চিহ্নিত করে বিভিন্ন সংগঠন ও বৃহৎ আন্দোলনের গতিপ্রকৃতিকেই স্পাষ্ট করে তোলে।

দ্বিতীয়তঃ ইতিহাসের উৎস সন্ধানে এই পদ্ধতি যে পথের প্রদর্শক. সেই পথ সংকীর্ণ হতে পারে, কিন্তু পথটি জটিলতা বর্জিত। ফলে শিক্ষাথীর

পক্ষে সেই পথ ধরে ভ্রমণ এক স্থথকর অভিজ্ঞতা।

তৃতীয়ত: এই পদ্ধতির দৃষ্টিকোণই একটি সুস্পষ্ট বিষয়বস্তকেন্দ্রক।
Prof. Jaffreys অভিমত হ'ল, "It supplies a central theme from which subsidiary investigations can radiate as far as time and pupils' intelligence allow."

চতুৰ্থতঃ বিপুল তথ্য সম্ভাৱে পরিপূর্ণ ইতিহাসকে কি ভাবে বিভালয়ের শিক্ষার্থীদের পক্ষে উপযোগী করে তোলা যায় এই সমস্ভার এক স্কুযোগ্য সমাধান হ'ল এই পদ্ধতি। প্রকৃতপক্ষে এই পদ্ধতি মূল আবেদনকে কেন্দ্র করেই গড়ে উঠেছে সমাজবিতা নামক বিষয়টি।

## ॥ এই পদ্ধতির অসুবিধা ॥

ক্ষগতির ধারাত্মরণ প্রতির সমালোচনা করে বাস্ট্র এবং গ্রীণ বলেছেন, "We cannot use this concept of history as a principle of a bridgement of history for school syllabuses and if we did and reduced history to the study of the roots of the present, we should get an erroneous picture of the actual development of institutions, since this kind of study of their history would take them from their full context in different periods in the past."

দিতীয়তঃ এই পদ্ধতিতে শাসনতান্ত্রিক ও রাজনৈতিক ইতিহাস যথাযোগ্য মর্যাদা থেকে বঞ্চিত হয়।

তৃতীয়তঃ এই পদ্ধতিতে **ইতিহাস একটি নির্দিপ্ত বিষয়-কেন্দ্রিক হয়ে** যাওয়ায় ইতিহাসের সামগ্রিকতা এখানে বিশ্বিত হয়।

চতুর্থতঃ এই প্রতিতে বর্তমানেরই অধিকতর প্রাধান্ত স্বীকৃত। অতীত নিজস্ব আবেদন হারিয়ে কেবলমাত্র বভনানের পশ্চান্পট হিসেবেই নিজের অভিস্ক রক্ষা করে।

# ॥ গ্রথিতকরণ পদ্ধতি॥

#### Il Patch Method II

এই পদ্ধতির প্রবিক্তা হলেন নিস্ মার্জরী রিভস্। এই পদ্ধতির মূল কণা হ'ল গুরুত্বপূর্ণ বিষয়গুলো একত্রে গ্রথিত কর।। এই বিষয়গুলি নির্বাচিত হবে শিক্ষাণীর বয়স, যোগ্যতা ও মানসিকতা অনুসারে। এই পদ্ধতির সার্থক প্রয়োগের জন্ম আমাদের কতকগুলো সতর্কতা অবলম্বন করতে হয়। যেমন:

প্রথমতঃ বিষ**েরর গ্রন্থনা হতে হবে যথেষ্ট স্থচিন্তিত।** গ্রন্থনার সম্ম লক্ষ্য রাখতে হবে চুই দিকে—শিক্ষার্থীদের উপযোগিতার দিক আর গ্রাথিত বিষয়ের শুরুত্ব। এই উভয় প্রয়োজনের মধ্যেই ভারদাম্য স্থাপন করতে হবে।

দিতীয়তঃ ষেহেতৃ এই পদতির লক্ষ্য হ'ল অতীত সম্পর্কে শিক্ষার্থাদের কল্পনাশক্তিকে সমন্দ করা এবং তাদের যুক্তিগ্রাহ্য চিস্তাধার। বিকশিত হতে সহায়তা করা
সেইহেতৃ তেমন সব বিষয় নির্বাচন করতে হবে যেখানে অতীতের সঙ্গে
বর্তমানের চমৎকার বৈপরীত্য রয়েছে।

তৃতীয়তঃ এই পদ্ধতিতে শিক্ষক "should choose any theme, possibly a sequence of events or a biography or a visual representation which symbolises the spirit of the age."

চতুৰ্যতঃ একটি দামগ্ৰিক ঐতিহাদিক দৃষ্টিকোণ থেকে **এই পদ্ধতিতে বিষয়-**বস্তুর নির্বাচন প্রয়োজনীয়। ॥ এই পদ্ধতির সূবিধা॥

প্রথমতঃ এই পদ্ধতিতে শিক্ষা ব্যাপক ও মূর্ত হয়ে ওঠে। ফলে বিভিন্ন প্রকার উপকরণের ব্যবহার এথানে সম্ভব হয়, ইতিহাস হয়ে ওঠে সজীব ও জীবস্ত।

দিতীয়তঃ প্যাচ পদ্ধতি দাবী করে যে এর মাধ্যমেই **একটি নির্দিষ্ট যুগের** সত্যিকারের পরিচয়টি পরিস্ফুট হয়।

ভূতীয়তঃ এই পদ্ধতি অনুসরণ করলে শিক্ষার্থী স্বতঃস্ফূর্ত ভাবে পরবর্তী যুগ সম্পর্কে জানতে কৌতূহল বোধ করে। বিভিন্ন যুগের মধ্যে পারম্পরিক সম্পর্কটি থুব স্বাভাবিক ভাবেই শিক্ষার্থীর কাছে স্বচ্ছ হয়ে যায়।

চতুর্গতঃ এই পদ্ধতির আকর্ষণী শক্তি এতটাই যে শিক্ষার্থীর সঙ্গে অতীতের এক গভীর একাত্মবোধ জাগ্রত হয়। ফলে ইতিহাস দেখানে এক পরম সত্য রূপে প্রতিষ্ঠিত হয়।

### ॥ একক পদ্ধতি॥ ॥ Unit Method॥

ইতিহাসের পাঠ্যক্রমের সংগঠন সম্পর্কীত যে-সব পদ্ধতি প্রচলিত তার মধ্যে একক পদ্ধতি ক্রমশঃই অধিকতর জনপ্রিয় হয়ে উঠ্ছে। ইতিহাসের বিভিন্ন ক্ষুদ্র ক্ষুদ্র অংশগুলিকে যদি স্বচিন্তিতভাবে কতকগুলো বৃহত্তর অংশ ঘনপিনদ্ধ করা যায় তাহলে শিক্ষক থেমন তাঁর পাঠ-পরিকল্পনায় বিচক্ষণতার স্বাক্ষর রাখতে পারেন তেমনি শিক্ষাথীরাও তাদের পাঠ্য-বিষয় সম্পর্কে ম্পাষ্ট ধারণা করতে পারে।

#### ॥ मर्खा ॥

কিন্তু একক পদ্ধতি বলতে আমর। কি ব্রিণ্ এ সম্পর্কে বহু পণ্ডিত বহু মত প্রকাশ করেছেন। আমরা কেবল ইতিহাসের দৃষ্টিকোণ থেকে ছটো মতের উল্লেখ করছি। প্রথমে জন্সন্ এককের সংজ্ঞা নির্দেশ করতে গিয়ে বলেছেন, "A unit is a segment of experience which is cut out for study; within it method is employed. It is my understanding that every unit is a project in the sense that one projects inquiry into it. Furthermore, every unit has a topic, theme or central tendency or whatever name you choose to call it, otherwise it could have no unity. Every unit is a contract, or obligation to study how the things which it contains are related, how they work, how cause and effect are identified and related and how a conclusion is reached at. Every unit is also a problem, a problem of significance and meaning in some unknown or less than thoroughly known phase of human experience.

as a single process governed by certain laws that the teaching of history be used on scientific explanations of facts, of causes and effects, and descriptions of important events and historical person ages." এই দৃষ্টিকোণ থেকে সোভিয়েট ইতিহাদের পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত বিষয় হ'ল: জাতীয় অর্থ নৈতিক উন্নয়নের ধারা, প্রাক্-বিপ্লব যুগে এদিক থেকে শোভিয়েট বিজ্ঞানীদের অবদান ও তাঁদের জীবন কথা, সোভিয়েট বিপ্লবের ইতিহাস।

# । এই পটভূমিকার পশ্চিমবঙ্গের ইতিহাসের নতুন পাঠ্যক্রম সম্পর্কে আলোচনা ॥

একমাত্র সোভিয়েট রাশিয়া বাদ দিলে অন্তান্ত তিনটি গুরোপীয় দেশের ইতিহাসের পাঠ্যক্রম থেকে এটা স্পষ্ট হয়ে যায় যে তারা নীতিগতভাবে ইতিহাস চর্চার মধ্য দিয়ে একদিকে বেমন, জাতীয় সংস্কৃতি ও জাতীয়তাবোধ সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করে তুলতে চেয়েছে তেমনি অন্তদিকে বিধ-পটভূমিকায় নিজ নিজ দেশের ভূমিকাটি স্থির করার উত্যোগও নেওয়া হয়েছে। প্রকৃতপক্ষে সাধারণতঃ এটাই হ'ল ইতিহাস সম্পর্কে সঠিক দৃষ্টিভদী। ইতিহাসের পরিধি যদি সমগ্র মানব-সমাজ পর্যন্ত বিস্তৃতই না হ'ল, বুহত্তর মানবতাবাদই যদি ইতিহাদে মুর্যাদা না পেল তবে সে ইতিহাস শুধু বিক্লতই নয়, মানব-উত্তরাধিকারকেই অস্বীকার করার অপগ্রয়াস মাত্র।

কিন্তু পশ্চিমবঙ্গে আমরা কি করলাম! প্রথমেই দেখা যাচ্চে ইতিহাস নামক বিষয়টি এতদিন পর আমরা সমগ্র পাঠ্যক্রম থেকে নির্বাসন দিলাম। হয়তো আগামী দশ বংসর পর শিক্ষার্থীগণ বিভালয় স্তরে ইতিহাস নামক কোন বিষয়ের অন্তিত্ব সম্পর্কে আর ওয়াকিবহান থাকবে না। এখন ইতিহাসের নতুন নামকরণ হয়েছে ভারত ও ভারতজন কথা। কিন্তু এই নতুন নামকরণের মধ্যেই ইতিহাস তার নিজের সন্তাকে হারালো। কারণ ইতিহাস বলতে ইতিহাসের নামকরণে আমরা যে বৃহৎ পটভূমিকার অনুরণন পেতাম, ইতিহাদ বলতে ষে বৃহত্তর মানব-উত্তরাধিকারকে ব্ঝাত, ইতিহাস যে উদার পরিবর্তন উন্মুক্ত দিগস্তে অবাধবিচরণের স্থযোগ দিত, এক্ষণে সেই অন্তরণন আর স্পন্দিত হবে না, বৃহত্তর মানব উত্তরাধিকার ক্ষুদ্র উত্তরাধিকারে রূপান্তরিত হবে, দিগন্তও তার এখন অবাধ এবং উন্মুক্ত নয়। নতুন নামকরণের মধ্য দিয়ে এক সংকীর্ণতার বোধই বারংবার বিক্ষত করছে ইতিহাস নামক বিষয়টিকে। সবচেয়ে বিক্সয়ের হ'ল, বিংশ

বোষণা করেও আমরা কি করে এমন সংকীর্ণ দৃষ্টিভন্দীর স্থুস্পষ্ট স্বান্ধর রাখতে এবং এই সংকীর্ণতা যে কতদূর পরিব্যাপ্ত তা আরও বেশী পরিষার হয়ে যায় পারলাম ।

শতাব্দীর শেষ ভাগে দাঁড়িয়ে জাতীয় নীতি হিদাবে আন্তর্জাতিক সম্প্রীতির কথা

যথন আমরা দৃষ্টিপাত্ করি ইতিহাস পড়ানোর নতুন উদ্দেশ্যের প্রতি। বলা হয়েছে:

The main objectives of teaching history will be:

- (1) To inculcate the love of the motherland, reverence for its past and a belief in its' future destiny as the home of a united co-operative society based on love, truth and justice.
- (2) To awaken in the pupil proper understanding of his social and geographical environment and an urge to improve it.
- (3) To develop the basic concept of India as a land of unity in diversity and strengthen the growth of national solidarity.
- (4) To broaden the pupil's mind so to develop mutual respect for various religious and culture patterns.
- ৰীতি social virtues that make a man a reliable associate and trusted neighbour.
- (6) To develop a sense of the rights and responsibilities of citizenship and inspire a sense of pride and dignity in personal honesty.

এই যে নবনির্দেশিত নীতি এথানে যা কিছু করতে চাওয়া হয়েছে দবই একান্ত ভারতবর্ষ কেন্দ্রিক। কিন্তু এতকাল পর এক অধ্যয়ন ও গবেষণার পর কি ফল এই দাঁড়ালো যে দমগ্র বিশ্ব থেকে ভারতকে বিচ্ছিন্ন করে এনে যা কিছু ভারতীয় তার উপরই গুরুত্ব আরোপ করলেই ভারতের ভারতীয়ত্বই তীব্র হয়ে উঠ্বে, যা কিছু ভারতীয় তার দবই অহুভব, বোধ ও প্রজ্ঞার আলোয় দম্জ্জল হয়ে উঠ্বে ? শুধু একটি কথাই জানতে ইচ্ছে করে, ইতিহাদের এইদব লক্ষ্য নির্দেশনার সঙ্গে কি আমাদের বহু বিঘোষিত জাতীয় নীতি দামঞ্জ্ঞ রক্ষা করে ?

এবার একট্ন পাঠ্যক্রমের দিকে তাকানো যাক। ষষ্ঠ শ্রেণীর পাঠ্য হিদেবে বলা হয়েছে প্রাচীন যুগ থেকে সাম্প্রতিক কাল পর্যন্ত বাংলাদেশের ইতিহাস।

যুব ভাল কথা, আমরা ব্যুতে পারছি, স্বদেশের প্রতি প্রেম জাগরণের জন্ম আঞ্চলিক প্রেমের ভূমিকা। কিন্তু বাংলাদেশ

যার পূর্ণাক ইতিহাস এখনো রচিত হয় নি, কিংবা যে ইতিহাস পাওয়া যায় তাও

মতহৈষতার উর্ধেন নয় বিশেষ করে একথা প্রয়োজ্য প্রাচীন কাল সম্পর্কে এমন

সংশয়-সংকুল বিষয় কি স্বকুমার মতি শিক্ষার্থীদের পক্ষে অনুধাবন

করা সহজ সাধ্য পূ

তাছাড়া পুস্তক-রচনার যে আয়তনের (পৃষ্ঠা দংখ্যার দিক থেকে) কথা বলা ইতি-শিক্ষণ—৬ হয়েছে তাও সমালোচনার উর্পে নয়। কারণ অত ক্ষুদ্র আয়তনের মধ্যে এত দীর্ঘ ইতিহাসের সমিবেশ করার অর্থ অসংখ্য ঘটনাবলীর ঠাঁস ব্নানো। বিন্দুতে সিম্বুর স্বাদ কে পেতে পারে? অপরিণত বালক-বালিকারা নিশ্চয়ই নয়।

তাই বাংলাদেশের ইতিহাস পাঠ্যক্রম রচনার ক্ষেত্রে আরও বেশী যুক্তিবাদী

বাস্তববাদী হওয়ার প্রয়োজন ছিল বলে আমরা মনে করি।

আবার অষ্টম শ্রেণীর পাঠ্যক্রম রচনাকালে পাঠ্যক্রম প্রণেতাগণ সম্ভবতঃ অকস্মাৎ বিশ্ব-প্রেক্ষাপট সম্পর্কে সজাগ হয়ে উঠেছিলেন। তাই শেষ অধ্যায়ে পনেরে। পৃষ্ঠার মধ্যে ১৭০৭ থেকে ১৯৪৭ সালের মধ্যবর্তী কালের গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক ঘটনাবলী বিশ্লেষণ করতে বলা হয়েছে। কিন্ত এইসব ঘটনাবলীর সঙ্গে ভারতের ঘটনাবলীর সম্পর্ক-স্থাপনা হবে কিভাবে সে সম্পর্কে কোন স্কুস্পষ্ট নির্দেশনা নেই। ফলে মনে হয় প্রসঙ্গটি যেন ভারতের ইতিহাসের উপর থানিকটা অপ্রাদদ্ধিকভাবে আরোপিত, স্বতঃস্কৃত नग्न ।

দশমশ্রেণীর পাঠ্যক্রমে জাতীয় স্বাধীনতা আন্দোলনের উপর প্রাধান্য দেওয়া হয়েছে। এটা প্রশংসনীয়। সঙ্গে সঙ্গে ভারতীয় সংবিধান ও নাগরিকতা সম্পর্কে যে অধ্যায় ছটি যুক্ত হয়েছে তাও দশম শ্ৰেণীর পাঠাক্রম

সময়োচিত।

তবে সপ্তম থেকে দশম শ্রেণী পর্যন্ত যেহেতু ভারতের ইতিহাসেরই ত্বার পুনরাবৃত্তির স্থযোগ রাখা হয়েছে দেক্ষেত্রে ইতিহাসের বৃহত্তর মূল্যবোধগুলোকে কিভাবে ইতিহাসের পাঠ্যক্রমের মধ্য দিয়ে ইতিহাদের বৃহত্তর আরও বেশী মর্বাদা দেওয়া যায় দে সম্পর্কে এখনো বিচার মুল্য হৈবাধ বিশ্লেষণের স্থােগ আছে বলে আমরা মনে করি।

# পঞ্চম অধ্যায়

# ইতিহাস শিক্ষাদান পদ্ধতি

#### ॥ বিষয়-সংকেত।।

পদ্ধতির প্রয়োজন—উৎকৃষ্ট পদ্ধতির লক্ষণ—
পদ্ধতির শ্রেণী বিভাগ—বর্ণনামূলক পদ্ধতি
—অমুসন্ধানমূলক পদ্ধতি—কর্মনূলক পদ্ধতি
—করেকটি পদ্ধতির আলোচনা—স্থানীয়
ইতিহাদ ও তার ব্যবহার—ইতিহাদে মোট
দান প্রথা।

"Even the best curriculum and the most perfect syllabus remain dead unless quickened into life by the right methods of teaching and the right kind to teachers."

-Secondary Education Commission

"Method forms the most important link in the total learning chain u hich has on one hand the goals and purposes and on the other result and values."

"The history teacher must be fully conversant with the different methods of teaching in the same way as a soldier is to be conversant with the various weapons of fighting"

### ॥ পদ্ধতির প্রয়োজন।।

#### 1 Necessity of Method 1

শিক্ষাক্ষেত্র শিক্ষাদান পদ্ধতির উপযোগিত। অপরিসীম। শিক্ষার উদ্দেশ্য গৃহীত হয় স্বচিন্তিত ভাবে। তারপর সেই উদ্দেশ্যকে কার্যকরী করার প্রয়োজনে রচিত হয় পাঠ্যক্রম। আর পাঠ্যক্রমের নির্ভূল বাস্থবায়ন সম্ভব হয় সঠিক পদ্ধতি অনুসরণের মধ্য দিয়ে। সমগ্র শিক্ষার ব্যবস্থাপনার এক প্রান্তে আছে শিক্ষার উদ্দেশ্য অন্য প্রান্তে শিক্ষা লব্ধ ফলশ্রুতি এবং উভয় প্রান্তের সংযোগ হ'ল পদ্ধতি। পদ্ধতির মধ্য দিয়েই শিক্ষার শুভাশুভ নির্ধারণ এবং গুণগত পরিমাপ সম্ভব হয়।

ইতিহাস শিক্ষককেও বিভিন্ন পদ্ধতির সঙ্গে পরিচিত হতে হয়। বহু পদ্ধতির মধ্যে ঠিক কোন্ পদ্ধতিটি কোথায় ও কথন প্রযুক্ত হবে তা স্থির করবেন শিক্ষক নিজের বিচার বৃদ্ধির সাহায়ে। কারণ কোন একটি পদ্ধতিকে সর্বোৎকৃট বলে কথনো অভিহিত করা যায় না। আসলে পদ্ধতি হ'ল একটি পান্তা একটি মাধ্যম যার সাহায্যে শিক্ষক তার জ্ঞানভাণ্ডার শিক্ষার্থীর ভেতর জ্ঞান বিনিমন্তের সাধ্যম সঞ্চারিত করবেন। তাই সঠিক পদ্ধতি নির্বাচন ও তার যথার্থ প্রয়োগ এক অতীব জরুরী প্রশ্ন।

এছাড়া পদ্ধতির অন্তদিকও রয়েছে। শিক্ষকের তানেক অসামর্থ অক্ষমতা আরত হয়ে যেতে পারে যদি তিনি তার পদ্ধতির প্রয়োগে আশাসুরপ সাফল্য লাভ করতে পারেন। বলা হয় যোগ্য শিক্ষকের সামর্থ্য এক জন্মগত ক্ষমতা। কিন্তু আজকের দিনে যথন শিক্ষার সার্বজনীন অক্ষমতার পরিপ্রক অধিকার সর্বজন স্বীকৃত এবং স্বীকৃতির সঙ্গে সঙ্গতি রক্ষা করেই শিক্ষার ব্যাপক সম্প্রসারণ হচ্ছে তথন কেবলমাত্র 'born teacher'দের জন্মই আমাদের অপেক্ষা করলে চলবে না, প্রয়োজন মেটাবার তাগিদে শিক্ষক তৈরী করেও নিতে হবে। বিভিন্ন পদ্ধতি সম্পর্কে দক্ষতা অর্জনে সাহাধ্য করে আমরা বহু সংখ্যক যোগ্য শিক্ষকের সংস্থান করতে পারি।

সবরকম পদ্ধতি সম্পর্কে শিক্ষকের অবহিত হবার আর একটি দিকও রয়েছে।
তা হ'ল, শিক্ষাদান যদিও একটি নৈমিত্তিক কর্ম তব্ এই কর্ম থেকে যেন প্রাণের
সজীব স্পর্শ ঘাতে কথনো বিদ্নিত না হয় সেদিকে তৎপর থাকা।
শিক্ষার সজীবতা
প্রয়োজন। প্রয়োজন মত নিত্য-নতুন পদ্ধতির ব্যবহারের মধ্য
বজার রাধা
দিয়ে যেমন শ্রেণীকক্ষে একঘেঁরেমি দূর করে বৈচিত্র স্বষ্টি করা
যায় তেমনি শিক্ষাদান কর্মও হবে প্রাণ-চাঞ্চল্যে পরিপূর্ণ।

### ।। উৎক্রপ্র পদ্ধতির লক্ষণ ॥

পদ্ধতি বেখানে বহুসংখ্যক সেখানে স্বভাবতংই প্রশ্ন আসে কোন একটি পদ্ধতির কার্যকারিতা বিচার করা হবে কেমন করে ? একটি পদ্ধতির উপযোগিতা নির্ধারণের মান দণ্ড হবে :

প্রথমতঃ যে পদ্ধতি শিক্ষার্থীদের অপরিসীম কৌতূহলে উদ্দীপ্ত করতে পারে।

দিতীয়তঃ যে পদ্ধতি শিক্ষার্থীদের মধ্যে বাস্থিত মূল্যবোধ জাত্রত করতে পারে এবং তাদের কর্মের প্রতি যথায়থ মনোভাব বিকাশে সাহায্য করে।

তৃতীয়তঃ, যে পদ্ধতি বিচারহীন মুখস্থ করার পরিবর্তে শিক্ষার্থীদের বিষয়ের গভীরে অবগাহন করতে উৎসাহিত করে।

চতুর্থতঃ, যে পদ্ধতি ব্যক্তিগত উত্তোগ ও অধ্যবসায়ের মাধ্যমে শিক্ষাথীদের গভীরতর জ্ঞানের অম্বেষণে প্রবৃত্ত করে। পঞ্চমতঃ, যে পদ্ধতি শিক্ষার্থীদের প্রাকৃত ঐতিহাসিকের অনুস্ত কর্ম পদ্ধতি অনুসরণে উদ্ধৃদ্ধ করে।

ষষ্ঠতঃ, যে পদ্ধতি শ্রেণী কক্ষের গতানুগতিক পরিবেশ অগ্রাহ্য করে **এক ভিন্নতর** পরিবেশ রচনায় সাহায্য করে।

### ।। পদ্ধতির শ্রেণী বিভাগ।।

বহুকাল পর্যন্ত এমন একটা ধারণা বদ্ধমূল ছিল যে ইতিহাস হ'ল অন্ধ ভাবে গলাধঃকরণ করবার মত একটি বিষয়। এই মতের সমর্থক যাঁরা তাঁরা কথনো ইতিহাসের ভেতর গভীরতর কোন বার্তার সন্ধান পান নি, কিংবা ইতিহাস তাঁদের কাছে এমন কোন তথাবাহী বিষয় হিসাবেও অন্তভ্ত হয় নি যে কারণে কোন স্থন্ধ পদ্ধতি গ্রহণের প্রয়োজন হয়। কিন্তু উল্টো দিকে আর এক দল বললেন, একটি স্বতন্ত্র বিষয় হিসেবে ইতিহাসের বিশেষ মর্গানা যদি স্বীকার করে নিতে আমাদের কোন কুঠা না থাকে তা হলে সেই বিষয়কে প্রাণবন্ত এবং হৃদয়গ্রাহী করে তোলবার প্রয়াস আমাদের চালিয়ে যেতেই হবে। এই প্রয়ানকেই সার্থক করে তুলতে পারে ইতিহাস পঠন ও পাঠন কালে অভিনব পদ্ধতি অনুসরণের মধ্য দিয়ে। তাই ইতিহাসকে চিত্রাকর্যক করে তোলার প্রয়োজনে তারা আবুনিক বিভিন্ন বৈজ্ঞানিক ও মনস্তাত্বিক পদ্ধতি অনুসরণ করবার কথা বললেন। ফলে ইতিহাস পঠন ও পাঠনের ক্ষেত্রে দেখা গেল বিভিন্ন বিচিত্র অনুসরণের প্রবণ্ডা।

বর্তমানে ইতিহাস শিক্ষালান কালে যে সব পদ্ধতি গ্রহণ করা হয়ে থাকে প্রয়োগ প্রাকৃতি অন্নসারে আমরা তাদের তিনটি প্রধান ভাগে ভাগ করে নিতে পারি যথাঃ—

(এক) বৰ্ণনা মূলক পদ্ধতি বা Narrative Method.

( তুই ) অনুসন্ধান মূলক পদ্ধতি বা investigative Method.

(তিন) কর্ম মূলক পদ্ধতি বা Activity Method.

কিন্তু এই প্রধান ভাগগুলি প্রত্যেক বিভাগের নিজম্বতাকে স্বকীয়তাকে স্থেষ্ট পরিকার করছে না। তাই প্রত্যেকটি ভাগের স্বাতন্ত্রকে পরিক্ষৃট করার উদ্দেশ্যে, এবং প্রত্যেক পদ্ধতিকে শ্রেণী কক্ষে প্রয়োগোপ্যোগী করে তোলার প্রয়োজনে পৃথক পৃথক পদ্ধতি আবিষ্কৃত হয়েছে।

যেমন বৰ্ণনামূলক পদ্ধতি বলতে বুঝায়, মৌথিক পদ্ধতি, পাঠ্য পুত্তক পদ্ধতি, বিতৰ্ক ও আলোচনা পদ্ধতি, সমাজীকত পাঠচৰ্চা পদ্ধতি ইত্যাদি।

অনুসন্ধান য্লক পকতি বলতে ব্ঝায় আবিকার পকতি, উংস পক্তি, ঐতিহাসিক প্রতি, ডাণ্টন প্রতি প্রভৃতি।

কর্মযূলক াদ্ধতি বলতে ব্ঝায় প্রকল্প পদ্ধতি, একক পদ্ধতি, শিক্ষায়ূলক ভ্রমণ প্রান্ত তি। এবারে আগ্রা বিভিন্ন পদ্ধতির প্রয়োগ কৌশল এবং তাদের গুণাগুণ নিয়ে স্থালোচনা করব। নিজের বিচার বৃদ্ধির সাহায্যে। কারণ কোন একটি পদ্ধতিকে দর্বোৎকৃষ্ট বলে কখনো অভিহিত করা যায় না। আদলে পদ্ধতি হ'ল একটি পান্থা একটি মাধ্যম যার সাহায্যে শিক্ষক তার জ্ঞানভাণ্ডার শিক্ষার্থীর ভেতর জ্ঞান বিনিময়ের মাধ্যম সঞ্চারিত করবেন। তাই সঠিক পদ্ধতি নির্বাচন ও তার যথার্থ প্রয়োগ এক অতীব জ্ঞারী প্রশ্ন।

এছাড়া পদ্ধতির অন্তদিকও রয়েছে। শিক্ষকের তানেক অসামর্থ অক্ষমতা আরত হয়ে যেতে পারে যদি তিনি তার পদ্ধতির প্রয়োগে আশাকুরপ সাফল্য লাভ করতে পারেন। বলা হয় যোগ্য শিক্ষকের সামর্থ্য এক জন্মগত ক্ষমতা। কিন্তু আজকের দিনে যথন শিক্ষার সার্বজনীন অক্ষমতার পরিপ্রক অধিকার সর্বজন স্বীকৃত এবং স্বীকৃতির সঙ্গে সঙ্গতি রক্ষা করেই শিক্ষার ব্যাপক সম্প্রসারণ হচ্ছে তথন কেবলমাত্র 'born teacher'দের জন্মই আমাদের অপেক্ষা করলে চলবে না, প্রয়োজন মেটাবার তাগিদে শিক্ষক তৈরী করেও নিতে হবে। বিভিন্ন পদ্ধতি সম্পর্কে দক্ষতা অর্জনে সাহায্য করে আমরা বহু সংখ্যক যোগ্য শিক্ষকের সংস্থান করতে পারি।

সবরকম পদ্ধতি সম্পর্কে শিক্ষকের অবহিত হবার আর একটি দিকও রয়েছে।
তা হ'ল, শিক্ষাদান যদিও একটি নৈমিত্তিক কর্ম তব্ এই কর্ম থেকে যেন প্রাণের
সজীব স্পর্শ যাতে কথনো বিদ্নিত না হয় দেদিকে তৎপর থাক।
শিক্ষার সজীবতা প্রয়োজন। প্রয়োজন মত নিত্য-নতুন পদ্ধতির ব্যবহারের মধ্য
বজার রাখা দিয়ে যেমন শ্রেণীকক্ষে একঘে য়েমি দূর করে বৈচিত্র স্বাষ্টি করা:
যায় তেমনি শিক্ষাদান কর্মও হবে প্রাণ-চাঞ্চল্যে পরিপূর্ণ।

## ॥ উৎকৃষ্ট পদ্ধতির লক্ষণ ॥

পদ্ধতি যেখানে বহুসংখ্যক সেখানে স্বভাবতঃই প্রশ্ন আসে কোন একটি পদ্ধতির কার্যকারিতা বিচার করা হবে কেমন করে ? একটি পদ্ধতির উপযোগিতা নির্ধারণের মান দণ্ড হবে:

প্রথমতঃ যে পদ্ধতি শিক্ষিত্রীদের অপরিসীম কৌতূহলে উদ্দীপ্ত করতে পারে।

দ্বিতীয়তঃ যে পদ্বতি শিক্ষার্থীদের মধ্যে বাস্থিত মূল্যবোধ জাত্রত করতে পারে এবং তাদের কর্মের প্রতি যথায়থ মনোভাব বিকাশে সাহায্য করে।

তৃতীয়তঃ, যে পদ্ধতি বিচারহীন মুখস্থ করার পরিবর্তে শিক্ষার্থীদের বিষয়ের গভীরে অবগাহন করতে উৎসাহিত করে।

চতুর্থতঃ, যে পদ্ধতি ব্যক্তিগত উত্তোগ ও অধ্যবসায়ের মাধ্যমে শিক্ষাণীদের গভীরতর জ্ঞানের অন্বেষণে প্রবৃত্ত করে। পঞ্চমতঃ, যে পদ্ধতি শিক্ষার্থীদের প্রাকৃত ঐতিহাসিকের অনুস্ত কর্ম পাদ্ধতি অনুসরণে উদ্ধৃদ্ধ করে।

যষ্ঠতঃ, যে পদ্ধতি শ্রেণী কক্ষের গতারুগতিক পরিবেশ অগ্রাহ্য করে **এক ভিন্নতর** পরিবেশ রচনায় সাহায্য করে।

### ।। পদ্ধতির শ্রেণী বিভাগ।।

বহুকাল পর্যন্ত এমন্ একটা ধারণা বন্ধমূল ছিল যে ইতিহাস হ'ল অন্ধ ভাবে গলাধংকরণ করবার মত একটি বিষয়। এই মতের সমর্থক যারা তাঁরা কথনো ইতিহাসের ভেতর গভীরতর শোন বার্তার সন্ধান পান নি, কিংবা ইতিহাস তাঁদের কাছে এমন কোন তথাবাহী বিষয় হিসাবেও অন্তভ্ত হয় নি যে কারণে কোন স্কম্ম পদ্ধতি গ্রহণের প্রয়োজন হয়। কিন্তু উন্টো দিকে আর এক দল বললেন, একটি স্বতন্ত্র বিষয় হিসেবে ইতিহাসের বিশেষ মর্যানা যদি স্বাকার করে নিতে আমাদের কোন কুঠা না থাকে ত। হলে সেই বিষয়কে প্রাণবন্ত এবং হৃদয়গ্রাহী করে তোলবার প্রয়াস আমাদের চালিয়ে যেতেই হবে। এই প্রয়াসকেই সার্থক করে তুলতে পারে ইতিহাস পঠন ও পাঠন কালে অভিনব পদ্ধতি অনুসরণের মধ্য দিয়ে। তাই ইতিহাসকে চিন্তাকর্যক করে তোলার প্রয়োজনে তারা আধুনিক বিভিন্ন বৈজ্ঞানিক ও মনস্তাত্ত্বিক পদ্ধতি অনুসরণ করবার কথা বললেন। ফলে ইতিহাস পঠন ও পাঠনের ক্ষেত্রে দেখা গেল বিভিন্ন বিচিত্র অনুসরণের প্রবণতা।

বর্তমানে ইতিহাস শিক্ষালার সালে যে সব পদ্ধতি গ্রহণ করা হয়ে থাকে প্রয়োগ প্রকৃতি অন্নসারে আমরা তাদের তিনটি প্রধান ভাগে ভাগ করে নিতে পারি যথাঃ—

(এক) বৰ্ণনা মূলক পদ্ধতি বা Narrative Method.

( হুই ) অনুসন্ধান মূলক পদ্ধতি বা investigative Method.

(তিন) কর্ম মূলক পদ্ধতি বা Activity Method.

কিন্তু এই প্রধান ভাগগুলি প্রত্যেক বিভাগের নিজন্বতাকে স্বকীয়তাকে স্বথেষ্ট পরিকার করছে না। তাই প্রত্যেকটি ভাগের স্বাতম্বাকে পরিক্ষৃট করার উদ্দেশ্যে, এবং প্রত্যেক পদ্ধতিকে শ্রেণী কক্ষে প্রয়োগেশেযোগী করে তোলার প্রয়োজনে পৃথক পৃথক পদ্ধতি আবিষ্কৃত হয়েছে।

যেমন বৰ্ণনামূলক পদ্ধতি বলতে বুঝায়, মৌথিক পদ্ধতি, পাঠ্য পুত্তক পদ্ধতি, নিতৰ্ক ও আলোচনা পদ্ধতি, সমাজীকত পাঠচৰ্চা পদ্ধতি ইত্যাদি।

অনুসন্ধান মূলক পক্তি বলতে বুঝায় মাবিকার পক্তি, উংস পক্তি, ঐতিহাসিক পদ্ধতি, ডাণ্টন পদ্ধতি প্রভৃতি।

কর্ম্যূলক গদ্ধতি বলতে ব্ঝায় প্রকল্প পদ্ধতি, একক পদ্ধতি, শিক্ষায়ূলক ভ্রমণ প্রান্ত তি। এবারে আমরা বিভিন্ন পদ্ধতির প্রয়োগ কৌশল এবং তাদের গুণাগুণ নিয়ে আলোচনা করব।

## [ এক ] ॥ মৌখিক পদ্ধতি॥ ॥ Oral Method॥

জনসন্ বলেছেন, "school history must, in the main, be presented as readymade information." বিষয় হিসেবে ইতিহাস জটিল ও বিমৃত । অথচ এই জটিল ও বিমৃত বিষয়কে সহজ ও বাত্তব করে তোলা সত্যিই এক আয়াসসাধ্য প্রয়াস। আর এই প্রয়াসকে সফল করে তোলার প্রধান দায়িত্ব গ্রহণ করবেন ইতিহাস-শিক্ষক। তিনিই জনসনের ইচ্ছে অনুষারী ইতিহাসকে 'readymade information' এ রূপান্তরিত করতে পারবেন। এই উদ্দেশ্য সমুখে রেখে শ্রেণীকক্ষে শিক্ষক যে পদ্ধতির সাহায্য নিতে পারেন তা হ'ল মৌখিক পদ্ধতি। যেহেতু এ ক্ষেত্রে শিক্ষক প্রধান ভূমিকা গ্রহণ করে বক্তৃতার মাধ্যমে শ্রেণীর উপযোগী করে বিভিন্ন ঐতিহাসিক তথ্যকে পরিবেশন করেন তাই এই পদ্ধতিকে বক্তৃতাধর্মী পদ্ধতি বা Lecture Method অথবা গল্পবলা পদ্ধতি বা Story telling Methodও বলা হয়। অস্বীকার করার উপায় নেই, বিভালয়ের একটি নিদিট তর পর্যন্ত এই পদ্ধতি বিশেষ কার্যকরী এবং এই পদ্ধতির সাহায়েই শিক্ষার্থীদের ইতিহাস সম্পর্কে অধিকতর আগ্রহণীল করে তোলা যায়।

# ॥ মৌখিক পদ্ধতির সুবিধা॥

প্রথমতঃ এই পদ্ধতি স্থ-প্রযুক্ত হলে শিক্ষার্থীগণ ইতিহাস সম্পর্কে অধিকতর কোতুহলী হবে। শিক্ষক শিক্ষাথীর নিবিড় সানিধ্যে থেকে তার ব্যক্তিগত কোতুহল জাগ্রহ করা প্রয়োজন অপ্রয়োজনের দিকে লক্ষ্য রেথে ইতিহাসকে সজীব করে তোলার মত যথোচিত ব্যবস্থা নিতে পারেন।

বিভীয়ত: পাঠ্য পুস্তকের পৃষ্ঠায় যে ইতিহাস অচল, অনড়, মৃতবৎ, শিক্ষকের কণ্ঠে সেই ইতিহাস হয়ে ওঠে সজীব প্রাণোচ্ছল এবং এইটেই সভিষানকে জীবন্ত করা the visual symbols are effective only upto a point. It is the living voice of the teacher that touches the chord of understanding and opens the gates of reality. এই কাজে শিক্ষক ষ্ড বেশী সার্থক, শিক্ষার্থীর কল্পনা সম্পদের সমৃদ্ধি তত বেশী।

তৃতীয়তঃ ইতিহাস পঠন-পাঠনের কাজে এই পদ্ধতির গুরুত্ব অপরিসীম। কারণ এই পদ্ধতির সাহায্যেই অযথা কালক্ষেপ না করে পূর্ব ঘটনার সজে বিভিন্ন ঘটনার মধ্যে পরবর্তী ঘটনার যোগাযোগ অনায়াসেই স্থাপন করা সংযোগ রক্ষা যেতে পারে। এ ছাড়া রয়েছে অন্য কয়েকটি দিক। তা হ'ল ইতিহাসের তথ্য বহুলতা, কোন কোন ক্ষেত্রে এ সব তথ্যের পারস্পরিক বিরোদীতা কিংবা কোন ত্রোধ্য তথ্যের সরলীকরণের প্রয়োজনীয়তা ঞ ধরনের বহুবিধ সমস্যা যা ইতিহাস পঠন-পাঠন কালে যে কোন সময়েই স্থাষ্ট হতে পারে তার সহজ সমাধান পাওয়া যেতে পারে একমাত্র এই পদ্ধতিরই ষথাষ্থ ব্যবহারের মধ্য দিয়ে।

চতুর্থতঃ ইতিহাস চর্চার অক্সতম ফলশ্রুতি হ'ল স্ত্যবাদিতা, সহমর্মিতা, সহনশীলতা প্রভৃতি গুণাবলীর বিকাশ সাধন। মৌথিক প্রুতির সাহায্যে বিভিন্ন ঐতিহাসিক কাহিনী উপস্থাপনার মধ্য দিয়ে আমরা সহজে ক্ষেব ওণের বিকাশ শিক্ষাথীর এইসব গুণাবলী বিকাশে সহায়তা করতে পারি। এই বক্তব্যে জোরালো সমর্থন জানিয়ে অধ্যাপক জাভিস বলেছেন, "The story is adding in the formation of ideals of conduct and so is contirbuting to the development of child's character and personality.

পঞ্চমতঃ এই পদ্ধতি প্রয়োগের আর একটি স্থবিধে হ'ল শিক্ষক পারিপার্শ্বিকতা আনুসারে শিক্ষার্থীর বয়স ও সামর্থ বিবেচনা করে শ্রেণীকক্ষে বিষয় বস্ত প্রয়োজন অয়ুঘাই।
ক্ষিত্র-বস্তু নির্ধারণ
ক্ষিত্র-বির্ধারণ
ক্মিত্র-বির্ধারণ
ক্ষিত্র-বির্ধারণ
ক্ষিত্র-বির্ধারণ
ক্ষিত্র-বির্ধারণ

।। মেখিক পদ্ধতির অসুবিধা।।

প্রথমতঃ মৌখিক পদ্ধতিতে শিক্ষকের প্রধান ভূমিকা এতদুর সম্প্রসারিত যে শিক্ষার্থীর ভূমিকা এখানে একান্তই গোণ। শিক্ষক বিষয় বিশ্লেষণে মনপ্রাণে এতটা নিবিষ্ট থাকেন যে তাতে শিক্ষার্থীর প্রতি যথোচিত ষত্মবান হওয়া তাঁর পক্ষে সম্ভব হয় না। কেবল কথার মালা পর পর প্রাধান্ত সাজিয়ে বিষয় উপস্থাপিত হবার ফলে শিক্ষার্থীর স্বাভাবিক

কারণেই ধৈর্যচ্যতি ঘটতে পারে।

দ্বিতীয়ত: মৌখিক পদ্ধতিতে শিক্ষকের সর্বময় কর্তৃত্বের ফলে শিক্ষার্থী তার নিজস্ব তাগিদে সক্রিয় হবার স্থযোগ থেকে বঞ্চিত হয়। ফলে শিক্ষার্থী নিজের উল্লোগকে উৎসাহিত করার প্রিবর্জে শিক্ষকের উপর ক্রমশঃ নির্ভরশীল হয়ে পড়ে।

তৃতীয়ত: মোখিক পদ্ধতিতে শিক্ষার্থী ইতিহাসের শিক্ষাকে বাস্তব জীবনে প্রতিফলিত করার স্কুযোগ থেকে বঞ্চিত হয়। ফলে এই পদ্ধতিতে শিক্ষা বাহুব নির্ভর হওয়ার পরিবশ্বে সবতোভাবে তারিক ভাবাপন হয়ে যায়।

চতুর্থতঃ মৌখিক পদাতির সাফল্য বহুলাংশে নির্ভর করে স্থযোগ্য শিক্ষকের যথেষ্ট দক্ষতার উপর। কিন্তু আজকের ক্রম-যোগা শিক্ষকের অভাব সম্প্রামারণশল শিক্ষার জগতে সর্বদাই এমন যোগ্যতা সম্পন্ন শিক্ষক পাওয়া যাবে একথা জোর দিয়ে বলা খায় না। পঞ্চমতঃ **এই পদ্ধতিতে শিক্ষার্থীর নবলন্ধ জ্ঞানের সঠিক মূল্যায়নের** ক্ষেত্রেও যথেষ্ঠ প্রতিবন্ধকতা রয়েছে। কারণ এ পথে যেমন একদিকে ব্যক্তি মূল্যায়নের অন্তবিধা অন্তদিকে প্রত্যেকটি শিক্ষার্থীর নিজম্ব অগ্রগতি কতটুকু হ'ল তাও পরিমাপ করা যায় না।

।। এই পদ্ধতির অসূবিধেগুলো দূর করার উপায়।।

সমালোচনা যাই হোক না কেন ইতিহাস শিক্ষাদান করার প্রয়োজনে মৌথিক পদ্ধতির ভূমিকাকে কথনো অগ্রাহ্ম করা যায় না। আবার এই পদ্ধতি সম্পর্কীত অস্ত্রবিধেগুলোও নস্থাং করার নয়। স্কুতরাং প্রয়োজন হ'ল এমন ব্যবস্থার সন্ধান যাতে আমরা এই পদ্ধতি প্রয়োগের বিভিন্ন প্রতিবন্ধক গুলো যতটা সম্ভব অপসারণ করতে পারি।

এদিক থেকে শিক্ষককে সর্বাত্যে মনে রাখতে হবে যে তার বক্তৃতা মঞ্চ হ'ল একটি শ্রেণীকক্ষ, কোন জন সমাবেশ নয়। স্কুতরাং সহজ্ব-লভ্য প্রশংসাস্থাক অব্যয় কথনোই তার লক্ষ্য হতে পারে না। বরং উল্টোদিকে সবদাই শিক্ষার্থীর মানসিকতাকে দৃষ্টির সমূথে রেথে বক্তব্য বিষয়ের ভাব ও ভাষা শিক্ষকের স্থির করে নিতে হবে।

দিতীয়ত: **এই কাজে সাফল্য অর্জনের জন্য প্রয়োজন শিক্ষকের যথেপ্ট** পূ**র্ব প্রস্তিত। আলো**চ্য বিষয়ে উপস্থাপনের জন্ম আয়োজন, উপস্থাপন কৌশল, তারপর আলোচ্য বিষয়ের পুনরালোচন'—প্রভৃতি প্রত্যেকটি হুর সম্পর্কেই শিক্ষককে প্রিপ্রণভাবে সন্ধাগ ও সচেতন হয়ে আসতে হবে।

ছতীয়তঃ শিক্ষককে সচেষ্ট হতে হবে যাতে এই পদ্ধতি প্রয়োগ করেও শিক্ষার্থীকে যেন সক্রিয়ভাবে পাঠদান প্রক্রিয়ায় সামিল করা যায়। শালাচন। চলাকালীন প্রয়োত্তরের ব্যবস্থা, শিক্ষা সহায়ক উপকরণের ব্যবহার প্রভৃতি কৌশল অবলম্বন করা হলে শিক্ষার্থী মৌধিক পদ্ধতিতেও সন্থাগ ও সত্তর্গ থাকবে।

চতুর্থতঃ শিক্ষক সতর্ক থাকবেন যেন তাঁর বিষয়বস্ত সর্বদাই শিক্ষার্থীর

শিক্ষানির মাননিকতার

মানসিক সামর্থ্যের সঙ্গে সক্ততি রক্ষা করে। এটা অত্যন্ত

সংখ্য সভা সকরী বিশেষ করে ইতিহাসের ক্ষেত্রে। কারণ এটা হতেই পারে

যে ইতিহাসের একই বিষয়বস্ত বিভালন্তের বিভিন্ন শ্রেণীর

প্রক্ষনতঃ এই পদ্ধতিতে শিক্ষককে বিষয়বস্তর সঙ্গে আন্তরিক স্থ্যতা ছাপন করতে হবে। কিন্তু তাই বলে ইতিহাদ দেন কংনো বিকৃত না হয়। জাতিন এই প্রসঙ্গে বিশেষ জোর দিয়ে বলেছেন, "Historical storie", whether they be facts or legen is, must be formulated by a truthfulness which is higher than more accuracy of incidents."

# [ছই] ॥ পাঠ্য পুস্তক পদ্ধতি॥

#### I Text Book Method II

কোন নতুন বিষয় নিয়ে কেবলমাত্র শ্রেণীকক্ষে আলোচনা কথনোই যথেষ্ট হতে পারে না। বিশেষ করে ইতিহাদের মত বিষয় যেথানে তথ্যের বাহুল্য দর্বদাই রয়েছে সে ক্ষেত্রে শ্রেণীকক্ষে আলোচনার পর প্রয়োজন পুনরালোচনা। এই পুনরালোচনার প্রয়োজন মেটানো যায় পাঠ্য পুহুকের সাহাযো। তাই বর্তমান শিক্ষা ব্যবস্থায় পাঠ্য পুহুক প্রায় অপরিহার্য। এই পাঠ্য পুহুককে কেন্দ্র করে যে শিক্ষাদান পদ্ধতি তাই পাঠ্য পুহুক পদ্ধতি। এই পদ্ধতিতে শ্রেণীকক্ষে শিক্ষাদান কার্য পাঠ্য পুহুককে অবলম্বন করে অগ্রসর হয়।

# ॥ এই পদ্ধতির স্থবিধা॥

প্রথমত: এই শদ্ধতিতে স্মৃ**তিশক্তির চর্চা হয় নিয়মিত।** ইতিহা**দে স্মৃতি** শক্তির যে প্রয়োজন রয়েছে তাতো আমরা সহজেই অন্তমান করতে পারি।

দ্বিতীয়তঃ এই পদ্ধতিতে শিক্ষার্থীর প্রন্থ পাঠ্যাভ্যাস তৈরী হয়। শুধু তাই
নয়। কোন একটি গ্রন্থ পাঠ করে কিভাবে তার ভেতর থেকে
প্রার্থাভাগ প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হয় সে পদ্ধতিও শিক্ষার্থী আয়ন্ত
করতে পারে।

তৃতীয়তঃ এ পথেই শিক্ষার্থীর মনন, চিন্তন ও অনুধাবন শক্তি ক্রমশঃ বিকশিত হতে থাকে। শিক্ষাণী ক্রমশঃ যুক্তি বিভাগী পথ বেয়ে বৃহত্তর জ্ঞানের সন্ধানে অগ্রসর হতে থাকে।

# ॥ এই পদ্ধতির অসুবিধা॥

প্রথমতঃ এই পদ্ধতি প্রয়োগের ফলে শিক্ষার্থীদের অর্থ হীন মুখস্থ করার অবণতা বৃদ্ধি পোতে পারে। বিষয়গত তাৎপর্য হৃদয়ক্ষম করার পরিবর্তে শিক্ষার্থী কেবল নির্বোধ গলাধঃকরণ করতে প্রবণতা
উৎসাহী হয় ফলে বিষয়টি তার নিজস্ব আবেদন হারিয়ে এক অবোধ তত্ত্বে রূপান্তরিত হয়।

দিতীয়তঃ এই পদ্ধতিতে শিক্ষার্থী নিজম্ব বিচারবোধকে শাণিত করার
ত্বার্গ থেকে বঞ্চিত্ত হয়। শিক্ষার্থী পাঠ্য প্রকের মতামত
দারাই প্রভাবিত হয়। কিন্তু এমন অবস্থা প্রকৃত ইতিহাস চর্চার
ক্ষেত্রে এক বিরাট প্রতিবন্ধক। কারণ বিভিন্ন তথ্য থেকে

শত্যটুকুকে আবিন্ধার করাই হ'ল ইতিহাস চর্চার প্রাথমিক শর্ত।

# <mark>। অ</mark>সুবিধেগুলো দূর করার উপায়।

প্রথমতঃ বিত্যালয়ে কোন একটি নির্দিষ্ট পুস্তককে পাঠ্য-পুস্তক হিসেবে চিহ্নিত করার প্রথা পরিত্যাগ করতে হবে। এর পরিবর্তে পাঠ্য-তালিকায় কতকগুলো উৎকৃষ্ট শ্রেণীর পুতকের তালিকা দিয়ে দেওয়া হবে।

দ্বিতীয়তঃ ঐ তালিকা জন্মায়ী পুস্তক যেন বিছ্যালয় প্রস্থাগারে পাওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে, যেন তারা বিভিন্ন লেখকের লেখা পুন্তক পাঠ করতে উদ্বন্ধ হয়।

তৃতীয়তঃ এ বিষয়ে শিক্ষক ও শিক্ষার্থীদের বিশেষ ভাবে সাহায্য করতে পারেন। ইতিহাসের বিভিন্ন অধ্যায়ের উপর কোন্ কোন্ গ্রন্থকারের বই শিক্ষার্থীদের পড়া উচিত সে সম্পর্কে তিনি তাদের নিয়মিত উপদেশ দিতে পারেন।

চতুর্থতঃ বিভিন্ন গ্রন্থ পাঠ করে শিক্ষার্থীগণ যেন নিজস্ব বক্তব্য গড়ে তুলতে সক্ষম হয় সেদিকেও নজর দিতে হবে। এ পথেই শিক্ষার্থীদের স্বাধীন চিন্তা শক্তি ও বিচার শক্তির বিকাশ হতে পারে।

# [ ভিন ] ।। আলোচনা পদ্ধতি।।

#### 11 Discussion Method 1

ইতিহাস চর্চার প্রয়োজনে আলোচনার গুরুজ অপরিসীম। পারস্পরিক আলাগআলোচনার মন্ত্র দিয়ে শাবের আদান প্রদানের মধ্য দিয়ে একটি সিদ্বান্তে এসে
পৌছানো – এটি এমন একটি সামর্থ যা কেবল ব্যক্তিজীবনই নয় রুহত্তর সামাজিক জীবনের প্রয়োজনে একান্তই অপরিহার্য। আর ইতিহাস? বেখানে মতানৈক্য খুবই খাডাবিক, তথ্যের জালিতা স্বভাবতঃই অপরিহার্য দেখানে আলোচনার ওক্ত আমরা সহজেই অনুমান করতে পারি।

কিন্তু প্রত প্রে আলোচনা বলতে নিরেট বাক্য বিশ্বাসকে ব্রায় না। কিংবা থাটি এমন একটি স্বাভাবিক সামর্থ নয় যাকে আমরা সহজাত বলতে পারি। প্রকৃত্ত পক্ষে আলোচনা এমন একটি আচরণগত সামর্থ যা আমাদের চর্চার মধ্য দিয়ে অতুশীলনের মধ্য দিয়ে অর্জন করতে হয়। আলোচনা চলাকালে বক্তব্যে কত বৈপরীত্যের স্বষ্ট হয়, কত যুক্তির ঘূর্ণীজাল বিভৃত্ত হয়, নিজস্ব মত প্রতিষ্ঠার কত প্রাণাভকর প্রয়াস চালানো হয়। কিন্তু সব প্রয়াসের শেষে কেমন চমৎকার একটি সর্ববাদী সম্বত সিদ্ধান্তেও উপনীত হওয়া যায়।

তাই আলোচনা পদ্ধতি কোন পূর্ব সিদ্ধান্ত নির্দ্ধান বরং সিদ্ধান্তের সন্ধান বা কোন সিদ্ধান্তের যথার্থত। বিচারই হ'ল আলোচনা পদ্ধতি। ইতিহাস শিক্ষণের প্রয়োজনে নিম্নোক্ত উদ্দেশ্সমূহ সাধনে আমরা আলোচনা পদ্ধতি শ্রেয়োগ করতে পারিঃ—

- (এক) আমাদের সমগ্র কর্ম পদ্ধতি নির্ধারণের জন্য।
- (ছই) সংগৃহীত বিভিন্ন তথ্যের আদান-প্রদানের উদ্দেশ্যে।

(তিন) সংগৃহীত বিভিন্ন তথ্যের মূল্য পরিমাপ করার প্রয়োজনে।

(চার) কোন একটি ধারণা (idea: সম্পর্কে পরিকার মত গড়ে তোলার জন্তে

(পাঁচ) ইতিহাস চর্চায় অধিকতর আগ্রহশীল করে তোলার **উদ্দেগ্যে।** 

(ছয়) সম্পন্ন কর্মের সঠিক মূল্যায়নের প্রয়োজনে।

এই আলোচনা পদ্ধতি বিভিন্নভাবে প্রযুক্ত হতে পারে। যেমন, সমষ্টিগতভাবে ঘরোয়া আলোচনা, সমষ্টিগত ভাবে প্রথাগত আলোচনা, প্যানেল আলোচনা, বিতর্ক সভা, আলোচনা চক্র বা বিস্পোজিয়ম প্রভৃতি।

# ॥ আলোচনা পদ্ধতির প্রয়োগ কৌশল।।

এই পদ্ধতির যথাযথ রূপায়ণের জন্ম প্রয়োজন যথাযথ পরিকল্পনার। এই পরিকল্পনার তর হ'ল তিনটি। যথাঃ প্রস্তুতি, আলোচনা ও মূল্যায়ন।

সার্থক আলোচনার জন্ম শিক্ষক ও শিক্ষার্থী উভয়েরই যথেষ্ট মাত্রীয় প্রস্তুত হতে হবে। সমগ্র আলোচনাটির পরিচালক হিসেবে শিক্ষক বিচার্থ বিষয়টি সম্পর্কে গভীর ও সুন্ম ভাবে অধ্যয়ন করবেন। বিষয়টির বিভিন্ন দিক সম্পর্কে প্রস্তুতির তাকে নিরপেক্ষভাবে চিন্তা করতে হবে। আলোচনা যাতে লক্ষ্যভ্রষ্ট না হয় সে কারণে তাকে সমগ্র বিষয়টিকে যুক্তিযুক্তভাবে সাজাতে হবে। আলোচনা স্থপরিচালিত করার উদ্দেশ্যে আলোচনার পথ নির্দেশন কতকগুলো নির্দেশনা তিনিই স্থির করে দেবেন। এইভাবে যথার্থ প্রস্তুতির উপরই একটি আলোচনার সাফল্য বহুলাংশে নির্ভর করে।

এরপর এল প্রকৃত আলোচনার শুর। এইন্তরে প্রথম কথাটি হ'ল, শিক্ষক তার চলনে-বলনে এমন পরিবেশ রচনা করবেন যেন তার শিক্ষাথারা সহজ ও স্বাভাবিকভাবে, নিভীক ও নিহিধায় আপন মনের ভাবটি প্রকাশ করতে কোন রকম কুঠাবোধ না করে। গণতান্ত্রিক পারিপার্শ্বিকতাই হ'ল সার্থক আলোচনার প্রাথমিক শর্ত। অবশ্য শিক্ষককে শ্রেণী শৃন্ধলার বিষয়েও বিশেষ স্বর্ক হতে হবে। শিক্ষার্থীগণ যেন অবাধে পরস্পরের বক্তব্য শুনতে পারে এমনভাবে শ্রেণী বিক্যাস করে নিতে হবে। ভারপর প্রয়োঘন হ'ল শ্রেণীকক্ষে একটি আস্তরিক পরিমণ্ডল রচনা। আলোচনা আক্রমণাত্মক না হয়ে যেন সহযোগিতামূলক হয়, পরমত সহিয়ু হয়, শিক্ষককে সে সম্পর্কে সজাগ

সর্বশেষ শুর হ'ল মূল্যায়নের শুর। যে বিষয় নিয়ে আলোচনার শুত্রপাত হয়েছিল তার উপর কতটা আলোকপাত যথাযথভাবে করা দশুব হ'ল তার বিচার করতে হবে এই শুরে। এই বিচারও কথনো বিক্ষিপ্ত বা উদ্দেশ্য বিহীন হতে মূল্যায়ণের শুর পারে না। তাই যথাযথ বিচারের প্রয়োজনে আমরা তিনটি লক্ষ্য শির করে নিতে পারি। প্রথমতঃ যে বিষয় নিয়ে আলোচনা হ'ল সেই বিষয় সম্পর্কে

শিক্ষার্থীর জ্ঞান কডটা তা পরিমাপ করা। দ্বিভীয়তঃ আলোচনার মধ্য দিয়ে শিক্ষার্থীর ঐতিহাসিক দৃষ্টিকোণ অর্থাৎ তার আলোচনা কডটা তথ্য ভিত্তিক ও নৈর্বক্তিক হ'ল তার পরিমাপ করা। তৃতীয়তঃ শিক্ষার্থীর স্বাচরণগত পরিবর্তনের মূল্যায়ন করা।

# ॥ আলোচনা পদ্ধতিতে শিক্ষকের ভূমিকা॥

বলাই বাহল্য আলোচনা প্রতিতে শিক্ষকের ভূমিকা সবিশেষ গুরুত্বপূর্ণ। আলোচনা চক্রের নেতা হিসেবে তাঁর অন্যতম কাজ হ'ল আলোচনায় অংশ গ্রহণকারী সকল সদস্যের আন্তরিক সহযোগিতা সংগ্রহ করা। এটি একটি জরুরী দায়িত্ব। কারণ শিক্ষার্থীদের মধ্যে রয়েছে ব্যক্তি বৈষম্য। কেউ হয়তো অন্তর্মুখী, কেউ বহিমুখী। কিন্তু স্বাইকে লক্রিয় করে তোলার মধ্য দিয়েই শিক্ষকের সাহল্য বহুলাংশে স্থচিত হবে।

তারপর শিক্ষককে লক্ষ্য রাথতে হবে, আলোচনা যেন কখনো বিপথগামী আলোচনাকে নিটক না হয়। তবে এ কাজেও তিনি কথনো আপন কতৃত্বকে জোর গথে পরিচালন। করে প্রতিষ্ঠা করবার চেষ্টা করবেন না। আলোচনার প্রয়োজন হলে শিক্ষক এমনভাবে হস্তক্ষেপ করবেন যেন শিক্ষার্থীরা স্পাইই অক্লভব করতে পারে যে তাদের আলোচনা লক্ষ্যচ্যত হচ্চে।

সমগ্র আলোচনায় যেন আন্তরিকতার স্পর্শ টুকু সর্বদাই সজীব থাকে এটাও শিক্ষকের লক্ষ্যণীয়। এরজন্ম প্রয়োজন হ'ল পারস্পরিক সহযোগিতা ও সহম্মিতার মনোভাব।

এককথায় শিক্ষক এই পদ্ধতিতে কেবলমাত্র একজন সংগঠক পরিচালকই নয়, তিনি হলেন একজন দক্রিয় অংশগ্রহণকারীও বটে।

# । আলোচনা পদ্ধতির সুবিধা।।

এই পদ্ধতিতে প্রত্যেক শিক্ষার্থীই একজন সক্রিয় অংগীদার হিসেবে দায়িত্বশীল। সেই স্থবাদে এই পদ্ধতির স্ববিধেগুলো স্বিশেষ উল্লেখদোগ্য।

প্রথমতঃ এই পদতি শিক্ষার্থিকৈ সততার সঙ্গে সত্যানুসন্ধানী হতে উদ্ধুদ্ধ করে। ফলে শিক্ষার্থী নিজস্ব তাগিদে নতুন নতুন তথ্য সংগ্রহ করে এবং পারস্পরিক আলাপ-আলোচনার মধ্য দিয়ে নিজের ক্রি গুলো সংখোধন করে নিতে পারে। এ পথেই শিক্ষার্থীর আগুবিকাশ ক্রমশঃ নিশ্চিত হয়।

ষিতীয়তঃ পারস্পারিক সমবোতার মধ্য দিয়ে নতুন জ্ঞান অর্জনের ক্ষেত্রে এই পদ্ধতির অবদান বিশেষভাবে উল্লেখযোগ্য। আর এই জ্ঞান কগনোই আরোপিত নয়, বরং নিজম্ব অভিজ্ঞতা ও উপলব্ধি সঙ্গাত। তৃতীয়তঃ সংঘবদ্ধভাবে বৌদ্ধিক বিকাশে এই পদ্ধতির অবদান লক্ষ্যণীয়। ব্যক্তিগত উদ্যোগে যে জ্ঞানার্জন দীর্ঘ শ্রম ও সময় সাপেক্ষ, যৌথভাবে সেই জ্ঞান স্বতাৎসারিত এবং সহজ্ব লভ্য।

চতুর্থতঃ আত্ম-মূল্যায়নে এই পদ্ধতি বিশেষ সাহায্যকারী। আলোচনার মধ্য দিয়েই শিক্ষার্থী অন্তুত্তব করে যে তার অধীত বিষয় কতটা আন্ধ-মূল্যায়ন গভীর এবং স্কন্ধ। আলোচনার মধ্য দিয়েই শিক্ষার্থী নিজস্ক বিশ্বাসের যৌক্তিকতা বিচার করে দেখতে পারে।

পঞ্চমতঃ আলোচনার মধ্য দিয়েই বিচার্য বিষয়ে নতুন নতুন ক্ষেত্রত উদ্ঘাটিত হয়। ফলে শিক্ষার্থী স্বাভাবিক ভাবেই অনুপ্রাণিত হয় নবাবিষ্কৃত ক্ষেত্রগুলো নিয়ে অধিকতর অন্ধ্রমন্ত্রনান ও পর্যালোচনা করতে।

ষষ্ঠতঃ এই পদ্ধতির দাহায্যে শিক্ষার্থীর চিন্তাশক্তি, বিচারশক্তি, তার পরমত সহিষ্ণুতা তার সহযোগিতার মনোভাব প্রভৃতি গুণাবলীর বিকাশঃ ঘটানো যেতে পারে।

সপ্তমতঃ শিক্ষকের দিক থেকে এই পদ্ধতির প্রয়োজনীয়তা বিশেষভাবে উল্লেখ-যোগ্য। আলোচনার মধ্য দিয়ে শিক্ষক প্রত্যেক শিক্ষার্থীকে বিভিন্ন দিক থেকে পরিমাপ করতে পারেন। এই পরিমাপ শিক্ষককে ভার শিক্ষকের স্ববিধা নির্ধারিত দায়িত্ব পালনে বিশেষভাবে সাহায্য করে। এই পরিমাপের উপর ভিত্তি করেই তিনি যেমন একদিকে উন্নতমানের শিক্ষার্থীদের উচ্চতরঃ জ্ঞানের সন্ধান দিতে পারেন তেমনি অন্তদিকে যারা পশ্চাদপদ তাদেরকেও টেনে-ভোলবার জন্ম প্রয়োজনীয় ব্যবহা নিতে পারেন।

### ।। আলোচনা পদ্ধতির অসুবিধা।।

প্রথমত: এই পদ্ধতিতে শিক্ষাদান কার্য পরিচালন। অত্যন্ত সময়: সাপেক্ষ। ফলে বিভিন্ন শ্রেণীর জন্ম নির্ধারিত পাঠ্যক্রম এই পদ্ধতিতে সম্পূর্ণ করা সম্ভব হয় না।

দ্বিতীয়তঃ এই পদ্ধতিতে প্রস্তুতি পর্বের শুরুত্ব এতটাই বেশী যে সেক্ষেত্রে কোনরকম উদাসীন্য বা অবহেলা থাকলে সমগ্র আলোচনাই ব্যর্থতায় পর্যবসিত হতে পারে।

তৃতীয়ত: বর্তমানে প্রতি শ্রেণীতে শিক্ষার্থীর সংখ্যাথিক্য যেমন, সেক্ষেত্রে এই পদ্ধতির প্রয়োগ বাস্তব দিক থেকে শিক্ষার্থীর সংখ্যাথিক্য অস্কৃবিধা জনক। এমনটা হতেই পারে যে হয়তো প্রতিটি শিক্ষার্থীর অংশ গ্রহণ হয়তো সম্ভব হ'ল না। শিক্ষকের পক্ষেত্ত সকলের প্রতি সমান মনোযোগী হওয়াও সহজ নয়।

ভবে এই প্রসঙ্গে শেষ কথাটি হ'ল, ইতিহাস হ'ল একটি জটিল ও বিষ্ঠ বিষয় 🖟

তাই নিম্ন শ্রেণীর অপরিণত শিক্ষার্থীর পক্ষে এই পদ্ধতিতে সার্থক অংশ গ্রহণ সম্ভব নয়।
বরং সেই তুলনায় অনেকথানি সাফল্য আশা করা যায় উচ্চতর শ্রেণীতে। কিন্তু
স্বোনেও এই পদ্ধতির নিয়মিত প্রয়োগ সহজ্ঞসাধ্য নয়। আমরা এর পরিবর্তে
নৈমিত্তিকতার বৈচিত্র স্বান্টর উদ্দেশ্যে মাঝে মাঝে উপযুক্ত বিষয় নির্বাচন করে এই
পদ্ধতি প্রয়োগ করতে পারি।

# [ চার ] || সক্রেটিক পদ্ধতি || || Socratic Method ||

প্রমোত্তরের মাধ্যমে শিক্ষার্থীর পূর্বজ্ঞান বা নবলন্ধ জ্ঞান প্রীক্ষা করার প্রদৃতি প্রধান্তর পদ্ধতির পদ্ধতির পদ্ধতির আমরা অন্তসরণ করি না কেন সর্বক্ষেত্রেই প্রশোত্তরের একটি নির্দিষ্ট ভূমিক। সর্বজন স্বীকৃত। অল্প সময়ে এবং অতি নহজে শিক্ষার্থীর সামর্য পরিমাপ করার সহজ্বর কোন প্রা আর নেই, প্রশোত্তর পদ্ধতি ছাড়া।

কিন্তু বিচার্য হ'ল প্রশ্ন করার উদ্দেশ্য কি ? উত্তরে বলা চলে প্রশ্ন সাধারণতঃ তিন ধরনের হতে পারে। প্রথমতঃ পরীক্ষামূলক প্রশ্ন বা testing question, দিতীয়তঃ শিক্ষামূলক প্রশ্ন বা training question, সর্বশেষে শৃজ্ঞালা-মূলক প্রশ্ন বা disciprinary question. প্রতিটি ভাগকে আবার বিভিন্ন উপভাগে বিভক্ত করা যেতে পারে।

প্রশ্ন করার পদ্ধতিকে যে কতটা সার্থক ভাবে ব্যবহার করা যেতে পারে তার প্রমাণ গ্রীক দার্শনিক সক্রেটিস। তিনি দেশের জনগণকে সচেতন করার উদ্দেশ্যে প্রশ্নোত্তর পদ্ধতিই গ্রহণ করেছিলেন। তাই তাঁর নাম অস্মারে প্রচলিত হয়েছে সক্রেটিক পদ্ধতি। এবার এই পদ্ধতিটি বিশ্লেষণ করা যাক্।

সক্রেটিস অপরকে নিজের মতে নিয়ে আদার জন্ম প্রশ্নোত্তর পদ্ধতি অনুসরণ
করেছিলেন। তাঁর পদ্ধতির ছিল তিনটি স্তর। প্রথম স্তরে
বিভিন্ন তার
দিতেন। তৃতীয় ও সর্বশেষ স্তরে তিনি প্রশ্নের মাধ্যমেই নিজের মতামতকে প্রতিষ্ঠা
করতে সচেই হতেন।

বলা হ ল সক্রেটিস্ অন্নস্তত এই পদ্ধা আমরা ইতিহাস শিক্ষাদান ক্ষেত্রে প্রয়োগ করতে পারি। প্রশ্নোত্তরের মাধ্যমে এই পদ্ধতিতে ইতিহাসের সত্যান্নসন্ধান কার্যে নিগুক্ত হতে হবে। তবে প্রশ্নগুলোকে হতে হবে যথায়থ, সত্যান্নসন্ধানী এবং উদ্দেশ্যপূর্ণ। তাহলে ক্রমশঃ শিক্ষার্থীর ভুল ধারণাগুলো তেঙ্গে ধাবে। এছাড়া এ পদ্ধতি স্বপ্রযুক্ত হলে ক্রমান্বয়ে শিক্ষার্থী তার নিজের জ্ঞানের দীমাবদ্ধতা সম্পর্কে দচেত্রন হবে এবং তার ফলে দে ধীরে ধীরে অধিকতর জ্ঞানার্জনে উৎসাহী হয়ে উঠছে।

# [ গাঁচ ]।। আবিন্ধার পদ্ধতি।।

#### || Heuristic Method ||

ইতিহাদের পদ্ধতি এক তুরহ পদ্ধতি এবং ইতিহাদের সত্য ও এক আপেক্ষিক সত্য।
তাই ঐতিহাদিক সত্যকে যেমন চরমতম গত্য বলে মেনে নেবার কোন যুক্তি সঙ্গত
কারণ নেই তেমনি সেই সত্যকে কপ্তি পাথরে যাচাই করে নেবার তাগিদে ইতিহাদের
পাঠককে ইতিহাদের পদ্ধতি সম্পর্কে গুরাকিবহাল হতে হবে।
ঐতিহাদিক সত্য ও
এই কারণেই ঐতিহাদিকের সিন্ধান্তকে অন্ধভাবে মেনে নেওয়ার
পদ্ধতি
অর্থ পরবর্তী জীবনে বিচারহীন ভাবে পরের মতকে মেনে নেবার
প্রবণতাকেই উৎসাহিত করা। তাই যা একান্তভাবে বাঞ্চ তা হ'ল বিভালয়ের
শিক্ষার্থীগণও ঐতিহাদিকের কর্মপদ্ধতির সঙ্গে পরিচিত হয়ে ইতিহাদ আবিদ্ধারের
কৌশলটি আরত্ত করবে। এই মতবাদ থেকেই জন্ম হয়েছে আবেহার
পদ্ধতির।

এই পদ্ধতির মূল কথা হ'ল, শিক্ষার্থীগণ বিভিন্ন তথ্য থেকে আপন উত্যোগে ইতিহাস আবিষ্কার করবে। কালচার ইপক্ মতবাদের তাহিকেরা যেমন ডারুউইন বা স্ট্যানলি হল্ বলেছেন ধে মানব জাতি তো শিক্ষতির মূলকথা নিজের অভিজ্ঞতা ও অন্ত্যান্ধিৎদাকে কাজে লাগিয়ে সত্যক জেনেছেন। এ কথা যথন বুহত্তর মানব-জাতি সম্পর্কে সত্য তথন ব্যক্তি-জীবনের ক্ষেত্রেও এই সত্যের ব্যতিক্রম ঘটার কোন কারণ নেই।

এই প্ৰতিতে শিক্ষক ও শিক্ষাথী উভয়কেই স্বাধীন ভাবে চিন্তা করতে হয়। এই
চিন্তালর যে জ্ঞান তাই হ'ল প্রকৃত জ্ঞান। জ্ঞান অর্জনের এই প্রক্রিয়ার মধ্য দিয়েই
শিক্ষার্থী ইতিহাদে বৈজ্ঞানিক কর্মপন্থ। সম্পর্কে অভিজ্ঞতা অর্জন করতে পারে।
প্রকৃতপক্ষে সক্রিয় কর্মোপ্তোগই হ'ল আবিক্ষার প্রতির প্রধান বৈশিষ্ট্য।
এই পদ্ধতিতে প্রথম হ'ল কোন একটি বিষয়কে কেন্দ্র করে চিন্তা,
তারপর চিন্তালর ফলশ্রুতি নিয়ে বিচার-বিবেচনা, বিচার-বিবেচনা
থেকেই জাগ্রত হয় অধিকতর জানার আকাজ্ঞা বা অনুসন্ধিংসা আর এই পদ্ধতির শেষ
হ'ল নিত্য নতুন জ্ঞানার্জনের আনন্দান্ততবে।

প্রকৃতপক্ষে 'আবিকার প্রতি কোন স্পষ্ট প্রতি নয়, বরং একে আমরা একটি শিক্ষানাতি হিসেবে চিহ্নিত করতে পারি। ইতিহাস শিক্ষার একটি নীতি হিসেবে এথানে বক্তব্য ঘতটা স্বস্থ ও স্পষ্ট, একটি শিক্ষাদান প্রতি হিসেবে ততটা নয়। তাই এই প্রতির মূল কথাটিকে কেন্দ্র করে স্বস্ট হয়েছে আরও নানাবিধ প্রতির।

# [ছর] ॥ উৎস পদ্ধতি॥

# Source Method #

বিজ্ঞান ভিত্তিক ইতিহাস চর্চা আরম্ভ হ'ল ষেদিন—সেইদিন থেকে বিভিন্ন ঐতিহাসিক উপাদান নিয়ে শুক হ'ল ক্রমবর্ধনান গবেষণা। ঐতিহাসিক দেণলেন, সৎ এবং সভ্যনিষ্ঠ ইতিহাস রচনার একমাত্র মাধ্যম হ'ল বিভিন্ন ঐতিহাসিক উপাদানের ষ্থায়থ অন্বেষণ, বিচার এবং মূল্যায়ন। যথার্থ উপাদানের বিভিন্ন করে ইতিহাস রচনার যথার্থতা। তাই ঐতিহাসিককে জানতে হন্ন, ইতিহাসের উৎস কি এবং কেমনভাবে ঐ সব উৎসকে রচনায় প্রয়োগ করা যায়।

ভা হলে এই যখন ইতিহাদ রচনার কলা কৌশল, তখন প্রয়োজন হ'ল একজন শৈকাথীর ইতিহাদের ছাত্র হিদেবে এই কৌশলটি আয়ত্ত করার। তাকে জানতেই হবে কেমন ভাবে বিভিন্ন উপাদান থেকে ইতিহাস রচিত হয়। এই অন্তব থেকেই স্থাষ্ট হ'ল উৎস পদ্ধতির, ইতিহাস শিকাদান ব্যবহায় যার ভাত্তিক ও ব্যবহারিক অবদান অপরিসীম। ভাই বলা হয়েছে "Correct history teaching means not enly providing the pupil a lackground of historical knewledge, kut also an insight into the meaning and significance of history and the ability to continue his studies for himself."

তাই বিভালয় তরেই এমন কার্যক্রম গ্রহণ করতে হবে যেন শিক্ষার্থীরা জানতে পারে ইতিহাস কি এবং কেমন ভাবে নিভুল ইতিহাস চর্চা করা যেতে পারে। তাই শিক্ষার্থীদের উৎস ব্যবহার পদ্ধতির সঙ্গে পরিচিত হতে হবে। অবশু এটা কগনোই আশা করা যায়না যে এই চর্চাকে এমন পর্যায়ে উন্নীত করতে হবে যেন প্রত্যেক শিক্ষার্থী একজন করে ক্লুদে ঐতিহাহিকে রূপান্থরিত হয়। বরং ইতিহাস শিক্ষায় এই পদ্ধতি প্রয়োগের লক্ষ্য হবে উৎস ব্যবহারের মধ্য দিয়ে:

- ( এক ) শিক্ষার্থীদের বিশ্লেষণা চিন্তাশক্তির বিকাশ সাধন করা।
- ( 55) শিক্ষার্থীর নিজস্ব বিচার বোধকে জাগ্রত করা।
- (তিন) তথ্য সংগ্রহ করার এবং সংগৃহীত তথ্যকে ব্যাখ্যা করার পদ্ধতির সঙ্গে শিক্ষার্থীকে পরিচিত করা।
  - ( চার ) অভীতকে সজীব এবং প্রাণবস্ত করে শ্রেণীকক্ষে উপস্থাপন করা।
- (পাচ) শিক্ষার্থীদের কল্পনা শস্তিকে সমৃদ্ধ করে অতীতের নব-নির্মাণে উদ্ধ করা।
  - ্রিছয় ) স্ঠিক দৃষ্টিকোণ থেকে ইভিহাস চর্চায় শিক্ষার্থীদের উদ্ধুদ্ধ করা। এখন প্রশ্ন ইংল উৎস বলতে কি ব্ঝায়। উৎস বলতে ব্ঝায় সেইদব শ্বতিচিহ্ন

ষেগুলো অতীতের দাক্ষ্য বহন করে। প্রাকৃতপক্ষে যে তৈরী করা ইতিহাস আমরা পাই সেখানে অতীতের কোন প্রত্যক্ষ স্পর্শ নেই। এই ইতিহাস ঐতিহাসিক আবিষ্কার করেছেন অতীতের স্থৃতি চিহ্নগুলোকে বিচার-বিশ্লেষণ উৎসের শ্রেণী বিজাগ করে, এবং এই শ্বতিচিহ্নগুলো হ'ল সীমাহীন। আমরা আমাদের স্থবিধে অনুযায়ী তাদের তিনভাগে ভাগ করে নিতে পারি। যথা: প্রভ্রতান্ত্রিক উপাদান বা archaeological source, সাহিত্যগত উপাদান বা literary source এবং মৌখিক উপাদান বা Oral tradition.

প্রত্নতাত্ত্বিক উপদানগুলিকে আবার তিন্টি উপভাগে বিভক্ত করা যায়। প্রথম, স্মৃতিস্তম্ভ-মূলক—ষেমন মহেঞ্চড়ো-হরপ্লার ধ্বংসাবশেষ, প্রাচীন অট্টালিকা, ধর্মীয় প্রতিষ্ঠান, রাজপ্রাসাদ প্রভৃতি। বিতীয়, শিলালিপি, ইত্যাদি, তৃতীয় বিভিন্ন যুগে প্রচলিত মুদ্রা।

সাহিত্যগত উপাদানেরও রচেছে বিভিন্ন ভাগ। ষেমন, প্রথমেই আসে ধর্মীয় রচনাবলী। তারপর ধর্মনিরপেক্ষ রচনাবলী। এই বিভাগের

সাহিত্যগত উপাদান এক্তিয়ারভুক্ত বিভিন্ন ব্যক্তি বিশেষের রচনাবলী বেমন, তেমনি বিভিন্ন সময়ে ঘোষিত সরকারী নির্দেশনামাও। সর্বশেষে বিভিন্ন বিদেশী পরিব্রাজকদের বিবরণ।

মৌথিক উপাদান সমূহ প্রধানতঃ স্থানীয় ইতিহাস রচনাতেই বিশেষ কার্যকরী। প্রচলিত কথা ও কাহিনী এই পর্যায়ভুক্ত।

এইসব উপাদানগুলোকে আবার গুরুত্ব অনুসারে তুই ভাগে ভাগ করা যায়। যথা, মৌলিক-উপাদান বা primary source এবং গৌণ উপাদান বা secondary source. মৌলিক উপাদান বলতে বুঝায় সেইসব উপাদান যার রচয়িতাগণ ঘটনাটির সঙ্গে কোন না কোন ভাবে প্রত্যক্ষভাবে জড়িত ছিলেন। মৌলিক ও গৌণ (यमन ताष्ट्रीय प्रनिल-म्लादिक, विভिन्न चार्न-कासून, चार्य-कीवनी ইত্যাদি। গৌণ উপাদান বলতে বুঝায় সেইসব উপাদান যার উপাদান রচয়িতাগণ ঘটনাটির সঙ্গে প্রতাক্ষভাবে যুক্ত না হলেও তারা প্রত্যক্ষ অভিজ্ঞতার উপর ভিত্তি করেই নিজেদের বক্তব্য উপস্থাপিত করেছেন। উদাহরণ বিভিন্ন যুগে রচিত বিভিন্ন ঐতিহাসিক রচনাবলী।

আমাদের পরবর্তী বিবেচ্য বিষয় হ'ল বিভিন্ন প্রকারের উপাদানের নির্ভরযোগ্যতা। মেহেতু উপাদানের উপর ভিত্তি করেই উপাদানের নির্ভর-রচিত হয় ইতিহাস সে কারণে উপাদান কতটা বিশ্বাস্যোগ্য, কতটা নির্ভরযোগ্য তার উপরই নির্ভর করে রচিত ইতিহাসের যোগাতা সার্থকতা বা ব্যর্থতা। তাই ঐতিহাসিককে বিশেষ যত্নের সঙ্গে উপাদানগুলিকে বাছাই করে নিতে হয়।

এই বাছাই কাজের জন্ম বছপ্রকার পদ্ধতি প্রচলিত। তার মধ্যে কয়েকট ইতি-শিক্ষণ-- 1

উল্লেখ করা যেতে পারে! ষেমন, ঐতিহাসিককে প্রথমে যাচাই করে দেখতে হয় যে উপাদানের প্রথম উৎস যেখানে সেখানে কোন ব্যক্তিগত সংস্কার ছিল কি না। উদাহরণ স্বরূপ বাণভট্টের হ্র্বচরিত। এখানে বাণভট্টের প্রকাশ লক্ষাই ছিল হ্র্ববর্ধনের গুণকীর্তন। স্কুতরাং প্রমন রচনা কখনো নৈর্বক্তিক হতে পারে না তাতো আমরা সহজেই অমুমান করতে পারি। তারপর ঐতিহাসিককে বিচার করতে হবে যে তাঁর সংগৃহীত উপাদানে কোন সময়গত বিচ্যুতি আছে কি না। এরই সঙ্গে তিনি আরও লক্ষ্য করনে যে তাঁর আলোচ্য বিষয় নিয়ে কোন মতদ্বৈধতা আছে কি না। থাকলে তিনি সকল প্রকার মতামতের সঙ্গে, অবহিত হবেন এবং ক্রমশঃ নিজস্ব মতামত গড়ে তুলতে চেটা করবেন।

### ॥ উৎস পদ্ধতির প্রয়োগ ॥

এই হ'ল উৎস পদ্ধতির তাত্তিক দিক। এবার আমাদের আলোচ্য এই পদ্ধতির ব্যবহারিক দিক অর্থাৎ কেমন করে এই পদ্ধতি আমরা শ্রেণীকক্ষে প্রয়োগ করতে পারি।

অস্বীকার করার উপার নেই আমাদের দেশের শিক্ষকেরা বিভালয়ে নানাবিধ অস্ববিধাকে মেনে নিয়ে তাঁদের দায়ির পালন করেন। যেমন বিভালয়ে সময়ের স্বল্লতা, উপকরণের অভাব, শিক্ষার্থীদের বৌহিক ও মানসিক বর্জনান অবস্থাওতার অপরিপক্ষতা, অতিদীর্ঘ পাঠ্যক্রম প্রভৃতি। কিন্তু এসব প্রতিভিন্নমন বন্ধকতা সত্ত্বেও যা আমাদের শিক্ষকেরা করতে পারেন তা হ'ল, তিনি নিজে কেবলমাত্র পাঠ্যপুস্তকের উপর নির্ভর করে ইতিহাস পড়াবেন না এবং প্রতিটি আলোচনার শেষে ভাল ভাল ঐতিহাসিকের রচনা পড়তে শিক্ষার্থীদের উদ্বৃদ্ধ করবেন। অবস্থাই এইদব রচনা হবে গৌণ উপাদান। কিন্তু গৌণ উপাদানের সঙ্গে পরিচয়ের স্থ্র ধরেই শিক্ষার্থী কৌতূহলী হবে মৌলিক উপাদানের দায়িধ্য পেতে। এ ছাড়া দারা বৎসরে অন্ততঃ ভৃ/একটি বিষয়ের পাঠ সম্পূর্ব উৎস পদ্ধতির উপর নির্ভর করে দেওয়া ষেতে পারে। এতে শিক্ষার্থী উৎস পদ্ধতির প্রয়োগ-কৌশলের সঙ্গে পরিচিত হবে।

এ ছাড়া নৈমিত্তিক পাঠদান কার্যেও আমরা উৎস পদ্ধতির প্রয়োগ করতে পারি
বেশ চাতুর্যের সঙ্গে। যেমন শ্রেণীকক্ষে উপযুক্ত বাতাবরণ স্বষ্টির উদ্দেশ্যে এই
পদ্ধতি প্রয়োগ করা যেতে পারে। কিংবা উপস্থাপনের গুরে
শিক্ষক তাঁর আলোচ্য বিষয়কে বিশ্বাসযোগ্য ও মর্মস্পর্শী করে
তোলার জন্ম এই পদ্ধতির সাহাঘ্য নিতে পারেন। প্ররন্ধজেবের
চরিত্র আলোচনা প্রসঙ্গে যদি তাঁর ভাইদের কাছে লেখা প্ররন্ধজেবের চিঠিগুলো
শিক্ষক পড়ে শোনান তবে কি শ্রেণীকক্ষে একটি ঐতিহাসিক পরিমণ্ডল রচিত

হবে না? একইভাবে এই পদ্ধতি ব্যবহার করা বেতে পারে অভিষোজন ন্তরে। আসল কথা হ'ল, উৎস পদ্ধতির সাহাযো "Students are not expected to reconstruct history for themselves. Nor is it our intention to lead students to do original research work. The study of sources is intended to be an adjunct to the study of the text book."

## <mark>।। উৎস পদ্ধতির সুবিধা ।।</mark>

প্রকৃত ইতিহাস চর্চার সঙ্গে শিক্ষার্থীর পরিচিত করবার ক্ষেত্রে এই পদ্ধতির ভূমিকা অসামান্ত।

প্রথমতঃ মৃত অতীতকে শ্রেণীকক্ষে জীবস্ত করে তুলতে উৎস পদ্ধতি অতীতকে জীবস্ত করা বিশেষভাবে সহায়ক। এই পদ্ধতিতে ইতিহাস কথনোই কতকগুলো রপক্থা বা কতকগুলো কল্পিত কাহিনীর সংকলনে আবন্ধ থাকে না।

দিতীয়তঃ এই পদ্ধতি কেবলমাত্ত শিক্ষার্থীর কোতৃহল নির্ত্ত করে না, দক্ষে স্থ্যোপক হ্যাস্লক্-এর ভাষায় "Source method gives the children an insight into the methods by which history has been built up."

তৃতীয়তঃ এই পদ্ধতি শিক্ষার্থীর যুক্তিবোধ ও বিচারবোধকে স্থতীক্ষ্ণ করে
তালে। সাধারণভাবে উপাদানের কোন গুরুত্বই নেই যতক্ষণ
না তাকে কার্যকারণ হুত্রে গ্রথিত কা যায়। এই গ্রন্থনার যে
প্রক্রিয়া তা অন্তথাবনের মধ্য দিয়ে শিক্ষার্থীর যুক্তিবোধ ও বিচার
বোধ ক্রমশঃ তীক্ষ্ণ হয়ে ওঠে।

চতুর্থত: উৎস পদ্ধতি কতকগুলো মানসিক গুণাবলী অর্জনে সাহায্য করে। ধেমন স্থচিত্তণ, কল্পনা শক্তি, তুলনামূলক বিচার ও বিশ্লেষণ, সিদ্ধান্ত গ্রহণ-সামর্থ, নিজেকে প্রকাশ করার সামর্থ ইত্যাদি।

পঞ্চত ঐতিহাসিক পরিমণ্ডল রচনায় উৎস পদ্ধতি অতুলনীয়। কে. ডি. ঘোষ যথার্থ ই বলেছেন, "The sources vitalize history to the child by giving him the associations and atmosphere of the past. ডঃ কীটিংও বলেছেন যে ঐতিহাসিক পরিবেশ রচনায় উৎস পদ্ধতিই একমাত্র পদ্ধতি।

## ॥ উৎস পদ্ধতির অসুবিধা॥

প্রথমতঃ বিত্যালয়ের শিক্ষার্থীর। ব্যবহার করতে পারে এমন উৎস সহজলভ্য নয়।

দ্বিতীয়তঃ এই পদ্ধতির **প্রয়োগগত আঙ্গিকও বেশী জটিল**। ফলে নিয় শ্রেণীর শিক্ষার্থীগণের ক্ষেত্রে এই পদ্ধতি প্রযুক্ত নাও হতে পারে। তৃতীয়তঃ **এই পদ্ধতির প্রয়োগের জন্য শিক্ষকদেরও বিশেষ শিক্ষণ** প্রাপ্ত হওয়া দরকার। প্রকৃতপক্ষে আমাদের শিক্ষকেরা ইতিহাস রচনাশৈলীর সঙ্গে আদৌ পরিচিত নয়। এটি একটি বিরাট প্রতিবন্ধক।

চতুর্থন্থ: বহু রকমের উপাদান থেকে সঠিক এবং প্রয়োজনীয় উপাদানটি বেছে নেওয়াও খুব সহজ্ব নয়।

এই পর্যায়ে আমাদের শেষ কথা হ'ল, যেমন বিজ্ঞান শিক্ষার ক্ষেত্রে গবেষণাগার ব্যবহার করে প্রত্যেকটি শিক্ষার্থীকে আমরা একজন বৈজ্ঞানিকে রূপাস্তরিত করতে চাই না, তেমনি অন্ধভাবে উৎস পদ্ধতি প্রয়োগ করে প্রত্যেককে ঐতিহাসিকে পরিণত করার লক্ষ্য আমাদের কথনোই থাকবে না। মনে রাখতে হবে, The road travelled is more important than the destination reached." এ কথাটি মনে রেথেই আমাদের উৎস পদ্ধতির প্রয়োগ সম্পর্কে তৎপর থাকতে হবে।

### [সাড] || অবেক্ষণ পাঠচর্চা || || Supervised Study ||

অবেক্ষণ পাঠচর্চার পদ্ধতির সংজ্ঞা নির্দেশ করতে গিয়ে আর্থার বিনিং ও ডেভিড্
বিনিং বলেছেন, "By supervised study we mean the supervision by the

teacher of a group or of a class of pupils as they work

at their desks or around their tables." এই পদ্ধতিতে
শিক্ষক শিক্ষার্থীদের একটি কর্মস্থচীর নির্দেশ দেন। শিক্ষার্থীগণ আপন উৎসাহে
সেই কর্মস্থচীর রূপায়ণে নিমগ্র থাকে। শিক্ষক তাদের সামিধ্যেই থাকেন। তিনি
শিক্ষার্থীদের প্রয়োজন মত তাদের উপদেশ ও নির্দেশ দেন, সঙ্গে সঙ্গাংশ রাখেন যাতে শিক্ষার্থীগণ নিজেদের সমস্তা সমাধানে যেন কথনো লক্ষ্যন্তই না হন।

ম্যাক্রান্থেল ও কিল্জার মতে, "Supervised study is the effective direction and oversight of the silent study and laboratory activities of pupils"

এই পদ্ধতি প্রয়োগ করতে হলে ইতিহাসের জন্য আলাদা করে কক্ষের প্রয়োজন। সেই কক্ষ হবে স্থাজিত। সেথানে শিক্ষার্থীদের ষেমন বসবার ব্যবস্থা থাকবে তেমন থাকবে পাঠাগার, ষেন শিক্ষার্থীরা নিজেদের প্রয়োজনমত পুস্তক প্রতে পারে।

# ॥ অবেক্ষণ পাঠচর্চা পদ্ধতির স্থবিধা॥

প্রথমতঃ গতান্থগতিক শ্রেণীশিষণ ব্যবস্থার ক্ষেত্রে এই পদ্ধতি একটি উল্লেখযোগ্য ব্যতিক্রম। শিক্ষার্থী নিজেদের তাগিদে এই পদ্ধতিতে অনেক বেশী সক্রিয় ভূমিকা গ্রহণের স্বযোগ পায়।

দ্বিতীয়তঃ শিক্ষককে ষেহেতু শিক্ষার্থীর নিৰিড় সান্নিধ্যে থাকতে হয় সেইহেতু

তাদের পারস্পারিক সম্পর্ক মধুর হয়ে ওঠে। সঙ্গে সঙ্গে নিবিড় সান্নিধ্যের স্থযোগে শিক্ষক শিক্ষার্থীদের ব্যক্তিগত বৈষম্য সম্পর্কে সচেতন হতে পারেন।

তৃতীয়তঃ এই পদ্ধতিতে পরস্পরের মধ্যে একটি স্থন্দর গণতান্ত্রিক সম্পর্ক গড়ে ওঠে। শিক্ষার্থীগণ যে কেবল শিক্ষকের দাহাষ্য নিয়ে থাকে তাই নয়, নিজেদের অস্থবিধায় তারা দহপাঠীদের দাহাষ্যও নেয়। এইভাবে পারস্পরিক সহম্মিতার মধ্য দিয়ে গণতান্ত্রিক চেতনা বিকশিত হয়।

চতুর্থত: যেহেতু শিক্ষকের সহযোগিতা সহজ লভ্য সেইহেতু **এই পদ্ধতিতে** বিভিন্ন ঐতিহাসিক তথ্য অতি অ**র সমধ্যে নিভু লভাবে আয়ন্ত করা যায়**।

পঞ্চমতঃ শিক্ষার্থীর জ্ঞা**নের দিগন্তও ক্রমশঃ উন্মোচিত হয়।** তার জ্ঞান পিপাসা তীর থেকে তীরতর হয়।

## ॥ অবেক্ষণ পাঠচর্চা পদ্ধতির অসুবিধা।।

প্রথমতঃ এই পদ্ধতি থেকে স্বল্প মেধা সম্পন্ন ও অনগ্রদর শিক্ষার্থীরা কতটা স্ক্রবিধা পেতে পারে দে সম্পর্কে সংশয় প্রকাশ করার কারণ আছে।

দ্বিতীয়ত: এই পদ্ধতি সময় সাপেক ও ব্যয় বহুল। কেননা এর জন্ম প্রয়োজন পৃথক ইতিহাস কক্ষ। আবার একটি নির্দিষ্ট কর্মসূচী স্থচারুরূপে সম্পন্ন করাও সময় সাপেক্ষ।

তৃতীয়ত: বিগালয়ের নিয়শ্রেণীতে এই পদ্ধতির প্রয়োগ সম্ভব নয়।

## ।। শিক্ষকের ভূমিকা।।

এই পদ্ধতিতে শিক্ষকের ভূমিক। বিশেষভাবে উল্লেখ্য। তাকে হতে হবে স্থকৌশলী ও দক্ষ পরিচালক। তার নিজের ব্যাপক ও বিস্তৃত প্রস্তুতিও প্রয়োজন এই পদ্ধতিতে। কারণ শিক্ষার্থীর যে কোন সমস্থা সমাধানে তাকে সর্বক্ষণই সজাগ ও সচেতন থাকতে হবে। তার যোগ্যতা ও প্রস্তুতির উপর এই পদ্ধতির সাফল্য বছলাংশে নির্ভরশীল।

## [ আট ] ॥ প্রকল্প পদ্ধতি॥

#### II Project Method II

ইতিহাসকে যদি বাস্তব দৃষ্টিকোণ থেকে অর্থবহ করে তুলতে হয় তবে কর্মকেন্দ্রিক পদ্ধতি আমাদের অন্নরণ করা কর্তব্য। প্রকল্প পদ্ধতি এধরনের এক কর্মকেন্দ্রিক পদ্ধতি। আমেরিকান্ শিক্ষাবিদ্ জন্ ডিউই-র প্রয়োগবাদকে ভিত্তি করে প্রকল্প পদ্ধতির জন্ম। এই পদ্ধতির মূল কথাটি হ'ল, বাস্তব ক্ষেত্রে প্রয়োগ করে কোন একটি বিষয়ের সভ্যতা নিরূপণ। কিলপ্যাট্রিক এই পদ্ধতির সংজ্ঞা নির্দেশ করতে গিয়ে বলেছেন: A project is a wholehearted purposeful activity proceeding in a social environment. স্টিভেনসন্ এই বলে মত প্রকাশ করেছেন, "It is a problematic act carried to completion in its natural setting." এই সংজ্ঞা তৃইটি বিশ্লেষণ করলে দেখা যায়, এই পদ্ধতিতে শিক্ষার্থী সজনশীল কর্মে উদ্বৃদ্ধ হয়ে বাস্তব পরিবেশে নিজ লক্ষ্যপূরণে উত্যোগী হয়। এই পদ্ধতি চলমান জীবন ও সমাজ নির্ভর এবং এই পদ্ধতিতে শিক্ষার্থী যে কোন বাহ্যিক প্রভাব থেকে মৃক্ত হয়ে স্বাধীনভাবে আপন কর্তব্য পালনে অগ্রনর হয়।

## ।। প্রকল্প পদ্ধতির প্রয়োগ।।

প্রকল্প পদ্ধতি প্রয়োগের প্রথম স্তর হ'ল প্রয়োজনীয় পরিবেশ রচনা।
পরিবেশ বলতে ব্ঝায় এমন পরিস্থিতি স্বষ্ট যথন শিক্ষার্থীগণ স্বতঃ
প্রণোদিত হয়ে কোন একটি কর্মোগোগে প্রবৃত্ত হবে। শিক্ষক
আলাপ-আলোচনা বা চিত্তাকর্ষক শিক্ষা-উপকরণ প্রদর্শনের সাহায্যে এমন পরিবেশ
রচনা করবেন।

ছিতীয় শুর হ'ল একটি প্রকল্প নির্বাচন। এই প্রকল্প অবশুই পাঠ্য বিষয় প্রকল্প নির্বাচন বহিত্ ত হবে না। এবং প্রকল্প নির্বাচনে শিক্ষার্থীদের অবাধ স্বাধীনতা দিতে হবে। কেননা নিজেদের নির্বাচিত প্রকল্পকে সার্থক করে তুলতে স্বভাবতঃই শিক্ষার্থীদের আগ্রহ থাকবে অপরিদীম। তবে এই নির্বাচনে শিক্ষক নিশ্চয়ই প্রয়োজনীয় উপদেশ ও নির্দেশ দেবেন।

তৃতীয় শুর হ'ল নির্বা**চিত প্রকল্পের উদ্দেশ্য নির্ণয়**। কারণ যে কোন কর্মের উদ্দেশ্য নির্ণয় সম্পান্তির জন্ম উদ্দেশ্য সম্পর্কে স্পাষ্ট ধারণা থাকা জরুরী। কেন একটি নির্দিষ্ট প্রকল্প গ্রহণ করা হ'ল তার কারণগুলো! শিক্ষার্থীগণ আলাপ-আলোচনার মাধ্যে স্পাষ্ট করে নেবেন।

চতুর্থ শুর হ'ল প্রাকল্পটি সার্থক রূপায়নের জন্য পকিল্পনা প্রণয়ন।
বিশৃদ্ধালভাবে কোন কাজ ফুসম্পাদিত হতে পারে না। তাই প্রয়োজন পরিকল্পনার।
পরিকল্পনা প্রণাদ

এই পদ্ধতিতে পরিকল্পনাটিও তৈরী করবে শিক্ষার্থীগণ। তারা
নিজের। প্রকল্পটির বিভিন্ন দিক নিয়ে শল'-পরামর্শ করবে।
তারপর একটি পরিকল্পনা রচনা করবে। এ ক্লেত্রেও শিক্ষক থাকবেন প্রয়োজন মত
পরামর্শদানের জন্য প্রস্তুত হয়ে। প্রকল্পটি রূপায়নের জন্য শিক্ষার্থীগণ নিজেদের
কয়েকটি দলে বিভক্ত করে নেবে এবং প্রত্যেক দলের উপর অপিত থাকবে স্থনিদিট

পঞ্চম শ্বর হ'ল পরিকল্পনা অনুযায়ী প্রকল্প রূপায়ন। এইবার শিক্ষার্থীগণ সভিচাকারের কাজে নামবে। নিজেদের উপর গুন্ত দায়িত্ব পালনে এবার তারা অগ্রণী হয়েছে। বাশ্বক্ষেত্রে কোন কাজে সাফল্য অর্জনের জন্ম প্রয়োজন পারস্পরিক সংযোগিতা ও সহম্মিতাবোধ এবং এক অথও সামগ্রিক দৃষ্টিভঙ্গী। নিথুতভাবে আবদ্ধ কর্ম সমাপনই হবে এই স্তরে এক্মাত্র লক্ষ্য।

ষষ্ঠ তর হ'ল সম্পাদিত প্রকল্পের মূল্যায়ন। কাজ শেষ হবার পর শিক্ষার্থীগণ এবার একত্রিত হয়ে বিচার বিবেচন। করবে, যে উদ্দেশ্য সম্মুথে রেথে তারা কাজে নেমেছিল তার কতটা সার্থক হ'ল, কোথায় তারা ব্যর্থ হ'ল তাদের ব্যর্থতার কারণ কি কি, তাদের সাফল্যইবা কতটুকু। এইভাবে আত্ম-বিশ্লেষণের মধ্য দিয়ে তারা নিজেরাই নিজেদের কাজের মূল্যায়ন করবে।

সপ্তম ও সর্বশেষ হার হ'ল সম্পাদিত কর্মের পূর্ণ বিবরণ লিপিবদ্ধকরণ।
এই কাজের বিশেষ তাৎপর্য রয়েছে। এই বিবরণ হ'ল প্রাকৃতপক্ষে অজিত অভিজ্ঞতার
ফসল। যদি বিবরণ সংরক্ষণের ব্যবস্থা না করা হয় তবে, অজিত অভিজ্ঞতা হারিয়ে
যায় বিশ্বতির অতল গর্ভে। ফলে ক্রমান্বয়ে সংরক্ষিত এইসব বিবরণ বিভালয়ের
ইতিহাস রচনায় সাহায়্য করে, বর্ষে বর্ষে নবাগত ছাত্রদলকে নতুন কর্মপ্রেরণায়
উদ্বৃদ্ধ করে।

## া প্রকল্প পদ্ধতির সুবিধা ॥

প্রথমতঃ এই পদ্ধতি হ'ল মনোবিজ্ঞান সম্মত শিখন-প্রণালী। এই পদ্ধতির সাহায্যে শিক্ষার্থীদের যে জ্ঞান অজিত হয় তা হয় দীর্ঘস্থায়ী।

দিতীয়তঃ এই পদ্ধতি শিক্ষার্থীর স্থপ্ত স্জনশীল সামর্থ্যকে উৎসাহিত করে। এই পদ্ধতিতে পু<sup>\*</sup>থিগত জ্ঞানটাই বড় কথা নয়, বড় কথা হ'ল পু<sup>\*</sup>থিগত জ্ঞানকে বাস্তব প্রয়োগের মধ্য দিয়ে যাচাই করা। এটা এই পদ্ধতির বিশেষ গুরুত্বপূর্ণ অবদান।

তৃতীয়তঃ এই পদ্ধতি শিক্ষার্থীর সামাজিক সত্থার বিকাশে বিশেষভাবে সহায়তা করে। দলবদ্ধ হয়ে কাজ করার মধ্য দিয়ে এই সত্থার বিকাশ সহজ হয়ে ওঠে।

চতুর্যতঃ শিক্ষকের কাছেও এই পদ্ধতির উপযোগিতা অপরিসীম। থ্ব নিরাসক্ত ভাবে দূর থেকে তিনি তাঁর প্রতিটি ছাত্রকে নিবিষ্ট হয়ে লক্ষ্য করতে পারেন, প্রত্যেকের সামর্থ-অসামর্থ সম্পর্কে অবহিত হতে পারেন। তাঁর এই জানা পরবর্তী কার্যক্রমে তাঁকে বিশেষভাবে সাহাধ্য করে।

পঞ্চমত: এই পদ্ধতিতে মূল্যায়নের যে ব্যবস্থা তা সত্যি সত্যিই আদর্শ স্থানীয়।
শিক্ষার্থীগণ নিজেদের কাজের মূল্যায়ন নিজেরাই করবে এরচেয়ে আদর্শ ব্যবস্থা আর
কি হতে পারে? শিক্ষার্থীগণ নিজেদের সাফল্যে নিজেরাই বেমন
আদর্শ মূল্যায়ন পদ্ধতি
স্থান্থত্ব করবে তেমনি নিজেরাই নিজেদের ত্রুটি আবিষ্কার
করে তা সংশোধনে উত্যোগী হবে।

## ॥ প্রকল্প পদ্ধতির অসুবিধা॥

প্রথমতঃ প্রকল্প পদ্ধতিতে **যেন কেমন একপেশে দৃষ্টিভঙ্গী গড়ে ওঠার**সামগ্রিক দৃষ্টি

কিলাশে বাধা

অর্জন করলো, অথচ তারা মোগল বংশের অক্যান্স দিক সম্পর্কে

অনবহিতই থেকে গেল।

দিতীয়তঃ শিক্ষার উচ্চতর পর্যায়ে এই পদ্ধতির মাধ্যমে শিক্ষাদান সম্ভব কি না সে বিষয়ে সন্দেহের অবকাশ রয়েছে। কেন না এই স্থরে বিষয়গত জ্ঞান যতটা বিমূর্ত ও জটিল রূপ ধারণ করে সেক্ষেত্রে প্রকল্প পদ্ধতির প্রয়োগ সম্ভব নাও হতে পারে।

তৃতীয়তঃ এই পদ্ধতির সার্থক রূপায়নের জন্ম ধে ধরনের যোগ্য ও বিশেষ শিক্ষণ প্রাপ্ত শিক্ষকের প্রয়োজন তেমন শিক্ষক সর্বদাই সহজ্বলভ্য নয়।

যাই হোক আসল কথা হ'ল, কর্মনিষ্ঠা। তা ধাকলে যে কোন প্রতিবন্ধকতাই কথনো বিরাট বাধা হয়ে দাঁড়াতে পারে না।

## [নয়] । সমস্তা পদ্ধতি। । Problem Method।

ইতিহাস শিক্ষাদানের ক্ষেত্রে সমস্থা পদ্ধতির একটি নিজস্ব আবেদন রয়েছে। কারণ ইতিহাস বিষয়টিই একটি সমস্থা সংকৃল বিষয়। ঐতিহাসিকেরা ধে ইতিহাস লিপিবদ্ধ করেছেন তা প্রমাণ করা অত্যন্ত হুরুহ। কিন্তু তাঁরা সমস্থা সমাধানে ধে পদ্ধতি অবলম্বন করেছেন তার সঙ্গে পরিচয় থাকলে ইতিহাসের বিভিন্ন গতি প্রাকৃতি আমরাও অন্থধাবন করতে পারি। এথানেই সমস্থা পদ্ধতির নিজস্ব আবেদন।

একটি স্বতন্ত্র পদ্ধতি হিসেবে সমস্তা পদ্ধতি হ'ল নতুন তথ্য আবিলারের এক কৌশল। এই পদ্ধতি সমস্তা নিরসনকামী এক সাধারণ প্রক্রিয়া নয়, বরং এই পদ্ধতি সংজ্ঞা এমন এক চ্রদৃষ্টি সম্পন্ন মানসিক প্রক্রিয়ার সহায়ক যে, "it is learning to utilise conceptually adequate modes of thought, it is learning the art of predictive reasoning, of manipulating knowledge to make it fit new tasks."

কিন্তু তাই বলে সমস্তা পদ্ধতি এবং প্রকল্প পদ্ধতি একই পংক্তিভূজ নয়। উভয় পদ্ধতির অন্তনিহিত পার্থকা নির্দেশ করে আর্থার বিনিং ও ডেভিড বিনিং বলেছেন, "The problem method differs from the project in that the emphasis in it is on the mental solution reached rather than on a practical accomplishment. Project method demands a practical accomplishment in a real situation and the problem method emphasises the mental conclusion that is drawn."

অর্থাৎ সমস্তা পদ্ধতি মানসিক চিস্তা-চেতনা ও ক্রিয়াশীলতার উপর সমস্ত গুরুত্ব স্মারোপ করে।

#### ॥ সমস্তা পদ্ধতির প্রয়োগ।

প্রকল্প পদ্ধতির মত সমস্তা পদ্ধতিতেও উপযুক্ত পরিবেশ রচনার প্রয়োজন বরেরছে। যথোচিত পরিবেশে শিক্ষক এমন স্থকৌশলে প্রসঙ্গটি উত্থাপন করবেন যে শিক্ষার্থীগণ স্বতঃপ্রণোদিত হবে সেই প্রসঙ্গর স্বস্তানিত সমস্তাটিকে অনুসন্ধান করতে।

সমস্থার অমুসন্ধান শেষ হ লে পরবর্তী তরে শিক্ষার্থীগণ সেই সমস্থার সমাধান
তথ্য সংগ্রহ
বিভিন্ন তথ্য সংগ্রহ করবে। তারপর তথ্যগুলো নিয়ে
বিভিন্ন দৃষ্টিকোণ থেকে বিচার ও বিবেচনা করবে এমন ভাবে
ধেন তাদের বিচার-বিবেচনা সমস্যা সমাধানের সহায়ক হয়।

এরপর সংগৃহীত তথ্যের ভিত্তিতে শিক্ষার্থীগণ তাদের সমস্<mark>যার কয়েকটি সম্ভাব্য</mark> সমাধান অবেষণে প্রবৃত্ত হবে।

এইবার তারা সেইসব সস্তাব্য সমাধানের যৌক্তিকতা ও যথার্থতা বিচার করবে নানান দৃষ্টিকোণ থেকে। এক্ষেত্রে এমনও হ'তে পারে যে তারা তাদের সস্তাব্য সমাধানে তৃপ্ত না হয়ে নতুন সমাধান অনুসন্ধানে তৎপর হবে।

এই প্রক্রিয়াতেই তারা সঠিক সমাধানটি খুঁজে পাবে। কিন্তু সঠিক সমাধানটি খুঁজে পাবার নঙ্গে দক্ষে তাদের কাজ হবে সেই সমাধানটিকে যুক্তি-তর্কের ভিত্তিতে স্প্রপ্রতিষ্ঠিত করার।

সর্বশেষ স্তরে তারা তাদের সমগ্র কার্যাবলীকে লিপিবদ্ধ করবে।

### ॥ সমস্যা নির্বাচনের পদ্ধতি॥

সমস্থা পদ্ধতিতে প্রকৃত সমস্থা নির্বাচনই একটি হরহ কাজ। কাজটি বহুলাংশে প্রয়োগ কলা-কৌশল নির্ভর। এ সম্পর্কে কয়েকটি নীতি নির্দেশ করা যেতে পারে।

প্রথমতঃ সমস্তাটি হবে বৌদ্ধিক দিক থেকে শিক্ষার্থীর কাছে একটি চ্যালেঞ্জের মত। সমস্তাটি শিক্ষার্থীর বৃদ্ধিবৃত্তিকে এমন ভাবে উদ্দীপিত করবে যে দে ষেন সমস্তাটিকে কার্য-কারণ হত্তে যাচাই করতে পারে।

দ্বিতীয়তঃ সমস্রাটির সমাধান করবার মত প্রয়োজনীয় উপাদান যেন সহজ লভ্য হয়।

তৃতীয়তঃ সমশুটি শিক্ষার্থীর কৌতূহলকে এমনভাবে উদুদ্ধ করবে যে শিক্ষার্থীর কৌতূহল কেবল ঐ সমশ্রার সমাধান করেই তৃপ্ত হবে না, বরং আরও গভীর ও ব্যাপক সমশ্রা সমাধানে তাকে উৎসাহিত করবে।

## ॥ সমস্যা পদ্ধতির স্থবিধা॥

প্রথমতঃ এই পদ্ধতিতে শিক্ষার্থীর যে অভিজ্ঞত। অন্ধিত হয় তার প্রভাব তার সমগ্র জীবনে স্কুর প্রসারী। সমস্তা সমাধানে শিক্ষার্থীকে যে যে প্রক্রিয়ার মধ্য দিয়ে অগ্রসর হ'তে হয় তার ধারণাগত, বৃদ্ধিগত ও আচরণগত পরিবর্তন সাধনে ব্যাপক প্রভাব বিস্তার করে।

দিতীয়ত: সমস্তা পদ্ধতি শিক্ষার্থীর যুক্তিবাদী চিন্তাশক্তির বিকাশে সহায়তা করে। তথ্য বহুলতার মধ্য থেকে সত্যটিকে যাচাই করে আবিকার করার ক্ষমতা শিক্ষার্থী অর্জন করে।

তৃতীয়তঃ সমস্তা পদ্ধতি শিক্ষার্থীকে সকল সংকীর্ণতা পরিহার করে তাকে সহনশীল করে তোলে। তারমধ্যে স্বনির্ভরতার প্রত্যয়বোধ জাগ্রত হয়।

চতুর্থতঃ এই পদ্ধতি শিক্ষক-শিক্ষার্থীর মধ্যে মধুর সম্পর্ক গড়ে তুলতে সাহাষ্য করে। এথানে শিক্ষার্থী শিক্ষকের আরোপিত শাসন-ভার থেকে অব্যাহতি পেয়ে স্থানির্ভর হবার স্থযোগ পায় শিক্ষকও অযথা পীড়নের পরিবর্তে শিক্ষার্থীর নির্দেশক হিসেবে আপন দায়িত্ব পালন করেন। কোন বাধ্যবাধকতা নেই, অথচ এক সহযোগিতার মনোভাব পরস্পারকে নিবিড় সারিধ্যে আসতে সাহায্য করে।

## ॥ সমস্যা পদ্ধতির অসুবিধা॥

প্রথমতঃ উপযুক্ত সমস্তা নির্বাচনই এক সমস্তা। কোন কোন ক্ষেত্রে সমস্তা নির্বাচনের ক্ষেত্রে যুক্তির চেয়ে আবেগই প্রাধান্ত পায়।

ষিতীয়তঃ সমস্থা পদ্ধতি এমন স্থরে পৌছে ষেতে পারে যেথানে এই পদ্ধতি কক্ষ্চ্যুত হয়ে আলোচন। পদ্ধতিতে রূপাস্থরিত হ্বার আশঙ্কা থাকে।

যাই হোক, সমস্তা পদ্ধতি কেবলমাত্র একটি শিক্ষাদান পদ্ধতিই নয়, এই পদ্ধতিতে আমরা ইতিহাসের বিষয়বম্ব নির্বাচন করতে পারি এবং তাকে সংগঠিতও করতে পারি।

## [দশ] ৷ একক পদ্ধতি ৷৷

## II United Method II

একক পদ্ধতি একটি স্বাধুনিক পদ্ধতি। সমস্তা পদ্ধতির মত এই পদ্ধতিও কেবল-মাত্র শ্রেণা-শিক্ষণের ক্ষেত্রেই নয়, ইতিহাদের বিষয়বস্ত নির্বাচনেও যথেষ্ট সাহাধ্যকারী। ১৯২৬ সাল মরিসন স্বপ্রথম এই পদ্ধতির প্রস্তাব করেন।

একক পদ্ধতিতে একটি মূল বক্তব্যকে একক হিসেবে গ্রহণ করা হয়। তারপর
সেই বক্তব্যকে কেন্দ্র করে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হয়। যেমন জাতীয়তাবোধ
পদ্ধতির মূলকথা
ও আন্তর্জাতিক চেতনা পরম্পার বিরোধী নয়—এটি হ'ল একটি
একক। এখন এই এককটিকে ঘিরে পক্ষে বা বিপক্ষে ইতিহাসের
বিশাল ও বিস্তৃত ক্ষেত্র থেকে তথ্য সংগৃহীত হবে। তারপর সংগৃহীত তথ্যের
ভিত্তিতে একটি সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

### ॥ একক পদ্ধতির প্রয়োগ বিধি॥

প্রথমে একটি একক নির্বাচন করতে হবে এবং ঐ একক সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা স্পষ্ট করে তুলতে হবে। এই স্তরে লক্ষ্যণীয় হ'ল এককটি যেন শিক্ষার্থীদের বয়স বৃদ্ধি ও মানসিক স্তরের সঙ্গে সঙ্গতি রক্ষা করে।

তারপর এককটির উদ্দেশ্য নির্ণয় করতে হবে।

এরপর এককটিকে শিক্ষার্থীদের অমুধাবনযোগ্য করে উপস্থাপন করতে হবে এবং তাদের কি কি কাজ করতে হবে সে সম্পর্কে পরিষ্কার নির্দেশ দিতে হবে।

## ॥ একক পদ্ধতি ও শিক্ষকের ভূমিকা ॥

একক পদ্ধতিতে শিক্ষকের ভূমিকা বিশেষ গুরুত্বপূর্ণ। এই পদ্ধতি হার্বার্টের পঞ্চ-সোপানের নীতির উপরই প্রতিষ্ঠিত।

এই পঞ্চাপানের প্রথম সোপান হ'ল **অনুসন্ধান বা exploration.** এই শুরে শিক্ষক কয়েকটি অভীক্ষার সাহায্যে শিক্ষার্থীদের পূর্বজ্ঞান পরীক্ষা করবেন এবং এই পূর্বজ্ঞানের উপর ভিত্তি করেই একক নির্বাচন করবেন।

দ্বিতীয় সোপান হ'ল উপস্থাপন বা presentation. এবার শিক্ষক শিক্ষার্থীদের
ব্যাবার মৃত করে সমগ্র এককটি ব্যাথ্যা করবেন, এবং তারা
ঠিকমত বিষয়টি ব্যালা কি না তা নৈর্বজ্ঞিক প্রশ্নের সাহায্যে
শিক্ষক জেনে নেবেন। সঙ্গে সঙ্গে 'guide sheet'-এ শিক্ষার্থীদের কর্তব্য সম্পর্কে
স্কম্পন্ত নির্দেশ দেবেন।

তৃতীয় সোপান হ'ল **আয়ন্তীকরণ বা assimilation**. এবার শিক্ষার্থীরা শিক্ষকের নির্দেশাহুসারে এককটি সম্পর্কে বিভিন্ন তথ্য সংগ্রহ করবে। এ কাজ শিক্ষার্থীগণ ব্যক্তিগত অথবা যৌথভাবে সম্পন্ন করবে।

চতুর্থ সোপান হ'ল সমন্বয় সাধন বা organisation. এই শুরে সংগৃহীত তথ্যাবলী নিয়ে বিচার বিশ্লেষণ করা হবে এবং তথ্যাবলী যুক্তি পরম্পরায় বিশ্লন্থ করা হবে।

পঞ্চম সোপান হ'ল **পুনরালোচনা বা recitation.** শেষ হুরে শিক্ষার্থীগণ একত্রিত হয়ে পরস্পরের অভিজ্ঞতা ও অভিমত নিয়ে আলোচনা।

#### ॥ সমালোচনা ॥

একক পদ্ধতি প্রয়োগের সবচেয়ে বড় বিদ্ন হ'ল, **এখানে একটি স্থিরীকৃত** সিদ্ধান্তকে সামনে রেখে অগ্রসর হতে হয়। স্বাভাবিক কারণেই দেখা যায় শিক্ষাথীগণ ঐ সিদ্ধান্তকেই স্বীকার করে তথ্য চয়ন করে, সিদ্ধান্তকে অগ্রাহ্ম করবার: মত মানসিক চ্যালেঞ্জ নিয়ে নয়।

তাছাড়া একক পদ্ধতি **ইতিহাসের ধারাবাহিকতা** বজায় রেখে সমগ্র পাঠ্যক্রম স্মন্থসরণ করা সম্ভব নয়। এটাও একটি বড় প্রতিবন্ধক।

সর্বোপরি **এই পদ্ধতিতে শিক্ষকের প্রাধান্য বড় বেশী স্থীকৃত। প্রকৃত** পক্ষে শিক্ষক সবকিছুই স্থির করে দেন, শিক্ষার্থীদের কর্তব্য শুধু শিক্ষকের প্রাধান্ত শিক্ষক-নির্দেশিত পথ অনুসরণ করে অগ্রসর হওয়া। ফলে শিক্ষার্থীর স্বকীয় সম্বা বিকশিত হ্বার স্থযোগ এথানে একাস্কভাবে সীমিত।

### [এগার] ॥ নাটকীয় পদ্ধতি॥ ॥ Dramatic Method॥

ইতিহাস তো বাহুব অর্থে মৃত দর্শন ও স্পর্শান্থভবের উর্ধে। অথচ দেই মৃতকে
নিয়ে ঐতিহাসিকের যত কর্মতংপরতা এবং ইতিহাস শিক্ষকের যত চিত্তচাঞ্চল্য।
একদিক থেকে ঐতিহাসিক অপেক্ষা ইতিহাস শিক্ষকের ভূমিকা
করার জটলতা প্রটিল এবং সমস্তা-ক্লিট্ট। তার মূল সমস্তাটি হ'ল মৃত
ইতিহাসকে শ্রেণীকক্ষে প্রাণচঞ্চল করে তোলা।
সমস্তাটির গভীরতা অহুভব করেই ইফেন্স বলেছেন, "It is difficult to convey to
a reader an information of a time in which one has not lived; it is
more—it is impossible. জন্সনও এই কথারই প্রতিধানি করে বলেছেন, "The
teacher must, nonetheless, like the historian attempt almost impossible." এই অসম্ভবই হ'ল ইতিহাসকে জীবস্ত করা। ভি. ডি. ঘাটেও একই
স্থরে বলেছেন, "The modern world has changed so much and has so
completely broken away from its past that it is extremely difficult for
children to visualise and understand the past."

কিন্তু কাজটি খুব অসন্তব বা কঠিন বলে আমাদের পিছিয়ে গেলে চলবে না।
বরং আমাদের নিরবচ্ছিন্ন প্রয়াস চালিয়ে যেতেই হবে যাতে আমরা ইতিহাসকে
জীবস্ত করে তুলতে পারি। জনসন্ তাই—বলেছেন, "The fundamental condition of making history effective in the class room is to invest the past with an air of reality, history should be made vivid and alive.

এই বে ইতিহাসকে জীবস্ত করার অন্তহীন প্রয়াস তার অন্ততম ফলশ্রুতি হ'ল ইতিহাসকে নাটকে রপাস্তরিত করা। শিশুর মানসিকতা তো নিত্য নতুন অভিজ্ঞতার লাটকও শিশুসন উত্তেজনায় উত্তাল। স্বভাবতঃই সে আবেগপ্রধান। যা সে চোথে দেখে, কান দিয়ে শোনে অনায়াসেই তা তার ভিতরে গিয়ে মনের দরজায় করাঘাত করতে থাকে। নাটক হ'ল এমন একটি মাধ্যম যা শিশুর দশনৈন্দিয় ও শ্রাবণেন্দিয়কে তৃপ্ত করে মনের গভীরকে স্পর্শ করে! নাটকের ঘটনার সঙ্গে পাত্র-পাত্রীর সঙ্গে এক অপূর্ব একাত্মতাবোধে শিশু নিজেকে হারিয়ে ফেলে। তাই পণ্ডিতের। বলেছেন, যদি ইতিহাসকে নাটকের মাধ্যমে পরিবেশন করা যায় তবে অতীত বর্তমানে সশরীরে এদে উপস্থিত হয়, ইতিহাস তথন আর মৃত নয়, সর্বতোভাবে প্রাণচঞ্চল জীবস্ত। এই কারণেই ঘাটে বলেছেন, "It is the emotional experience, the wider sympathies, a broader vision and a deeper and more accurate appreciation of the past which are the real values of this device."

## । নাটকীয় পদ্ধতির প্রয়োগ।

প্রথমতঃ পূর্ণাঙ্গ নাটকাভিনয়ের মাধ্যমে ইতিহাস উপস্থাপন করা বেতে পারে।
কিন্তু এই পূর্ণাঙ্গ অভিনয়ের ব্যবস্থা বংসরে পাঁচ/ছয় বারের বেশী কথনো করা সম্ভব
নয়। ফলে ইতিহাসের পাঠ্যক্রম সম্পূর্ণ করার স্থযোগ থাকে না।
তাছাড়া সাধারণতঃ পূর্ণাঙ্গ নাটকগুলি ইতিহাস-আঞ্রিত, সর্বাংশে
ইতিহাস ভিত্তিক নয়। তাই সেথানে ইতিহাস বিকৃত হবার প্রবল সম্ভাবনা থাকে।

দ্বিতীয়তঃ পূর্ণাঙ্গ নাটকের পরিবর্তে মাঝে মাঝে একাংক নাটকের অভিনয়ের ব্যবস্থা করা ষেতে পারে। এতে ইতিহাদের পাঠ্যক্রমের প্রতি অধিকতর স্থবিচার করা সম্ভব হয়।

তৃতীয়তঃ শিক্ষক নিজে নাটকীয় ভঙ্গিতে শ্রেণীকক্ষে বিষয়বস্তু উপস্থাপন করতে পারেন। তবে এরজন্ম শিক্ষককে পূর্বাহ্নেই যথেষ্ট প্রস্তুতি নিতে হয়।

চতুর্থতঃ কোন রকম প্রস্তুতি ছাড়াই তাংক্ষণিক প্রয়োজন অন্নসারে শ্রেণীকক্ষেই অভিনয়ের ব্যবস্থা করা বেতে পারে। এরজন্ত কোন ব্যাপক প্রস্তুতি প্রয়োজন হয় না।

তবে নাটক বেভাবেই অভিনীত হোক না কেন স্বক্ষেত্রেই শিক্ষকের ভূমিকা
বিশেষ দায়িত্বপূর্ণ। তাকে লক্ষ্য রাথতে হবে নাটকে ষেন ইতিহাস বিক্রত না হয়,
দৃশ্রপট রচনায় যেন সমসাময়িকতার প্রতিফলন ঘটে এবং অভিনেতাদের সাজশোষাকেও ষেন অতীত মৃথর হয়ে ওঠে।

## ॥ নাটকীয় পদ্ধতি সম্পৰ্কে কয়েকটি সতৰ্কতা॥

লাটকীয় পদ্ধতি যেমন ইতিহাসকে প্রাণবস্ত করে তোলে তেমনি এই পদ্ধতি প্রয়োগকালে আমাদের কয়েকটি সতর্কতা অবলম্বন করতে হবে।

প্রথমতঃ যদিও যূলতঃ শিক্ষকের নেতৃত্বেই যাবতীয় প্রস্তুতি পর্ব নিয়প্তিড হবে তথাপি সেই নেতৃত্ব থাকবে যবনিকার অন্তরালে। নেতৃত্ব কথনো প্রতিবন্ধক হবে না। বরং শিক্ষার্থীর নিজম্ব সামর্থ প্রকাশের সহায়ক হবে।

দ্বিতীয়তঃ নাটকের **চরিত্র নির্বাচনে** ধথেষ্ট সতর্ক হতে হবে। সত্যনিষ্ঠ ইতিহাসই বেন নাটকের মধ্য দিয়ে পরিস্ফ<sub>ু</sub>ট হয় এমনভাবে চরিত্র বাছাই করতে হবে। তৃতীয়ত: নাটকাভিনয়ই শেষ কথা নয়। অভিনয় শেষে ধাচাই করে দেখতে হবে নাটকের মধ্য দিয়ে যে ইভিহাদ বিবৃত হ'ল তা শিক্ষার্থীগণ অমুধাবন করতে পেরেছে কি না। নাটক অভিনয়ই বড় কথা নয়, বড় কথা হ'ল ইভিহাসের সঙ্গে শিক্ষার্থীর পরিচয় সাধন।

## ॥ নাটকীয় পদ্ধতির স্থবিধা॥

প্রথমতঃ **নাটকাভিনয়ের আবেদন কেবল শিশুর কাছেই নয়, বয়স্ক** মানুষের কাছেও সমান সক্রিয়। এই ক্রিয়াশীলতার স্বযোগে ইতিহাসের বিষয় বস্তু অভিনয়ের মাধ্যমে ঘটনার পারম্পর্য ও কার্য-কারণ সম্পর্কের বন্ধনে বাস্তবায়িত হয়ে ওঠে। তাই নাটকের প্রভাব অভিনেতা ও দর্শক উভয়ের উপর সমান শক্তিশালী।

দিতীয়তঃ নাটকীয় পদ্ধতির সবচেয়ে বড় সাফল্য হ'ল অতীতকৈ শিক্ষার্থীর নিবিড় সাল্লিধ্যে স্থাপন। অভিনয় শিক্ষার্থীর স্থ্থ-তৃঃথকে অতীতের স্থ-তৃঃথের সঙ্গে একাকার করে নয়। কোন্ অলক্ষ্যে যেন অতীতের সঙ্গে বর্তমানের সমস্ত ব্যবধান দূর হয়ে যায়।

তৃতীয়তঃ একটি নাটক অভিনয়ের জন্ম শিক্ষার্থীদের যেভাবে সক্রিয় হতে হয় তা তাদের দেহ ও মনের পক্ষে থ্বই উপযোগী। স্বস্থ শারীরিক কর্ম ক্ষমতার সঙ্গে যুক্ত হয় সহযোগিতা সহম্মিত। প্রভৃতি স্বস্থ মানসিক গুণাবলী।

চতুর্থতঃ শিক্ষক-শিক্ষার্থী সম্পর্ক নিবিড় ও মধুর হয়ে ওঠে এই পদ্ধতির প্রয়োগ কালে। স্বতঃক্ষ্ঠ সম্পর্ক যা তাই ক্রমশঃ পল্লবিত হয় স্বার মধ্যে স্বার অগোচরে।

## । নাটকীয় পদ্ধতির অসুবিধা।

প্রথমতঃ অভিনয় একটি শিল্প কলা কিন্তু ইতিহাস এক শ্রেণীর বিজ্ঞান। ফলে সর্বদাই আশঙ্কা থাকে উল্লেখযোগ্য শিল্প স্বষ্টির তাগিদে কল্পনাকে বল্লাহীন হতে দিয়ে ইতিহাসের বিজ্ঞান-স্বন্ধপ না বিক্বত হয়ে যায়। তাই সতর্ক না হলে নাটকীয় পদ্ধতি ইতিহাস শিক্ষার অমুক্ল মানসিকতাকে ধ্বংস করতে পারে।

দ্বিতীয়ত: ইতিহাসকে অবিকৃত রেখে তৈরী নাটক সচরাচর পাওয়া যায় না। ফলে এই পদ্ধতি প্রয়োগ করতে হলে ইতিহাসের শিক্ষককে নাটক রচনা করে নিতে হবে। কিন্তু শিক্ষকের এই সামর্থ্য নাও থাকতে পারে।

তৃতীয়তঃ ইতিহাসের যে দীর্ঘ পাঠ্যক্রম অধুনা প্রচলিত তার সঙ্গে সঙ্গতি রক্ষা করে নাটকীয় পদ্ধতির প্রয়োগ সম্ভব নয়। কেননা এই পদ্ধতিতে শিক্ষার অগ্রগতির ধারা অত্যন্ত শ্লগ্ন।

যাই হোক, ইতিহাদকে সজীব করে তুলতে নাটকীয় পদ্ধতির অবদানকে যেহেতু অস্বীকার করা যায় না সেইহেতু এই পদ্ধতির উপযোগিতা নিশ্চয়ই রয়েছে। তবে এর প্রয়োগ হবে একটি সীমাবদ্ধ পরিধি পর্যন্ত। সেই পরিধি হ'ল শিক্ষার্থীর ভেতর একটি ঐতিহাসিক মনকে জাগ্রত করা। স্কুতরাং এই প্রয়োজন মেটাতে নাটকীয় পদ্ধতি আমরা প্রয়োগ করব, এর বেশী নয়।

# ॥ স্থানিয় ইতিহাদ ও তার ব্যবহার॥

### || Local History & its uses ||

ইতিহাস পাঠ থেকে রসামুভব অত্যন্ত কঠিন। ইতিহাসের শিক্ষা ও পদ্ধতি স্বকুমার মতি বালক-বালিকার পক্ষে জটিল, এ কথা ঠিক। তব্ও বিভালয় স্তরে আমরা চাই ইতিহাস নিয়ে চর্চা হোকৃ, শিক্ষার্থীর ঐতিহাসিক চেতনা জাগ্রত হোকৃ, ইতিহাসের শিক্ষায় নিজেকে দীক্ষিত করতে শিক্ষার্থী উৎসাহী হোকৃ।

এর সবই হ'তে পারে কেবল শিক্ষাথীর উপর সকল ভার চাপিয়ে দিয়ে। কিন্তু তা হবে শিক্ষার্থীর মনস্তব বিরোধী। তাহলে কি উপায় আছে যাতে শিক্ষার্থী স্বতঃপ্রণোদিত হয়ে ইতিহাস সম্পর্কে আগ্রহশীল হতে পারে? এই প্রশ্নের উত্তরই হ'ল স্থানীয় ইতিহাস পাঠ ও তা নিয়ে পর্যালোচনা।

কিন্তু স্থানীয় ইতিহাদ বলতে আমরা কি বুঝি? স্থানীয় ইতিহাদ বলতে বুঝায় শিক্ষার্থীর পারিপাধিকতার ইতিহাদ, যে পরিমণ্ডলে দে বদবাদ করে তার ইতিহাদ। "Local history is associated with a child's immediate cultural environments." কিন্তু তাই বলে ওর জক্ষ কোন অংশে কম নয়। পণ্ডিতেরা বলেছেন, "History remains a chronicle of far off and distant events outside students' life and immediate experience if local history is not included within the scope of history syllabus."

## ॥ স্থানীয় ইতিহাসের ব্যবহার॥

রুংজর ইতিহাদের দলে পরিচয় দাধন, বৃহত্তর ইতিহাদ রচনাশৈলী ও প্রকৃত এতিহাদিক পদ্ধতির দলে অবহিত হওয়া ইতিহাদ শিক্ষার্থীর পক্ষে জরুরী। এই জরুরী প্রয়োজনগুলি মেটানো যেতে পারে যদি যথার্থভাবে স্থানীয় ইতিহাদ বিভালয়ে পঠন-পাঠনকালে ব্যবহার করা যায়। এই ব্যবহার কেমনভাবে হতে পারে ? ইতিহাদের শিক্ষক শ্বানীয় ইতিহাদ চর্চার জন্ম একটি ঐতিহাদিক নিদর্শন দমৃদ্ধ শ্বান নির্বাচন করবেন। তারপর শিক্ষার্থীদের নিয়ে এইখানে পরিভ্রমণে তিনি থাবেন এবং দেখানকার নিদর্শন থেকে স্থানীয় ঐতিহাদকে খুঁজে বের করার কাজে তিনি শিক্ষার্থীদের সঙ্গে প্রবৃত্ত হবেন। প্রকৃত-

পক্ষে, পাঠ্যপুত্তকের মাধ্যমে স্থানীয় ইতিহাস পর্যালোচনা সম্ভব নয়। এমন কি
স্থানীয় ইতিহাসের উপর লিখিত পুস্তক সর্বদা এবং সর্বত্ত লভ্যও নয়। তাই স্থানীয়

ইতিহাস চর্চার জন্য ভ্রমণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনার প্রয়োজন অপরিহার্য।

নিজেদের পরিমণ্ডলের ইতিহাস আবিষ্ণার করার মধ্য দিয়ে শিক্ষার্থীগণ যে আনন্দ অমুভব করবে, যে ভৃপ্তিবোধ তাদের আপ্লুত করবৈ তাই পরবর্তীকালে তাদের বৃহত্তর ইতিহাসের উৎস সন্ধানে উদ্বুদ্ধ করবে। এথানেই স্থানীয় ইতিহাস চর্চার স্বচেক্ষে বড় স্বার্থকতা।

## ॥ ইতিহাস শিক্ষণে নোট দান প্রথা।।

### Note giving in History

প্রায়শঃই একটি অভিযোগ শোনা যায়, ইতিহাস শিক্ষণে নোট দান প্রথা প্রকারান্তরে ইতিহাস চর্চাকে ধ্বংস করারই নামান্তর। কেননা এই প্রথায় শিক্ষার্থীগণ নোট দান প্রথার থেহেতু তৈরী করা বিষয়বস্ত হাতের কাছে পেয়ে যায় সেইহেতু সমালোচনা তারা নিজস্ব উত্যোগে নতুন পাঠ্যাভ্যাদে উত্যোগী হয় না। ফলে সাধারণ পাঠ চর্চার ফলে তাদের ঘেসব মানসিক গুণাবলীর বিকাশ সম্ভব ছিল তা বাধা প্রাপ্ত হয়। আত্মপ্রভাগের পরিবর্তে ক্রমশঃ সে অধিকতর পরনির্ভরশীল হয়ে যায়। নিজস্ব বিচার ও বিবেচনাবোধকে উদ্বন্ধ না করে অপরের মতামতকেই মাথা পেতে গ্রহণ করতে শেথে। নিবোর্ধের মত অন্ধভাবে মৃথস্থ করার দিকেই তার প্রবণত। ক্রমশঃ বৃদ্ধি পায়। স্বতরাং ইতিহাস শিক্ষায় নোট দান প্রথা অনতি বিলম্বে বাতিল করা উচিত।

নিঃসন্দেহে এইসব সমালোচনার পক্ষে বক্তব্য অত্যম্ভ জোরদার। কিন্তু সঙ্গে সঙ্গে একথাও সত্যি এই প্রথাটি, তা সে যতই ক্রটিপূর্ণ হোক, বহুকাল ধরেই প্রচলিত। তাই বহুকাল ধরে প্রচলিত একটি প্রথাকে চিরকালের জ্ঞা অগ্রাহ্থ করে দেবার পূর্বে একবার অনুসন্ধান করে দেখা কর্তব্য এমন একটি প্রথা প্রবৃত্তিত হয়েছিল কেন।

#### । লেভি দানের করিণ।

প্রমন প্রথা প্রবর্তনের প্রধান কারণ। সাধারণতঃ পাঠ্য পুস্তকের অভাবই প্রমন প্রথা প্রবর্তনের প্রধান কারণ। সাধারণতঃ পাঠ্য পুস্তক যাঁরা রচনা করেন তাঁদের অধিকাংশই আদৌ বিভালয়ের পঠন-পাঠন ব্যবস্থাপনার সম্প্রে প্রত্যক্ষভাবে জড়িত নন। তাঁরা বিভজ্জন হতে পারেন, কিন্তু প্রপরিণত শিক্ষার্থীদের প্রয়োজন জানবেন কি করে। এ ছাড়া পাঠ্য বিষয়ের সকল প্রসঙ্গের প্রতি সমান গুরুত্বও আরোপ করা হয় না পাঠ্য পুস্তকে। কলে কোন প্রেমন্থ মাত্রাভিরিক্ত প্রাধান্ত পেরে যায়। কোন কোন প্রসঙ্গ থাকে হতাশাজনক ভাবে অব্হেলিত।

বিত্যালয়ের শিক্ষকদের উপার থাকে অতিরিক্ত নৈমিত্তিক কাজের চাপ। তাদের নিয়মিত গড়ে পঁয়ব্রিশটি করে ক্লাশ নিতে হয়। এমন অবস্থায় তাদের পক্ষে প্রতিটি ক্লাশের জন্ম ষথোচিত প্রস্তুতি নেওয়া কোনমতেই সম্ভব হয় না। এর সঙ্গে রয়েছে আর একটি অস্থবিধে। সাধারণতঃ বিত্যালয়ে ইতিহাসের জন্ম নির্ধারিত থাকে দিনের শেষের দিকের ক্লাশগুলো, যথন অবসন্ন শিক্ষার্থী, অবসন্ন শিক্ষকও। শিক্ষার্থী তথন আর মানসিক দিক থেকে নতুন কিছু গ্রহণ করতে চায় না, শিক্ষকের পক্ষেও আন্তরিকভাবে নতুন তথ্যের অবতারণা সম্ভব হয় না। এমন অবস্থায় প্রতিষেধক হিসেবে শিক্ষক নোট দান প্রথাকেই গ্রহণ করতে বাধ্য হন।

তৃতীয়তঃ বিভালয় হুরে ইতিহাসের যে দীর্ঘ পাঠ্যক্রম নির্ধারিত আছে সেখানে ইতিহাসের প্রতি একনিষ্ঠ হয়ে শিক্ষাদান কার্য পরিচালনা করলে কথনোই সেই পাঠ্যক্রম সম্পূর্ণ করা সম্ভব হয় না। তাই শিক্ষককে সংক্ষিপ্ত কোন পদ্ধা খুঁজে বার করতেই হয়। নোট দান প্রথা এমনই একটি সংক্ষিপ্ত পদ্ধা।

চতুর্থতঃ অস্বীকার করার উপায় নেই এখনো আমাদের দেশে শিক্ষার সার্থকতার পরিমাপক হ'ল বাহ্নিক পরিক্ষায় শিক্ষাথীদের সাফল্যের হার। বিশেষ করে শিক্ষক কথনো এই নিরেট সত্যটি বিশ্বত হতে পারেন না। প্রকৃতপক্ষে আমাদের সমাজও একজন শিক্ষকের ষোগ্যতা পরিমাপ করে ঐ পরীক্ষার মাধ্যমেই। স্বতরাং ষেথানে শিক্ষার সাফল্য ও শিক্ষকের যোগ্যতার প্রশ্ন পরীক্ষার ফলাফলের সঙ্গে এমন গভীরভাবে জড়িত সেথানে শিক্ষককে এমন স্বত্ত উদ্ভাবন করতেই হয় যাতে অল্প আয়াসে বৃহৎ সাফল্য লাভ সম্ভব হয়। নোট দান প্রথা হ'ল এমন একটি সহজ স্বত্ত।

পঞ্চমতঃ একজন সত্যিকারের আদর্শ ইতিহাস শিক্ষক হতে হলে বছবিধ গুণাবলী আর্জন করতে হয়। এবং এ ধরনের শিক্ষকও সহজ্পভা নয়। বাস্থব অবস্থা হ'ল, শ্রেণী কক্ষে প্রবেশ করে এইসব শিক্ষক নিশ্চরই তাঁর নিজের দীনতাকে উপলব্ধি করেন। তথন নিজের দৈশুকে আবৃত করে রাখতে তাঁকে অন্য এক আচ্ছাদন খুঁজতে হয়। নোট দান প্রথা হ'ল এমনি এক আচ্ছাদন

### । নোট দানের পদ্ধতি।

কখনো কখনো দেখা যায়, গুরুত্বপূর্ণ বিষয়গুলো আলোচিত হ'বার পর আলোচ্য বিষয়গুলির উপর বিস্তারিত নোট দেওয়া হয়। অবশ্য আলোচনা ছাড়াও নোট দান প্রথা প্রচলিত।

আবার কথনো আলোচ্য বিষয়টির উপর বিস্তারিত নোট দানের পরিবর্তে সংক্ষিপ্তসার লিখিয়ে দেওয়া হয়।

ইতি-শিক্ষণ-৮

কিন্তু ব্যাপকভাবে যে ব্যবস্থা প্রচলিত তা হ'ল প্রথমে বাহ্যিক পরীক্ষার দৃষ্টিকোর্ণ থেকে কতকগুলি প্রশ্ন নির্বাচন করা হয়। তারপর সেই প্রশ্নগুলির উত্তর লিখিয়ে দেওয়া হয়।

নোর্চ তা সে ষেভাবেই দেওয়া হোক না কেন, ইতিহাস চর্চার পক্ষে যে আদৌ উপযোগী নয় তা পরিন্ধার হয় নিয়োক্ত উদ্ধৃতি থেকে:

"The dictated notes cannot develop or train in the pupil any of the vertical or selection power, the encouragement of which is one of the main objects of the history teaching."

### ॥ নোট দান প্রথা বাতিল করার উপায়॥

বহু সমালোচিত নোট দান প্রথাকে বাতিল করতে হলে প্রথম প্রয়োজন উৎকৃষ্ট শ্রেণীর পাঠ্য পুস্তক নির্বাচন। ভাল পাঠ্য পুস্তক নোট দানের অনেক প্রয়োজনকে মিটিয়ে দিভে পারে।

শিক্ষক বিষয়-বস্তু আলোচনা শোষে একটি সংক্ষিপ্তসার লিখিয়ে দেবেন। এই সংক্ষিপ্তসার শিক্ষার্থীর পরীক্ষা প্রস্তুতিতেও বিশেষভাবে সাহায্যকারী হবে। তবে সংক্ষিপ্তসার লেথার সময় শিক্ষককে কয়েকটি বিষয়ে শিক্ষকের কর্ত্তবা সতর্ক হতে হবে। তা হ'ল, সংক্ষিপ্তসারে আলোচনার সমস্ত শুকুত্বপূর্ণ প্রসঙ্গ যেন উল্লিখিত হয়। তারপর তিনি শিক্ষার্থীদের নির্দেশ দেবেন তারা দেন বাড়ীতে বসে সংক্ষিপ্তসারটিকে সম্প্রসারিত করে প্রস্তুত করে নিয়ে আসে।'

শ্রেণীকক্ষে সম্ভব না হলেও শিক্ষক তাঁর শিক্ষার্থীদের **এমন গৃহকাজ দেবেন**বেমন তাতে শিক্ষার্থীদের বিশ্লেষণী বিচার শক্তি উদ্দীপিত হয়। প্রকৃতপক্ষে
বিভালয়ের প্রত্যেক স্থরেই এ ধরনের কাজের উপর গুরুত্ব আরোপ করা উচিত।
সঙ্গে দঙ্গে এমন ব্যবস্থাও আমাদের গ্রহণ করা উচিত যাতে পুস্তক-প্রকাশকগণ
শাহায্যকারী পুক্ত প্রকাশনার অবাধ স্বাধীনতা না পান।
বিশ্লেষণমূখী গৃহকাজ
আমাদের দেশে শিক্ষার মানের অবনতিতে এ ধরনের পুস্তক
প্রকাশের পরিণতি যে কি পরিমানে বিষময় তা আমাদের অন্ধাবন করবার সময় এসে
গিরেছে। শিক্ষার উরয়নে সামগ্রিক প্রয়াদ চালাতে হলে কোন সামান্ত ছিন্তও
উপেক্ষিত হওয়া উচিত হবে না।

প্রয়োজন বোধে শিক্ষাথীগণই নোট তৈরী করতে পারে। বরং শিক্ষার্থীদের এই কাজকে উৎসাহিতই করা উচিত। কারণ এ কাজের মধ্য দিয়ে শিক্ষার্থীর যা কিছু নিজস্ব তার পরিচয় দেবার অবকাশ থাকে। তার শিক্ষার্থী কর্তৃত নোট বিচার ক্ষমতা, তার বিশ্লেষণী ক্ষমতা, তার ভাব প্রকাশের ক্ষমতা, তার ভাবা—প্রভৃতি গুণাবলী অর্জনে শিক্ষার্থী কেতি। দফল হ'ল তা পরিমাপ করা যায় তার তৈরী নোট থেকে। স্কতরাং শিক্ষার্থীদের নোট তৈরী করার প্রবণতাকে বিশ্লিত না করে উৎসাহিত করাই যক্তিয়ক্ত।

# ষষ্ঠ অধ্যায়

## ইতিহাসের বাস্তবায়ণ

#### । বিষয়-সংকেত ॥

ভূমিকা—বান্তবায়ণের প্রয়োজন—উপকরণ ধ্যবহারে
সতর্কতা—উপকরণের শ্রেণী বিভাগ—ইতিহাস কক্ষইতিহাস গ্রন্থাগার—ইতিহাসের পাঠা পুন্তক—
সমধর্মী পুন্তক পাঠ- অমুবন্ধ প্রণালী—অভাভা
বিষয়ের সঙ্গে ইতিহাসের সম্পর্ক—ঐতিহাসিক
প্রান ভ্রমণ ৪

"The foundation of all learning, consists in representing clearly to the senses, sensible object so that they can be appreciated easily."

Comenius.

"The fundamental condition of making history effective in the class room is to invest the past with an air of reality.....The most effective appeal to the sense of reality is, of course, through reality itself."

Johnson.

### ॥ ভূমিকা ॥

আমাদের চারপাশে এই যে বিশাল বিশ্ব, যেথানে অহরহ চলেছে স্থাষ্টর অপূর্ব লীলা বৈচিত্র্যা, আমাদের বিশ্বরে আবিষ্ট করে। আমরা মেলে থাকি 'মৃগ্ধ নয়ান', পেতে রাথি কান 'যোগ্য গান বিরচিব বলে।' এই যে দেথার মৃগ্ধতা, শোনার আনন্দান্থতব স্পর্শের ভৃপ্তিবোধ, গদ্ধের পবিত্র উপলব্ধি, স্বাদের রসবোধ—এ নিয়েই যুগ থেকে মৃগাস্তর বাাণী ক্রমশঃ সমৃদ্ধ হচ্ছে আমাদের অভিজ্ঞতা। আর এই অভিজ্ঞতাকে সম্বলকরেই আমরা চলি সমৃথ পানে।

তাই শিক্ষাবিদগণ স্থানিশ্চিত ভাবে বলেন প্রাকৃত শিক্ষার স্থার্থে আমাদের পঞ্চেন্দ্রিয়ের অনুভৃতি হয় এমন ব্যবস্থাই গ্রহণীয়। এই ইন্দ্রিয়ান্থভবকে আমরা যত বেশী সফল করে তুলতে পারবে। আমাদের অভিজ্ঞতা হবে তত বেণী অর্থপূর্ণ, আমাদের অজ্ঞানতা হবে তত বেশী জ্ঞানের আলোয় আলোকিত।

এবং আমাদের শিক্ষা কখনো বাস্তব বর্জিত অতিপ্রাকৃত কিছু নয়। তাই নিরস্তর প্রয়াস চলেছে আরও কতভাবে শিক্ষায় আমরা বাস্তবতা প্রতিভাত করতে পারি।

কিন্তু যে বিষয় একদা ছিল সর্বাংশে বান্তব, অথচ আজ অবান্তব, প্রায় অলীক কল্পনার সামিল, দেখানে আমাদের করণীয় কি? বেমন ইতিহাস, আজ আমাদের সম্পূথে দৃশ্য নয়, মূর্ত নয়। তাই বলে ইতিহাসকে তো অলৌকিক কল্পনা বলে উড়িয়ে
দিতে পারছি না। পারছি না বলেই নিরবচ্ছিন্ন চেষ্টা চলেছে
ইতিহাসের বিশেষজ কেমন করে ইতিহাসকে বাস্তব করে তোলা যায়। কাজটি
সহজ নয়, তব্ যা কিছু হঃসাধ্য তাকেই সাধ্যের সীমায় বেঁধে ফেলার মধ্যেই মান্ত্যের
তো সভিত্তকারের পরিচয়।

#### ॥ বাস্তবায়ণের প্রয়োজন ॥

#### 11 Need of aids 11

ইতিহাস হ'ল বিমূর্ত জ্ঞানাশ্রয়ী যুক্তিবাদী বিষয়। যদি এই বিমূর্ত বিষয়কে আমরা মূর্ত করে তুলতে না পারি তা হলে ইতিহাস তো কগনো শিক্ষার্থীর ইন্দ্রিয়াম্বভূতি জাগাতে পারবে না। তাই প্রয়োজন ইতিহাসকে বাস্থব করে তোলার। প্রয়োজন উপযুক্ত শিক্ষার উপকরণের ব্যবহার।

শিক্ষার্থীদের মধ্যে যারা স্বল্পমেধা সম্পন্ন, পশ্চাদপদ তারা তাত্ত্বিক জ্ঞান গ্রহণে বিভ্রাম্ভ হয়ে পড়ে।

কিন্তু শিক্ষার উপকরণের সাহায্যে তাদেরও উচ্চতর জ্ঞানার্জনে উদ্ধুদ্ধ করা যায়। ইতিহাসকে বাত্তব করে তোলার বিভিন্ন উপকরণগুলি ব্যবহারের মধ্য দিয়ে শিক্ষার্থীর পর্যবেক্ষণ, বিশ্লেষণ ও সংশ্লেষণ সামর্থের বিকাশ সাধনে সাহায্য করা সম্ভব হয়।

ইতিহাস শিশ্বণে বক্তৃতাদানের প্রয়োজন নিশ্চয়ই আছে। কিন্তু যেথানে বক্তৃত্ব যথেষ্ট নয় সেগানে শিশ্বার উপকরণ একমাত্র উপায় শৃত্যতাকে পূর্ণ করে তুলতে।

এইসব প্রয়োজনকৈ অহীকার করার অর্থ "historical imagination of the pupils is not kindled and history teaching degenerates into a monotonous, dull and mechanical narration."

## ॥ উপকরণ ব্যবহারে সতর্কতা।

## Important points for the use of teaching aids I

ইতিহাস পাঠে উপকরণ ব্যবহারের প্রয়োজন যেমন রয়েছে তেমনি উপকরণ ব্যবহারে আমাদের যথেষ্ট নতর্কতা অবলম্বনের প্রয়োজনও আছে।

প্রথমে লক্ষ্য রাখতে হবে উপকরণের ব্যবহার যেন কেবলমাত্র আলংকারিক প্রয়োজনে পাঠদান পছতির উপর আরোপিত না হয়। আলোচনার বিষয়-বস্তুর সঙ্গে উপকরণের ব্যবহার যদি মিলিয়ে দেওয়া না যায় তাহলে উপকরণ ব্যবহারের মৌল উদ্দেশ্যই হবে ব্যর্থ।

উপকরণগুলি যেন এমনভাবে নির্বাচিত হয় বাতে অতীতকে জীবন্ত করে তুলতে নেগুলি বিশেষ সহায়ক হয়। তাই বলে কেবল চিত্তাকর্ষক করতে হবে বলেই অতীতকে বিশ্বত করা হবে না অথবা অতীতকে আতিশয্য দোষে চুষ্ট করা যাবে না। উপকরণগুলি এমনভাবে ব্যবহার করতে হবে বেন সেগুলি শিক্ষার্থীর জ্ঞানের মধ্যবর্তী শৃক্ততাকে পূর্ণ করে দিতে পারে।

উপকরণ ব্যবহারে কোনরকম অন্ধত্ব বা গোঁড়ামীকে প্রশ্রেয় দেওয়া হবে না। প্রয়োজনমত পাঠ-পরিকল্পনার যে কোন শুরেই এই উপকরণের ব্যবহারে শিক্ষকের অবাধ স্বাধীনতাকে স্বীকৃতি দিতে হবে।

### ॥ উপকরণের শ্রেণী বিভাগ।

#### Division of aids

ইতিহাস শিক্ষণে প্রয়োজনীয় উপকরণগুলিকে আমরা তিন শ্রেণীতে ভাগ করতে পারি। যথা: দৃষ্টি নির্ভর উপকরণ বা Visual aids, শ্রেবণ নির্ভর উপকরণ বা Auditory aids এক শ্রেবণ ও দর্শন নির্ভর উপকরণ বা Audio-Visual aids.

## ॥ দৃষ্টি নির্ভর উপকরণ ॥

#### || Visual aids ||

দৃষ্টি নির্ভর উপকরণের মধ্যে প্রথমেই আসে ব্ল্যাক বোর্ডের প্রাক্ত । কারণ ব্রাক্ত বোর্ডের সঙ্গে তুলনীয় আর কোন উপকরণ এত স্থলত বা সহজ লত্য নয়। ইতিহাস পাঠদান কালে বিভিন্ন বিষয়ের উপর সাধারণ নক্সা, মানচিত্র চার্ট, সময়রেথা প্রভৃতি অঙ্কনে ব্র্যাক বোর্ড বিশেষ সাহায্যকারী উপাদান। অবশ্য এরজন্য শিক্ষককে সামান্য অঙ্কন চর্চায় অত্যন্ত হতে হবে। তবে শ্রেণীকক্ষে গাঁড়িয়ে ব্রাক্রের্ডেও তার এইসব অঙ্কন ধে কত্টা উদ্দীপনাময় তা স্পষ্ট করতে গিয়ে ব্রেহার রেমণ্ট বলেছেন "Black-board drawing, sketches and maps are superior to finished productions at least in the early lessons এ হাড়া আলোচনা শেষে সংক্ষিপ্রদার লিখে দেবার জন্যে এবং আলোচনা চলাকালে বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রসঙ্গলো লিখে দেবার প্রয়োজনে ব্ল্যাক-বোর্ড অপেক্ষা অধিকতর সাহায্যকারী উপকরণ সহজে মেলে না।

মানচিত্র ইতিহাস শিক্ষণে একটি গুরুত্বপূর্ণ শিক্ষা সহায়ক উপকরণ। ঐতিহাসিক চেতনাকে স্বচ্চ করতে হ'লে প্রয়োজন স্থান ও কাল সম্পর্কে পরিদ্ধাব ধারণা। যে কোন ঘটনাই সংঘটিত হয় কোন একটি নিদিষ্ট স্থানে এবং একটি মানচিত্র নিদিষ্ট সময়ে। মানচিত্র হ'ল শিক্ষার্থীর স্থান-চেতনা জাগরণে একটি বিশেষ সাহায্যকারী উপকরণ। মানচিত্রে সংঘটিত ঘটনাটির স্থান নির্দেশ করার মধ্য দিয়ে ইতিহাস অনেকথানি বান্তবন্ধপ লাভ করে। তাই ইতিহাস শিক্ষণে মানচিত্র ব্যবহারের বিশেষ প্রয়োজন রয়েছে।

মানচিত্রের বহু প্রকার ভেদ হতে পারে। যেমন ঐতিহাসিক মানচিত্র। এগুলি বিভিন্ন রাজন্তবর্গ বা রাজবংশের উপর ভিত্তি করে অঙ্কিত হয়। এইদব মানচিত্রে বিভিন্ন যুদ্ধক্ষেত্র, দদ্ধি স্থাপনের স্থান কিংবা কোন পরিব্রাজক বা দৈশ্যবাহিনীর ধারা। পথ নির্দেশ করা ধার। তারপর হ'ল প্রাকৃতিক মানচিত্র ধার সাহায্যে আমরা দেশের ভৌগোলিক গঠন সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করে তুলতে পারি।

এবং দেশের ভৌগোলিক গঠনের সঙ্গে ইভিহাসের সম্পর্ক যে

শানচিত্রের প্রকার ভেদ

অতি নিবিড় তাতো স্বারই জানা। এ ছাড়া রয়েছে রাজনৈতিক
মানচিত্র, অর্থ নৈতিক মানচিত্র প্রভৃতি।

কিন্তু একটি ভাল মানচিত্রের কতকগুলি বৈশিষ্ট থাকা প্রয়োজন। যেমন মানচিত্রটি অবশুই নিথুঁত এবং ষথাষথ হবে। প্রয়োজনের অতিরিক্ত তথ্য দিয়ে মানচিত্রটি তথ্যভারে ভারাক্রাস্ত হবে না। মানচিত্রটির আয়তন ধেন এমন মানচিত্রের বৈশিষ্ট হয় ষাতে স্বাই সহজে দেখতে পায়। মানচিত্রে ব্যবহৃত প্রতীক চিহ্ন এবং লেখা বেশ পরিষ্কার পরিচ্ছন হওয়া প্রয়োজন। ষথেচ্ছ ব্যবহারের জ্ঞামজবৃত করে মানচিত্রগুলি তৈরী করতে হবে।

জনসন্ যথাৰ্থই বলেছেন, "History has been made up by maps as well as recorded in maps."

মানচিত্রের পর আলোচনা করতে হয় রেখাচিত্রের (Graph) কথা। কারণ রেণাচিত্র মানচিত্র ধেমন ঐতিহাসিক স্থান সম্পর্কে ধারণা করতে সাহায্য করে তেমনি রেখাচিত্র সময়জ্ঞান অর্জনে সাহায্য করে। বহু ধরনের রেখাচিত্রের মধ্যে Line Graph এবং Pictorial Graph ইতিহাস শিক্ষণে বিশেষ উপযোগী।

Line Graph লম্বভাবে বা সমান্তরাল ভাবে অঙ্কন করা যায়। প্রয়োজনমত বহু রং ব্যবহার করে রেখাচিত্রকে অধিকতর আকগণীয় করে ভোলা যায়। যথন সন-ভারিথ সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করার প্রয়োজন হয় তথন এই ধরনের রেখা-লাইন গ্রাফ চিত্রের ব্যবহার বিশেষ উপযোগী। অস্বীকার করার উপায় নেই —সময় রেগার মাধ্যমে বিচ্ছিন্ন ঐতিহাসিক ঘটনাবলীকে সময়-জ্ঞানের ভিত্তিতে আমরা গ্রথিত করতে পারি। ফলে ইতিহাস সম্পর্কে সামগ্রিক ধারণা বিকাশে বিশেষ স্ববিধা হয়।

Pictorial Graph হ'ল চিত্রের মাধ্যমে সময় জ্ঞান অর্জনে সাহায্য করা। কোন একটি ধারণাকে স্পষ্ট করে ভোলার জন্ম চিত্রের ব্যবহার করা হবে। যেমন আমরা পিকটোরিয়াল গ্রাফ <sup>যদি</sup> ভারতীয় ভাষার উদ্ভব ও বিকাশ এভাবে দেখাতে চাই তা হ'লে প্রয়োজনীয় সন তারিখগুলি লেখা হবে নীচের দিকে আর বিভিন্ন প্রদেশের মাহুষের চিত্র এঁকে তাদের মুথের ভাষা বোঝানো হবে। এতে রেথাচিত্রটি শিক্ষার্থীদের কাছে অধিকতর আকর্ষণীয় হবে।

পরবর্তী শিক্ষার উপকরণ হ'ল চার্ট। চার্ট প্রকৃতপক্ষে রেখাচিত্র এবং চিত্রের এক সম্মিলিত রূপ। চার্ট ব্যবহারের কারণ হ'ল, এর সাহায্যে তুলনামূলক পর্যালোচনার স্থবিধে হয়, অগ্রগতির স্বরপটি উদ্ঘাটন করা যায়, বিভিন্ন সংগঠন সম্পর্কে সঠিক ধারণা করা যায়। চার্টও বিভিন্ন ধরনের হতে পারে। তবে ইতিহাস শিক্ষণের জন্ম উংপত্তি নির্ণায়ক Genealogy chart, বৃক্ষাকৃতি Tree chart, কোন ঘটনার ক্রমবিকাশ নির্দেশক Flow chart, এবং সময়জ্ঞান সহায়ক Chronology chart বিশেষ উপযোগী।

ইতিহাস শিক্ষণের বিশেষ উপযোগী উপকরণ হ'ল চিত্রের ব্যবহার। শিশু
মনের কাছে চিত্রের আবেদন বিশ্লেষণের অপেকা রাথে না। আমরা এখানে কেবল
কয়েকজন বিশেষজ্ঞের মন্তব্য উদ্ধৃত করতে চাই। একজন বলেছেন, "Pictures are
representations of beautiful dreams of reality or at
least beautiful dreams." অধ্যাপক জাভিস বলেছেন, "If
উপযোগিতা history is to be made interesting for lower classes
the proper materials for teaching are dramatic scenes and heroic
characters." আর একজন বলেছেন, "Picture will simplify the abstractions
and help create and maintain interest."

চিত্র যেমন পাঠদানে বিশেষ কার্যকরী হতে পারে তেমনি পাঠদান পদ্ধতিকে বিশ্বিতও করতে পারে। তাই চিত্র-ব্যবহারের সময় আমাদের কয়েকটি সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। যেমনঃ

শিক্ষার্থীদের মনপ্রাণ ভরে চিত্রটি দেখবার স্থযোগ দিতে হবে। যেন শিক্ষার্থীদের দিক থেকে কোন অপূর্ণতাবোধ কোন অতৃপ্তি থেকে না যায় দেদিকে নজর দিতে হবে।

চিত্রটি বেশ চাতুর্যের সঙ্গে ব্যবহার করতে হবে। চাতুর্য এ কারণে যে চিত্রে আর কভটুকু প্রতিফলিত হয়, কভটুকু ব্যক্ত থাকে। যা অব্যক্ত রইলো তা যেন শিক্ষার্থী আপন কল্পনার ঐশ্বর্য দিয়ে পূর্ণ করে নিতে পারে দেদিকে লক্ষ্য রাখতে হবে।

একসঙ্গে অধিক সংখ্যক চিত্রের ব্যবহার উচিত নয়। অনাবশুক চিত্র শিক্ষার্থীদের অমনোযোগী করে। তাদের অকারণ চিত্ত চাঞ্চল্য ঘটায়। চিত্রের ব্যবহারই হবে অর্থপূর্ণ ও উদ্দেশ্য প্রণোদিত, এ কথাটি আমাদের মনে রাথতে হবে।

বস্তুতঃ ভাব প্রকাশে রথার্থ ভাষা ষেথানে তুর্লভ, চিত্র সেথানে একমাত্র অবলম্বন। আবার চিত্র এককভাবে যথেষ্ট অর্থবাহী নয়, তার ষোগ্যতা প্রতিষ্ঠিত ব্যবহার হয় নৈপুলোর মধ্য দিয়ে।

আর একটি উল্লেথধোগ্য দৃষ্টি নির্ভর ইতিহাস শিক্ষণের উপকরণ হ'ল মডেল্।
বিভিন্ন যুগে ব্যবহৃত দ্রব্যাদি যদি শ্রেণীকক্ষে দেখানো খেতে

মডেল্ পারতো তবে নিঃসন্দেহে ইতিহাস জীবস্ত হয়ে উঠতো। কিন্তু এসব
উপাদান অন্ততঃ বিভালয়ের পক্ষে সংগ্রহ করা সম্ভব নয়। সে ক্ষেত্রে বিকল্প একটিই

রয়েছে। তাহ'ল ঠিক যে ধরনের দ্রব্য একদা ব্যবহৃত হ'ত দেইরকম দ্রব্য তৈরী করে নেওয়া। এইদব তৈরী করা জিনিদকেই বলা হয় মডেল্। মডেল্ "gives a vivid impression of the real."

প্রয়োজন অমুসারে আমর। বিভিন্ন ধরনের মডেল তৈরী করতে পারি। বেমন মডেলের রূপভেদ বিভিন্ন বিখ্যাত ঐতিহাসিক হুর্গ ব। বিভিন্ন রাজফুবর্গের মডেল্, শ্রুতকীতি বিভিন্ন ঐতিহাসিক নায়কদের প্রতিমূতি, বিভিন্ন যুর্গে ব্যবস্তুত অস্ত্র-শক্ষের মডেল্, নৈমিত্তিক জীবনে ব্যবস্থৃত বিভিন্ন দ্রব্যের মডেল্ ইত্যাদি।

কিন্তু একটি ভাল মডেলের কতকগুলি বৈশিষ্ট্য থাকা প্রয়োজন। মডেলটি অবশুই
আসলের পুংথারপুংথ প্রতিরূপ হবে। যেহেতু অতীতকে জীব করাই এখানে একমাত্র
মডেলের বৈশিষ্ট্র লক্ষ্য সেইহেতু অবিকল বিকল্পই একান্তভাবে বাঞ্ছিত। মডেলটি
হবে খুব সহজ ও সরল। সঙ্গে সঙ্গেল নির্মাণকালে তার
ঐতিহাসিক তাৎপর্য কতটা তাও বিচার করে দেখতে হবে। মডেল নির্মাণ যেন খুব
বেশী ব্যয় বহুল না হয় সেদিকেও লক্ষ্য রাখতে হবে।

### ॥ শ্রুতিনির্ভর উপকরণ ॥ ॥ Auditory Aids ॥

প্রকার উপকরণ বলতে বৃঝায় বেতার, গ্রামোফোন, টেলিভিসন প্রভৃতি।

এসব উপকরণ ব্যবহারগত দিক থেকে প্রায় সমগোত্তীয় বলে এদের পৃথক পৃথক

আলোচনার প্রয়োজন নেই। কেবলমাত্র আধুনিককালে থেহে হু

বেতার বহুল-প্রচারিত ও সহজ্বভা তাই উপকরণ হিসেবে

বৈতারের ভূমিকা ও গুণাগুণ সম্পর্কে এখন আমরা আলোচনা করব।

ইতিহাদে সমসাম্মিক প্রসন্ধের একটি বিশেষ ভূমিকা আছে। যে বতমানে শিক্ষার্থী বসবাস করে সেই বর্তমানই তার কাছে বিশেষ পরিচিত এবং এই বর্তমানের সাহায়ে যদি অতীতকে ব্যাগ্যা করা যায় তবে তা হবে অনেক বেশী হৃদয়গ্রাহী ও স্থিকিগ্রাহ্য। তা ছাড়া মনস্থান্ধিকেরাও বলেন, জানা থেকে অজানার দিকে অগ্রসর হওয়া প্রকৃত জ্ঞানার্জনের একটি প্রকৃত্ত পদ্বা। এই দৃষ্টিকোণ থেকে বেতার একটি বিশেষ উল্লেখযোগ্য শিক্ষার উপকরণ। কারণ বেতারের মাধ্যমে বর্তমান জীবনযাত্রার সাম্প্রিক পরিচয়—রাজনৈতিক, অর্থ নৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, পাওয়া যায়। এই পরিচয়কে ভিত্তি করে যদি আমরা ক্রমশঃ অতীতচারী হতে পারি তবেই ইতিহাসের পাঠে বেতারের ব্যবহার সার্থক হয়ে উঠতে পারে।

কিন্ত উপকরণ হিসেবে বেতার ব্যবহারের অস্থবিধে হ ল, এথানে কোন প্রশ্ন, কোন কোতৃহল শিক্ষার্থীর মনে জাগ্রত হ'লে তাকে চরিতার্থ করার কোন স্থযোগ নেই। তাছাড়া শিক্ষার্থীগণ সাধারণতঃ সঙ্গীত, নাটক প্রভৃতি কর্মস্ফচীতেই অধিকতর আকর্ষণ বোধ করে। তবে স্থবিধে হ'ল, বেতারের কর্মস্থচী পূর্বাহ্ছেই ঘোষিত হয়। স্থতরাং নির্দিষ্ট কর্মস্থচী সম্পর্কে যদি শিক্ষার্থী কিঞ্চিং পূর্ব প্রস্তুতি নিয়ে থাকে তাহলে বেতার সভ্যি স্থিত্যি একটি বিশেষ প্রতিশ্রুতিপূর্ণ ইতিহাস চর্চার উপকরণ হিসেবে ব্যবহৃত হতে পারে।

## ।। শ্রবণ ও দর্শন নির্ভর উপকরণ।।

#### Audio-Visual

শ্রবণ ও দর্শন নির্ভর উপকরণের মধ্যে সর্বাধিক উল্লেখযোগ্য সবাক্ চলচ্চিত্র।
সবাক্ চলচ্চিত্র
করে উল্লেখের অপেক্ষা রাখে না। কিন্তু আমাদের আলোচ্য
হ'ল ইতিহাদ শিক্ষার প্রয়োজনে আমরা চলচ্চিত্রকে কতন্র এবং কতথানি সাফল্যের
সঙ্গে ব্যবহার করতে পারি।

ইতিহাস শিক্ষণে চলচ্চিত্রের একটি বিশেষ ভূমিক। আছে। কারণ:

চলচ্চিত্রের মাধ্যমে আমরা অতীতের ঘটমানতাকে নতুন করে স্থান্ট করতে পারি।

চলচ্চিত্রের মাধ্যমে শ্রেণীকক্ষে বদে আমরা পৃথিবীর যে কোন দেশের ইতিহাসের চলমানতার সঙ্গে নিজেদের মিলিয়ে নিতে পারি।

চলচ্চিত্রের মাধ্যমে অভি অনায়াদে অল্প সময়ে আমরা যে কোন দীর্ঘ কালে পাড়ি দিতে পারি।

বেহেতু চলচ্চিত্র একটি শ্রুতি ও দৃষ্টি নির্ভর মাধ্যম দেইহেতু চলচ্চিত্রের শিক্ষা দীর্ঘয়ায়ির অর্জন করে। চিত্রের মাধ্যমে স্পষ্ট হয় প্রকৃত ঐতিহাসিক পটভূমিকা। আর শব্দের মাধ্যমে শ্রুত হয় চলমান ঐতিহাসিক নায়কদের কণ্ঠস্বর। উভয়ে মিলে এমন এক অনাস্বাদিত পূর্ব অভিজ্ঞতার জন্ম হয় য়া আমাদের শিহরিত করে, পুলকিত করে, আমরাও নিজেদের মিলিয়ে দেই পর্দায় প্রতিফলিত চলমানতার দক্ষে। এমনভাবে আমাদের সমগ্র অন্তিম্বকে বিম্বিত করতে পারে আর কোন উপকরণ ?

অধিক অগ্রসর এবং তুলনামূলকভাবে অনগ্রসর উভয় শ্রেণার শিক্ষার্থীর কাছে চলচ্চিত্র সমানভাবে সংবেদনশীল ও শিক্ষামূলক।

শিক্ষকের প্রাণস্পর্শী কণ্ঠস্বর কিংবা পাঠ্যপুস্তকের হৃদয়গ্রাহী বিশ্লেষণ অথবা অন্ত যে কোন মাধ্যমের তুলনায়, সন্দেহ নেই চলচ্চিত্র অনেক বেশী ব্যাপক, বিস্তৃত, গভীর এবং নাটকীয়, আর তাই—মর্মে প্রবেশ করে আমাদের আকুল করে।

কিন্তু ইতিহাস শিক্ষায় চলচ্চিত্র ব্যবহার স্পষ্ট উদ্দেশ্যমূলক হবে। এই মাধ্যম

আমরা শিক্ষার্থীদের মন পাঠ্যাভিম্থী করার উদ্দেশ্যে ব্যবহার করতে পারি কিংবা কোন

একটি আলোচ্য বিষয়ে প্রাঞ্জল করার উদ্দেশ্যে ব্যবহার করতে পারি

অথবা আলোচ্য বিষয়ের পুনরালোচনার প্রয়োজনে ব্যবহার

করতে পারি অথবা নিজস্ব মতামত গড়ে তোলার স্বার্থেও ব্যবহার

করতে পারি । কথা হ'ল, পরিকল্পনাহীনভাবে চলচ্চিত্র ব্যবহার করলে তা স্কুফলপ্রস্থ

ইতিহাদের প্রয়োজনে বহু রকমের চলচ্চিত্র হতে পারে। ধেমন শ্রেণীকক্ষের উপযোগী চলচ্চিত্র, তথ্যমূলক চলচ্চিত্র, সংবাদ সমীক্ষামূলক চলচ্চিত্র, ঐতিহাসিক নাটক কেন্দ্রিক চলচ্চিত্র ইত্যাদি।

ভেশীকক্ষের উপযোগী চলচ্চিত্র আবার বহুবিধ হতে পারে। যেমন কোন রাজনৈতিক, অর্থ নৈতিক বা সামাজিক আন্দোলনকে ভিত্তি করে চলচ্চিত্র। উদাহরণ, ভারতের স্বাধীনতা আন্দোলন কিংবা ভারতের ব্রিটিশ শক্তির ক্রমবিকাশ ইত্যাদি। হতে পারে কোন তথ্য সরবরাহ্যুলক চলচ্চিত্র। থেমন নালন্দা বিশ্ববিভালয়ের দৈনন্দিন জীবন যাত্রা অথবা আকবরের রাজসভার একটি দিন। আবার হতে পারে মহাপুরুষদের জীবন বুঙাস্তযুলক চলচ্চিত্র।

তথ্য সরবরাহ মূলক চলচ্চিত্রকে 'a creative treatment of actuality বলে অভিহিত করা হয়েছে। এ ধরনের চলচ্চিত্র সম্পর্কে বলা হয়েছে, "It persents truthful material in a cinematically interesting way." ভারত সরকারের ফিলাস্ ডিভিসন্ এ ধরনের বহু উৎকৃষ্ট তথ্যচিত্র নির্মাণ করেছেন। যেমন থাজুরাহো, পবিত্র হিমালয়, ভাক্রা নাদাল পরিকল্পনা প্রভৃতি।

আবার সমসাময়িকতার সঙ্গে শিক্ষার্থীগণ যাতে পরিচিত হতে পারেন সে রকম চলচ্চিত্র হ'ল সংবাদ সমীক্ষামূলক চলচ্চিত্র। ইতিহাস শিক্ষণের কাজে এ ধরনের চলচ্চিত্র বিশেষভাবে স্থপ্রযুক্ত হতে পারে।

ঐতিহাণিক গুটনাবলীকে কেন্দ্র করে যে সব পূর্ণ**দৈর্ঘ্যের চলচ্চিত্র নি**মিত হয় সেগুলিও যথেই কার্যকরী উপকরণ। তবে এই শ্রেণার চলচ্চিত্র প্রদর্শনের আগে বিচার করতে হবে ইতিহাস বিকৃত হয়েছে না যথাথথভাবে রূপায়িত হয়েছে। কেবল মনোরঞ্জনের উদ্দেশ্যে নির্মিত চলচ্চিত্র নিশ্চয়ই শিক্ষামূলক উদ্দেশ্যে ব্যবহার করা যায় না—এ কথা সর্বদাই মনে রাখতে হবে।

তবে যে কোন চলচ্চিত্র প্রদর্শনের আগে বিষয় সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করবার ভন্ত একটি সংক্ষিপ্ত প্রারম্ভিক ভাষণের প্রয়োজন। তবে এই ভাষণ কথনো মাত্রাতিরিক্ত হবে না। তাতে শিক্ষার্থীদের ধৈর্য্যচ্যুতি ঘটবে। আবার চলচ্চিত্র প্রদর্শনীর শেষে একটি আলোচনার ব্যবস্থাও করা দরকার। উদ্দেশ্য হবে প্রদর্শিত চলচ্চিত্রটির মধ্য থেকে শিক্ষার্থী কতটুকু ইতিহাস জানলো, বুঝলো এবং গ্রহণ করলো।

## ॥ ইতিহাস কক্ষ।

## H History Room

বিজ্ঞান বা হন্তশিল্প—এ ধরনের বিষয় শিক্ষাদানের জন্ম প্রয়োজন নানা রকম:

যথপাতি ও দাজ-সরঞ্জাম। তাই এ ধরনের বিষয়গুলোর যথোচিত পঠন-পাঠনের

জন্ম পৃথক শ্রেণীকক্ষের প্রয়োজনীয়তা সম্পর্কে কোন মতহিষ্ণতার অবকাশ নেই।

কিন্তু ইতিহাদ পঠন-পাঠন কালেও যে পৃথক কক্ষের প্রয়োজন এ কথা দীর্ঘকাল স্বীরুত
পায় নি। না পাবার কারণও স্কুম্পষ্ট। বহুদিন পর্যন্ত ইতিহাদ ছিল একটি বিমৃত্ জ্ঞানাশ্রানী

বিষয়, অতীত ঘটনাবলীর এক সংকলন মাত্র। ইতিহাদকে

ইতিহাদ কক্ষের

তথন কেবলমাত্র শিক্ষার্থীর নৈতিক চেতনা জাগ্রত করার
প্রয়োজন

কাজেই ব্যবহার করা হ'ত। কিন্তু যথন থেকে ইতিহাদ একটি

বিজ্ঞান-ভিত্তিক বিষয়রূপে গৃহীত হ'ল, সত্যাত্মসন্ধানই ইতিহাদের কর্মপন্থা হিসেবে
চিহ্নিত হ'ল তথন থেকে ইতিহাদ পঠন-পাঠনের ক্ষেত্রে এল এক ব্যাপক পরিবর্তন।

ইতিহাদও শ্রেণীকক্ষে একটি বিজ্ঞান-ভিত্তিক বিষয়রূপে পরিগণিত হতে লাগলো।

আার তথনই প্রয়োজন অনুভূত হ'ল ইতিহাদের নিজন্ম কক্ষের।

ইতিহাসের জন্ম বিগালয়ে যে সময় নিদিষ্ট তা প্রয়োজনের তুলনায় একান্তই কম। এই স্বল্প সময়কেও যদি যথোচিতভাবে সদ্মবহার করতে হয় তবে শিক্ষকের অবশুই স্বাজ্ঞিত কক্ষ দরকার, যেন তিনি হাতের কাছেই প্রয়োজনীয় সকল উপাদানই পেতে পারেন, যেন উপাদান সংগ্রহের জন্মই তাকে ইতস্ততঃ ছুটে বেরিয়ে অযথা কালক্ষেপ করতে না হয়।

আদর্শ ইতিহাস পঠন-পাঠনের জন্ম অপরিহার্য হ'ল অমুকূল পরিবেশ। স্ক্রমজিত ইাতহাস কক্ষে এমন একটি ঐতিহাসিক পরিমণ্ডল সর্বক্ষণই বিরাজমান থাকে যে শিক্ষক ও শিক্ষার্থী উভয়েই আন্তরিকভাবে উৎসাহী হয়ে ওঠেন ইতিহাস নিয়ে চর্চা করতে।

প্রকৃত ইতিহাস চর্চার জন্ম প্রয়োজন বহুবিধ উপকরণ। আবার এসব উপকরণ পাওয়াটাই বড় কথা নয়, সঙ্গে সঙ্গে দায়িত্ব এসে যায় যূল্যবান উপকরণের যথোচিত সংরক্ষণের। তাই চাই ইতিহাসের জন্ম পৃথক কক্ষ।

## । ইতিহাস কক্ষের আয়তন।

দাধারণ শ্রেণীকক্ষের তুলনায় ইতিহাদ কক্ষের আয়তন বৃহৎ হবে। মোটাম্টি-ভাবে বলা হয় প্রতি ৩০ জন ছাত্রের ৬০০ বর্গফুট পরিমান কক্ষ প্রয়োজন। অস্ততঃ শিক্ষার্থীগণ যেন অবাধে নিজেদের কাজ-কর্ম করতে পারেন, ইতিহাস কক্ষের আয়তন এমনই হওয়া উচিত। কক্ষের তিন দিকে থাকবে দেওয়াল বোর্ড। পিছনদিকের দেওয়াল থাকবে সাদা, যেন প্রয়োজনবোধে পর্দার অভাবে ঐ দেওয়ালেই চিত্র প্রদর্শনের ব্যবস্থা করা যায়।

# ॥ ইতিহাস কক্ষের আসবাব-পত্র॥

ইতিহাস কক্ষে শিক্ষার্থীদের জন্ম থাকবে চেয়ার-টেবিল। এগুলি হবে হাল্কা ধরনের যেন সহজেই স্থানান্তরিত করা যায়। শিক্ষকের জন্ম তুদিকে ভুয়ারযুক্ত টেবিল্। তাছাড়া থাকবে আলমারী প্রাচীন মুদ্রা প্রভৃতি সংরক্ষণের জন্ম কাঁচ দিয়ে ঢাকা বাক্স, ম্যাপ রাথার স্ট্যাণ্ড প্রভৃতি।

# ॥ ইতিহাস কক্ষের সরঞ্জাম॥

প্রথমতঃ ইতিহাস কক্ষের ভেতরই **একটি গ্রন্থাগার রাখতে হবে** ধেন শিক্ষক তাঁর প্রয়োজনমত এবং শিক্ষার্থাগণ তাদের প্রয়োজনমত বইয়ের সরবরাহ পেতে পারে অনায়াসে এবং অযথা কালক্ষেপ না করে।

দ্বিতীয়তঃ ইতিহাস কক্ষে মজুত থাকবে বিভিন্ন মানচিত্র ও চার্ট। চার্ট ছাপানো হতে পারে, আবার শিক্ষার্থীদের তৈরী করাও হতে পারে।

তৃতীয়ত: ইতিহাস কক্ষেথাকবে সময়ের রেথাচিত্র, সময় রেথা প্রভৃতি। এগুলি শ্রেণীকক্ষে ঝুলিয়ে রাথতে পারলেই ভালো হয়। তাহলে সর্বদা দেথতে দেথতে শিক্ষার্থীদের সময়জ্ঞান ক্রমশঃ তীক্ষ হয়ে উঠবে।

চতুর্থতঃ ইতিহাস কক্ষে দংরক্ষিত থাকবে বিভিন্ন মডেল্ ও এ্যাল্বাম। এ্যাল্বাম ছাত্রদের দিন্দে তৈরী করিয়ে নিতে পারলে ভাল হয়। এতে ছাত্রদের একদিকে ধেমন হাতে কলমে কাজ করবার খানিকটা স্থযোগ করে দেওয়া হবে তেমনি অন্ত দিকে ইতিহাসের বাস্তবতা সম্পর্কে তারা অধিকতর সচেতন হবে।

পঞ্চমতঃ বিভিন্ন ধরনের উপকরণ যেমন রেডিও এপিডায়স্কোপ, চলচ্চিত্র প্রদর্শনীর যন্ত্রপাতি প্রভৃতি স্থরক্ষার ব্যবস্থা থাকবে এবং এগুলির প্রয়োজনমত ব্যবহারের স্থযোগ থাকবে।

যষ্ঠতঃ ইতিহাসের বিভিন্নত্বে চিত্র সংগ্রহ করে ইতিহাসে কক্ষে একটি চিত্রশালা গঠন করা যেতে পারে। বিভিন্নত্বে ব্যবহৃত পোষাকের বিভিন্নতা দেথাবার জন্ম একটি ছোটখাট সংগ্রহশালা গড়ে তোলা সম্ভব।

সপ্তমতঃ সাপ্তাহিক সংবাদ বোর্ড স্থাপন করে আন্তর্জাতিক বিভিন্ন গুরুত্বপূর্ণ সংবাদ সংকলন ও সংরক্ষণের ব্যবস্থা কর। যায়। কয়েক বৎসর পর দেখা যাবে এইসব সংকলনগুলি ইতিহাস রচন। কৌশল সম্পর্কে শিক্ষার্থীদের শিক্ষা দেবার পক্ষে এগুলি বিশেষ উপযোগী উপকরণ।

কিন্তু এ দবই হ'ল তাত্ত্বিক দিক। বাস্তব অবস্থাটি হ'ল, আজকের ক্রমবর্ধমান ছাত্র দংখ্যাধিক্যের দিনে বিভালয়ে সাধারণভাবে স্থান সংকূলানই এক সমস্থা। উপসংহার

স্থোনে ইতিহাসের জন্ম পৃথক কক্ষ যেন এক অলীক কল্পনা।
তবু হাল ছেড়ে দিলে চলবে না। ইতিহাসের শিক্ষক নিজস্থ
উজ্যোগ ও উভ্যমের সাহায্যে যতটা সম্ভব বর্তমান পরিস্থিতিতেও অভিনব কিছু করতে
ইংসাহা হবেন—এই সং আশা প্রাকাশ ছাড়া আপাততঃ কোন গত্যন্তর নেই।

# ॥ ইতিহাস গ্রন্থাগার ॥

#### History Library

"The library is the intellectual nerve centre of a good school, the hub of its academic life, inspiring students to read and cultivating in them a sincere love of books." কথাটি সাধারণ গ্রন্থাগার সম্পর্কে কথিত। কিন্তু ইতিহাসের গ্রন্থাগারের এ ছাড়াও রয়েছে কিছু নিজম্ব বক্তব্য। ইতিহাস 'veritable mine of life experiences' হিসেবে এক দীমাহীন জ্ঞানভাণ্ডার যেখানে শিক্ষার্থী অবাধে সন্ধান করে বেড়াতে পারে তার অপরিসীম প্রন্থাারের প্রয়োজন জ্ঞান-তৃঞ্চাকে তৃপ্ত করতে। বিশেষ করে বিভালয় হুরে ইতিহাসের পাঠক-পাঠিকা হ'ল বয়ঃসন্ধিকালের বালক-বালিকা, বাদের বৈশিষ্ট্যই হ ল এক ছনিবার কৌতৃহলী মন আর নিজের পরিমণ্ডলকে জানার এক আন্তরিক আকাজ্ঞা। এই কৌতৃহলকে চরিতার্থ করতে এবং আন্তরিক আকাজ্ঞাকে পরিতৃপ্ত করতে সর্বতোভাবে সমর্থ ইতিহাস। তাই প্রকৃত ইতিহাস চর্চার জন্ম প্রয়োজন একটি স্থসজ্জিত গ্রন্থাগারের। এই গ্রন্থাগার গড়ে তোলার উদ্দেশ্য হবে:

- (এক) বিষয় সম্পর্কে শিক্ষার্থীদের কৌতূহলী করা।
- (ছই) নিত্য নতুন জ্ঞানার্জনের মধ্য দিয়ে শিক্ষার্থীর মানসিক সজীবতাকে বজাগ রাধা।
- (তিন) বিভিন্ন পুস্তকপাঠের মধ্য দিয়ে শিক্ষার্থীর নিজস্ব মতামত গড়ে উঠতে সাহায্য করা।
- (চার) শিক্ষার্থীদের পাঠ্যাভ্যাদ গঠন করা।
- (পাঁচ) শিক্ষার্থীদের বিভিন্ন ঐতিহাদিক উপাদানের দলে পরিচিভ হতে সাহায্য করা।

তাছাড়া বিভালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে রয়েছে মানসিক গঠনের মধ্যে বৈচিত্র
এবং বৈষম্য। তাই কেবল একটি মাত্র নিদিষ্ট পাঠ্যপুস্তক স্পষ্টতঃ
মানসিক বৈষম্য
কথনোই প্রত্যেকের কাছে সমান উপভোগ্য হতে পারে না।
ইতিহাসের গ্রন্থাগার এক্ষেত্রে প্রত্যেকের নিজম্ব প্রয়োজন ও চাহিদা অনুসারে পুস্তক
সরবরাহ করতে পারে।

তারপর ইতিহাসে ছড়িয়ে রয়েছে বহু বিমূর্ত চিন্তা-চেতনা, মতবাদ। এইসব বক্তব্য বহুক্ষেত্রেই শিক্ষার্থীদের নৈমিত্তিক অভিজ্ঞতার বাইরে। ইতিহাসের বিমূর্ত কোন একটি নির্দিষ্ট পুন্তক পাঠ করে ভাষাজনিত তুর্বোধ্যতার চরিত্র জন্মেও হয়তো শিক্ষার্থীর পক্ষে এইসব মতবাদগুলিকে পরিদ্ধার উপলব্ধি করা সম্ভব নাও হতে পারে। এক্ষেত্রে গ্রন্থাগারের বিপুল গ্রন্থভাগুার তার সক্ল বিজ্মনার অবসান ঘটাতে পারে। ইতিহাস চর্চায় নিজস্ব দৃষ্টিভঙ্গী গড়ে তোলার একটি তাৎপর্যপূর্ণ ভূমিকা রয়েছে।
ধরা যাকৃ ইতিহাসের কোন একটি মতহিন্বধতাপূর্ণ বিষয়। একাধিক পুন্তক পাঠ
নিজস্ব মতবাদ গঠন করে শিক্ষার্থী ঐ বিষয় সম্পর্কে বিভিন্ন মতামতের সঙ্গে
পরিচিত হতে পারবে এবং এই পরিচয়ের মাধ্যমে সে তার
নিজের মতটি গড়ে তুলতে পারবে। এথানেও রয়েছে ইতিহাসের গ্রন্থাগারের বিশেষ
প্রয়োজনীয়তা।

### ॥ গ্রন্থাগারের তথ্য রাশি॥

গ্রন্থের দিক থেকে গ্রন্থাগারে বিভিন্ন ধরনের পুস্তকের সমাবেশ ঘটাতে হবে। গ্রন্থাগারে থাকবে বিভিন্ন ত্রেথকের লেখা পাঠ্যপুস্তক। থাকবে বিভিন্ন ত্রতিহাসিক নায়কদের জীবন-কাহিনী, ত্রতিহাসিক উপন্যাস ও নাটক, ভ্রমণ কাহিনী প্রভৃতি। পাকবে প্রতিষ্ঠিত ত্রতিহাসিকদের রচনাবলী।

এ সব ছাড়াও সংবাদপত্র, ইতিহাসের উপর বিভিন্ন জার্নাল গ্রন্থাগারে রাখতে হবে। শিক্ষার বিভিন্ন উপকরণ ধেমন ম্যাপ, চার্ট, গ্লোব ইত্যাদিও যেন গ্রন্থাগারে পাওয়া যায় তার ব্যবস্থা করতে হবে।

#### ।। গ্রন্থাগারের ব্যবহার।।

গ্রন্থারের থাকাটাই শেষ কথা নয়, আদল হ'ল সেই গ্রন্থাগারের যথায়থ ব্যবহার প্রথমেই শিক্ষার্থীদের শেখাতে হবে কেমন করে গ্রন্থাগার যথায়থভাবে ব্যবহার করা যায়। পুশুকতালিকা থেকে প্রয়োজনীয় পুশুকটি অন্মদন্ধান, পুশুক সংরক্ষণ প্রভৃতি বিষয়গুলি গ্রন্থাগার-বিজ্ঞান ভিত্তিক। এই বিজ্ঞানের কলা কৌশল শিক্ষার্থীদের জানতে হবে।

#### ॥ ইতিহাস পাঠ্যপুস্তক ॥ ॥ History Text book ॥

## ॥ পাঠ্যপৃস্তকের অপরিহার্যতা॥

শাস্থাতিককালে শিক্ষাক্ষেত্রে পাঠ্যপুত্তক কি একান্তই অপরিহার্য এমন একটি প্রশ্ন প্রায়শঃই উচ্চারিত হতে শোনা ঘাছে। ফ্রএব্ল, ডিউই, গান্ধী প্রভৃতি শিক্ষাবিদগণের চিত্তাধারা প্রকৃতপক্ষে এ ধরনের প্রশ্ন উত্থাপনে ইন্ধন যুগিয়েছে। বর্তমান শতান্ধীর প্রথমার্থে এই প্রশ্ন নিয়ে ব্যাপক বিচার বিশ্লেষণও হয়েছে আমেরিক। যুক্তরাষ্ট্রে। কিন্তু পাঠ্যপুত্তকের আমূল উৎপাটন এমন সম্ভাবনা কোথাও সমাদৃত হয় নি। বরং বারা বিশেষজ্ঞ, তাঁরা উল্টো কথাই বলেছেন। যেমনঃ

ভারত সরকারের কেন্দ্রীয় শিক্ষা উপদেষ্টা পর্যদের পাঠ্যপুত্তক কমিটি সুস্পষ্টভাবে অভিমত প্রকাশ করে বলেছেন, "A:modern educational system without textk books is as difficult to imagine as Hamlet without the Prince of Denmark." মাধ্যমিক শিক্ষা কমিশন্ (মুদালিয়র কমিশন্) অবশ্য বলেছেন যে আমাদের পাঠ্যপুন্তকের উপর নির্ভর করার যে অত্যধিক প্রবণতা তা কমিয়ে আনতে হবে।

এমন কি কমিশন্ কোন একটি নির্দিষ্ট পুন্তককেও পাঠ্য পুন্তক
বৃদলিয়র কমিশন্
হিদেবে চিহ্নিত করার বিরোধী। তাই কমিশন্ বলেছেন, "…

the Text Book Committee should approve a number of suitable books in each subject and leave the choice to the institution concerned."

এই কথাটিকে আরও বেশী স্পষ্ট করে বলেছেন **অধ্যাপক হাণ্ট। তাঁর মতে,**"In school work in history the text book remains after
বাধাপক হাণ্ট the teacher, the learner's chief aid and support."
পাঠ্য পুস্তক তাই শিক্ষকের সহায়ক একটি উপাদান মাত্র।

# । পাঠ্য পুস্তকের প্রয়োজনীয়তা।

কিন্তু এত সমালোচনা সত্ত্বেও আমরা পাঠ্য পুস্থককে কোনভাবেই অস্বীকার করতে পার্রছি না। পার ছি না বলেই যে সত্যটি থেকে যায় তা হ'ল নিশ্চয়ই পাঠ্য পুস্থকের এমন কোন অনিবার্থতা রয়েছে যা অক্সভাবে মেটানো সম্ভব নয়। কিন্তু কি স্টেই অনিবার্থতা ? এক্ষণে আমরা তাই অনুসন্ধান করবো।

প্রথমতঃ ইতিহাদের যে কোন একটি বিষয়ে যে প্রাথমিক ও তাৎক্ষণিক জ্ঞান আর্জন শিক্ষকের একান্তই জরুরী, সেই জরুরী প্রয়োজন মেটানো যেতে পারে পাঠ্য পুস্তকের দাহায়ে। তা ছাড়া দবদাই প্রকৃত উপাদান থেকে ইতিহাদ দংগ্রহ করার ক্ষমতা দম্পন্ন শিক্ষক সহজ লভ্য নয়। এ-ক্ষেত্রেও পাঠ্য পুস্তকের প্রয়োজনীয়তা শিক্ষকের কাছে দীমাহীন।

দ্বিতীয়তঃ যদিও ইতিহাদ শিক্ষাদান পদ্ধতিতে মর্মস্পর্শী বক্তৃতা দানের প্রয়োজন প্রশাতীত, তব্ কেবল একবার মাত্র একটি বক্তৃতা শুনে বক্তব্য বিষয়কে স্থায়ীভাবে হাদয়ে ধারণ করে রাথা নেহাৎই শ্রুতিধর না হলে, সম্ভব নয়। পাঠ্যপুশুক এই বিরাট প্রতিবন্ধক অতিক্রম করে আসতে সাহায্য করে।

তৃতীয়তঃ পাঠ্যপুস্তক বিষয়বস্ত সন্নিবেশিত হয় সময়াক্রম জন্মসারে, যুক্তি-নির্ভর পদ্ধতিতে এবং ঘটনার ধারাবাহিতাকে জন্মসরণ করে। ফলে ইতিহাসের কার্য-কারণ সূত্র স্থন্দর প্রতিফলিত হয় পাঠ্যপুস্তকের মধ্য দিয়ে।

চতুর্থত: পাঠ্যপুত্তকের সাহায্যে শ্রেণীকক্ষে পঠন-পাঠনের একটি নির্দিষ্ট মান বজায় রেথে চলা সহজ হয়। এই মান বজায় রাথার উপরই নির্ভর করে শিক্ষার্থীদের

নতুন নতুন জ্ঞান লাভের স্বাচ্চন্য বোধ।

পঞ্চমতঃ বিশেষ করে ভারতবর্ষের পারিপাশ্বিকতায় যেখানে শ্রেণীকক্ষে শিক্ষার্থীর সংখ্যাবাহুল্য বর্তমান, যেখানে এক বিরাট পাঠ্যক্রম শেষ করার তাগিদ, যেখানে রয়েছে শিক্ষার্থীদের ব্যক্তি-বৈষম্যের প্রতি এক গভীর অবজ্ঞা **পাঠ্যপুস্তক একান্তই** অপরিহার্য হয়ে দাঁড়ায়।

ষষ্ঠতঃ উৎকৃষ্ট পাঠ্যপুত্তক বাস্তব জ্ঞানের সঙ্গে তাত্ত্বিক জ্ঞানের সমন্বয় সাধনে সহায়তা করে।

সপ্তমতঃ পাঠ্যপুত্তকের নতুন জ্ঞান অর্জনের উৎসত্তল হিসেবে বিশেষ সাহায্য-কারী। এই উৎসকে অবলম্বন করেই শিক্ষক-শিক্ষাী উভয়ে ক্রমশঃ বৃহত্তর জ্ঞানের সন্ধানে অগ্রসর হতে পারেন।

পর্বশেষে ব্যবহারিক পদ্ধতির মধ্য দিয়ে, অভিজ্ঞতার মধ্য দিয়ে, ইতিহাস সম্পর্কে শিক্ষার্থীর যে উপলব্ধি হয়, প্রয়োজন হয় তার ষথার্থতা যাচাই করা। পাঠ্যপুত্তক এই বিচারে বিশেষ সাহায্যকারী এবং সহায়ক একটি মাধ্যম।

# । পাঠ্যপুস্তকের শ্রেণী বিভাগ।।

জনসন তিন ধরনের পাঠ্যপুস্তকের কথ। বলেছেন। প্রথমতঃ যে সব পুস্তকে ঘটনার সারমর্মটি মাত্র ব্যক্ত থাকে তাকে ফরাসী ভাষায় বলা হয় Precis দ্বিতীয়তঃ যে সব পুন্তকে ঘটনার অধিকতর ব্যাপক বিবরণ থাকলেও সেই বিবরণকে আরও বেশী সম্প্রদারিত করার স্থোগ রাখা হয় তাকে বলা হয় Manuels. তৃতীয়ত: সর্বাংশে পূর্ণাঙ্গ পাঠ্যপুস্তককে বলা হয় Cours.

## ॥ পাঠ্যপুন্তকের গুণাবলী॥

#### 1 Qualities of Text-Book 11

আদর্শ পাঠ্যপুস্তকের নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলি থাকা একাস্তই অপরিহার্য।

প্রথমত: পাঠ্যপুত্তক বেহেতু যূলতঃ রচিত হবে শিক্ষার্থীর জন্ম দেইহেতু ভাদের প্রােজন ও অপ্রয়োজনের দিকে লক্ষ্য রেথেই এই পুস্তক রচিত হওয়া উচিত।

ছিতীয়তঃ পাঠ্যপুত্র শিক্ষার্থীর পক্ষে যথেষ্ট উদ্দীপক হওয়া প্রয়োজন। এই পুতকপাঠের মধ্য দিয়ে শিক্ষাথ। যেন ইতিহাসের কার্য-কারণ স্থ্রটি অন্থাবন করতে পারে, ইতিহাসের চলমানতার মূল স্থরটিকে অতুভব করতে পারে। এই অতুধাবন ও অমুভবের মধ্য দিয়ে শিক্ষার্পীদের মধ্যে উল্লেচিত হবে চির জাগরক এক অমান জ্ঞান-তৃষ্ণ। এই জ্ঞান ভৃষ্ণাই তাদের ক্রমান্বয়ে সত্যান্তসন্ধানী করে তুলবে।

তৃতীয়তঃ বিবিধ মানচিত্র, চার্ট, সময়রেখা বৈচিত্র্যপূর্ণ চিত্রাবলী দিয়ে পাঠ্য-পুস্তককে স্বসজ্জিত করতে হবে। পাঠ্যপুস্তকের স্বসজ্জাতেই শিক্ষার্থী প্রথম আরুট হবে। তাছাড়া এইদব চিত্রাবলীর ব্যবহারের ফলেই ইতিহাদকে বহুলাংশে জ্বীবস্ক

করে তোলা সম্ভব হবে।

চতুর্থত: পাঠ্যপুত্তক কখনোই কোন অন্ধ মতাদর্শ বারা নিয়ন্ত্রিত হবে না। কোন উদ্দেশ্য বারা প্রণোদিত হয়ে পাঠ্যপুত্তক রচিত হবে না। সেক্ষেত্রে তা আর পাঠ্য-পুত্তক থাকবে না, হয়ে ধাবে কোন এক প্রচারধর্মী পুত্তিকা। এ বিষয়ে যথেষ্ট সতর্কতা ও সচেতনতা রক্ষা করে চলতে হবে।

পঞ্চমতঃ পাঠ্যপুতকের রচনাশৈলী দেন শিক্ষার্থীদের নিত্য-নত্ন জ্ঞানের সন্ধানে অরপ্রাণিত করে। একজন চিত্রকর যেমন একটি পূর্ণ চিত্র অংকনের আগে স্কেচ এঁকে নেন, পাঠ্যপুতকের রচয়িতাও তেমনি পাঠ্যপুতকে কেবল রেথাচিত্রটি অবিকৃতভাবে উপস্থিত করবেন তারপর সেই রেথাচিত্রকে রঙে-রসে-রেথায় সঞ্জীব করে তোলার দায়িত্ব শিক্ষার্থীর।

ষষ্ঠতঃ চলমানতাই তো ইতিহাদ, তাই ইতিহাসের গবেষণাও নিরবচ্ছিন। তাই আবিষ্কৃত হচ্ছে কতই না নিত্য-নতুন তথ্য। এইসব নবাবিষ্কৃত তথ্যের স্থান যেন পাঠ্যপুস্তকে থাকে তার দিকে লক্ষ্য রাখতে হবে।

সপ্তমতঃ ইতিহাসে ভাবপ্রকাশের দাবলীলতার একটি বিশেষ মর্যাদা আছে। তাই বলা হয় History is more than a literature. অতএব লক্ষ্য রাথতে হবে পাঠ্য পুত্তকের ভাষা খেন সহজ সাবলীল ও মর্মন্সার্শী হয়।

সর্বশেষে পাঠাপুস্থকে প্রতিটি অধ্যায়ের শেষে বিভিন্ন ধরনের অন্থশীলনী এবং দমধর্মী পুস্তকের তালিকাও সন্নিবেশিত হওয়া উচিত।

# <mark>।। পাঠ্যপুস্তকের ব্যবহার বিধি।।</mark>

II Use of Text-books I

প্রথমতঃ ইতিহাদ চর্চা যেন উ**দ্দেশ্যহীন না** হয়, বৈজ্ঞানিক ইতিহাদ পদ্ধতির দলে যেন শিক্ষার্থী পরিচিত হতে পারে তারজন্ম ইতিহাদের পাঠ্যপুস্থককে যথাঘণভাবে ব্যবহার করতে হবে। প্রকৃতপক্ষে পাঠ্যপুস্থক তাকে দঠিক পথের নির্দেশ দেবে, আধুনিক ইতিহাদ পদ্ধতি সম্পর্কে অবহিত করবে।

ছিতীয়তঃ দিনের পাঠের সংক্ষিপ্তসার রচনার কাজে পাঠ্যপুতককে ব্যবহার করা বেতে পারে। বিহুত আলোচনার সারাৎসার কি তা শিক্ষার্থী সহজেই জানতে পারে পাঠ্যপুত্তকের সাহায্যে।

তৃতীয়তঃ শিক্ষার্থীদের **নবলব্ধ জ্ঞান** পরীক্ষার জন্মও শিক্ষক পাঠ্যপুস্তকে প্রদত্ত বিভিন্ন ধরনের অহুশীলনীর সাহায্য নিতে পারেন।

# ॥ পাঠ্যপুস্তকের ব্যবহারে সতর্কতা॥

পঠ্যিপুস্তক ঘতই অপরিহার্য হোক না কেন, পাঠ্যপুস্তকের ব্যবহারিক উপযোগিতা ষত বেশীই থাকুক না কেন, পাঠ্যপুস্তক ব্যবহারে আমাদের কয়েকটি ক্ষেত্রে বিশেঘ সতর্কতা অবলম্বনের প্রয়োজন রয়েছে।

ইতি-শিক্ষণ-->

প্রথমতঃ কথনো কোন ক্ষেত্রেই পাঠ্যপুত্তককে ইতিহাস চর্চার প্রথিমিক উপাদান
হিসেবে গ্রহণ করা চলবে না। পুত্তকে পরিবেশিত তথ্যই ইতিহাসের সর্বশেষ কথা
এমন ধারণা যেন শিক্ষার্থীদের মনে কথনো জাগ্রত না হয়। সি. পি. হিল্ তাই
বলেছেন, "A text book ought not to be used as a collection of facts
to be learned by heart but rather as a store-house of basic information
which the pupils can use in a variety of active ways."

দ্বিতীয়তঃ দাহিত্যের মত শ্রেণীকক্ষে শিক্ষার্থীগণ কথনো সমস্বরে উচ্চকণ্ঠে পাঠ্য-পুস্তক পাঠ করবে না। যদি নেহাংই কথন এমন প্রয়োজন হয় তবে দে দাগ্নিত্ব গ্রহণ করবেন শিক্ষক। তিনি নিজে প্রয়োজনীয় অংশটুকু পাঠ্যপুস্তক থেকে শ্রেণীকক্ষে

পাঠ করবেন।

তৃতীয়তঃ পাঠ্যপুস্তকে যা কিছু বিবৃত হবে তাকেই অভ্রান্ত এবং চূড়ান্ত বলে গ্রহণ করতে হবে—এমন কোন বাধ্যবাধকতা নেই। প্রয়োজন মত পাঠ্যপুস্তকে পরিবেশিত তথ্যও আলোচিত এবং সমালোচিত হবে। এই পথেই শিক্ষার্থীর বিচার বিশ্লেষণী শক্তির উন্মেষ সাধন হবে।

## ॥ পাঠ্যপুস্তকের নির্বাচন॥

এই প্রদলেই প্রশ্ন এমে যায়, কোন একটি নির্দিষ্ট পুস্তককে ন। একাধিক পুস্তককে পাঠ্যপুস্তক হিসেবে নির্বাচন করা হবে। বাস্থব অভিজ্ঞতার নিরিথে দেখা গিয়েছে একটি পাঠ্যপুস্তক বহু ক্ষেত্রেই শিক্ষাগীর মতবাদকে প্রভাবিত করে থাকে, তার নিজস্ব বিচার শক্তিকে সংকৃচিত করে থাকে, ক্রমশঃ তারপর নির্ভর্বার মনোভাব জাগ্রত হতে থাকে। এই অবস্থার প্রতিবেধক হিসেবেই পণ্ডিত ব্যক্তিগণ একাধিক পাঠ্যপুস্তক নির্বাচন করবার পক্ষপাতী।

॥ পাঠ্যপুত্তকের জ্বাতীয়কর্ণ॥

কিন্তু যদি একাধিক পাঠ্যপুত্তক নির্বাচনকেই আমরা নীতি হিদেবে গ্রহণ করি, তথনই প্রশ্ন আসে, তাহ'লে পাঠ্যপুত্তকের জাতীয়করণের প্রশ্নটি, যার পক্ষে দাপ্রতিক কালে উৎকৃষ্ট পাঠ্যপুত্তকের অভাবে জনমত অত্যন্ত প্রবল, তার জাতীয়করণের পক্ষে যাঁরা, তাঁরা আরপ্র পক্ষে যুক্ত বলন, এই পথেই জাতীয় সংহতি সাধনের কাল্প ত্রান্থিত হবে। কিন্তু কেবল এদিকটির উপর গুরুত্ব আরোপের ফল হ'ল, ইতিহাসকে বহুলাংশে বিকৃত করা।

তাই উভয় পক্ষের মতামতকে যথেষ্ট মর্যাদা দিয়ে যে ব্যবস্থা গ্রহণ করা যায় তা হ'ল: পেশাদারী লেথকের পরিবর্তে থারা ইতিহাদকে ভালবেদে ইতিহাদের পাঠা পুস্তক রচনা করতে চান তাঁদের খুঁজে বার করতে হবে, তাঁদেরকে উৎসাহিত করতে হবে। বিভালয়ের শিক্ষাদান কার্থের সঙ্গে থারা প্রত্যক্ষভাবে জড়িত তাঁদেরই এগিয়ে আদতে হবে। এবং বিভিন্ন গ্রন্থকার যেন নিজেদের মধ্যে যোগাযোগ স্থাপন করতে পারেন তার ব্যবস্থা করতে হবে। তারপর তাঁদের রচিত ইতিহাস গ্রন্থগুলি যেন ঐতিহাসিকদের দ্বারা পরীক্ষিত হতে পারে তার ব্যবস্থা করতে হবে। আর, পাঠ্যপুত্তক রচনার পদ্ধতিগত দিকটি সম্পর্কে বিভিন্ন শিক্ষণ মহাবিত্যালয়গুলিকে গুরুত্বপূর্ণ দায়িত্ব নিতে হবে। তাহ'লেই বর্তমান ব্যবসায়িক পরিস্থিতির পরিবর্তন হতে পারে, পাঠ্যপুত্তকের গুণতম উৎকর্ষ বৃদ্ধি পেতে পারে।

## ॥ সমধৰ্মী পুস্তক পাঠ॥

#### 11 Collateral Reading 11

ইতিহাস শিক্ষাদানে পাঠ্যপুত্তক ও বক্তৃতা দান উভয়ের প্রয়োজনীয়তাই প্রশ্নাতীত।
কিন্তু তা হলেও পাঠ্যপুত্তক কেবল মূল বক্তব্যের উপরেই আলোকপাত করে এবং
বক্তৃতাদানের মাধমে কেবল মূল বক্তব্যের সঙ্গে জড়িত প্রাসদিক বিষয়সমূহ উত্থা, পত
হতে পারে। ফলে এই ঘটোর কোনটাই এককভাবে ইতিহাসের পূর্ণ রনের আযাদনে
স্বায় সম্পূর্ণ নয়। এক্ষেত্রেই প্রয়োজন হয় ইতিহাসের সঙ্গে সম্পর্কযুক্ত পুত্তক পাঠের,
যাকে আমরা এক কথায় বলতে পারি সমধর্মী পুত্তক। সমধর্মী
পুত্তক পাঠের প্রয়োজনীয়তা সম্পর্কে বলা হয়েছে, "Recitations
alone cannot possibly make up proper teaching of
history. It is absolutely necessary from the earliest to the last grale

history. It is absolutely necessary from the earliest to the last grale that there should be a parallel reading of a some kind." কারণ পূর্ণাঙ্গ পাঠ্যপুত্তক কথনে। সহজ্জভাল নয়। আর প্রচলিত পাঠ্যপুত্তক ইতিহাসের ছাত্রের সীমাহীন জিজ্ঞাদাকে তৃপ্ত করতে পারে না। এই জিজ্ঞাদা তৃপ্ত হতে পারে শিক্ষকের সাহায্যে অথবা রেকারেন্স বইয়ের সাহায্যে।

তা ছাড়া সমধর্মী পুত্তক ইতিহাস সম্পর্কে শিক্ষার্থীকে অধিকতর আগ্রহনীল করে তোলে। তার কল্পনা শক্তি উদ্রিক্ত হয়, তার বিচারবোধ শানিত হয়। স্থান্মী পুত্তক যেন শিক্ষার্থীর অপরিদীম জ্ঞানতৃষ্ণা নিবারণে এক সঞ্চিত জ্লাধার।

## ॥ সমধর্মা পুস্তক পাঠের উদ্দেশ্য॥

ইতিহাসের দৃষ্টিকোণ থেকে সমধর্মী পুস্তক পাঠের যেমন উপযোগিত। আছে তেমনি এই পাঠ যদি স্থপরিচালিত না হয় যদি উদ্দেশ্যপূর্ণ না হয় তবে তা প্রস্তুত ইতিহাস চর্চায় বিদ্নের কারণ হতে পারে। তাই দরকার হ'ল সমধর্মী পুস্তক পাঠের জ্ঞা স্থনিদিষ্ট লক্ষ্য নির্ধারণ।

- (এক) এই পাঠের মাধ্যমে শিক্ষার্থীর মানসিক দিগন্ত ধেন অধিকতর উল্নোচিত হয় এবং তার জ্ঞান ভাগ্রার অধিকতর সমৃদ্ধ হয়।
  - (ড়ই) এই পাঠ ষেন অতীতের সঙ্গে বর্তমানের সেতু বন্ধনের দায়ভার গ্রহণ করতে

মধ্যেই স্বাভাবিক গতিবেগ দঞ্চার করতে হবে। এই বিশ্বাদ থেকেই এদেছে অত্নৰ্বন্ধ প্রধানীর— একটি বিষয়ের দঙ্গে অন্ত বিষয়ের দম্পর্ক স্থাপনের উত্তোগ।

এই দৃষ্টিকোণ থেকে ইডিহাস একটি অসাধারণ ক্ষমতা সম্পন্ন বিষয়। ফিরদৌসী বলেছেন, Poetry points what history describes, "লর্ড চ্যাথাম একদা বলেছেন," I have learnt all my English history from the plays of Shakespear." ১৫৩১ সালেই Vives ইতিহাসের মধ্যেই খুঁজে পেয়েছিলেন এমন

ইতিহাসে অনুবন্ধন
১০০০ কিবিভিন্ন মত

ইতিহাসে অনুবন্ধন
১০০০ কিবিভিন্ন মত

ক্রম্বর্ডন ক্রমেছে চিকিৎসা শাস্ত্রের, নীতি বিজ্ঞানের, আইন-শাস্ত্রের,

ধর্মতত্বের। জিলার ও তাঁর অনুসামীরাও এই মতেরই সমর্থক। অধ্যাপক জন্সনও বলেছেন," History with or without the name certainly has been and is a back ground for other social sciences ট্রেভিলিয়ান বলেছেন, "History is not a subject at all but a house in which all subjects dwell." মোট কথা হ'ল, যে কোন সমাজ বিজ্ঞানের উৎপত্তি ও ক্রমবিকাশে ইতিহাস এক গুরুত্পূর্ণ স্থান অধিকার করে আছে।

## । ইতি**হাদ ও** সাহিত্য।।

ইতিহাস ও সাহিত্য উভয়ের পারস্পরিক সম্পর্ক প্রায় মচ্ছেন্ত। প্রকৃতপক্ষে, সাহিত্যের স্কৃষ্টিই তে। ঐতিহাসিক পারিপাশ্বিকতা পেকে সাম্প্রতিক পরিমণ্ডল থেকে। 'আবার অন্তদিকে প্রাচীন সম্পর্কিত আবিষ্কৃত তথ্যের যে প্রকাশ ভঙ্গিমা তাই তো হ'ল সাহিত্য। কিন্তু ইতিহাস চর্চায় বৈজ্ঞানিক প্রবণত। আসবার পর থেকেই এই সম্পর্কে যেন চিড় থেতে থাকে। আর এই ফাটল স্কৃষ্টি হ্বার পর থেকেই ইতিহাসও সাহিত্যের মধ্যে সম্পর্ক স্থাপনের জন্ত নতুন উত্যোগ আরম্ভ হয়েছে।

এই বান্তব পৃথিবীতে মান্তবের যাবতীয় কার্যাবলীই হ'ল ইতিহাসের উপদ্ধীব্য বিষয়। আর সাহিত্য হ'ল মান্তবের মনোজগতে যাবতীয় ক্রিয়া-প্রক্রিয়ার বিবরণী। আর তাই যদি হয়, তাহলে একের অন্তপৃস্থিতিতে অপরটি অনুসরণ করা যাবে কি পারশারিক সম্পর্ক করে? বরং ইতিহাস ও সাহিত্য সম্মিলিত হলেই মান্তবের যে কোন কাজের একটি সম্পতিপূর্ণ ব্যাখ্য। খুঁজে পাওয়া সম্ভব। তাই মান্তবের নিত্য নতুন কর্মোজোগের ফলে যেমন ইতিহাসের শেষ নেই, তেমনি মান্তবের চিন্তাজগতের দিগন্ত নেই বলে সাহিত্যও অন্তহীন।

আবার অক্সদিকে ইতিহাসের বিষয়বস্ত যদি সাহিত্যগুণ বজিত হয় তাহলে তা আর ইতিহাস থাকে না, তা হয়ে দাঁড়ায় নীরদ ঘটনাপঞ্জী মাত্র। ইতিহাস রচনাতেও সমৃদ্ধ কল্পনা শক্তি একান্তই অপরিহার্য। ভাছাড়া সাহিত্যের মধ্য দিয়ে যে বিভিন্ন সময়ের সমাজ-জীবনের প্রতিফলন ঘটে, তাও অনস্বীকার্য।

ইতিহাস ও সাহিত্যের পারস্পরিক সম্পর্কটি জন্সন বিশেষ গভীরভাবে বিশ্লেষণ করেছেন। তাঁর মতে ইতিহাসই হ'ল সাহিত্যের উৎস, ইতিহাসের মধ্য থেকেই সাহিত্য তার অনুপ্রেরণা খুঁজে পায়। আবার সাহিত্যই ইতিহাসকে জানিয়ে দেয় বিভিন্ন যুগে মান্ত্যের কচিবোধ, নীতিবোধ ও বৃদ্ধিব্রির পরিচয়। সাহিত্যের মধ্য থেকেই ইতিহাস বিভিন্ন যুগে মান্ত্যের আশাআকাজ্জার স্বরূপটি উপলব্ধি করতে পারে।

তাই ষথাযথ ইতিহাদ চর্চার জন্ম সাহিত্যের সহযোগিত। সর্বদাই বঞ্চিত। এইজন্মই স্থানিবাচিত ঐতিহাদিক উপন্থাদ, আত্মজীবনী প্রভৃতি সাহিত্য স্থাই ইতিহাদ চর্চায় ব্যবহৃত হয়। স্থতরাং "without the knowledge of literature and its appreciation, a history teacher is likely to become the monster of sheer information."

### ॥ ইতিহাস ও ভূগোল।।

ইতিহাদ ও ভূগোলের পারস্পরিক সম্পর্ক নির্দেশ করতে গিয়ে দার্শনিক কান্ট বলেছেন, "The description according to time is history that according to space is geography." সমরাস্থক্তম অনুসারে বিভিন্ন ঘটনার বিবর্তনই হ'ল ইতিহাস। আর কোন একটি স্থানের প্রাকৃতিক বিবর্তনই হ'ল ভূগোল। ইতিহাসের বিষয়বস্ত হ'ল, মান্ত্র্য ও তার বিচিত্র কার্থকলাপ। আর ভূগোলের বিষয়বস্ত হ'ল, প্রাকৃতিক জগৎ ও তার বিচিত্র প্রতিক্রয়া।

কিন্তু উভয়ের মিলনের একটি ক্ষেত্রও বিগুমান। সেই ক্ষেত্রটি হ'ল, কথনো কোন মান্ত্রহ বা দেশের ইতিহাস সঠিকভাবে অন্তুসরণ করা যায় না সেই মান্ত্রহ বা দেশের পারিপাশ্বিকতাকে বাদ দিয়ে আর এই পারিপাশ্বিকভাই হ'ল ভূগোল। আবার ইতিহাসকে বাদ দিয়ে কোন ভৌগোলিক পরিমণ্ডল স্পাষ্ট অন্তুভূত হয় না।

বহু ক্ষেত্রেই ঐতিহাসিককে তার সমস্তা সমাধানের উদ্দেশ্তে সাহায়্য নিতে হয়।
তাই বলা হয়, "If geography without History seemeth a carcass without
গারশারিক সম্পর্ক

motion, so History without geography wandreth as a
vagrant without a certain habitation." কারণ কোন
একটি ঘটনা কেন ঘটলো এবং ঐ নির্দিষ্ট সময়েই ঘটলো কেন—শুধু এটুকুই একজন
ঐতিহাসিকের জানলে চলে না. তাকে এটাও জানতে হবে ঘটনাটি কোখায় ঘটলো
এবং ঐস্থানেই ঘটলো কেন। এই শেষোক্ত প্রশ্ন ছটোর জবাবই হ'ল ভূগোল।

ষে কোন দেশের ইতিহাসের পৃষ্টা উন্টালেই দেখা যাবে ভূগোলের প্রভাব কতটা ব্যাপক ও বিভূত। পৃথিবীর প্রাচীন সভ্যতা-সমূহের বিকাশ ষে ভারতের উদাহরণ নদী তীরবর্তী অঞ্চলে হয়েছিল ততো ভৌগোলিক পরিমণ্ডলেরই ফলশ্রুতি। ভারতের ইতিহাসে হিমালয় পর্বতমালার যে অপরিমেয় প্রভাব তাতো সর্বজনবিদিত। পাণিকর বলেছেন, "There are no mountain ranges anywhere in the world which have contributed so much to shape the life of a country as the Himalayas have in respect of India." ভারতের রাজনীতি. সমাজনীতি, অর্থনীতি, ধর্ম, সাহিত্য সকলক্ষেত্রেই এই পর্বতমালার প্রভাব অত্যন্ত স্পাষ্ট।

এবং ভারতের ইতিহাসের যে মূল কথা 'বিভেদের মধ্যে একা' ভাও তো এই ভৌগোলিক অবস্থিতির পরিণতি। হুমায়ুন কবির বলেছেন, ''Vastness of ' ian lands, the great variety in landscape, climate and conditio, of life prepared in the mind a readiness to accept difference." শুধু তাই নয়। হুমায়ুন কবির আরও বলেহেন, "Physical features so sharply mark off India from the rest of Asia that attempts either to divide the country or to expand it beyond its natural frontiers have invariably failed."

তাই ইতিহাস অধ্যয়ন ও অধ্যাপনায় ভৌগোলিক পরিমণ্ডলের ত্রপনেয় প্রভাবকে কোনভাবেই অম্বীকার করা চলে না। স্থতরাং শিক্ষকের কাজই হ'ল, উভয় বিষয়ের মধ্যে তুলনাযূলক পর্বালোচনা করে ইতিহাদের মর্যকথাকে উদ্ঘাটনে সচেষ্ট হওয়া।

# ॥ ইতিহাস ও রাষ্ট্রবিজ্ঞান।।

John Seeley বলেছেন, "History without Political Science has no fruit; Political Science without History has not root" অধ্যাপক ফ্রিম্যানের মতে, ঘটে যাওয়া রাজনীতিই হ'ল ইতিহাস। জন্সনও একই কথার প্রতিধানি করে বলেছেন, "The study of history in schools has been a study of the forms of the Government, of change in Government and of action in the Government"

রাষ্ট্র বিজ্ঞানের বিষয়বস্ত হ'ল নাগরিক মান্নবের কর্ম প্রণালী। সমাজ-জীবনে স্থতা স্থাপনে যা কিছু মান্নবের করণীয় তাই রাষ্ট্রবিজ্ঞানের এজিয়ারভুক্ত। আর দিগস্ত বিস্তৃত ইভিহাসের যে অবাধ বিচরণক্ষেত্র তারই এক থণ্ডাংশ রাষ্ট্র বিজ্ঞানের গারুলারিক সম্পর্ক বিষয়-বস্তা। তাই ১৮৯০ সালে আমেরিকার Committee of Seven স্কুম্পন্ট মত প্রকাশ করে বলেছিলেন, "Much time will be saved and better results will be obtained if history and civil government be studied together, as one subject rather than two distinct subjects." জনসনেরও অভিমত হ'ল ইভিহাসকে বাদ দিয়ে কখনো সভ্যিকারের রাষ্ট্র বিজ্ঞানের অধ্যয়ন সন্তব নয়। কারণ যে কোন দেশের বর্তমান প্রশাসনিক কাঠামোকে ব্রাতে গেলে তার অভীত প্রেক্ষাপ্টকে বিচার করতে হবেই। তাই "Political Science very often arrives at some conclusions in the light of history. History guides the actions and foundations of the government.

### া ইতিহাস ও হস্তশিল্প ॥

ইতিহাস হ'ল অতীত সংক্রান্ত বিষয়, যে অতীতের পুনংপ্রতিষ্ঠা কোন মতেই সম্বব
নায়। কিন্তু সম্ভব হতে পারে যা, তা হ'ল অতীতের প্রতিচ্ছবি বা প্রতিমৃতি নির্মাণ।
এই যে অতীতের নবনির্মাণ সেই কাচ্ছে হস্তশিল্প বিশেষভাবে সাহায্যকারী আর
এথানটাতেই ইতিহাসের সঙ্গে হস্তশিল্পের সম্পর্ক অত্যন্ত ঘনিষ্ঠ।
ইতিহাসে হস্তশিল্পের
পারদ্ধিতা অর্জনের সংস্ক সঙ্গে শিক্ষাণী নিজেই
ইতিহাসকে কেন্দ্র করে বিভিন্ন চার্ট, চিত্র, মডেল ইত্যাদি কৈরী
করতে পারবে এবং এসব কান্ধ্র করতে করতেই তার কাছে ইতিহাস জীবন্ত হয়ে উঠবে,
সে ক্রমশঃ ইতিহাসের নিবিড় সান্ধিয়ের উষ্ণ উত্তাপ অমুভব করবে।

এছাড়াও আছে অন্যান্ত দিক। বৃদ্ধি বৃত্তি দিয়ে যে জ্ঞান অজিত হয় প্রকৃত কর্মতৎপরতার মধ্য দিয়ে দেই জ্ঞান অধিকতর পূর্ণতা প্রাপ্ত হয়। এটাও ইতিহাসের সঙ্গে হস্তশিল্পের অন্তবন্ধনের একটি বিশেষ স্থবিধে। তারপর বিভালয়ের শিক্ষার্থীদের সহজাত যে স্ক্লনমূলক প্রবৃত্তি রয়েছে তাকেও পরিতৃপ্ত করবার, চরিতার্থ করবার স্থাোগ হস্তশিল্প নিপুণ হাতে স্প্তি করে দিতে পারে। তাই অস্ততঃ বিভালয় স্তর্ম পর্যস্ক ইতিহাস চর্চায় হস্তশিল্পের ভূমিকা অগ্রাহ্ম করবার মত নয়।

### ।। ঐতিহাসিক স্থান ভ্রমণ।।

#### # Excursion #

ইতিহাসকে যদি সমস্ত বাস্তব অর্থে জীবন্ত করে তুলতেই হয় তবে প্রকৃষ্টতম পদ্ধা হ'ল ঐতিহাসিক স্থান সমূহ ভ্রমণ করা। এই স্থানের উষ্ণ স্পর্ণ শিক্ষার্থীকে উদ্বেলিত করে, ইতিহাস তথন আর কেবলমাত্র পাঠ্য পুস্তকে লিখিত কতকগুলি কর্নকাহিনীতে সীমায়িত থাকে না, ইতিহাস মৃথর হয়ে ওঠে আমাদের অতি পরিচিত পারিপাশ্বিকতার মত। ঐতিহাসিক স্থান ভ্রমণ কিছু আবেগ স্বাষ্টই করেই স্তব্ধ হয় না, বরং এই ভ্রমণের মধ্য দিয়ে শিক্ষার্থী প্রকৃত ঐতিহাসিক উপাদানের সঙ্গে পরিচিত হয় বিভিন্ন মূগের শিল্পকলাকে উপলব্ধি করার স্থ্যোগ পায়। সর্বোপরি গতাহগতিক একঘেঁয়ে শ্রেণী-পাঠদান ব্যবস্থার পরিবর্তে ভ্রমণ হ'ল একটি বিশেষ চিত্তাকর্ষক ব্যতিক্রম।

### ॥ ভ্রমণের প্রকারভেদ॥

এই ভ্রমণসূচী বিভিন্নভাবে প্রণয়ন করা যেতে পারে। যেমন:-

- ( এক ) বিভালয়ের সন্নিকটয় ঐতিহাসিক স্থান সমূহ ভ্রমণের ব্যবস্থা করা।
- ( ত্ই ) নিজ নিজ রাজ্যের অন্তর্গত বিভিন্ন অঞ্চল পরিদর্শনের ব্যবস্থা করা।
- (তিন) বিখ্যাত ঐতিহাদিক স্থান সমূহে দীর্ঘ স্থায়ী ভ্রমণের ব্যবস্থা করা।

### ॥ ভ্রমণ-পরিকল্পনার মানদণ্ড ॥

( এক ) ভ্রমণের পরিকল্পনা ষেন পাঠ্য-বিষয়ের সঙ্গে সম্পর্ক যুক্ত হয়।

( ছই ) কোন একটি ভ্রমণ স্থচী তথনই গ্রহণ করা যাবে যখন অন্য কোন পদ্ধতি প্রয়োগ করেও ঈঙ্গিত লক্ষ্য পূর্ণ করা সম্ভব হয় না এবং ভ্রমণ সেক্ষেত্রে একান্তই অপরিহার্য।

( তিন ) দলবদ্ধ ভ্ৰমণ স্থচী প্ৰয়োজনীয় উদ্দেশ্য প্ৰণে সহায়ক হবে।

( চার ) স্বল্প সময়ে দীর্ঘ ভ্রমণ স্ফরী গ্রহণ করা হবে না।

(পাঁচ) ভ্রমণ ব্যয়বহুল হবে না।

( ছয় ) বিত্যালয় কর্তৃপক্ষ ও অভিভাবক মণ্ডলী দারা ভ্রমণ স্থচী অনুমোদিত হবে।

## ।। ভ্রমণসূচী সম্পর্কে কয়েকটি কথা।।

প্রথমতঃ বৎসরের প্রথমেই শিক্ষক পাঠ্যক্রম পর্যালোচনা করে স্থির করবেন, কোন্ প্রসঙ্গে ভ্রমণসূচী গ্রহণ করবার প্রয়োজন রয়েছে। তারপর তিনি দেই অন্থসারে একটি পরিকল্পনা তৈরী করবেন।

দিতীয়তঃ পরিকল্পন। রূপায়িত করবার আগে শিক্ষাথীদের সমগ্র পরিকল্পনা সম্পর্কে অবহিত হবার স্থযোগ দিতে হবে। কিভাবে শিক্ষার্থীদের পরিকল্পন। ঐতিহাসিক স্থান সমূহ দেখতে হবে, দেখার মধ্য দিয়ে কি কি সম্পর্কে অবহিত করা বিষয় কেমন ভাবে বিচার করতে হবে এদব বিষয়ে শিক্ষার্থীদের পূর্ব প্রস্তুতি একাস্তুই আবশ্যক।

ছতীয়তঃ পরিকল্পনাকে পুঞারপুঞ্ছভাবে রূপায়িত করার জন্ম দলের স্বাইকে দৃচ্ হতে হবে। তবেই ভ্রমণসূচী সাফল্য লাভ করতে পারে।

চতুর্থতঃ ভ্রমণ শেষে ভ্রমণের মধ্য দিয়ে অজিত অভিজ্ঞতাকে কিভাবে পাঠ্য বিষয়ের প্রয়োজনে প্রয়োগ করা যায় দে সম্পর্কে এক কর্মস্থচী গ্রহণ করতে হবে।

পঞ্চমতঃ প্রত্যেক ভ্রমণ স্থচীর পূর্ণাঙ্গ বিবরণ রচনা করতে হবে এবং তা সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। কারণ এদব বিবরণ পরবর্তীকালে ভ্রমণ স্থচী প্রণয়নে বিশেষ সাহাষ্যকারী হবে।

### সপ্তম অধ্যায়

## ইতিহাসে সময় জ্ঞান

॥ বিষয় সংকেত ॥

ভূমিকা—সময় চেতনার সংজ্ঞা—সময় চেত্রনা জাগ্রত করার বিভিন্ন উপায়।

"The Conception of time, pregnant with life and action is very important to history."

V. C. Ghate

### ॥ ভূমিকা॥

ইতিহাসের বিষয়বস্ত সংগৃহীত হয় হিমুখী প্রশ্নকে ভিত্তি করে ঘটনাটি কোণায় ঘটলো এবং কথন ঘটলো। যতক্ষণ প্ৰস্ত না এই ছুই প্ৰশ্ন মীমাংসিত হয়, ততক্ষণ ইতিহাস নির্তরধোগ্য হয়ে ওঠে না। এখন কোখায় ঘটলো—এই প্রথকে আমরা বলছি স্থান-চেতনা আর কথন্ ঘটলো এই প্রশ্নেরই আর এক নাম সময় চেতনা। আমরা তো বহুবারই বলেছি, নিরবচ্ছিন্ন চল-মানতাই হ'ল ইতিহাস। এই যে চলমানতা, তাকে স্নিশ্চিত ও স্থনিদিষ্ট করে বুঝাবার জ্ঞাই প্রয়োজন সময় চেতনার। তাইতো বলা হয়, ভূগোল হ'ল ভানের প্রেকাপটে মাতৃযের পরিচর আর ইতিহাস হ'ল সময়ের পটভূমিকায় মাহুষের পরিচয়। এ কারণেই ইতিহাস চর্চায় সময় চেতনার অপারহার্যতা এত বেশী।

### ॥ সময় ও চেতনার সংজ্ঞা ॥

কিন্তু সময় চেতন। বলতে আমরা কি বুঝি? প্রক্তপকে সময় হ'ল এক বিমূর্ত ধারণা। দার্শনিকেরা সময়কে এক অর্থহীন 'মোহ' বলে অভিহিত করেছেন। কিন্ত সময় সম্পর্কে কোন বোধ কথনো কারো মধ্যে তৈরী করে দেওয়া যায় না, এটা এমন একটা স্বতঃস্কৃত বোধ যা স্বাভাবিকভাবে মাহুষের মনে জাগ্রত ২য়। স্বভাবত:ই এ কারণে সময়-চেতনা নিয়ে রয়েছে পারস্পারিক মতানৈক্য। এমনকি সময় সম্পার্কে সকলের ধারণাও অভিন্ন নয়।

এ তো গেল ব্যাপক বা বৃহৎ অর্থে সময়ের ব্যাখ্যা। কিন্তু ইতিহাসে সময়ের ব্যাখ্যা কি ? একদল বললেন, এই ধে নিয়তই ধাবমান কাল, সেথানে মাসুষের জীবন ব। সভাতার স্বাক্ষর রয়েছে যে অংশ জুড়ে, তাই হ'ল ইতিহাদের সময়। আর এক দল বলেন, ধাবমান কালের ঐতিহাসিক সময় যে অংশের স্থুস্পষ্ট পরিচয় আমাদের জানা, তাহাই হ'ল ইতিহাসের সময়। কিন্তু এইমত দপর্কে বন্ধ্য হ'ল, যেথানে ইতিহাদের শেন কথাটি কথনোই আমাদের জানা সম্ভব নয়, বয়ং ক্রমাগত নিত্য নতুন আবিদ্ধারের মধ্য দিয়ে ইতিহাস নিয়মিতই সমৃদ্ধ হয়ে চলেছে, দেখানে ইতিহাদের নময়কে কোন দীমাবদ্ধতায় নিয়ে আদা কোনমতেই দপ্তব নয়, উচিতও নয়। আবার বিচ্ছিরভাবে নংগৃহীত তথ্যাবলীকেও কোন ঐতিহাদিক সময় দারা চিছিত কর। চলে না। কেননা দেখানে ইতিহাদের ধারাবাহিকতা অফুয় থাকে না। এ কারণেই অনেকে প্রাগৈতিহাদিক মৃগকে ইতিহাসের সময়-চেতনার আওতায় নিয়ে আদতে চান না। তাই তাঁদের মত হ'ল, সেই সময় থেকেই ঐতিহাসিক সময়ের সূত্রপাত হ'ল যখন থেকে ঘটনাবলীর পূর্ণাঙ্গ বিবরণ আমাদের কাছে লভ্য।

ইতিহাসের সময় চেতনার তিনটি দিক। তা হ'ল, কালের অন্তহীন গতিপথে একটি ঘটনাকে সংস্থাপিত করা বা Location, তারপর বিভিন্ন ঘটনাবলীর সঙ্গে এই ঘটনার দ্র নির্ধারণ বা Distance এবং ঘটনাটির স্থায়িত্বকাল নিরূপণ বা Duration

শংস্থাপন বা Location বলতে ব্ঝায়, এই যে নিরবধি ব্হমান কাল, তার কোন্
মুহূর্তে ঘটনাটি ঘটেছিল ত। শ্রুট করা। ঘতক্ষণ পর্যন্ত এটা না করছি ততক্ষণ
ঘটনাটির সঠিক অভিত্ব আমরা অমুভব করতে পারি না। তাই
যথন বলি ১৭০৭ সালে এরপ্লেবের মৃত্যু হয়েছিল তথন বহুমান
কালের একটি নিদিষ্ট বিন্দুকেই চিহ্নিত করি।

কিন্ত এই চিহ্নিত করণ হলেও ঘটনাটির অন্তিত্ব সম্পর্কে সঠিক অন্তভূতি আমাদের হয় না। কিন্ত আগে বা পরে সংঘটিত ঘটনাবলীর দঙ্গে সংমূক্ত করে যদি বলা যায় যে ঐ ঘটনাটি এ সব ঘটনার এত বংসর আগে বা পরে ঘটেছিল তাহলে ব্যাপারটা অধিকতর স্বচ্ছ হয়ে যায়। একেই আমরা বলছি ঘটনার দূরত্ব নির্ধারণ বা Distance.

বেমন একটি উদাহরণ নেওরা যাক্। সাধারণভাবে ১৭৫৭ সালের পলাশার যুদ্ধ আমাদের মনে বিশেষকোন প্রতিক্রিয়ার স্বাষ্ট্র করে না। কিন্তু যথন বলবা ১৭০৭ সালে ঔরন্ধজেবের মৃত্যুর সঙ্গে মোগল সাম্রাজ্যের ধ্বংস স্থাচিত হবার ৫০ বছর পর ১৭৫৭ সালের পলাশার যুদ্ধের মধ্যে দিয়ে ভারতে ইংরেজ শাসন স্থপ্রতিষ্ঠিত হ'ল অথবা ১৭৫৭ সালের ঠিক ১০০ বছর পর ১৮৫৭ সালে ভারতীয়গণ ইংরেজ শাসন উচ্ছেদে প্রথম প্রয়াস নিয়েছিল, তথনই ১৭৫৭ সালের ঘটন। বিশেষ তাৎপর্যপূর্ণ হয়ে ওঠে। এখানেই হ'ল ঘটনাটির দূর্ব্ব নির্ধারণের প্রয়োজনীয়তা।

এর পরের কাজ হ'ল ঘটনাটির ঘটনাকাল নির্ধারণ বা Duration ঘটনার ব্যাপ্তি
ক্ষম্পর্কে সঠিক ধারণাও অত্যন্ত জরুরী। যখন আমরা বিচার করি মাত্র পাঁচ বছরের
টনার ব্যাপ্তি
মধ্যে শেরশাহ নিজেকে দিল্লীতে স্বপ্রতিষ্ঠিত করেছেন এবং এই
পাঁচ বছরের মধ্যেই তিনি এক ঐতিহাসিক শাসনব্যবস্থার প্রবর্তন
করেছিলেন তথনই শেরশাহের কৃতিত্ব কতথানি তা আমাদের কাছে বহুলাংশে স্পষ্ট

তাই ঐতিহাসিক সময় বলতে এই তিনটি উপাদানকে বিশেষ যত্নের সঙ্গে বিচার করতে হবে। নতুবা বিচ্ছিন্ন কোন সন তারিথের নিজস্ব কোন মূল্য থাকে না।

## 🛮 সময়-চেতনা জাগ্রত করার বিভিন্ন উপায় ॥

এমন অভিযোগ তো প্রায়শঃই শোনা যায়, ইতিহাস বলতেই বুঝায় কিছু সন তারিথের গোলক ধাঁধা, যার ভেতর থেকে বেরিয়ে আদা প্রায় হৃঃসাধ্য। এই অভিযোগের মধ্যে অতিশরোক্তি নিশ্চয়ই আছে। কিন্তু তা হলেও ইতিহাস কথনো সন-তারিথ বজিত হতে পারে না এবং সেই কারণেই আমাদের এমন সব ব্যবস্থা গ্রহণ করতে হবে যেন আমরা সহজেই প্রয়োজনীয় সন তারিথগুলো মনে রাথতে পারি। পণ্ডিত ব্যক্তিগণ এই সঙ্গে নানা পথের নির্দেশ দিয়েছেন। আমরা এইবার সেইসব পন্থাগুলো নিয়ে আলোচনা করবো।

### ॥ সময় তালিকা ॥

#### II Time Chart II

সময়াত্মক্রম অন্থনারে বিভিন্ন রাজবংশের পরিচয় বা গুরুত্বপূর্ণ ঘটনাবলীর পরিচয় উদ্ঘাটিত হতে পারে সময় তালিকার সাহায্যে। সময় তালিকা নির্মাণ কালে আমাদের কয়েকটি বিষয় সম্পর্কে সচেতন থাকতে হবেঃ—

প্রথমতঃ সময় তালিকার মধ্য দিয়ে যেন বিভিন্ন ঘটনাবলীর পারস্পরিক

সম্পর্কটি পরিস্ফুট হয়।

দিতীয়তঃ সন-ভারিখ ইত্যাদি নির্বাচন কালে যথেষ্ট ইতিহাস-ভিত্তিক চিন্তা-চেত্তনার পরিচয় দিতে হবে।

তৃতীয়তঃ যে কেলে সময় তালিকাটি নির্মাণ করা হবে তার য়াপ-বোঁশক নিভুল

হওয়া উচিত।

চতুর্থতঃ সময়-তালিকাটি যথেষ্ট চিত্তাকর্ষক হওয়া উচিত।

সময় ভালিকা হুভাবে ব্যবহার করা ষেতে পারে। যেমন, কোন একটি নির্দিষ্ট কালে বিভিন্ন ঘটনার পরিচয় আর কোন একটি নির্দিষ্ট বৎসরে বিভিন্ন ঘটনার পরিচয় তাই প্রয়োজন হয় সময় রেখা ও সময় লেখচিত্রের।

### ॥ সময় রেখা ॥

#### " Time Line "

সময়রেথা তু রকমের—(ক, উপর থেকে নীচে লম্ব রেথা ( Vertical Line )।

এখানে উপরের দিককে বলা হবে অতীত। তারপর নীচের দিকে ক্রমশঃ বর্তমানের

দিকে এগিকে আসা হবে। স্বল্প বা দীর্ঘ উভয় সময়কেই এই
বিভিন্ন রূপ রেথায় রূপায়িত করা যায়। (খ) বাম থেকে তানে আন্তভ্ষিক
রেথা ( horizontal line )। এখানে বাম প্রান্তকে ধরা হবে অতীত এবং তারপর

ভানদিকে ক্রমশঃ বর্তমানের দিকে অগ্রসর হওয়া হবে। এক্ষেত্রে দীর্ঘকালকে প্রতিফলিত করা স্থবিধান্তনক।

আবার উভয় রেথার দাহায্যে দমদাস্যাক চ্টি ঘটনা বা ত্টো দেশের তুলনাযূলক ইতিহাসকেও রূপায়িত করা যায়।

তবে সময় রেথা অঙ্কন কালে ছটো দিকে নজর দিতে হবে। প্রথমতঃ সন-তারিখ হবে স্থনিবাঁচিত এবং যতকম হয় ততই ভাল। দ্বিতীয়তঃ সময় রেখা যেন খুব ছোট আকারের না হয়।

### ॥ সময় লেখচিত্র।।

### I Time Graph II

দময় লেখচিত্রের মধ্যে দিয়ে ইতিহাদের তুলনামূলক পর্যালোচন স্থন্দরভাবে প্রতিফলিত হয়। এখানে লেখচিত্রের আত্নভূমিক রেখাকে 'x' ধরে তাতে দময় নির্দেশিত হবে। আর লম্বমান রেখাকে 'y' ধরে তাতে বিভিন্ন ঘটনাবলী নির্দেশ করা হবে। ভারতবর্ষের ইতিহাদের পক্ষে দময় লেখচিত্রের উপযোগিতা অপরিদীম। কেননা ভাব-ভাবা-ভাতি ধর্ম-দংস্কৃতিগত কতই না বৈচিত্র্যা রয়েছে।

## ।। সময় চেতনা সম্পৰ্কীত কয়েকটি তথ্য।।

বিতালয় হারে লক্ষ্য রাখতে হবে যে সময়কে বুঝাবার জন্ম যে সা পরিভাষা ব্যবহার কর। হয় তার সদে যেন শিক্ষার্থীদের পরিচয় ঘটে। শুধু পরিচিতি হলেই চলবে না, শিক্ষার্থীদের এইদব পরিভাষা সঠিকভাবে ব্যাখ্যা করতে পারে। শিক্ষার্থীদেরও সময় সম্পর্কে আগ্রহন্দল করে তোলবার জন্ম শিক্ষক সর্বদাই তাদের প্রতি ঘটনা কখন ঘটেছিল এমন প্রশ্ন করবেন। তিনি নিয়মিত সময়রেখা, সময় তালিকাইত্যাদি ব্যবহার করবেন। সর্বক্ষণই মনে রাখতে হবে কেবলমাত্র মুখস্থ করে ইতিহাদের বিপুল পরিমান সন্তঃরিখ কিছুতেই মনে রাখা সম্ভব নয়।

# অফ্টম অধ্যায়

# ইতিহাসের পিক্ষক

### ।। বিষয়-সংকেত।।

শিক্ষকের ভূমিকা—শিক্ষকের আবভিক গুণাবলী— ইতিহাস শিক্ষকের শিক্ষা—ইতিহাস শিক্ষকের পেশাগত প্রস্তুতি—ইতিহাস শিক্ষাদানে বার্থতার কারণ—প্রতিকারের উপায়।

"The teacher must have the power of realising the dead past in the living present, must, in fact, have a touch of imagination as well as a vastly large amount of positive knowledge."

-R. Boyce.

"No impossibilities are demanded of the history teacher. But we do expect him to know his job."

-V. D. Ghate.

।। শিক্ষকের ভূমিকা।।

ইতিহান শিক্ষণে শিক্ষকের ভূমিকা অতীব গুরুত্পূর্ণ। ইতিহাদের উপজীব্য বিষয়ই হ'ল মান্ত্র। আর সমগ্র মানব জীবনের সর্বাধিক পবিত্র, স্বাভাবিক ও জটিলতা বজিত অধায়ই হ'ল শৈশৰ জীবন। শিশু অৰ্থ ই সংকীৰ্ণতা মৃক্ত, সহজেই উচ্চুসিত, দীৰ্ঘ অভিজ্ঞতার জটিলতা মৃক্ত আর তাই হতাশ মনোভাব বিবজিত। এটাই শিক্ষকের স্থবিধে। নরম মাটির মত নমনীয় কিছু মানব-মন নিয়ে তার কাজ-কারবার। কলে নিজম্ব উত্তোগ, প্রস্তৃতি ও সামর্থ্য থাকলে তিনি এই মনগুলোকে যে কোন আকার দিতে পারেন, ষেমন কুন্তকারের নিপুণ হাতের দক্ষতায় তার চাকায় নানা আকারের মুৎপাত্র প্রস্তুত হয়।

এ কাজের যোগ্য হবার জন্ম তাই শিক্ষককে যেমন কতগুলি গুণাবলী অর্জন করতে হয় তেমনি তাকে কোন কোন বিষয়ে পেশাগত শিক্ষণ প্রাপ্ত হতে হয়।

# ॥ শিক্ষকের আবিশ্যিক গুণাবলী ॥

যে ব্যাপক দৃষ্টিভন্নী নিয়ে অধুনা ইতিহাদের পাঠ্যক্রম রচিত হয় তাকে বান্তবে দার্থক করে তুলতে হলে প্রয়োজন শিক্ষকের এক ভিন্নতর ভূমিকা। আজকের ইতিহাস

শিক্ষককে হতে হবে ছুর্বোধ্য তথ্যের ব্যাখ্যাকার, শিক্ষার্থীর সহযোগী আবিষ্কারক এবং বিষয়-সম্পর্কে যথেষ্ট দক্ষ। আজকের দিনে ইতিহাস নিশ্চয়ই কোন উদ্দেশ্যমূলক ইতিহাস হবে না, বরং সম্পূর্ণ বিষয়গত দক্ষতা নৈৰ্বক্তিক ভাবে বিজ্ঞান-ভিত্তিক ইতিহাস চৰ্চাই আজ একান্তই জরুরী।

তাই প্রয়োজন শিক্ষকের কতকগুলি আবিষ্ঠিক গুণাবলী। এই গুণাবলীতাকে তার দায়িত্ব পালনে সাহায্যই করবে।

প্রথমতঃ আজ ইতিহাস-শিক্ষককে হতে হবে সত্যিকারের মানব দরদী। কোন সংস্কার নয়, কোন অন্ধন্ত নয়, কোন সংকীর্ণতা নয়, সম্পূর্ণ থোলা মন নিয়ে তিনি এই পৃথিবীকে দেখবেন এবং দকল মাতুষের জন্মই এক গভীর সমবেদনা-**শান্তবের প্র**তি দরদ বোধে নিজেকে অভিধিক্ত করবেন। প্রাকৃতপক্ষে তিনি হবেন বুহত্তর মানব-উত্তরাধিকারের বার্তা বাহক। এ কাজে তিনি দফল হবেন যদি তিনি ইতিহাস নিয়ে গবেষণার কাজে কিছুটা অভিজ্ঞতা অর্জন করতে পারেন। এই অভিজ্ঞতাই তাঁকে স্বতঃস্মূর্ত ভাবে কেমন করে ইভিহাদকে জীবস্ত করে তোলা যায় সে পথের সন্ধান দেবে।

দ্বিতীয়তঃ স্থানীয় ইতিহাদ ও পারিপাশ্বিকতা দম্পর্কে দম্পূর্ণ সচেতন হবেন আজকের ইতিহাস শিক্ষক। স্থানীয় ইতিহাস চর্চার সবচেয়ে বড় অবদান হ'ল, এথানে ইতিহাস কথনো অদৃষ্ট বা অশ্রুত কতকগুলি কল্পিত কাহিনী আর থাকে না। তাছাড়া ইতিহাসের বাস্তব উপযোগিতার দিকটিও স্পষ্ট হয়ে যায় স্থানীয় ইতিহাস চর্চার মাধ্যমে।

ভতীয়তঃ ইতিহাদের শিক্ষক হবেন দর্বদাই সত্য-সন্ধানী। তাই তাকে জানভে হবে, কেমন করে ঐতিহাসিক তথ্যাবলী নিয়ে বিচার বিশ্লেষণ করতে হবে। সেক্ষেত্রে বহু কিছু তার জানার বাইরেও থেকে যেতে পারে এবং কোন বিষয় সম্পর্কে তার অজ্ঞতা স্বীকারে তিনি কথনো কুঠাবোধ করবেন না। বিচক্ষণ বৈজ্ঞানিকের সভা**াসু**সকানী মান্দিকতা তাকে অর্জন করতে হবে এবং বৈজ্ঞানিকের পদ্ম তাকে অন্তুসরণ করতে হবে। তাই তিনি তার কোন নিজস্ব মতবাদ বা পক্ষপাতিত্ব দিয়ে শিক্ষাথীদের প্রভাবিত করবেন না।" "He should try to show the truth, the whole truth and nothing but the truth." আবার সভাও যাতে স্পরভাবে অভিব্যক্ত হতে পারে সে কারণে ইতিহান-শিক্ষককে সাহিত্য-গুণ <mark>সম্পন্ন হতে হবে।</mark> গুকৃতপক্ষে ইতিহাসে বিষয়-বস্তু ব্যাখ্যা করা এক বিরাট সম্প্রা এবং শিক্ষককে শাফল্যের সঙ্গে এই সমস্তায় উদ্ভীর্ণ হতে হবে।

চতুর্থতঃ ইতিহাসের শিক্ষক নিশ্চয়ই পরিপূর্ণভাবে আত্মবিশ্বাসী হবেন। এই বিখাদ থেকেই আদবে তাঁর বিষয় সম্পর্কে নির্চা, শিক্ষার্থী সম্পর্কে অনুরাগ। কিন্তু এই আগ্র-বিশ্বাদ তাঁকে কোন সঙ্কীর্ণতায় আত্মবিখান সঙ্গৃচিত করবে না। আত্মবিধাস তাকে দান্তিক করে তুলবে না, পর্মত সম্পর্কে অসহিষ্ণু করবে না।

পঞ্চমতঃ ইতিহাসের শিক্ষক আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী হবেন।
ইতিহাস সম্পর্কে বহু কথিত অভিযোগ হ'ল, এটি এমন একটি বিষয় যেখানে প্রাণের
উত্তাপ নেই। এই অভিযোগ সর্বাংশে থণ্ডিত হবে শিক্ষকের
শাকর্ষণীয় ব্যক্তিব
ব্যক্তিবের মাধ্যমে। তার ব্যক্তিবই ইতিহাসকে চিভাকর্ষক করে
তুলবে, শিক্ষার্থীদের অন্তরাগী করবে, শিক্ষকের প্রতি শিক্ষার্থীদের অন্তরাগ কমশঃ
বিষয়ের প্রতি সঞ্চারিত হবে। তাই শিক্ষককে ভাবতে হবে, জানতে হবে কি করে
স্বকীয় দক্ষতায় ইতিহাস প্রাণের আবেগে উচ্ছুল একটি বিষয়ে পরিণত হতে পারে।

ষষ্ঠতঃ ইতিহাসের শিক্ষক এই প্রয়োজনেই একজন উচ্চ ন্তরের গল্প-বলিয়ে হবেন, একজন অভিনেতা হবেন। "To a master teacher, history is a drama and the people in it are the actors." তাই তিনি স্থগঠিত অভিনেতার গুণাবনী দেহের ও স্থকঠের অধিকারী হবেন, তিনি কল্পনা-বিলাদী হবেন, কিন্তু তার কল্পনা বল্লাহীন হবে না। তিনি নাটকীয়তা গুণের অধিকারী হবেন, কিন্তু তার নাটকীয়তা বান্তব-বজিত হবে না। তিনি রসবেজা হবেন, হাস্তরদের ব্যবহার জানবেন।

"If to these and to a love of children he can add a sound academic and professional training, he will be able to make a rich and personal contribution to the true ends of teaching history."

### ॥ ইতিহাস শিক্ষকের শিক্ষণ।।

শিক্ষাগত দিক থেকে ইতিহাসের শিক্ষক নিজেকে দর্বতোভাবে প্রস্তুত করবেন,
এতে। একেবারে প্রাথমিক কথা। তাছাড়া তিনি অবগ্যই সাম্প্রতিক কালে বিভিন্ন
দেশের মধ্যে পারস্পরিক সম্পর্ক সম্বন্ধেও অবহিত থাকবেন। বর্তমানের প্রেক্ষাপটে
যদি অতীতকে যাচাই করতে হয় তবে সমসাময়িকতা সম্পর্কে এই জ্ঞান অত্যস্ত জন্মরী
এবং কেমন করে সম্পাময়িক প্রসঙ্গের ব্যবহার হয় তাও তিনি জ্ঞানবেন।

ইতিহাস শিক্ষক নিশ্চয়ই সমাজ বিজ্ঞানের বিভিন্ন শাথার সঙ্গে পরিচিত হবেন। তাই তাকে জানতে হবে আধুনিক ভাষা সমূহ, দর্শনের ইতিহাস, সাহিত্যের ইতিহাস, ভূগোল ইত্যাদি বিষয়। "Without the knowledge of different social sciences, the history teacher is quite likely to perpetuate, unknowingly. outmoded social concepts, or uncritically repeat assumptions and theories that are in dispute."

ইতিহাস শিক্ষক সাধারণভাবে বিশ্ব ইতিহাসের সঙ্গে পরিচিত হবেন। এরসঙ্গে কোন একটি বিশেষ সময়কে তিনি নিবিড়ভাবে অধ্যয়ণ ও গবেষণা করবেন। এই অধ্যয়ণ ও গবেষণা কাজের মধ্য দিয়ে তার যে অভিজ্ঞতা অজিত হবে তা তিনি অক্যাক্স সময়ের ইতিহাস চর্চাতেও প্রয়োগ করতে পারবেন। ইতিহাস শিক্ষক রাষ্ট্রবিজ্ঞান ও পৌরবিজ্ঞান সম্পর্কেও অবহিত হবেন। কারণ বিভিন্ন আধুনিক সমাজ সংগঠনের উৎপত্তিও সেই অতীতে। আর এইসব সংগঠনের স্বরূপ না জেনে আজকের পৃথিবীতে একজন যথার্থ নাগরিক হিসেবে নিজ দায়িত্ব পালন করাও কথনো সম্ভব নয়।

এরপর ইতিহাস-শিক্ষককে ইতিহাস-শিক্ষণের বিভিন্ন পদ্ধতিতে যথেষ্ট পারদর্শীতা আর্জন করতে হবে। যেহেতু কোন একটি বিশেষ পদ্ধতিকে আমরা সর্বশ্রেষ্ঠ পদ্ধতি বলে চিহ্নিত করতে পারছি না সেইহেতু শিক্ষক অবশুই সব পদ্ধতি পদ্ধতিগত দক্ষতা অর্জন প্রয়োগেই দক্ষতা অর্জন করবেন। তা ছাড়া পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে শিক্ষার্থীর সামর্থ, বয়স, যোগ্যতা প্রভৃতি বিষয়গুলি শিক্ষককে বিবেচনা করতে হবে এবং সেই অমুসারে তাঁকে উপযুক্ত পদ্ধতিটি নির্বাচন করতে হবে।

ইতিহাস শিক্ষাদান কালে শিক্ষককে কয়েকটি কেত্ৰে বিশেষ সূত্ৰক থাকতে হবে:

- (এক) শিক্ষার্থী যেন ইতিহাস পাঠ করতে গিয়ে বিভিন্ন দেশের মানুষের স্থ্রুত্ব স্থানন্দ-বেদনায় সঙ্গে নিজেকে মিলিয়ে দিতে পারে।
- (ত্ই) শিক্ষার্থী ধেন একজন বিচক্ষণ নিরপেক্ষ সমালোচকের মত ইতিহাসের বিভিন্ন তথ্যকে বিচার করবার সামর্থ অর্জন করে। বিশেষ করে ইতিহাসের ক্ষেত্রে এই সামর্থ অর্জনের প্রয়োজন অপরিসীম।
- (তিন) ইতিহাস যেহেতু ঐতিহাসিকের বিচার বিশ্লেষণ নির্ভর সেইহেতু ইতিহাসে মতিদ্বৈধতাপূর্ণ প্রসঙ্গ থাকা খ্বই স্বাভাবিক। এইসব মতিদ্বৈধতাপূর্ণ বিষয় নিম্নে শ্রেণীকক্ষে আলোচনাকালে শিক্ষককে যথেষ্ট সতর্কতা অবলম্বন করতে হয়। তিনি সর্বদাই সতর্ক থাকবেন যেন তার নিজস্ব মতবাদ দ্বারা শিক্ষার্থী কথনই প্রভাবিত না হয় এবং এই প্রভাব যেন শিক্ষার্থীর নিজস্ব বিচারশক্তি বিকাশে কথনোই প্রতিবন্ধকতার স্থাষ্টি না করে।
- (চার) পাঠদান কার্য আরম্ভ করার আগে শ্রেণীকক্ষে উপযুক্ত পরিবেশ রচনায় নৈপুণ্য প্রদর্শনের উপরও শিক্ষকের সাফল্য বহুলাংশে নির্ভর করে। সার্থক ইতিহাস শিক্ষাদানের উদ্দেশ্যে এই পরিবেশ রচনায় ইতিহাস-শিক্ষককে বিশেষ যত্ন নিতে হবে।

# ।। ইতিহাস শিক্ষকের পেশাগত প্রস্তুতি।।

নিত্য নতুন অমুসন্ধান ও গবেষণার ভিত্তিতে ঐতিহাসিক সিদ্ধান্ত যে কোন সময়েই
পরিবর্তিত হতে পারে। তাই পাঠ্যপুস্তকে লিখিত তথ্যকে কথনোই ইতিহাসের শেষ
কথা বলে ইতিহাসের শিক্ষক গ্রহণ করবেন না। এ কারণেই
প্রয়োজন হ'ল, তিনি নিত্য নতুন ঐতিহাসিক গবেষণা সম্পর্কে
সর্বদাই সচেতন থাকবেন এবং এইসব গবেষণা লব্ধ ফলশ্রুতি দ্বারা
তিনি ক্রমাণত নিজেকে সমৃদ্ধ করবেন। এ না হলে যে ইতিহাস আজ পরিত্যক্ত, শে

সিদ্ধান্ত আৰু অগ্রাহ্ন, তিনি তাই শ্রেণীকক্ষে পরিবেশন করবেন। আজ ভারতের কোন ইতিহাস শিক্ষক নিশ্চয়ই বলবেন না বে ভারতীয় সভ্যতার স্থ্রপাত বৈদিক যুগ খেকে। তেমনি ভাবেই সিপাহী বিদ্রোহের স্বরূপ সম্পর্কে, উনবিংশ শতান্দীর বাংলার নব জাগরণ সম্পর্কে, কিংবা স্বাধীনতা আন্দোলনে ম্পলমানদের ভূমিকা সম্পর্কে, জাধুনিক ঐতিহাসিকেরা যে সব নতুন তথ্য আবিদ্ধার করেছেন তা জানতেই হবে আজকের ইতিহাস শিক্ষককে। এ কারণেই তিনি বিভিন্ন ইতিহাস আলোচনাচক্র, ওয়ার্কশপ বা রিফ্রেশার কোর্দে নিয়মিত অংশ গ্রহণ করবেন।

শিক্ষাদান পদ্ধতি সম্পর্কেও একই কথা। সেই কোন মান্ধাতা আমলে শিক্ষণ
শিক্ষালাভ কালে তিনি বিভিন্ন পদ্ধতি নিয়ে অমুশীলন করেছিলেন দেটা কথনোই তাঁর
জানার শেষ সীমা হতে পারে না। সমগ্র বিশ্ব জুড়ে ইতিহাস
শত্ন পদ্ধতি নিবে
অমুশীলন
ইতিহাসের শিক্ষক নিজেকে অবগ্রই যুক্ত রাথবেন। এই দিক
থেকে শিক্ষককে সর্বদাই সর্বাধ্নিক করে গড়ে তোলার জন্ম বিভালয় কর্তৃপক্ষকেও
কতকগুলি দায়িত্ব পালন করতে হবে। বেমন:

(এক) প্রতি রাজ্যন্তরে যেন ইতিহাস শিক্ষকদের নিয়ে সংগঠন গড়ে ভোলা যায় তার ব্যবস্থা করা।

(ত্নই) প্রতি বিভালয়ে ইতিহাস সম্পর্কীত বিভিন্ন পত্র-পত্রিকা পুস্তক ইত্যাদি নিয়মিত ভাবে কেনার ব্যবস্থা করা।

(তিন) সমসাময়িক বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্যাবলী সংরক্ষণের ব্যবস্থা করা।

(চার) স্থানীয় বা জাতীয় স্তরে বিভিন্ন ইতিহাস সংক্রান্ত আলোচনা-চক্রে বেন শিক্ষকেরা যোগদান করতে পারেন তার ব্যবস্থা করা।

পোঁচ) নতুন নতুন শিক্ষাদান পদ্ধতি নিয়ে অনুশীলন করার স্বংগাগ শৃষ্টি করে দেওয়া।

(ছয়) ঐতিহাসিক নিদর্শন বা স্থান পরিদর্শনের স্থাযোগ বেন ইতিহাস শিক্ষকেরা পান তার ব্যবস্থা করা।

ইতিহাস চর্চাকে সার্থক করে তুলতে ইতিহাস-শিক্ষকের দায়িত্ব সর্বাধিক সন্দেহ নেই। কিন্তু শিক্ষা-প্রশাসকদের দায়িত্বও কোন অংশে কম নয়। শিক্ষক নিশ্চয়ই স্বতঃস্ফুর্ত্ত আপন মনের সমস্ত উত্যোগ ও উত্যমকে নিয়োগ করবেন ইতিহাস চর্চায়। কিন্তু লক্ষ্য রাথতে হবে সেই উত্যোগ যেন কথনো ওদাদীতো শুরু আলোচনা হয়ে না যায়, সেই উত্যম যেন কথনো অকারণ প্রতিবন্ধকতায় স্কুরেই বিনষ্ট না হয়। তবেই শিক্ষক ও শিক্ষা-প্রশাসকের যুক্ত উৎসাহে ক্রমশঃ নির্মিত হবে সার্থক ইতিহাস চর্চার সোপান-শ্রেণী।

### ॥ ইতিহাস শিক্ষাদানে ব্যর্থতার কারণ॥

এই প্রদক্ষেই আলোচিত হওয়া প্রয়োজন, ঐতিহাসিকদের নির্নস প্রয়াস সত্তে কোথাও আমাদের ব্যর্থতা অক্ষমতা এত প্রকট যে এমন অভিযোগ এখনো প্রায়ই শোনা যায়, ইতিহাস হ'ল একটি নিস্পাণ একঘেঁয়ে বিষয়, হয়তো বা পাঠ্যক্রমে সংযোজিত একটি অর্থহীন বিষয়। অস্বীকার করার উপায় নেই উচ্চতর মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা প্রচলিত হবার স্থযোগে দেখা গিয়েছে ইতিহাস শিক্ষার্থীদের কাছে আদৌ একটি জনপ্রিয় বিষয় নয়। এমন একটি পরিস্থিতি ইতিহাস-শিক্ষকের পক্ষে উৎসাহউদ্দীপক তো নয়ই, বরং যথেইই অপ্রীতিকর, বিড়মনার। এর কারণ অমুসন্ধান করতে গেলে বহু প্রসক্ষই এসে যেতে পারে। এখানে কেবল ইতিহাসের শিক্ষক হিসেবে আমরা আত্ম-সমালোচনায় প্রবৃত্ত হ'ব এবং আমাদেরই অক্ষমতার দিকগুলি আমরাই তুলে ধরবো।

আমাদের প্রথম ব্যর্থতা আমাদের শিক্ষাদানের উদ্দেশ্যহীনতা।
শাঠ্যক্রম-রচম্নিভাগণ অবশ্য পাঠ্যক্রম-রচনা কালে একাধিক উদ্দেশ্য স্থির করে দিয়ে
থাকেন। কিন্তু সেইসব উদ্দেশ্য এত বেশী উচ্চাকাজ্ঞী, এত
উদ্দেশ্যইনতা
বেশী অতিশয়োক্তি দোষে তৃষ্ট যে প্রকৃতপক্ষে ঐ সব উদ্দেশ্যকে
কথনোই বাস্তবায়িত করা সম্ভব নয়। স্বাভাবিকভাবে আমরা ইতিহাস শিক্ষকেরাও
এমন পরিস্থিতিতে বৃক্তে পারি না ঠিক কি কারণে আমরা নিয়মিত শ্রেণীকক্ষে বাই,
ইতিহাসের বিভিন্ন প্রসঙ্গ নিয়ে নিয়মিত নাতিদীর্ঘ বক্তৃতা করি। কর্মের উদ্দেশ্যই
বেখানে অস্বচ্ছ, সেখানে সাফল্য স্কুদ্র পরাহত।

দ্বিতীয়তঃ আমরা শিক্ষকেরাও বিষয়গত দিক থেকে যথেষ্ট প্রস্তুত নই।
প্রত্যহ কত নতুন নতুন ঐতিহাসিক তথ্য আবিষ্ণৃত হচ্ছে, আলোচিত হচ্ছে, প্রমাণিত
হচ্ছে। এই বিপুল তথ্যরাশির দব কিছুর দক্ষেই ওয়াকিবহাল
বিষয়গত জ্ঞানের
থাকা নিশ্চয়ই সম্ভব নয়। কিন্তু যেগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ,
ইতিহাস চিন্তা জগতে নতুন আলোকপাত করছে, সেগুলি জানা
তো আমাদের পক্ষে একান্ডই অপরিহার্য। অথচ আমরা তো তা করছি না বা করতে
পারছি না।

তৃতীয়ত: বিভিন্ন বিষয়ের সঙ্গে বিশেষ করে ভূগোলের সঙ্গে সম্পর্ক স্থাপনার মধ্য দিয়ে ইতিহাস শিক্ষাদান আমরা কতজন করি ? অথচ ইতিহাদের মঙ্গে ভূগোলের সম্পর্ক যে কত গভীর তা তো উরেথের অপেক্ষা রাথে না। অন্ততঃ এই মৃহুর্তে ইতিহাসের ঘতটুকু বান্তব ভিত্তি পরিদৃশ্যমান, তা তো হ'ল ভূগোলই। অন্যান্ত উপকরণের ব্যবহার না হয় বাদই দেওয়া গেল, ইতিহাস শিক্ষাদান কেবলমাত্র সহজ্বলভ্য মানচিত্রের ব্যবহারেও যে আমাদের কী গভীর অনীহা, ওদাদীন্ত তা কি কোন এক আত্ম-সমীক্ষার অচেতন মৃহূর্তে আমাদেরই লক্ষ্যা দেয় না ?

চতুর্থত: সময়-চেতনার বিকাশ ইতিহাসের অপরিহার্য অঙ্গ বিকাশের মধ্য দিয়ে যে ইতিহাস বহুলাংশে জীবস্ত বিশ্বস্ত হয়ে উঠতে পারে তাও আমরা জানি। তবু শ্রেণী কক্ষে শিক্ষার্থীদের সময়-চেতনা যেন সহন্ধ ও স্বাভাবিক ভাবেই বিকশিত হয় সে সম্পর্কে আমরা নিজেরাই আদৌ সচেতন নই।

পঞ্চমতঃ আমাদের হাতে ইতিহাস কতকগুলি বিচ্ছিন্ন ঘটনার সমষ্টিতে রূপান্তরিত হয়। অর্থাৎ আমাদের ইতিহাস শিক্ষাদান পদ্ধতিতে কেবলমাত্র কতকগুলি শুক্লবপূর্ণ ঘটনাই প্রাধান্ত পায়। সেই ঘটনাগুলিকে ক্রাইপ্র ইতিহাস কার্য-কারণ হত্তে এথিত করে কোন একটি চিন্তা বা চেতনার পাঠ ক্রমবিকাশ সম্পর্কে ধারণা করা—এমনটি সাধারণভাবে অফুস্ত আমাদের পদ্ধতিতে কথনোই সম্ভব নয়।

যুঠতঃ আজকের সময়ই হ'ল উপযোগ মূল্যায়নের (utility-value) সময়।
যার কোন বান্তব প্রয়োজন নেই তার সম্পর্কেই আমাদের অনাসক্তি। আপাতঃ
দৃষ্টিতে ইতিহাসকে একটি বান্তব উপযোগিতাহীন বিষয় হিসেবে
বান্তব উপযোগিতার
চিহ্নিত করার এটাই বড় কারণ। কিন্তু বাস্তব অর্থেও
প্রতি অবহেলা
ইতিহাস অর্থপূর্ণ হয়ে উঠতে পারে যদি আমরা
ইতিহাসকৈ শিক্ষার্থীদের পরিবেশের সঙ্গে সম্পূত্ত করতে পারি। এ
পথেই অতীতের সঙ্গে বর্তমানের, পরিচিতির সঙ্গে অপরিচিতির সেতৃ বন্ধন হতে পারে।
অথচ এ সম্পর্ক আমরা একেবারে নিবিকার, উদাসীন। গুধু তাই নয়। আরও
বেশী তুর্ভাগ্যের হ'ল, আমরা অনেকেই বিশ্বাস করি না যে ইতিহাসের সভ্যিই কোন
বান্তব উপযোগিতা নেই।

যদি উপরোক্ত পরিস্থিতিকে আমরা কথনোই বাঞ্ছিত বলে মনে না করি, এবং এমন অবস্থার প্রতিকারে বদি আমরা আন্তরিকভাবে উৎসাহী হই, ভবে অনতিবিলম্থে আমরা কতকগুলি কার্যকরী ব্যবস্থা অবলম্বন করতে পারি।

প্রথমতঃ তুলনামূলক পর্যালোচনার মধ্য দিয়ে সর্বদাই আমাদের প্রেণীকক্ষে ইতিহাস উপস্থাপন করতে হবে। এই ডুলনায়লক আলোচনার গভীরতা শ্রেণী অন্থসারে নির্বারত হবে। যেমন নিয়প্রেণীতে স্থানীয় পটভূমিকা, উচ্চ শ্রেণীতে ব্যাপকতর পটভূমিকাকে আমরা গ্রহণ করতে পারি। তুলনামূলক আলোচনা তুলনামূলক আলোচনা ইতিহাসকে জীবস্ত করে, শিক্ষার্থীদের অধিকতর কৌতৃহলী করে তোলে, তাদের চিস্তাশীল কয়ে তোলে, তাদের গবেষণায় উৎসাহী করে।

দ্বিতীয়তঃ ইতিহাস শিক্ষাদানে সর্বদাই কার্যকারণ সূত্রের উপর গুরুত্ব আরোপ করতে হবে। কোন ঘটনা কেন ঘটলো, কেমন করে ঘটলো, ঘটনাটি ঘটার ফলাফলই বা কি হ'ল,—এই তিনটি প্রশ্নই ইতিহানে অত্যন্ত জকরী। এবং এই তিনটি প্রশ্নেরই ষ্থাষ্থ সমাধানের উপরই নির্ভর করে ইতিহাসের সার্বজনীন আবেদন।

তৃতীয়ত: শিক্ষার্থীর কল্পনা শক্তিকে উদ্দীপিত করে এমনভাবে ইতিহাস উপস্থাপন করতে হবে। অন্তত: ইতিহাসের কিছু চিন্ত যেন শিক্ষার্থীর মনের গভীরে হায়ীভাবে অঙ্কিত হয়ে যায়, উপস্থাপনায় এমন সাফল্য অর্জন করতে হযে।

চতুর্থতঃ অতীতকে যদি স্পর্শানুভবের মধ্যে নিয়ে আসতে হয় তবে স্থানির্বাচিত চিত্রের ব্যবহার একাস্তই অপরিহার্য। মানচিত্রের ব্যবহার ইতিহাসকে নির্ভর্যোগ্য করে তুলবে, আর চিত্রের ব্যবহার ইতিহাসকে করে তুলবে বাস্তব। এই উদ্দেশ্য পূরণে আমরা শ্রেণীকক্ষের দেওয়ালগুলি সর্বদাই বিভিন্ন ঐতিহাসিক চিত্র দিয়ে সাজিয়ে রাথতে পারি। এর ফলে অতীত সর্বক্ষণ জীবস্ত হয়ে শিক্ষার্থীদের পাশে প্রতিষ্ঠিত থাকবে।

পঞ্চমতঃ ইতিহাস শিক্ষাদানে সাহিত্যের ব্যবহার বিশেষ উপযোগী। সাহিত্যের সহযোগিতায় ইতিহাস হয়ে ওঠে বর্ণময়, কাব্যময় আর যা কিছু বর্ণময় কাব্য-ময় তারই আবেদন শিশুমনের কাচে অপরিদীম।

ষষ্ঠতঃ ইতিহাস শিক্ষাদানে স্থানীয় ইতিহাসকে যথাযথ ভাবে ব্যবহার করতে হবে। এই ব্যবহারের মধ্য দিয়ে একদিকে ইতিহাস হয়ে উঠবে জীবস্ত, অক্সদিকে ইতিহাসের ব্যবহারিক উপযোগিতার দিকটিও শিক্ষার্থীর সম্মুথে শরিক্ষুট হবে।

### নবম অধ্যায়

## ইতিহাস পাঠে সমসাময়িকতার ব্যবহার

#### । বিষয় সংকেত॥

সমসামরিক প্রসঙ্গের সংজ্ঞা—সমসামরিক প্রসদ্ধর্মর উদ্দেশ্য—সমসামরিক প্রসদ্ধ জানার উৎস—সমসামরিক প্রসদ্ধ জানার উৎস—সমসামরিক প্রসদ্ধ বাবহারের মাধ্যম—সমসামরিক প্রসদ্ধ বাবহারের মাধ্যম—সমসামরিক প্রসদ্ধের প্রতিবন্ধকা। শিক্ষকের প্রতিবন্ধকা। শিক্ষকের প্রতিবন্ধকা পূর্ণ বিবরের পাঠ—ভূমিকা—মতানিক্যের উৎস—বিভালয় শুরে উপযোগী—মতবৈধতা পূর্ণ বিষয়—মতবৈধতা পূর্ণ প্রসদ্ধ প্রবারভেদ—মতবৈধতা পূর্ণ প্রসদ্ধ প্রবারভিদ—মতবৈধতা পূর্ণ প্রসদ্ধ প্রবানাচনা পদ্ধতি।

"The present contains all there is. It is wholly ground: For it is the past and it is the future."

-Whitehead.

|| সমসাময়িক প্রসঙ্গের সংজ্ঞা ||
|| Definition of current Affairs &
Contemporary Events ||

"History is an unending dialogue between the past and the present." তাই বৰ্তমানের দকে অতীতের স্থানিবিড় সম্পর্ক স্থাপনাই ইতিহাস পাঠের অক্যতম মৌল উদ্দেশ্য। কিন্তু এই সম্পর্ক স্থাপিত হতে পারে কিভাবে ?

এ প্রশ্নের একটি উত্তর হ'ল, যদি ইতিহাস পাঠে সমসাময়িক প্রসঙ্গ চাতৃর্যের সঙ্গে ব্যবহার করা যায় তাহলে অতীত ও বর্তমানের মধ্যে সেতৃ বন্ধনের কাজটি সহজ্বর হয়। কিন্তু তথুনই আর একটি প্রশ্ন আদে, সমসাময়িক প্রসঙ্গ বলতে আমরা কি বুঝি?

ঠিক এই মূহুর্তে থা ঘটলো তাই যে সমসাময়িক প্রাসক্ষ — এমন নয়। বরং বলা যায়, খুব সম্প্রীতি যা ঘটলো তাই হ'ল সমসাময়িক। কথাটাকে আর একটু খুলে বললে যা দাঁড়ায় তা হ'ল, যে কোন ঘটে যাওয়া ঘটনার সংক্রা তাৎক্ষণিক কিছু প্রভাব থাকে, যেমন নিস্তরঙ্গ পুকুরে টিল ছুঁড়লে যে তরঙ্গ জাগে। এখন এই তাৎক্ষণিক প্রভাব যতক্ষণ পর্যন্ত কাটিয়ে ওঠা না যায়, ততক্ষণ পর্যন্ত ঘটনাটি সমসাময়িক প্রসঙ্গ হবে না।

আবার যা ঘটে যায় তাই তো অতীত। তা হলে অতীত ও সমসাময়িকতার মধ্যে দীমারেথা কোথায়? উত্তর হ'ল, যে সব ঘটনা আমাদের পক্ষে আর কখনো দৃশ্য নয় তাই হ'ল অতীত। আর যে সব ঘটনা এখনো একেবারে অদৃশ্য হয়ে যায় নি তাই হ'ল সমসাময়িকতা। এভাবেই অতীত ও সমসাময়িকতার মধ্যে একটি সুন্দ্র বিভাজন রেখা আমরা নির্দিষ্ট করে নিয়েছি।

আসলে ইতিহাস হতে চলেছে এমন ঘটনাবলীই হ'ল সমসামন্ত্রিকতা। তাই একমাত্র সমসামন্ত্রিকতার পক্ষেই পাঠ্য পৃস্তকের ইতিহাস আর বাইরের নিয়ত পরিবর্তনশীল জগতের মধ্যে যোগস্ত্র স্থাপনা সম্ভব। তা ছাড়া সর্বাধুনিক তথ্য সম্বলিত পাঠ্যপুস্তক প্রণন্ত্রন যেহেতু সম্ভব নম্ন সেই হৈতু প্রয়োজন রয়েছে ইতিহাস পাঠে সমসামন্ত্রিক প্রসঙ্গ ব্যবহারের। কেননা কেবলমাত্র অতীতচারী হওয়া তো শিক্ষার্থীর পক্ষে একাস্তই অর্থহীন। তাই অতীতকে দাঁড়াতে হবে বর্তমানকেই ভিত্তি করে। সমসামন্ত্রিকতা হ'ল বর্তমানের ভিত্তি রচনার অপরিহার্য সরল্লাম।

## ॥ সমসাময়িক প্রসঙ্গ ব্যবহারের উদ্দেশ্য ॥

সমদাময়িক প্রদন্ধ ব্যবহারের বিদ্ন অনেক। তাই প্রয়োজন এই ব্যবহারে যথেষ্ট সতর্কতার এবং ব্যবহারের উদ্দেশ্য সম্পর্কেও যথোচিত সচেতনতার। এই প্রসঙ্গে আমর। কতকগুলি উদ্দেশ্য উল্লেখ করতে পারি।

॥ এক॥ স্থানীয়, জাতীয় বা আন্তর্জাতিক পটভূমিকা সম্পর্কে শিক্ষার্থীদের ক্রমশঃ আগ্রহান্বিত করে তোলা।

॥ তুই ॥ বর্তমানের দঠিক ফ্ল্যায়নের জ্ঞ্ম উপযুক্ত মানসিকতা গঠন করা।
॥ তিন ॥ অপ্রাপ্ত বয়স্ক বালক-বালিকাদের প্রাপ্ত-বয়স্কদের জগতে
হস্তক্ষেপ করার স্কুযোগ স্পষ্ট করে দেওয়া।

॥ চার ॥ কোন একটি বিষয়ে গভীর পাঠাভ্যাস পদ্ধতি সম্পর্কে শিক্ষার্থীদের পরিচিত করা।

॥ পাঁচ।। পাঠ্যপুস্তকের অসম্পূর্ণতাকে পূর্ণ করে তোলা।

।। ছয় ।। কোন ঘটনা সম্পর্কে প্রচার ও সত্যতা, ঘটনাটির তাৎক্ষণিক প্রভাব ও স্থায়ী প্রভাব সম্পর্কে সঠিক ধারণা লাভে শিক্ষার্থীদের সহায়তা করা।

।। সাত ।। শিক্ষার্থীদের নাগরিকতার আদর্শ সম্পর্কে সচেতন করা, তাদের বিশ্বজনীনতার আদর্শে উদ্বৃদ্ধ করা, তাদের প্রমতসহিষ্ণু করে তোলা এবং তাদের মানবতাবাদের মহামন্ত্রে দীক্ষিত করা।

## ॥ সমসাময়িক প্রসঙ্গ জানার উৎস ॥

সমসাময়িক প্রদক্ষ সম্পর্কে জানার উপায় হ'ল, রেডিও বা টেলিভিসন, সংবাদপত্র, বিভিন্ন পত্র-পত্রিকা, লোকসভা, রাজ্যসভা ও বিধানসভার আলোচনা, প্রাপ্ত বয়হদের আলাপ-আলোচনা, বিভিন্ন যুব সংগঠন, বিভিন্ন সামাজিক সংগঠন, বিভিন্ন সামাজিক অন্নষ্ঠানে অংশগ্রহণ, বিভালয় বা সাধারণ পাঠাগার প্রভৃতি।

### ॥ সমসাময়িক প্রসঙ্গের ব্যবহার ॥

বহু ভাবেই আমরা সমসাময়িক প্রসন্ধ নৈমিত্তিক শিক্ষাদানকার্যে ব্যবহার করতে পারি। এখানে কয়েকটি উপায় নির্দেশ করা হ'ল।

সমসাময়িক প্রসঙ্গকে বিষয়গত সম্পদ হিসেবে ব্যবহার করা যায়। এই সম্পদের সাহায্যে পাঠ্য পুলকের বিষয়কে বাস্তব ভিত্তি দেওয়া যায় এবং পাঠ্যপুলুককে বছলাংশে শিক্ষার্থীদের প্রভাজ অন্নভবের আওতায় নিয়ে আসা যায়। এই সম্পদের ব্যবহারের ফলেই শিক্ষার্থী ইতিহাসের সাম্প্রতিক তথ্যাবলী সঙ্গেও পরিচিত হবার স্বযোগ পায়।

সমসাময়িক প্রদানক একটি স্বতম্ব শিক্ষাদান পৃথতি হিদেবেও ব্যবহার করা যায়। ইতিহাস স্থানের দিক থেকে, সময়ের দিক থেকে এমন কি অভিজ্ঞতার দিক থেকেও এমন দূরবর্তী যে সেথানে শিক্ষার্থীর সকল করনা-শক্তিও বত্তম শিক্ষাদান পদ্ধতি হার মানতে বাধ্য হয়। এক্ষেত্রে সমসাময়িক প্রসন্দের স্ববিধে অধিক উল্লেখের অপেক্ষা রাখে না। তাই বহুক্ষেত্রেই আমরা সাম্প্রতিক কাল থেকে আরম্ভ করে ক্রমান্বয়ে অতীতচারী হতে পারি। এই পদ্ধতির উপর নির্ভর করে বিত্যালয় স্থরে ইতিহাসের পাঠ্যক্রমও সংগঠিত হতে পারে। এবং এই পন্থানুসারী পাঠ্যক্রম প্রণয়ন কৌশলকেই বলা হয়েছে Regiessive Method.

সার্থক ইতিহাস পার্চদানে শ্রেণীকক্ষে উপযুক্ত পরিবেশ রচনার গুরুত্ব অনেকথানি।
এই পরিবেশ রচনার রুতি শিক্ষকদের সর্বদাই বিশেষ যত্মবান হতে হয়। সমসাময়িক
প্রসঙ্গ এদিক থেকেও শিক্ষকের বিশেষ সহায়ক হতে পারে।
পরিবেশ রচনা
মনোবিজ্ঞানতো আমাদের বলেই দিয়েছে যে জানা থেকে
অজানার দিকে পরিচিত থেকে অপরিচিতির দিকে অগ্রসর হলে শিক্ষার্থী স্বভাবতঃই
আগ্রহশীল হয়ে উঠবে। বিশেষ করে ইতিহাসের যে বিষয়বস্তুর সঙ্গে শিক্ষার্থীর কোন
অমুভব-নির্ভর যোগাযোগ নেই, সেথানে চিন্তাকর্ষক পাঠ্যদান সত্যিই এক সমস্রা।
তাই শিক্ষার্থীদের প্রাকৃত অর্থে কৌতুহলী করে তোলার প্রয়োজনে প্রস্তুতি-পর্বে
সমসাময়িক প্রসঙ্গের অবতারণা শ্রেণীকক্ষে এক ভিন্নতর পরিবেশ রচনা করতে পারে।

সমসামারক প্রদর্শের অবতারণা শ্রেশক্ষেশ এক শ্রেমজন শার্মেশ রচনা করতে পারে।
তবে ঠিক কোন্ কোন্ ক্লেত্রে এবং কেমনভাবে সমসাময়িক প্রসঙ্গ ব্যবহার
করা হবে তা স্পষ্ট করে নির্দিষ্ট করে দেওয়া যায় না। এটা নির্ভর করে বহুলাংশে
বিষয়-বস্তুর উপর এবং সমসাময়িক প্রসঙ্গ ব্যবহারে শিক্ষকের
আলোচনা
ব্যক্তিগত নৈপূণ্য ও দক্ষতার উপর। অপ্রাসন্থিক বা অবাস্তরভাবে
এই প্রসঙ্গ ব্যবহৃত হলে ঘেমন একদিকে শ্রেণীকক্ষের পরিবেশ বিশ্বিত হতে পারে তেমনি
শিক্ষকের নৈপূণ্যের অভাব ঘটলেও এই প্রসঙ্গ অবাস্থিত প্রতিক্রিয়ার স্পষ্ট করতে পারে।

### ॥ সমসাময়িক প্রসঙ্গ ব্যবহারের মাধ্যম।।

স্থনিদিইভাবে ইতিহাস পাঠে ছাড়াও সমসাময়িক প্রসঙ্গ অন্তান্ত নানা উপারে উত্থাপিত হতে পারে, ব্যবহৃত হতে পারে। বেমন:—

প্রত্যহ বিভালয়ের কাজ শুরু হবার আগে সকল ছাত্র-ছাত্রীর সমাবেশে প্রত্যেকদিনের বিশেষ উল্লেখযোগ্য সংবাদগুলি আলোচিত হতে পারে। এই সংবাদসমূহ সংকলনের দায়িত্ব শিক্ষার্থীদের উপরই অর্পণ করা হবে। তারা নিজেরাই নিজেদের বিচার বৃদ্ধি অন্ত্রসারে সংবাদ সংকলন করবে এবং পরিবেশন করবে। শিক্ষক এখানে তাদের উৎসাহদাতা ও প্রামর্শদাতার ভূমিকা গ্রহণ করবেন।

বিভালয়ে সংবাদ পরিবেশন বোর্ড (News Bulletin Board) স্থাপন করা বেতে পারে। এই বোর্ড বিভালয়ের এমন জায়গায় স্থাপিত হবে যেন সকল ছাত্রহাত্রীর দৃষ্টি আকর্ষণ করে, তারা অবাধে তা পড়তে পারে। এই
বোর্ড পরিচালনার দায়িত্বও ছাত্রেরাই গ্রহণ করবে। তবে
সংবাদ সংকলনে যেন সকল প্রকার সংবাদই, (যথা: রাজনীতি,
সমাজনীতি, অর্থনীতি চলচ্চিত্র, খেলাধ্লা) স্থান পায়। এতে প্রত্যেক শিক্ষার্থীই
নিজেদের পছনদমত সংবাদ পড়তে পারবে।

সংবাদের মানচিত্র তৈরী করেও সমসাময়িক প্রসঙ্গ ব্যবহৃত হতে পারে। সংবাদের মানচিত্র হ'ল: বেশ বড় আকারের পৃথিবীর মানচিত্র অঙ্কণ করা হবে। তারপর যে ঘটনা যে স্থানে ঘটেছে সেইথানে সেই সংবাদ উল্লিখিত হবে এই প্রথার স্বচেয়ে বড় অবদান হ'ল, শিক্ষার্থীগণ ষে কেবলমাত্র নৈমিত্তিক সংবাদই জানতে পারবে তা নয়, তারা মানচিত্রের ব্যবহার কৌশলও আয়ত্ত্ব করে ফেলবে।

এ ছাড়া বিন্যালয়ে নিয়মিত দাম্প্রতিক বিষয়ের উপর আলোচনা চক্রের আয়োজন করেও সমসাময়িক প্রদঙ্গের অবভারণা হতে পারে। এ দিক থেকে বিতর্ক সভা, প্যানেল আলোচনা প্রভৃতি পম্বার উল্লেখ করা যেতে পারে।

# ।। সমসাময়িক প্রসঙ্গের প্রতিবন্ধক।।

সমসাময়িক প্রসদ ব্যবহারের স্থবিধে ষেমন রয়েছে, তেমনি প্রতিবন্ধকতাও রয়েছে মথেষ্ট।

প্রথমতঃ সমসাময়িক প্রদক্ষ সাধারণতঃ পক্ষপাত দোষে হুষ্ট হয় এবং এ বিষয়ে জানার তাৎক্ষণিক উৎসও খুবই অপ্রচূর।

দ্বিতীয়তঃ বহু শিক্ষার্থীই থাকে যাদের অতিরিক্ত পাঠের অভ্যাস থুবই কম।
তৃতীয়তঃ সমসাময়িক প্রদক্ষ সম্পর্কে নানা জনের নানা মত থাকা খুবই স্বাভাবিক।

চতুর্থতঃ বিত্যালয়ের প্রাত্যহিক কর্মস্কটী এমন হয় যে দেখানে দমদাময়িক প্রসক্ষ বিস্তারিত আলোচনা করার স্থযোগ একেবারেই সংকীর্ণ।

পঞ্চমতঃ সমসাময়িক প্রসঙ্গের ব্যবহারে যে নিপুণ ও দক্ষ শিক্ষকের প্রয়োজন তেমন শিক্ষক খুব সহজ্ব লভ্য নয়।

### ॥ শিক্ষকের ভূমিকা॥

সম্পাম্য্রিক প্রসঙ্গের ব্যবহারে সাফল্য অর্জন বহুলাংশে শিক্ষকের উপরই নির্ভর করে। এই সাফল্য লাভ করতে হলে প্রয়োজন শিক্ষকের নিজম্ব আগ্রহ, উদ্বম এবং সাম্প্রতিক ঘটনাবলী সম্পর্কে তার পুংখারুপুংথ জ্ঞান।

প্রথমে শিক্ষক সমসাময়িক প্রসঙ্গুলি নির্বাচনে যথেষ্ট বিচক্ষণতার পরিচয় দেবেন। তারপর নির্বাচিত বিষয়গুলি সম্পর্কে নানাবিধ উৎস থেকে জ্ঞানের সন্ধানে তিনি উত্তোগী হবেন। তিনি নিজে যতক্ষণ পর্যস্ত স্বচ্ছ ধারণার অধিকারী না হচ্ছেন ততক্ষণ তিনি তাঁর ছাত্রদের সঠিক পথে পরিচালনা করতে পারেন না। প্রকৃতপক্ষে তাঁরই স্বত্ব প্রয়াদে ইতিহাদ পাঠে সমসাময়িক প্রসঙ্গের ব্যবহার সার্থক হয়ে উঠবে।

## ॥ মতদ্বৈধতাপূর্ণ বিষয়ের পাঠ॥

II Teaching of Controversial Issues II

### ॥ ভূমিকা ॥

ইতিহাসের সত্য কখনো চিরস্তন সত্য নয়, আপেক্ষিক সত্য। কেনন ঐতিহাসিকের অন্তুসন্ধান, গবেষণা ও বিচার-বিশ্লেষণের মধ্য দিয়েই ঐতিহাসিক সত্য প্রতিষ্ঠিত। আবার ঐ একই পথে প্রতিষ্ঠিত সত্যের অসারতা প্রমাণিত হয়, স্থান লাভ করে নতুন সত্য। এই ভাঙ্গা-গড়ার চিরস্তন থেলার মধ্য দিয়েই ইতিহাসের যাত্রা পথ।

এই কারণে ইতিহাসে মতবৈধতাপূর্ণ বিষয় থাক। খুবই স্বাভাবিক। বরং বলা চলে, মতের অমিলই হ'ল ইতিহাস নামক বিষয়টির একটি অন্ততম বৈশিষ্ট। এই অমিল আছে বলেই ঐতিহাসিকদের অন্তহীন অনুসন্ধিৎসা আর তাই ইতিহাস নিয়তই চলমান, নিত্যবহ।

### ॥ মতানৈক্যের উৎস॥

ষেখানে স্থনিদিষ্ট ও বিশ্বস্ত তথ্যের ভিত্তিতে ইতিহাসের স্থাষ্ট, সেথানে আবার মতানৈক্য কেন—এমন একটি প্রশ্ন স্বাভাবিকভাবেই মনের কোনে উকি দিতে পারে। এ প্রশ্নের জ্বাব হ'ল, ঐতিহাসিকও একজন মান্ত্ব্য, তাঁর নিজস্ব মানসিকতা আছে, আবেগ আছে, প্রবণতা আছে, যাকে সম্পূর্ণ অবজ্ঞা বা অস্বীকার করা কোনক্রমেই সম্ভব নয়। তারই ফলে একই তথ্য ভিন্ন ভিন্ন ঐতিহাসিকের মতে ভিন্ন ভিন্ন ভাবে ব্যাখ্যাত হয়, বিশ্লেষিত হয়।

# ॥ বিজ্ঞালয় স্তরে উপযোগী মতাদ্বৈধতাপূর্ণ বিষয়॥

ষে কোন ধরনের মতবৈধতাপূর্ণ বিষয় বিগালয় স্তরে আলোচনার উপভোগী হতে পারে না। মতবৈধতারও তারতম্য আছে, তার গভীরতায় স্তরভেদ আছে, স্ক্রতায় রূপভেদ আছে। তাই আমাদের স্থির করে নিতে হবে, কোন্ কোন্ মতানৈক্যপূর্ণ বিষয় বিগালয়স্তরে পঠিত হবে এবং এই উদ্দেশ্যে আমরা কতকগুলি নীতিও নির্দেশ করতে পারি।

॥ প্রথমতঃ॥ আমাদের সর্বপ্রথম বিবেচ্য হ'ল, শিক্ষার্থীদের মানসিক সামর্থ। আমরা যেমন একজন বয়স্ক লোকের মন নিয়ে একজন শিশুকে বিচার করবো না, তেমনি শিশুকে আবার অতিরিক্ত অক্ষম ভেবে তার সক্ষমতার প্রতি অবিচারও করবো না।

। দ্বিতীয়ত: । মতহৈধতাপূর্ণ বিষয়গুলি যেন শ্রেণীকক্ষে শিক্ষার্থীদের যথেষ্ট কৌতৃহলী করে তুলতে পারে সেটাও লক্ষণীয়। শিক্ষার্থীর স্বতঃফূর্ত কৌতূহল ছাড়া এই প্রসঙ্গের আলোচনা কখনো প্রাণবস্ত হতে পারে না।

। তৃতীয়ত:। মতহৈষতাপূর্ণ প্রদক্ষ যেন থুব বেনী আবেগ প্রধান বা উত্তেজক না হয়। কারণ এই ধরনের প্রদক্ষ নিয়ে আলোচনার জন্ম প্রয়োজন গভীর পাণ্ডিত্য ও অভিজ্ঞতা, যা আমরা বিহালয়ের ছাত্র-ছাত্রীদের কাছ থেকে নিশ্চয়ই আশা করবো না।

॥ চতুর্থত:॥ এমন বিষয়ই নির্বাচন করা হবে ষা নিয়ে বিস্তারিত আলোচনার অবকাশ পাওয়া যাবে। সময়ের স্বল্পতার জন্ম যদি আলোচনাকে সংক্ষেপ করতে হয় কিংবা আলোচনাকে অর্ধ পথেই স্থগিত রাখতে হয় তবে মতদৈধতাপূর্ণ বিষয় নিয়ে আলোচনার প্রকৃত উদ্দেশ্যই ব্যাহত হবে। কারণ এমন প্রসদ্ধের অবতারণার অর্থ ই হ'ল প্রসন্ধান বিভিন্ন দিক সম্পর্কে শিক্ষার্থীদের অবাধ পর্যালোচনার স্থযোগ দেওয়া।

॥ পঞ্চমতঃ ॥ এমন মতদ্বৈধতাপূর্ণ প্রানদ্ধই আলোচনার জন্ম গৃহীত হবে যে সম্পর্কে তথ্য সংগ্রহ কঠিন নয়। তথ্যের অপ্রাচ্র্য থাকলে বিষয়টিকে নানা দিক থেকে বিচার করা যাবে কি করে? তাই তথ্যের সহজ লভ্যতা হবে মতদ্বৈধতাপূর্ণ বিষয় নির্বাচনের একটি মানদণ্ড।

# ॥ মতদ্বৈধতাপূর্ণ প্রসঙ্গের প্রকার ভেদ॥

ইতিহাদে আমর। যত মতহৈধতাপূর্ণ প্রদন্ধ দেখি দেগুলিকে দাধারণভাবে তিনটি শ্রেণীতে বিভক্ত করা যায়। যথা:

- (ক) তথ্য সম্পর্কীত মতবৈধতা,
- (খ) তথ্যের গুরুত্ব সম্পর্কীত মতহৈধতা,
- (গ) তথ্যের বিশ্লেষণ সম্পর্কীত মতদেখতা।

এই শ্রেণীভাগের দ্বিতীয় ও তৃতীয় প্রায় একই পর্যায় ভূক্ত। কেননা তথ্যের শুরুত্ব বিচার তো প্রকৃতপক্ষে তথ্যের বিশ্লেষণ প্রক্রিয়ার উপরই নির্ভর করে।

### ॥ তথ্য সম্পৰ্কীত মতদৈধতা॥

এই ধরনের মতহৈধতার কারণ হয় তথ্যের অপ্রতুলতা, নতুবা সংগৃহীত তথ্যের সভ্যতা বা বিশ্বস্ততা সম্পর্কে সংশয়। উদাহরণ হ'ল, আর্যদের আদি বাসস্থান। এ নিয়ে ঐতিহাসিকদের বিতর্ক দীর্ঘকালের। কারণ এই বিষয়ে প্রত্যক্ষ তথ্যাবলীর অভাব। এ সব ক্ষেত্রে কর্তব্য হ'ল, যে মতটি তুলনামূলকভাবে অধিকতর গ্রহণযোগ্য তার উপরই গুরুত্ব দিতে হবে এবং মতটি গ্রহণের পক্ষে যুক্তিগুলিকে বিশ্লেষণ করতে হবে। যদি দেখা যায় যুক্তিগুলি যথেষ্ট শক্তিশালী নয় তা হলে শিক্ষক কেবলমাত্র নৈর্বজ্ঞিকভাবে বিষয়টি আলোচনা করে দেবেন।

## ॥ তথ্য বিশ্লেষণ সম্পৰ্কীত মতবৈধতা ॥

এটি একটি অত্যস্ত জটিল ক্ষেত্র। কেননা সকল ঐতিহাসিক একই বৈজ্ঞানিক পদ্ধতি অনুসরণ করেছেন, তা কথনোই সম্ভব নয়। আবার তা করলেও সবাই একই সিদ্ধান্তে উপনীত হবেন এটাও বলা চলে না।

প্রথমত: এক্ষেত্রে অবৈজ্ঞানিক পন্থা অনুস্ত যে কোন সিদ্ধান্ত নির্দিধায় বাতিল করতে হবে। দিতীয়ত: অন্ধ সংস্কার বশে গৃহীত সিদ্ধান্তও গ্রহণ করা চলবে না। তৃতীয়ত: লক্ষ্য করতে হবে তথ্যের বিশ্লেষণে পটভূমিকা কি। সংকীর্ণ দৃষ্টিকোণ কথনো স্বত্যিকারের ইতিহাসের সন্ধান পায় না।

অতএব কোন একটি সিদ্ধান্ত নিয়ে শ্রেণীকক্ষে আলোচনাকালে এইসব দিকগুলি আমাদের বিচার বিবেচনা করে দেখতে হবে।

### ॥ মতদৈধতাপূৰ্ব প্ৰসঙ্গ আলোচনা পদ্ধতি॥

মতবৈধতাপূর্ণ প্রসঙ্গ নিয়ে আলোচনাকালে শিক্ষকেরই পাণ্ডিত্য ও দক্ষতার প্রয়োজন সর্বাধিক।

এ ধরনের প্রসঙ্গ নিয়ে আলোচনার আগে তিনি একটি পূর্ণান্থ পরিকল্পনা রচনা করে নেবেন।

প্রথমে তিনি বিষয়টি সম্পর্কে শিক্ষার্থীদের যতটা সম্ভব আগ্রহশীল করে তুলবেন, এবং বিষয়টির ঐতিহাসিক গুরুত্ব কতথানি সে সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করে তুলভে উল্যোগী হবেন।

তারপর তিনি বিষয়টি সম্পর্কে মতহৈধতা কোথায় কোথায় তা তিনি স্পষ্ট করে: বলবেন। এইবার তিনি মতহৈধতা দূর করার জন্ম বিভিন্ন তথ্যাবলীর সন্ধান দেবেন এবং শিক্ষার্থীগণ যেন স্বতঃপ্রণোদিত হয়ে সেইসব তথ্যাবলীর বিচার বিশ্লেষণে তৎপর হয় সেদিকে তৎপর হবেন। তৃতীয় স্থরে শিক্ষক মতবৈধতা সম্পর্কে বিভিন্ন ঐতিহাসিকদের মতামত উদ্ধত করবেন এবং তাঁরা কি কি যুক্তিতে নিজ নিজ সিদ্ধান্ত গ্রহণ করেছেন তা ব্যাখ্যা করবেন। এ স্থরে শিক্ষার্থীদের কতকগুলি ছোট ছোট দলে বিভক্ত করে প্রতিটি দলের উপর পৃথক পৃথক কাজের ভার ক্যান্ত করা যেতে পারে।

সর্বশেষে হ'ল সিদ্ধান্ত গ্রহণ। এটি সত্যিই একটি কঠিন কাজ। কেন না, "Drawing conclusion is basically a skill in reaxoning. It involves the ability to relate a collection of fact to each other and draw generalizations." শিক্ষককে এই স্থারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। নানাবিধ প্রাধ্যে তিনি শিক্ষার্থীদের সঠিক সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করবেন।

### ॥ দশম অধ্যার॥

## ইতিহাসের অভীক্ষা ও মূল্যায়ন

#### া বিষয় সংকেত।

স্ক্রায়নের প্রয়োজন—স্ক্রায়নের বিভিন্ন
পদ্ধতি—স্ক্রায়ন পদ্ধতির সাধারণ
শ্রেণী বিভাগ—রচনাধর্মী পরীকা—
নৈর্বজ্যিক পরীক্ষা—ইডিফাসে অজিত
জ্ঞানের পরীক্ষা।

.....in evaluation the emphasis is upon broad personality changes and major objectives of educational programme." W. S. Monroe.

"Teaching provides the opportunities for the pupil to achieve the objectives laid down and evaluation seeks to determine to what degree these objectives are being achieved."

### ॥ মূল্যায়নের প্রয়োজন ॥

অন্যান্ত বিষয়ের মত ইতিহাস পাঠেরও তাংপর্য হ'ল, শিক্ষার্থীগণ কিছু জামুক, কিছু কম্বক এবং কিছু হোক। কিন্তু এটি হ'ল একটি সং ও আন্তরিক অতীপা। তাই তারা স্বত্যি কিছু জানলো কি না, করলো কি না এবং হ'ল কি না, প্রয়োজন হ'ল তা যাচাই করে দেখার।

কিন্তু এই যাচাই করে দেখার কাজটি হ'ল একটি কঠিন কাজ। যেহেতু ইতিহাদ পাঠের মধ্যদিয়ে শিক্ষার্থীগণের কাছে অনেক কিছুই আমরা প্রত্যাশা করি সেইহেতু সেই প্রত্যাশার পরিণতি জানার পন্থাও বহুবিধ। এইদব বহুবিধ মূল্যায়ন কি? পন্থাকে আমরা এক কথায় বলতে পারি মূল্যায়ন। "It indicates all kinds of efforts and all kinds of means to ascertain the quality, value and effectiveness of the desired outcomes."

মৃল্যায়নের কান্ধ ত্রিধারায় বিভক্ত। প্রথমে, ইতিহাদ পাঠের উদ্দেশু স্বস্পটভাবে নির্দেশ করতে হবে।

দ্বিতীয়, এইদব উদ্দেশ্যের মাধ্যমে শিক্ষার্থীদের কি কি আচরণগত পরিবর্তন আশা করি তা স্থির করতে হবে।

কার ৩। । ২ম সমত বিষয় তিন্তুর পরিবর্তন সাধিত হ'ল কি না তা পরীক্ষার জ্ঞা বিভিন্ন তৃতীয়, এই দ্ব আচরণগত পরিবর্তন সাধিত হ'ল কি না তা পরীক্ষার জ্ঞা বিভিন্ন ধরনের পদ্ধতি প্রয়োগ করতে হবে।

তা হলে ব্যাপক অর্থে শিক্ষার যে লক্ষ্য তার বাস্তবায়ণে কতটা সাফল্য অজিত,

হ'ল, কোখায় কোখায় ব্যর্থতা অতিক্রম করা গেল না তার পরিমাপই হ'ল মূল্যায়ন শুধু এই নয়। কেবল সাফল্য বা ব্যর্থতা পরিমাপ করলেই সঠিক মূল্যায়ন হ'ল না, সঙ্গে সঙ্গে শিক্ষা পদ্ধতির কোখায় কোখায় পরিবর্তন প্রয়োজন সে সম্পর্কেও পথের নির্দেশ পাওয়া যায় মূল্যায়নের মধ্য দিয়ে।

### । যুল্যায়নের বিভিন্ন পদ্ধতি।

মূল্যায়নের বিভিন্ন দিক রয়েছে। যূল্যায়নের মধ্য দিয়ে ধেমন শিক্ষার্থীর বিষয়গত জ্ঞান যাচাই করতে চাই তেমনি শিক্ষার্থীর আচরণগত পরিবর্তনও পরিমাপ করতে চাই। এ কারণে যূল্যায়নে আমাদের বছবিধ পদ্ধতি অনুসরণ করতে হয়। যেমনঃ

(এক) শ্রেণীতে বা শ্রেণীর বাইরে শিক্ষক শিক্ষার্থীদের ব্যক্তিগতভাবে বা সমষ্টিগত-ভাবে সম্বত্ন নজর রেথে তাদের বিভিন্ন আচরণগত পরিবর্তন লক্ষ্য করতে পারেন।

(ছই) শিক্ষার্থীদের সঙ্গে সাক্ষাৎকারের মাধ্যমেও তাদের মূল্যায়ন করা যেতে পারে।

(তিন) শিক্ষার্থীগণ নিজেরাই নিজেদের অগ্রগতি সম্পর্কে অভীক্ষা চালাতে পারে।

(চার) বিভিন্ন ক্ষেত্রে বিশেষজ্ঞ প্রীক্ষকমগুলীর দ্বারা মূল্যায়ন করা ধেতে পারে।

(পাঁচ) শিক্ষার্থীদের প্রাত্যহিক কর্মের দিনলিপি রাথার নির্দেশ দিয়ে সেই দিনলিপিগুলি থেকেও তাদের পরিমাপ করা ধেতে পারে।

(ছয়) রচনাধর্মী পরীক্ষা বা সংক্ষিপ্ত উত্তর লিখন পরীক্ষা বা নৈর্বক্তিক পরীক্ষার মাধ্যমেও মৃল্যায়ন হতে পারে।

(সাত) শিক্ষার্থীদের গঠনযুলক কাজের মধ্য দিয়েও তাদের পরিমাপ করা যেতে

এ ছাঙ্গাও আরও অনেক পদ্ধতি ব্যবহৃত হতে পারে। তবে কথন কোন্ পদ্ধতি ব্যবহৃত হবে তা নির্ভর করে কি উদ্দেশ্যে মৃল্যায়ন করা হবে তার উপর। ইতিহাস পাঠের মধ্য দিয়ে যেমন শিক্ষার্থীর বিষয়গত জ্ঞান সম্প্রসারণ করতে চাই, তেমনি তার আচরণগত পরিবর্তনও জ্রান্থিত করতে চাই। এইসব বহুবিধ উদ্দেশ্যের মূল্যায়নের জন্ত আমাদের বহুবিধ পদ্ধা অনুসরণ করতে হয়।

# ॥ মূল্যায়ন পদ্ধতির সাধারণ শ্রেণী বিভাগ॥

অন্যতম মূল্যায়ন পদ্ধতি হ'ল লিখিত পরীক্ষা। এই লিখিত পরীক্ষাকে আমরা তিনভাগে ভাগ করে নিতে পারি। যেমন: রচনাধর্মী পরীক্ষা, সংক্ষিপ্ত উত্তর লিখন পরীক্ষা, ও নৈর্বজ্ঞিক পরীক্ষা।

### ॥ রচনাধর্মী পরীক্ষা॥

### ■ Essay-type Test ||

এই ধরনের পরীক্ষায় শিক্ষার্থীদের আট বা দশটি প্রশ্নের মধ্যে পাঁচ বা ছয়টি প্রশ্নের উত্তর লিখতে বলা হয়। এই পরীক্ষার সাহায্যে শিক্ষার্থীর বিষয়গত জ্ঞান কতটা হ'ল, অজিত জ্ঞানকে তারা স্থন্ম বিচার-বিশ্লেষণের মধ্যদিয়ে যুক্তি সহকারে প্রকাশ করতে পারে কি না তা পরীক্ষা করা সম্ভব হয়। প্রাকৃতপক্ষে এই ধরনের পরীক্ষায় শিক্ষার্থীকে মূলতঃ তার স্মরণশক্তির উপরই নির্ভর করতে হয়।

## ॥ রচনাধর্মী পরিক্ষার স্থবিধা।

॥ প্রথমত: ॥ এই পরীক্ষার সাহাষ্যে শিক্ষার্থীর বিষয়গত জ্ঞান এবং সেই জ্ঞানের সঙ্গে ঐতিহাসিক বিধি প্রয়োগে তার কতটা দক্ষতা অজিত হয়েছে তা পরীক্ষা করা সম্ভব হয়।

॥ দ্বিতীয়ত: ॥ এই পরীক্ষা শিক্ষার্থীর চিন্তাশক্তি এবং তার যুক্তিবাদী মানসিকতা বিকাশে সাহায্য করে। ফলে শিক্ষার্থীর চিন্তাশক্তিতে কোন বিচ্চাতি থাকলে কিংবা চিন্তাধারায় অস্বচ্ছতা থাকলে তা এই পরিক্ষা স্বস্পাইভাবে নির্দেশ করে দেয়।

॥ তৃতীয়ত: ॥ রচনাধর্মী পরীক্ষা শিক্ষার্থীদের গভীর ও সূক্ষ্মভাবে অধ্যয়নের প্রবণতাকে উৎসাহিত করে।

॥ চতুর্থতঃ ॥ মতদৈধতা মূলক প্রসঙ্গ সম্পর্কে শিক্ষার্থী তার বক্তব্য পরিষ্কার ভাবে তুলে ধরতে পারে এই ধরনের পরীক্ষায়।

Bean ব্ৰেছেৰ, "Perhaps the most important reason for obtaining essay items in appropriate setting or Context, in school or personnel examinations is that no substitute has been found that will evaluate the qualitative aspects of verbal expression of thought."

# ॥ রচনাধর্মী পরিকার অসুবিধা।।

॥ প্রথমতঃ ॥ ইতিহাসের বিপুল পাঠ্যক্রমের সমগ্র অংশ সম্পর্কে শিক্ষার্থীর বিষয়গত জ্ঞানও এই রচনাধর্মী পরীক্ষার পক্ষে যাচাই করা সম্ভব নয়।

॥ বিতীয়ত: ॥ রচনাধর্মী পরীক্ষার সঙ্গে এমন কতকগুলি উপাদান জড়িয়ে আছে যার সঙ্গে ইতিহাসের কোন সম্পর্ক নেই। ধেমন, বানানের শুদ্ধতা, হাতের লেখা, ভাষা-জ্ঞান ইত্যাদি। রচনাধর্মী পরীক্ষার পরীক্ষক কখনো এইসব উপাদানগুলিকে অগ্রাহ্ম করতে পারেন না।

॥ তৃতীয়ত: ॥ রচনাধর্মী পরীক্ষার মূল্যায়ন একটি চিরকালীন
সমস্যা। কারণ "The essay is an intricate mental product which can be
analysed in a variety of ways and yet can never be
ক্লাায়নের সমস্তা
analysed Completely." এখানে পরীক্ষক প্রকৃতপক্ষে নিজস্ব
চিস্তা-চেতনা ও বিচারবাধ দারা পরিচালিত হন। মূল্যায়নেও ব্যক্তিসাপেক্ষতা এত
বেশী কার্যকরী যে একজন পরীক্ষক হয়তো নিজেরই পরীক্ষিত উত্তর পত্র কিছুদিন
বাদে পূন্বার মূল্যায়ন করতে গিয়ে নিজেই নিজের বিরোধিতা করবেন।

ইতি-শিক্ষণ-->>

। চতুর্থতঃ । এই পরীক্ষা গ্রহণ ব্যবস্থা এবং এর মূল্যায়ন পদ্ধতি উভয়েই বিশেষ সময় সাপেক্ষ। তব্ও এই পরীক্ষার মাধ্যমে সঠিক মূল্যায়ন সম্ভব নয়।

া পঞ্চমতঃ । অল্প কয়েকটি বিষয় অধ্যয়ন করে এবং এর থেকেই প্রশ্ন রচিত হলে শিক্ষার্থী অল্প আয়াদে অধিক দাফল্য লাভ করতে পারে। অন্তদিকে একটি সত্যিকারের জ্ঞানী শিক্ষার্থী এই আকস্মিক সুযোগ না পেলে নিজের জ্ঞানের পরিচয় দিতে পারে না।

এসৰ কারণেই রাধাকুঞ্চণ কমিশন রচনাধ্যী প্রীক্ষা সম্পর্কে নিছিধায় বলেছেন, "It has usually no clearly defined purpose; it is therefore, invalid. Its sampling is very arbitrary and limited; it is, therefore, inadequate. Its scoring is subjective and, therefore, not reliable."

### ।। সংক্রিপ্ত উত্তর লিখন পরীক্ষা ।।

|| Short Answer type test ||

এই পরীক্ষায় ছোট ছোট প্রশ্ন করা হবে এবং প্রতি প্রশ্নের স্থনির্দিষ্ট উত্তর দিতে হবে। এই পরীক্ষার স্থবিধে হ'ল অল্প সময়ে বিস্তৃত বিষয়ের উপর শিক্ষার্থীর জ্ঞান পরীক্ষা করা চলে। বিশেষ করে নিম্ন শ্রেণীতে এই ধরনের পরীক্ষা বিশেষ কার্যকরী।

### ॥ নৈৰ্বক্তিক পরীকা॥

1 Objective test II

প্রতিটি শিক্ষার্থীর সমগ্র মানসিকতার বিভিন্ন দিক সম্পর্কে অন্তুসদ্ধান করাই হ'ল নৈর্বজিক পরীক্ষার মৌল উদ্দেশ্য। এই ধরনের পরীক্ষার সাহায্যে শিক্ষার্থীর অগ্রগতি, তার অক্ষমতা, তার সাফল্য তার বিফলতা তার মানসিক প্রবণতা স্বকিছুই স্থম্পটভাবে বিচার করা যায়।

# ॥ নৈর্বক্তিক পরীক্ষার সূবিধা ॥

প্রথমত: এই পরীক্ষার মাধ্যমে বিষয়বস্ত প্রায় সমগ্র অংশ সম্পর্কে শিক্ষার্থী কতটা জ্ঞান অর্জন করলে। তা যাচাই করা যায়।

দিতীয়তঃ **এই পরীক্ষার মূল্যায়নে ব্যক্তি সাপেক্ষতার কোন স্থান** নেই। কেননা এখানে মূল্যায়নের নির্দেশনা হ'ল স্কুম্পন্ট এবং স্থনিদিষ্ট। ফলে পরীক্ষকের ব্যক্তিগত অভিক্ষচির কোন ভূমিকা এখানে নেই।

তৃতীয়তঃ বেহেতু পরীক্ষার্থীর উত্তর এই পরীক্ষায় স্থনিদিষ্ট এবং অত্যস্ত সংক্ষিপ্ত দেইহেতু অকারণ সময়ের অপব্যবহারের কোন স্তুযোগ এখানে নেই।

চতুর্যতঃ এই প্রীক্ষা বিচারহীন বিবেচনাহীন অদ্ধ মুখস্থ বিভাবে কথনো উৎসাহিত করে না। পঞ্চমতঃ **এই পরীক্ষায় বিভিন্ন পদ্ধতি প্রয়োগ করে শিক্ষার্থীর** মানসিকতার বিভিন্নদিক সম্পর্কে অনুসন্ধান করা যায়। এই অনুসন্ধানের ভিত্তিতে শিক্ষার্থীর পরবর্তী ক্রমবিকাশে সঠিক নির্দেশনা দেওয়া যায়।

ষষ্ঠত: প্রকৃত ঐতিহাসিক জ্ঞানকে প্রচ্ছন্ন রেখে বাইরের চমৎকারীত্ব দিয়ে পরীক্ষককে বিভ্রান্ত করার স্থযোগ এই পরীক্ষায় নেই। এটা হতেই পারে শে একজন শিক্ষার্থীর হয়তো বিষয়গত জ্ঞান ভাল বহিরক্ষের প্রাধান্ত নেই। কিন্তু সে তার হাতের লেথার সৌন্দর্য দিয়ে, ভাষা বর্জিত জ্ঞানের উৎকর্ষতা দেখিয়ে, রচনাশৈলীর সাবলীলতা দিয়ে পরীক্ষককে বিভ্রান্ত করে ভাল নম্বর পেয়ে গেল। কিন্তু নৈর্বজ্ঞিক পরীক্ষায় এমন সম্ভাবনার স্থযোগ আদৌ নেই।

### ॥ নৈর্ব ক্তিক পরীক্ষার অসুবিধা ॥

ইতিহাসের মূল্যায়নে নৈণজিক পরীক্ষার স্বচেয়ে বড় অস্থ্রবিধা হ'ল, শিক্ষার্থীর ঐতিহাসিক চেতনা কতটা বিকশিত হ'ল তা পরিমাপ করা যায় না। ঐতিহাসিক চেতনা বলতে আমরা বুঝি শিক্ষার্থীর তথ্য সংগ্রহের ক্ষমতা, ঐতিহাসিক চেতনার । সংগৃহীত তথ্যাবলী, বিচার বিশ্লেষণ করার ক্ষমতা, বিচার-বিশ্লেষণ পরিমাণ হয় না লক্ষ ফলশ্রুতি বর্ণনা করার ক্ষমতা। অথচ এই দিকটি বাদ দিলে কথনোই ইতিহাসের স্বাক্ষ স্থায়ন হতেই পারে না।

### ॥ নৈর্বক্তিক পরীক্ষার কয়েকটি নযুনা।।

আমরা আগেই বলেছি, বহু রকম নৈর্বক্তিক পরীক্ষা হতে পারে। এথানে আমরা কয়েকটি নম্না দিলাম:

### ॥ সম্পূর্ণকরণ পরাক্ষা॥

|| Completion Test ||

এই পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীর স্মরণশক্তির যাচাই হতে পারে। যেমন:
নির্দেশঃ শৃত্য স্থান পূর্ণ কর:—

- (ক) প্রথম পানিপথের যুদ্ধ হয়েছিল—স**লে**—।
- (খ) ভারতীয় জাতীয় কংগ্রেদ প্রতিষ্ঠায় উত্যোগী হন একজন ইংরেজ, নাম-।
- (গ) মৌর্য বংশের প্রতিষ্ঠাতা হলেন—।

# ॥ সঠিক নির্বাচনী অভীক্ষা॥

II Multiple Choice Test II

এই পরীক্ষার মাধ্যমে,শিক্ষার্থী কতটা বিষয়গত জ্ঞান অর্জন করেছে তা যাচাই করা যায়। ষেমনঃ নির্দেশঃ নীচের বক্তব্যগুলির পাশে কতকগুলি উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরটিতে টিক্ চিহ্ন বসাও।

- ১। স্থলতান মামুদ ভারত আক্রমণ করেছিলেন। কারণ,
  - (क) আরও এশ্রুর্য তিনি চেয়েছিলেন।
  - (খ) ভারতে মুসলমান সাম্রাজ্য খাপনই ছিল তাঁর লক্ষ্য।
  - (গ) তিনি হিন্দু রাজাদের শক্তি থর্ব করতে চেয়েছিলেন।
- ২। হিউয়েন সাঙের সঙ্গে পরিচয়ের আগে হর্ধবর্ধন ছিলেন, শাক্ত, বৌদ্ধ, জেন, শৈব।

এই অভীক্ষা নিৰ্মাণ সম্পৰ্কে কয়েকটি সতৰ্কতা:--

প্রথমতঃ প্রতিটি বক্তব্যের দঙ্গে অন্ততঃ চারিটি করে বিকল্প উত্তর দেওরা উচিত। নতুবা শিক্ষার্থীগণ অন্নমান করে উত্তর দিতে প্রণোদিত হবে। আবার পাচের বেশী বিকল্প থাকলে তাদের অকারণে বেশী পড়তে হবে।

দিতীয়তঃ বিকল্পগুলি যেন বক্তব্যের সঙ্গে অসংগতি পূর্ণ বা বিজাতীয় না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।

তৃতীয়তঃ বিকল্পগুলি সংক্ষিপ্ত ও যথায়থ হওয়া বাঞ্নীয়।

চতুর্থতঃ সঠিক উত্তরটি যেন স্পষ্ট হয়। সঙ্গে এমন কোন বিকল্প থাকা উচিত নয় যাতে অকারণ সংশয় সৃষ্টি হতে পারে।

### ॥ সত্য-মিধ্যা নিৰ্ণায়ক অভীক্ষা ॥

Il True & False Test II

এই ধরনের অভীকার স্বচেয়ে বড় সীমাবদ্ধতা, হ'ল, উচ্চ মেধাসম্পন্ধ যারা তাদের এখানে নিজস্ব মেধাশক্তির পরিচয় দেবার কোন অবকাশ নেই। তা ছাড়া কোন ভূল উত্তর একবার শিক্ষার্থীর মনের ভেতর গেঁথে গেলে, পরবর্তীকালে তা দূর করা খুবই কঠিন। যাই হোক এই ধরনের অভিকার নমুনা:

নির্দেশ: নীচের বাক্যগুলির মধ্যে যেগুলি ঠিক তার পাশে টিক (√) চিহ্>, বে গুলি ভুল তার পাশে ক্রশ (×) চিহ্ন বসাও।

- (क) হিন্দুধর্মের মধ্যেই বৌদ্ধধর্মের উৎপত্তির বীজ নিহিত ছিল।
- (খ) বৌদ্ধ রাজাগণ অহিংসা ধর্ম প্রচার করেছিলেন।
- (গ) ষীশু বুদ্ধদেবেরও আগে জন্মছিলেন।

## ॥ ঘটনাক্রম অভীক্ষা ॥

II Sequence of Eevnts Test II

এই অভীক্ষায় শিক্ষার্থীর সময়-চেতনা যাচাই করার উদ্দেশ্যে বিভিন্ন ঘটনাবলীকে সময়াহক্তম অন্তুসারে সাজাতে বলা হয়। যেমনঃ নির্দেশ: নীচের গটনাগুলিকে যার পরে খেটি ঘটেছিল সেই অমুসারে সাজাও।

- (ক) ক্রাপস মিশন। (থ) তৃতীয় পানিপথের যুদ্ধ। (গ) পলাশীর যুদ্ধ।
- (प) জালিয়ানাওয়ালাবাগের হত্যাকাণ্ড (ঙ) মর্লে-মিন্টো সংস্কার।

## ॥ সামঞ্জশ্ত-সাধন অভীকা॥

### || Matching Test ||

এই অতীকায় তুইটি পৃথক স্তম্ভে বিষয় ও উত্তর লিখিত থাকে। শিক্ষার্থীদের উপযুক্ত বিষয়ের সঙ্গে সঠিক উত্তরটির সামঞ্জপ্ত সাধন করতে বলা হয়। ষেমন 'ক' স্তত্তে কতকগুলি ঘটনা আছে। 'থ' স্তপ্তে আছে কয়েকটি নাম। 'ক' স্তম্ভের ষ্টনার সঙ্গে সম্পর্কযুক্ত 'থ' স্তন্তের নামগুলি মেলাও।

	114		'থ' স্তম্ভ
'ক'	স্তম্ভ		
NI.	প্লাশীর যুদ্ধের নায়ক	>	ঝাঁদীর রাণী
- 1	- C	2.1	মহাত্মা গান্ধী
₹	শ্বত্ব বিলোপ নীতি		
10	সিপাহী বিদ্রোহের বীর রমণী		রবার্ট ক্লাইভ
	অসহযোগ আন্দোলন	8 (	লর্ড কর্মওয়ালি
8	विश्वरद्धारा जात्याचाच		

# । ইতিহাসে অক্সিত জ্ঞানের অভীক্ষা।

## Achievement Test in History

সাম্প্রতিককালে বর্তমান পরীক্ষা গ্রহণ ব্যবস্থা সম্পর্কে সমালোচনা সর্বত্রই সমভাবে স্থতীব্র। রচনাধর্মী পরীক্ষা সম্পর্কে তো কথাই নেই। অথচ ইতিহাস এমন একটি বিষয় বেখানে বক্তবাকে পরিফ্ট করার প্রয়োজনে অংশতঃ রচনাশ্রয়ী হওয়া ছাড়া পতান্তর নেই। ফলে একদিকে রচনাধর্মী পরীক্ষার বিরুদ্ধে আপোষ্হীন মনোভাব, অগুদিকে ইতিহাস নামক বিষয়টির নিজস্ব প্রব্যোজন—এই বৈপরীত্যের মধ্যে সমন্বয়সাধন একান্তই জরুরী।

এই জ্বন্ধী প্রয়োজন মেটানোর তাগিদে সম্প্রতি ইতিহাসে অর্জিত জ্ঞানের প্রীক্ষা বা Achievement Test এর গুরুত ক্রমশংই বৃদ্ধি পাচ্ছে এবং এ ধরনের অভীক্ষাকে অধিকতর কার্যকরী করে তোলার উদ্যোগ আরম্ভ হয়েছে।

প্রকৃতপক্ষে এ ধরনের অভীক্ষাকে সতি্য সতি্যই কার্যকরী করে তুলতে হলে আমাদের কয়েকটি দিকে সতর্ক থাকতে হবে।

 প্রথমতঃ। এই অভীক্ষায় প্রশ্নপত্র এমনভাবে য়চিত হবে যেন তা শিক্ষা-দানের যে লক্ষ্য স্থিরীকৃত তারসঙ্গে সংহতি রক্ষা করে।

। দ্বিতীয়তঃ। প্রশ্নপত্র যেন সমগ্র বিষয়-বস্তু সম্পর্কে শিক্ষার্থী কতটা ফান অর্জন করলো তা পরিমাপের দহায়ক হয়।

। তৃতীয়তঃ। প্রশ্নপত্র রচনার পদ্ধতি হবে প্রয়োজন ভিত্তিক।

প্রয়োজন বলতে বুঝায় শিক্ষার উদ্দেশ্য ও বিষয়-বস্তু সম্পর্কীত জ্ঞানের পরীক্ষা। তাই প্রশ্নপত্র রচনাধর্মী হতে পারে আবার নৈর্বক্তিকও হতে পারে। তবে উভয় পদ্ধতির সম্মিলন হওয়াই বাঞ্ছণীয়।

। চতুর্যতঃ । প্রশ্নপত্রের ভাষা হবে সহজ, সাবলীল এবং দ্বর্থহীন। শিক্ষার্থীদের ব্ঝার পক্ষে যেন কোন অম্ববিধা না হয় এমনভাবে প্রশ্ন রচিত হবে।

। পঞ্চমতঃ । প্রাণ্ণতের উল্লিখিত সমস্যা যেন শিক্ষার্থীর সক্ষমতার আয়তাধীন হয়। ধনাবশ্রক জটিল সমস্যার সম্থীন করে শিক্ষার্থীদের অকারণে বিভ্রাস্ত করা একাস্তই যুক্তিহীন।

। ষষ্ঠতঃ । বিভিন্ন প্রশ্নের মান নির্ধারণও যেন স্কুবিবেচনা প্রসূত হয়। বেমন প্রতি প্রশ্নের মান নির্ধারণকালে যে তিনটি দিকে আমাদের লক্ষ্য রাথা উচিত তা হ'ল:

- (ক) বিষয় বস্তু সম্পর্কে জ্ঞান—এ কারণে মোট নম্বরের ৬০% শতাংশ দেওয়া ষেতে পারে
  - (খ) অজিত জ্ঞানের প্রয়োগ—এ কারণে ২০% নির্বারিত হইতে পারে।
- (গ) বৃদ্ধিবৃত্তির বিকাশ এবং আচরণগত পরিবর্তন--এ কারণে নির্ধারিত অবশিষ্ট ২০%।

। সপ্তমতঃ । প্রশ্নের উত্তরদানের জন্য প্রয়োজনীয় সময় দিতে হবে কিংবা নির্বারিত সময় অমুপাতে প্রশ্নপত্র রচনা করতে হবে।

। অষ্ট্রমতঃ । প্রশ্নপত্তে উপযুক্ত সংখ্যক বিকল্প প্রশ্নের সংস্থান রাখতে হবে। নৈর্বজ্ঞিক প্রশ্নে বিকল্প নাও থাকতে পারে। কিন্তু রচনাধর্মী পরীক্ষায় বিকল্প প্রশ্ন থাকা একান্তই ব্দক্রী।

■ নবমতঃ ॥ এই অভীকার সঠিক মৃল্যায়নের জন্ম প্রাথ্রপত্র-রচয়িত। প্রাথ্র-পত্রের একটি উত্তর সংকেত ও রচনা করবেন এবং কেমন উত্তর হলে কেমন ফ্ল্যায়ন হবে তারও একটি নির্দেশ নামা দেবেন।

# ইভিহাস শিক্ষণ পদ্ধতি

# দ্বিতীয় পর্ব

বিষয়-বস্ত [CONTENT]

#### ধ বিষয় বস্তু॥

পশ্চিমবঙ্গের মাধামিক বিভালয়ে ইভিহাদের বে নতুন পাঠ্যক্রম নির্দেশিত হয়েছে তার পূর্ণাঙ্গ আলোচনা এই পর্যায়ে আর সম্ভব নয় কেবলমাত্র বইথানি বিপুল আয়তনের হয়ে যাবার 'আশংকায়' কথা চিন্তা করেই ১

তবুও বিষয়-বন্ধ সম্পর্কীত কিছু আলোচনা অধু প্রাসঙ্গিক-ই নয়, অপরিহার্যও, বিশেষ করে যে দৃষ্টিভঙ্গী নিয়ে নতুন পাঠাক্রম রচিত হয়েছে সেই দৃষ্টিভঙ্গীর ভাগিদেই।


তাই ভারতবর্ধের ইতিহাসের করেনটি অধ্যারের উপর আলোচনা এইনকে সন্ত্রিবেশিত হ'ল। এই অধ্যায়গুলি নির্বাচনে ঘটি দিকে লক্ষ্য রাধা হয়েছে। তা হ'ল নতুন পাঠ্যক্রমের নতুন দৃষ্টিভক্ষী এবং ভারতবর্ধের ইতিহাসের সাম্প্রতিক গবেষণার ফলশ্রুতি। আলোচনাগুলি পাঠ করলেই লক্ষ্য ঘটি শুষ্ট হবে আশা করা যায়।

ধেহেতু বিষয়বস্থা নম্পর্কে পূর্ণাঙ্গ আলোচনা সম্ভব হ'ল না, সে কারণে শিক্ষক বৃন্দের কাছে অমুরোধ, তাঁরা যেন নিদেন পক্ষে নীচে উল্লিখিত বইগুলি হাতের কাছে পাবার চেষ্টা করেন :

- (ক) তিন থণ্ডে বঙ্গ দেশের সমগ্র ইতিহাস
   ডঃ রমেশ চন্দ্র মজুমদার
- (খ) ভারতীর বিছাভবন প্রকাশিত ডঃ কে. এ.

  মুন্দী সম্পাদিত ভারতের ইতিহাদের

  বিভিন্ন থঞ্জলি।
- (গ) পেকুইন দিরিকে হুইণতে A History of India vol. I by Romila Thapar এবং vol. II by Percival Spear.



### ॥ সিন্ধু সভ্যতা॥

। ভূমিকা। ১৯২২ সালের পূর্ব পর্যস্ত ভারতীয় সভ্যতার প্রাচীনত্ব সম্পর্কে আমাদের কোন স্থনিদিষ্ট ধারণা ছিল না। কিন্তু ঐ সনের ঐতিহাসিক প্রত্নতাত্ত্বিক প্রবেষণালক আবিষ্কার হঠাৎ আলোর ঝলকানির মত ভারতীয় সভ্যতা সম্পর্কে আমাদের সমস্ত অমুমানকে এক বিপন্ন-বিশ্বয়ে স্তন্তিত করে দিয়েছে। জানা গেল, সিন্ধুনদের অববাহিকায় খৃষ্টপূর্ব ৩০০০ বৎসরেরও আগে এক স্থমহান সভ্যতার গোড়া-প্তন হয়েছিল এবং এই স্থত্ত ধরে "India can now lay claim to the honour of being a pioneer civilisation along with Sumer, Babylon, Egypt and Assyria."

### ॥ নগর পরিকল্পনা ॥

সিন্ধু নদের অববাহিকায় প্রধানতঃ মহেঞ্জোদড়ো ও হরপ্পায় এই সভ্যতার বিকাশ হয়েছিল।

মহেঞ্জোদড়োর নগর পরিকল্পনায় সেই প্রাচীন যুগে এমন নৈপুণার পরিচয় পাওয়া গিয়েছে যা আজও বিস্মিত করে। এক ইংরেজ লেখক স্পষ্ট ভাষায় স্বীকারই-করেছেন ষে A visitor at Mahenjodaro "feels himself surrounded by ruins of some present-day working town in Lancashire."

নগরটি ছিল উত্তর-দক্ষিণ ও পূর্ব-পশ্চিমে সমভাবে বিভক্ত। নগরের রাভাগুলি সোজা, প্রস্থে ৯ ফুট থেকে ৩৪ ফুট পর্যস্ত বিস্তৃত, দৈর্ঘে কোন কোন ক্ষেত্রে আধ মাইল। রাস্তার উভয় পার্শে বাড়ী-ঘরগুলি স্থবিক্তম্ব। পয়:প্রণালীর বিজ্ঞান সম্মত ব্যবস্থা। এখনো ধ্বংসাবশেষ দেখে বুঝা ষায়, কোন্গুলি শিল্প-বাণিজ্যকেন্দ্র, কোন্গুলি শিল্পী-কারিগরদের বাসস্থান আর কোন্গুলিই বা ধনীদের অট্টালিকা। ধ্বংসাবশেষ থেকে "The general impression is that of a democratic bourgeois economy as in Crete"

মহেস্কোদড়োর স্থাপত্য কলা হ'ল থ্বই দাধারণ, দরল, এবং বাস্তব প্রয়োজন-ভিত্তিক। স্থামের দভাতার মত আড়ম্বরপূর্ণ মন্দির এখানে নেই আবার মিশ্র দভাতার মত বিশালাকার পিরামিডও এখানে গড়ে ওঠে নি। "The aim in the Indus Valley was to make life comfortable and !uxurious rather than refined or artistic."

হরপ্লা নগরটি ছিল মহেঞ্জোদড়োর তুলনায় বড়। তবে মহেঞ্জোদড়োতে বেমন বহু সংখ্যক কৃপের ব্যবস্থা ছিল, হরপ্লায় তা ছিল না। এ ছাড়া উভয়ের মধ্যে বৈশিষ্ট্যগত পার্থক্য খুব একটা নেই। হরপ্লা নগরের স্বাধিক উল্লেখযোগ্য হ'ল ১৬৯'×১৩৫' পরিমিত বিশালাকার শ্যাগারটি। আরেকটি উল্লেখ্য হ'ল, ছই সারিতে চৌদ্ধটি প্রপ্র সাঞ্জানো শ্রমিকদের বাসগৃহ।

উভয় নগরই ছিল ইটের তৈরী। ইটগুলিও ছিল স্থনিমিত। উভয় নগরে নির্মিত ভবনগুলিকে তিনটি শ্রেণীতে ভাগ করা যায়। যথা বাদগৃহ, বৃহদাকার অট্টালিকা ও স্থানাগার।

বাদগৃহের আকারে ভারতম্য ছিল। তবে প্রত্যেক বাদগৃহে ছিল শয়নকক্ষ, রন্ধনকক্ষ, স্থানাগার এবং কৃপ। প্রত্যেক গৃহের নর্দমার সঙ্গে রান্তার বড় নর্দমার সংযোগ ছিল। আরেকটি বৈশিষ্ট্য হ'ল, "The open court was the basic feature of house planning in the Indus Valley as an Babylon." সিন্ধু সভ্যতার নগর পরিকল্পনার স্বাধিক বিশায়কর অবদান হ'ল, স্বিক্তন্ত পয়ংপ্রণালী ব্যবস্থা। ঐতিহাসিক্ষরতা করেছেন, "The elaborate drainage system is a unique feature of the Indus Valley Civilization, the like of which has not yet been found in any other city of the same antiquity."

ধ্বংসাবশেষে যে সব বিশালাকার অট্টালিকা পাওয়া গিয়েছে, এতকাল পর্যস্ত ধারণা ছিল এগুলি সম্ভবতঃ দেবমন্দির ছিল। বর্তমানে মনে করা হচ্ছে, এগুলি ছিল জন সমাবেশ ক্ষেত্র অথবা উচ্চপদস্থ কর্মচারী, পুরোহিত শ্রেণী সম্মানিত ব্যক্তিদের বাদস্থান।

স্নানাগারের মধ্যে স্বাধিক উল্লেখযোগ্য মহেণ্ডোদড়োর স্নানাগারটি। "The Great Bath which has been taken to be a part of a vast hydropathic establishment is a swimming bath on a scale which would do credit to a modern seaside hotel." সমগ্র স্নানাগারটির আয়তন ছিল ১৮০ × ১০৮ । কেবলমাত্র স্নানাগারটির পরিমান হ'ল ৩৯ × ২৩, গভীরতা ৮'। স্নানাগারটির প্রবেশ পথ ছিল ছয়টি। এই স্নানা ারটি ছিল ঠাণ্ডা জলের। এরই দক্ষিণ পশ্চিম কোণে ছিল উষ্ণ জলের আরেকটি স্নানাগার।

যাই হোক, স্থবিক্তন্ত নগর পরিকল্পনা, পানীয় জলের নিথুত ব্যবস্থাপনা, পয়:-প্রণালীর উন্নত ব্যবস্থা, রান্তায় আলোর বন্দোবন্ত, নগরের শাস্তি রক্ষায় রক্ষীবাহিনীর নিয়োগ – দব মিলিয়ে সিন্ধু সভ্যতা এক অতি আধুনিক পৌর জীবনের পরিচম্ম বহন করছে।

## ॥ সামাজিক ও অর্থ নৈতিক জাবন।

নিঃসন্দেহে সিন্ধু সভ্যতা হ'ল নগর কেন্দ্রিক। তাছাড়া বিভিন্ন পরীক্ষার মধ্য দিয়ে জানা গিয়েছে, মহেজোদড়োতে চার শ্রেণীর মামুষের বদবাদ ছিল। ঘথা: প্রোটো অস্ট্রালিড (Proto-Australoid), মেডিটেরিয়ান (Mediterranean), মন্দোলিড (Mangoloid) এবং এ্যাল্পিনিড (Alpinoid)। এই যে বহু জাতির সম্মেলন হয়েছিল মহেগ্রোদড়োতে তার কারণ হ'ল স্থল ও জ্বল পথে সহজ যোগাযোক ব্যবস্থা। লোকের। কৃষিকাজ জানতো। উৎপন্ন জব্য ছিল যব, গম, ধান, নানা ধরনের ফল। তারা মাছ-মাংস থেত, দুধ পান করতো। তাই পশু পালনের প্রচলন ছিল। গৃহপালিত পশুর মধ্যে ছিল গফ, মহিষ, হাতি, শৃকর ও উট। সম্ভবতঃ ঘোড়ার ব্যবহারও তারা জানতো।

তাদের পোষাক-পরিচ্ছদ সম্পর্কে সঠিক কিছু জানা যায় না। তবে তারা দেহের উপরের এবং নীচের অংশের জন্ম পৃথক পৃথক পোষাক পরিধান করতো। চুলের প্রদাধনে নারী ও পুরুষ উভয়েই ষথেষ্ট সজাগ ছিল। পুরুষদের মধ্যে দাড়ি রাখার প্রচলন ছিল। তারা মেয়ে-পুরুষ উভয়েই সোনা, রূপা, তামার তৈরী নানা রকমের অলংকার ব্যবহার করতো। তারা বিভিন্ন প্রসাধন দ্রব্যপ্ত যে ব্যবহার করতো এমন নজিরও পাওয়া গিয়েছে। নিত্য ব্যবহার দ্রব্যের মধ্যেও তাদের পরিচ্ছন কচিবোধের পরিচয় পাওয়া যায়। গৃহসজ্জার জন্ম আধুনিক আসবাব-প্রেরও প্রচলন ছিল। মার্বেল, বল ও পাশা ছিল তাদের প্রিয় থেলা। তাছাড়া শিকার ও ষাঁড়ের লড়াই ছিল জনপ্রিয় প্রমোদায়্য়্রান। শিশুদের নানা রকম থেলনার ধ্বংসাবশেষ ও পাওয়া গিয়েছে। গরুর গাড়ীই ছিল প্রধান যানবাহন।

ওজন ও পরিমাপের জন্য দন্তবতঃ কিউবিক প্রথার প্রচলন ছিল। আবার এমন সব স্কেল পাওয়া গিয়েছে যা থেকে মনে হয় তারা ফুটের পরিমাপও জানতো।

তাদের ব্যবহৃত নানা ওষুধ পত্রের মধ্যে ছিল শিলাজিৎ নামে একজাতীয় তরল পদার্থ, যা পেটের অঞ্ছতা, বহুনূত্র প্রভৃতি রোগে ব্যবহৃত হয়। তা ছাড়া মাছের কাঁটা, হরিণের শিং নিমগাছের ভাল ইত্যাদির ব্যবহারও ছিল।

তাদের ব্যবহৃত অস্ত্র-শাস্ত্রের মধ্যে ছিল তীর-ধমুক, ছোরা তরবারী, কুঠার ইত্যাদি। এগুলো তামা বা বোঞ্চের নিমিত ছিল।

মহেংগ্রাদড়োর সঙ্গে বহিদেশের যোগাষোগও ছিল দক্ষিণ ও পূর্ব ভারত, কাশ্মীর, মহীশ্র, নীলগিরি পর্বতমালা প্রভৃতি অঞ্জের সঙ্গে যেমন তাদের যোগাযোগ ছিল, তেমনি বাণিজ্যিক যোগাযোগ ছিল স্থমের, মিশর, ক্রীটের সঙ্গেও। বিভিন্ন ধরনের নৌকো ও জাহাজের ধ্বংসাবশেষ থেকেও এ ধারণা বন্ধমূল হয়।

ধ্বংসাবশেষ থেকে মহেঞ্চোদড়োর জনসংখ্যাকে আমরা চার শ্রেণীতে বিভক্ত করতে পারি। যথা: শিক্ষিত শ্রেণী বোদ্ধা শ্রেণী, ব্যবদায়ী ও শিল্পী শ্রেণী এবং সাধারণ শ্রমিক শ্রেণী। শিক্ষিত শ্রেণী বলতে পুরোহিত, চিকিৎসক ও ভবিশ্বৎ বক্তাদের বোঝাত। যাগ্র দেশ রক্ষার দায়িত্ব গ্রহণ করেছিলো তারাই ছিল যোদ্ধা শ্রেণী। স্বর্ণকার কুজকার প্রভৃতি ছিল শিল্পী শ্রেণীভৃক্ত। আর কৃষক মৎসঞ্জীবী, ভৃত্য—এরা ছিল চতুর্থ শ্রেণীভৃক্ত।

#### ॥ भिद्यक्ला ॥

দিরু সভ্যতার শিল্পকলা ওধুমাত্র শিল্পস্থার তাগিদেই গড়ে ওঠে নি। ব্যবহারিক

প্রয়োজনেই শিল্পস্থাষ্ট হয়েছে। তবুও এই সভ্যতার শিল্প নিদর্শন পাওয়া যায় বিভিন্ন স্তিতে, শীলমোহর বা অন্থান্ত জিনিসে।

খনন কার্যের ফলে প্রাপ্ত মূর্তির মধ্যে সর্বাধিক উল্লেখযোগ্য নৃত্যরতা এক নারীর মূর্তি। মূর্তিটি সম্পর্কে একজন ঐতিহাসিক মন্তব্য করেছেন, "Though more impressionistic in style than the stone sculptures, this figure, which is cast in one piece, astonishes one by the ease and naturalness of its posture."

শীলমোহরে খোদিত নানা জন্ত জানোয়ারের চিত্র, যা তাদের অপূর্ব শিল্পচাতুর্যের প্রমাণ দেয়। হরপ্লায় প্রাপ্ত তৃটি মূর্তি ভারতীয় শিল্প সম্পর্কে সাম্প্রতিক মনোভাবকে বিশেষভাবে আলোড়িত করেছে। বলা হয়েছে "In the opinion of emigent art critics, for pure simplicity and teeling nothing to compare with this masterpiece was produced until the great age of Hellas."

এ সময়ের মান্নথেরা ষে বয়ন শিল্পের সঙ্গেও পরিচিত ছিল তার প্রমাণ পাওয়া গিয়েছে। মুৎশিল্পেও ছিল তারা বিশেষ উন্নত। সিন্ধুনদের পলিমাটীর সঙ্গে বালি মিশিয়ে চাকায় ঘুরিয়ে তারা মাটির জিনিদ তৈয়ারী করতো। শীলমোহর নির্মাণেও ত রা ষথেই দক্ষতার পরিচয় দিয়েছে। নানা আকারের শীল সাধারণতঃ নরম মাটি, ইাতির দাঁত ইত্যাদি দিয়ে তৈরী হ'ত। কিন্তু ঠিক কি কাজে এই শীলমোহরগুলি ব্যবহৃত হ'ত তা এখানও নিশ্চিত করে বলা বায় না।

#### वा शर्म ॥

'ধ্বংসাবশেষে এই সময়কার ধর্মীয় জীবন ও ধর্ম সম্পর্কে কোন প্রত্যক্ষ প্রমাণ
শাওয়া যায় না। এটা সত্যিই বিস্মাকর, বিশেষ করে ভারতীয় পটভূমিকায় যেথানে
যুগ থেকে যুগান্তরে ধর্মের প্রাধান্ত প্রবিসন্থাদিতভাবে প্রতিষ্ঠিত। তবে সিরু সভাতার
ধর্ম সম্পর্কে ধারণা করার উৎসই হ'ল বিভিন্ন শীলমোহর মূর্তি ইত্যাদি।

প্রথমতঃ বিভিন্ন উপকরণে যে নারী মূতির বাহুল্য দেখা যায় তা থেকে মনে হয় তারা মাতৃকা দেবীর পূজা করতো। তিন মূখ-ওয়ালা যে মৃতি পাওয়া গিয়েছে তাকে শিব মনে করা মৃক্তি সম্মত। কেননা শিব ত্রিমূতি, শিব পশুপতি এবং শিব মহাযোগী। এই নামগুলির সঙ্গে ঐ মূতিটির যথেষ্ট সাদৃশ্য আছে। এ ছাড়া খোনি ও লিঙ্গ পূজার প্রচলনও ছিল। বিভিন্ন পশুকে দেবতা জ্ঞানে পূজা করাও হ'ত। আবার গাছপালা, জল আগুনও পৃঞ্জিত হ'ত। পূজাফুগ্ঠানে যজ্ঞও করা হ'ত।

#### ॥ মৃতদেহের সৎকার॥

মহেঞ্জোদড়োতে সাধারণত: তিনভাবে মৃতদেহের সংকার করা হ'ত। কথনো মৃতদেহ চিরভরে সমাহিত করা হ'ত। কথনো মৃতদেহ বনৈ-জন্ধলে ফেলে রাথা হ'ত জ্ঞ-জানোয়ারের ভক্ষণের জন্ত, তারপর অবশিষ্টাংশ সমাহিত করা হ'ত। আবার ক্রথনো মৃতদেহ জন্থায়ীভাবে রাস্তার বা গৃহকোণে সমাধিস্থ করা হ'ত।

#### ।। সিন্ধু সভ্যতার ভাষা ॥

পণ্ডিতদের মতে দিক্কু সভ্যতার অক্ষর হ'ল চিত্রলিপি। এই চিত্র লিপির বৈশিষ্ট্য হ'ল, এগুলি খুব স্পষ্ট ও সোজা এবং প্রতীক চিহ্নের বাছলা। সাধারণভাবে ডান থেকে বাঁ দিকে লেখা হ'ত। কিন্তু আমাদের হুর্ভাগ্য, এই ভাষার পাঠোদ্ধার এথনো সম্ভব হয় নি। তবে রাও বাহাত্র দীক্ষিত বলেছেন, অক্যান্ত দেশের এই ভাষার সাদৃত্য থাকলেও "the Indus script developed independently on Indian soil." যাই হোক পণ্ডিতেরা এখানো বহুভাবে চেষ্টা করে যাচ্ছেন, এই ভাষার মর্ম কথা উদ্ধার করতে। তা হলে হয়তো এই সভ্যতা সম্পর্কে আরও অনেক অজ্ঞাত দিগস্ত উন্মোচিত হ'ত।

#### ॥ সভ্যতার প্রাচীনত্ব॥

স্বকীয় স্বাতন্ত্র্য থাকা সম্বেও সিন্ধু সভ্যতার বিকাশ কোন আক্ষ্মিক ঘটনা নয়, বরং সমসাময়িক অন্তান্ত সভ্যতার সঙ্গে তার যোগাযোগ অত্যন্ত স্পষ্ট। সিন্ধু সভ্যতায় কোন লোহের ব্যবহার ছিল না। এর থেকেই অন্থমান করা যায়, এই সভ্যতা খৃষ্ট পূর্ব ঘৃষ্ট হাঙ্গার বংসরেরও পূর্বের। কারণ ঐ সময়ের আগে মধ্য প্রাচ্যেও লোহের প্রচলন হয় নি। স্থমের ও মেসোপটেমিয়া সভ্যতার সঙ্গে এই সভ্যতার ম্থেষ্ট সাদৃশ্য আছে।

খননকার্যের ছারা মহেঞ্জোদড়োর অট্রালিকার সাতটি শুর পাওয়া গিয়েছে। এই শুরগুলিকে আমরা প্রাচীন, মধ্য ও প্রবর্তী এই তিন যুগে ভাগ করে নিতে পারি। এই যুগভাগ অন্থসারে, প্রাচীনতম অধ্যায়টি জলের নীচে ফলে আমাদের অন্থসন্ধান সামর্থের বাইরে। বে ধ্বংসাবশেষ আবিষ্কৃত হয়েছে তাকে বলা হয় হরপ্পা সভ্যতা। নানা পরীক্ষা-নিরীক্ষার মধ্যে দিয়ে পণ্ডিতেরা অন্থমান করেন হরপ্পা সভ্যতার সময়কাল হ'ল খৃষ্ট পূর্ব ২৮০০—২৫০০ এর মধ্যে। এর থেকেই মনে হয় এই সভ্যতার: প্রাচীনতম অধ্যায় খৃষ্ট পূর্ব ৮৫০০ বংসর পূর্বেকার।

#### ॥ সিন্ধু সভ্যতার অঠা ॥

এই সভ্যতায় ঘটেছিল নানা জাতির সমন্বয়। ফলে এই সভ্যতার স্ত্রষ্টা কারা: এ নিম্নেও রয়েছে মতহৈধতা। কেউ বলেন জাবিড়, কারো মতে আছ কিংবা স্থমেরীয় অথব: আর্থরা হলেন এই সভ্যতার ধারক ও বাহক।

অধিকাংশেরই মত দ্রাবিড়দের পক্ষে। কিন্তু দ্রাবিড়দের মৃতদেহ সৎকার করার প্রথার সঙ্গে সিন্ধু সভ্যতায় মৃতদেহ সৎকার করার প্রথার কোন সঙ্গতি নেই। তাছাড়া দক্ষিণ ভারতে খননকার্যের দ্রাবিড়সভ্যতার যে পরিচয় পাওয়া গিয়েছে তার সঙ্গে সিন্ধু সভ্যতার কোন মিল নেই।

ব্রাহুগণ, দ্রাবিড় ভাষায় কথা বললেও, আদলে তাদের উৎস হ'ল তুরস্ক-ইরাণদেশীয়। তাছাড়া তারাই যে সিন্ধু সভ্যতার স্রষ্টা এর স্বপক্ষে কোন স্থনিদিষ্ট প্রমাণও নেই। জন্ মার্শাল অবশ্য দির্ সভ্যতার সঙ্গে আর্যদের কোন সম্পর্ককে মেনে নিতেই চান নি । কারণ তাঁর মতে আর্যরা ভারতে এসেছে সিন্ধু সভ্যতার বহু পরে। তিনি আরও বলেছেন, আর্যরা সিন্ধু সভ্যতা থেকে শিবপূজা গ্রহণ করেছে এবং সিন্ধু সভ্যতার যুগে ঘোড়ার অন্থপন্থিতি এবং মৃতি পূজার প্রচলন মার্শালের সিদ্ধান্ত গ্রহণের উল্লেখযোগ্য কারণ। কিন্তু ডঃ ম্যাকে সিন্ধু সভ্যতার নিদর্শন থেকেই দেখিয়েছেন বে তথন ঘোড়া অপরিচিত ছিল না। আর মৃতিপূজা সম্পর্কে ডঃ ম্যাকে বলেছেন যে ঋকৃ বেদে যে মৃতিপূজা বিরোধী ধর্মের কথা বলা হয়েছে তা সিন্ধু সভ্যতার আদিম পর্যায়েও থাকতে পারে। পরবর্তীকালে বহু জাতির সমন্বয়ের মধ্য দিয়ে তারা মৃতি পূজা গ্রহণ করে। ঠিক যেমন করে সিন্ধু সভ্যতার মাতৃকা দেবী ঋক্ বেদে অদিতি ও পৃথী নাম নিয়েছে।

ষাই হোক এ প্রদক্ষে যেমন কোন স্থনিদিষ্ট সিদ্ধান্ত নেবার মত তথ্য পাওয়া ষায় নি, তেমনি অক বেদের যুগের আগদেরও সিদ্ধু সভাতার স্রষ্টা হিসেবে অস্বীকার করার পক্ষেও কোন ছোরালো যুক্তি নেই। সঙ্গে সঙ্গে "It would not be correct to ascribe the anthorship of the Indus valley culture to the Aryan or any other particular race. It represents the synthesis of the Aryan and non-Aryan cultures.

## । সিন্ধু সভ্যতার বিস্তৃতি ও স্থায়িত্ব।

প্রায় চারশ' মাইল ব্যবধানে অবস্থিত মহেশ্রোদড়ো ও হরপ্পা নগর ছটি যে একই সভ্যতার অংশীদার সে বিষয়ে কোন সংশয় নেই। এবং এই তথ্য থেকেই প্রমাণিত হয় যে সিন্ধু সভ্যতা "was neither local nor regional nor confined to any restricted area." পরবর্তীকালে আরও নানান জায়গায় খননকার্ধের ফলে দেখা গিয়েছে যে সমগ্র সিন্ধু ও পাঞ্চাব প্রদেশ, কাথিয়াড়ের অধিকাংশ অঞ্চল, উত্তর পশ্চিম শীমান্তের উপত্যকা অঞ্চল এবং গান্ধেয় উপত্যকার বিস্তীর্ণ অঞ্চল জুড়ে সিন্ধু সভ্যতা বিস্তৃত ছিল।

কিন্তু এমন স্থবিস্তৃত ও স্থসমৃদ্ধ সভ্যতা ধ্বংস হয়ে গেল কেমন করে। অনুমান করা হয়, ক্রমশঃ দিল্লু অঞ্চলের আবহাওয়া শুদ্ধ হয়ে যাওয়ায় এ অঞ্চল জনশৃত্য হয়ে যায়। মহেঞ্জোদড়োতে বভার আশংকা যে জনশৃত্যতার অত্যতম কারণ সে বিষয়েও সন্দেহ নেই। তাছাভা সে সময় ছিল না কোন স্থদ্য প্রতিরক্ষার ব্যবস্থা, যার ফলে শান্তিপ্রিয় মান্থবেরা বহিরাক্রমণ সাফলোর সঙ্গে প্রতিহৃত করতে পারে নি।

দিন্ধু সভ্যতার আবিকারের ফলে ভারতের ইতিহাস যে অস্ততঃ খৃষ্টপূর্ব তিন থেকে আড়াই হাজার বছরের প্রাচীন তা প্রমাণিত হয়েছে। আর প্রাণে বলা হয়েছে, মহাভারতের যুক্ষেই প্রাচীন ভারতের ইতিহাসের সমাপ্তি। আর দিন্ধু সভ্যতা যেহেতু এই যুদ্ধের পূর্ববর্তী ঘটনা সেই হেতু খৃষ্টপূর্ব ৩০০০ বছর থেকে ১৪০৯ পর্যন্ত ভারতীয় ইতিহাসের ধারাবাহিকতা অক্ষুণ্ণ ছিল।

এই ধারাবাহিকতা যে অক্ষুণ্ণ ছিল তার আরও প্রমাণ দিন্ধু সভ্যতার পরবর্তীকালের ভারতীয় মুদ্রায় ঐ সভ্যতার শীলমোহরের প্রভাব সুস্পাষ্ট, সুস্পাষ্ট দিন্ধু সভ্যতার ওজন ও পরিমাপ ব্যবস্থার প্রভাব পরবর্তীকালে। এমন কি ধর্মীয় ক্ষেত্রেও পশুপতি শিবের মৃতি সভ্যতার পরবর্তীকালেও বেঁচে রইলো, ধ্যানমগ্ন বুদ্ধের মৃতিতেও রয়েছে দিন্ধু সভ্যতার যোগাসনে শিব মৃতির প্রভাব। স্থতরাং স্থবোগ কোথায় যে দিন্ধু সভ্যতার পরবর্তীকালে ভারতের ইতিহাসে এক দীর্ঘ অধ্যায় ছিল অন্ধকারাক্ষন্ধ এমন সংশয় প্রকাশ করার?

#### ॥ আর্য্য সভ্যতার প্রভাব॥

আগমন ও বিস্তৃতি—আর্থ সভ্যতার স্বরূপ ও গতি-প্রকৃতি সম্পর্কে জানার উৎস্প্রপ্রধানতঃ ঘটি—প্রত্নতাত্তিক অনুসন্ধান ও বৈদিক ও পরবর্তীকালের সাহিত্য। এবং এই ঘূই উৎস থেকেই অনুমান করা যায় যে খৃইপূর্ব ১৫০০ নাগাদ ধর্মন ভারতে সিন্ধু সভ্যতার সম্পূর্ণ অবল্প্তি ঘটেছে তথন উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ দিয়ে ভারতে প্রবেশ করে আর্থগণ। প্রথমে তারা পাঞ্চাব অঞ্চলেই বসতি হাপন করেছিল। এখন পর্যস্ত এরা মূলতঃ ছিল পশুপালক। তারপর তারা ক্রমশঃ কৃষিকাজের সঙ্গে অভ্যন্ত হয় এবং ছোট ছোট গ্রাম হাপন করে বসবাস আরম্ভ করে। এই সময় থেকেই ঋক্বেদের ক্রমঃ-বিকাশ আরম্ভ হয়।

শ্বন্দে উল্লিথিত বিভিন্ন নদ-নদীর নাম থেকে আমরা এই সময়কার আর্থদের ভৌগোলিক জ্ঞানের পরিচয় পাই। মনে হয় তথন পর্যন্ত তারা দিল্লীর পূর্বে আর অগ্রদর হয় নি। পরবর্তী বৈদিক দাহিত্য, বিশেষ করে রামায়ণ ও মহাভারতের বর্ণনা থেকে আর্থদের অধিকতর সম্প্রদারণের পরিচয় পাওয়া যায়। কেননা ঐ তুই মহাকাব্যে তুইটি দাগর ও হিমালয় ও বিদ্ধ পর্বতের উল্লেখ আছে। তাই বলা হয় বে এই সময় তারা দমগ্র গাঙ্গের উপত্যকায় ছড়িয়ে গিয়েছিল।

জলবায়ুর দিক থেকে এই অঞ্চল তথন ছিল আজকের তুলনায় অনেক বেশী আর্দ্র।
কার ছিল জন্ধলে পরিপূর্ণ। তাই প্রথম কয়েক শ' বৎসর আর্যদের বিস্তার ছিল
তুলনামূলকভাবে শ্লথ। কেননা তথন পর্যন্ত তারা পাথর, ব্রোঞ্জ ও তামার তৈরী
অন্ধ্র-শন্থের দাহাঘ্যেই জন্দল পরিকার করতো। লোহার ব্যবহার আরও পরবর্তীকালের
ঘটনা। সম্প্রতি হন্তিনাপুরের খনন কার্যের ফলে মনে করা হয় তার। লোহার ব্যবহার
আরস্ত করে খৃষ্টপূর্ব ৭০০ নাগাদ। এবং লোহার ব্যবহারের সঙ্গে সঙ্গে তাদের অগ্রগতি
ক্রতত্বর হ'ল। শুর্ তাই নয়। লোহার ব্যবহার কায়িক শ্রমকেও বহুলাংশে লাঘব
করলো। ফলে তারা অতিরিক্ত সময় ধর্মীয় ও দার্শনিক চিন্তা-চেতনায় ব্যয় করার
স্থযোগ পেল। ফলে ব্রাহ্মণ ও উপনিষদের রচনাও শুক্ত হ'ল এই সময় থেকে।

ঋকবেদে আমরা নানা গোষ্ঠীর নাম পাই। এইদব গোষ্ঠীর মধ্যে কলহ লেগেই থাকতো। তাছাড়া ক্রমশঃ ভারতের অভ্যস্তরে অগ্রসর হতে গিয়ে তাদের প্রতিহত করতে হয়েছিল অনার্থদের, যাদের আর্থগণ দাস বলে অভিহিত করেছে। এই অনার্থগণ কালক্রমে আর্থদের ক্রীতদাসে পরিণত হয় এবং তাদের কৃষ্ণবর্ণের জন্ত আর্থগণ তাদের নিয়শ্রেণীর বলে মনে করতো। তাছাড়া উভয়ের মধ্যে ছিল ভাষাগত ও জীবন ধারণের পদ্ধতিগত পার্থকা। একদিক থেকে ঐতিহাসিক রমিলা থাপারের মতে, "the coming of the Aryans was backward step, since the Harappan culture had been far more advanced than that of the Aryans who were as yet pre-urban. Northern India had to re-experience the process of evolving urban cultures from agrarian and nomadic systems."

## ॥ অর্থ নৈতিক জীবনের বিকাশ ॥

আর্যরা মূলতঃ পশুপালক হিসাবেই ভারতে এসেছিল এবং দীর্ঘকাল পশুপালনই ছিল তাদের প্রধান জীবিকা। তখন গরুই ছিল পরিমাপের মানদণ্ড এবং এ সময়ই গরু ঈশ্বরিক মহিমায় প্রতিষ্ঠিত হয়। অত্যান্ত পশুর মধ্যে ঘোড়ার বিশেষ মূল্য ছিল। কারণ ক্রতগতিতে যাতায়াত, যুদ্ধ প্রভৃতি প্রয়োজনে তথন ঘোড়। ছিল অপরিহার্য। কিন্তু স্বায়ী বসবাদের ব্যবস্থার প্রচলনের দক্ষে সঙ্গে জীবিকার ক্ষেত্রেও এল এক পরিবর্তন। লোহার ব্যবহার যেমন জঙ্গল পরিষার করার কাজকে অধিকতর সহজ করে দিল, তেমনি কৃষিকাজকেও উৎসাহিত করলো। অবগু এ সব কাজে আগুনের সাহাষ্যও উল্লেখযোগ্য। তবে আর্যগণ কাঠ পুড়িয়ে ফেলার চেয়ে দংগ্রহ করতেই অধিক উৎসাহী ছিল। তার কারণও সহজেই অমুমেয়। প্রথমে কৃষিযোগ্য জমি ছিল সমগ্র গোষ্ঠার যৌথ সম্পত্তি। তারপর গোষ্ঠার বন্ধন ক্রমশঃ শিথিল হয়ে আসাতে জমি হ'ল পরিবারের সম্পত্তি এবং এভাবেই উদ্ভব হ'ল ব্যক্তিগত সম্পত্তির। আবার ক্রষি ব্যবস্থার প্রচলন জীবিকার ক্ষেত্রে নানা বৈচিত্র্য নিয়ে এল। যেমন সমাজে ছুতারদের মর্যাদা বহুগুণ বেড়ে গেল। কারণ ধানবাহনের উপযোগী রথ নির্মাণ ছাড়া লাহল তৈরীর জ্ঞা তারা অপরিহার্য হয়ে উঠলো। তাছাড়া কাঠের সহজ লভ্যতার স্বযোগে ছুতারের জীবিকা ক্রমশঃ বিশেষ আকর্ষণীয় হয়ে উঠলো। অন্তান্ত জীবিকাগুলি হ'ল, কর্মকার, কুম্ভকার, চর্মকার ও তন্ত্রবায়।

অক্তদিকে কৃষিকাজের ক্রমিক সম্প্রদারণের দঙ্গে সঙ্গে আরম্ভ হ'ল ব্যবসা-বাণিজ্য।
জলপথই ছিল তথন ব্যবসা-বাণিজ্যের সহায়ক। তাই নদীর তীরে গড়ে উঠলো
নতুন নতুন বসতি। যে সব জমিদার কৃষিকাজের জন্ম অন্য লোক নিয়োগ করতে
পারতো তারাই এখন হ'ল প্রধান ব্যবসাদার। এভাবে জমিদার শ্রেণী থেকেই উদ্ভূত্ত
ভ'ল ব্যবসায়ী সম্প্রদায়।

#### । রাজনৈতিক চিন্তাধারার বিকাশ।

নানা পৌরাণিক কাহিনী থেকে আমরা আর্যদের রাজনৈতিক জীবনের ক্রম-বিকাশ সম্পর্কে জানতে পারি। প্রথমে আর্য গোষ্ঠীগুলি ছিল পিতৃতান্ত্রিক এবং গোষ্ঠার প্রধান ছিলেন গোষ্ঠাপতি। কিন্তু পরে ষথন নিরাপভার প্রশ্ন এল, তথন থেকে সর্বাপেক্ষা শক্তিমান ষে তাকেই গোষ্ঠা প্রধান হিসেবে নির্বাচিত করা হ'ত এবং তিনিই ক্রমশঃ রাজকীয় মর্যাদা ও স্থযোগ-স্থবিধা ভোগ করতে লাগলেন। অবশ্য তার সম্প্রসারণশীল ক্ষমতাকে নিয়ন্ত্রণাধীন রাখবার জন্ম ছিল সভা ও সমিতি নামে ঘৃটি সংস্থা। সভা সম্ভবতঃ ছিল গোষ্ঠার বয়স্কদের নিয়ে গঠিত আর সমিতি ছিল গোষ্ঠার স্বাইকে নিয়ে গঠিত। ষে সমস্ত গোষ্ঠার কোন অধিপতি থাকতো না, সেথানে এই ঘৃটি সংস্থাই সব কিছু পরিচালনার ভার গ্রহণ করতো।

এই সময় প্রকৃতপক্ষে রাজা ছিলেন একজন সমর বিশারদ নেতা এবং তার যোগ্যতার পরিমাপও হ'ত সমর নৈপুণ্যের সাহায্যে। তিনি মান্ত্র্যের কাছ থেকে নানা উপঢৌকন গ্রহণ করতেন, কিন্তু কোন নিয়মিত কর সংগ্রহ ব্যবস্থা ছিল না। জমির উপর তার কোন দাবী ছিল না। কেবল সফল সমর-অভিযানের লভ্যাংশের একাংশের উপর তার অধিকার ছিল। প্রথমে ধর্মীয় অন্তর্গানে রাজার কোন ভূমিকা ছিল না। কিন্তু রাজা ঈশ্বরেরই প্রেরিত প্রতিনিধি এমন মতবাদ জনপ্রিয় হয়ে ওঠার সঙ্গে কর্ষের পরিবর্তন হ'ল। রাজপদও ক্রমশঃ পুরুষামুক্রমিক হ'ল এবং ভার কর্তৃত্ব ক্রমশঃ অপ্রতিহত হয়ে উঠতে লাগলো।

এই পরিবতিত অবস্থার দক্ষে সৃষ্ঠতি রক্ষা করেই প্রশাসনিক পরিবর্তন এল।
এখন সমগ্র রাজ্যকে জন, বিশ ও গ্রাম—এই তিন জংশে বিভক্ত করা হ'ল। পরিবারকে
বলা হ'ল কুল এবং এর প্রধানকে কুলপা। রাজকার্যে সহায়তা করার জন্ম গঠিত হ'ল
বয়স্কদের নিয়ে এক মন্ত্রপা সভা। 'রাজার প্রধান পরামর্শদাতা ছিলেন হ'জন কর্মচারী
পুরোহিত ও সেনানী। এভাবে ধীরে ধীরে একটি সামগ্রিক প্রশাসনিক কাঠামো
সংগঠিত হতে লাগলো:

### ॥ সমাজ-জাতিতেদ প্রথা॥

আর্ধগণ ষথন প্রথম ভারতে এল তথন তাদের সামাজিক শ্রেণী ছিল ত্রিধা বিভক্ত।
মথা: মোদ্ধা বা অভিজাত শ্রেণী, পুরোহিত শ্রেণী ও সাধারণ মানুষ। তথন পর্যস্ত
জাতিভেদ প্রথা ছিল না। বিভিন্ন জীবিকা ছিল না পুরুষামুক্তমিক, কিংবা বিভিন্ন
শ্রেণীর মধ্যে পারম্পরিক সামাজিক সম্পর্ক গড়ে তোলার ক্ষেত্রেও কোন বাধা নিষেধ
ছিল না। আসলে এই শ্রেণী বিভাগের উদ্দেশ্য ছিল স্বর্চ্চু সামাজিক ও অর্থ নৈতিক
সংগঠন গড়ে তোলা।

কিন্তু তাদের ভেতর জাতিগত সচেতনতা ক্রমশঃ দৃঢ় হতে থাকে ভারতে আসার ফলে অনার্যদের সংস্পার্শ আসার পর থেকে। কারণ ভয়ে কিংবা নিজস্ব স্বাতন্ত্র্য রক্ষার তাগিদে আর্যরা ছিল অনার্যদের সম্পর্কে অত্যস্ত বেশী স্পর্শকাতর। এই স্পর্শকাতরতা থেকেই জাতিভেদ প্রথার উদ্ভব।

ইতি-শিক্ষণ-১২

বস্ততঃ পক্ষে আমরা এ সময় যে চার বর্ণের উল্লেখ দেখি তা ব্রাহ্মণদেরই তৈরী। উদ্দেশ্য হল, বিভিন্ন বর্ণের মাধ্যমে বিভিন্ন কর্মক্ষেত্রের পরিচয় দান। তাই প্রথম তিন বর্ণ ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্য—এদের মধ্যে পারস্পরিক সম্পর্ক স্থাপনায় কোন বাধা ছিল না। অবশ্য আর্যরা ধথন পশুপালন ছেড়ে কৃষি কাজকেই জীবিকা হিসেবে গ্রহণে অভ্যন্ত হয়ে গেলো তথন এই সামাজিক শ্রেণী বৈষম্যের প্রয়োজন আরও তীব্র ভাবে অহুভূত হ'ল। কেননা এতদিন যারা কৃষক তারাই ব্যবসায়ী হয়ে যৌথ দায়িত্ব পালন করতো। কিন্তু এখন কৃষি ও ব্যবসা উভয়েরই ক্রমিক সম্প্রদারণের ফলে কৃষি ও ব্যবসা উভয়ের দায়িত্বও পৃথক পৃথক ভাবে গ্রহণ করার প্রয়োজন হ'ল। তাই আর্য সমাজের বৈশ্য যারা এতকাল কেবল কৃষিকাজ নিয়েই থাকতো তারা এবার পরিবর্তিত পরিস্থিতিতে ব্যবসায়ীর ভূমিকা গ্রহণ করলো। আর শৃত্র, যারা অনার্য এবং আর্যদের ক্রীতদাস ছিল, এবারে কৃষকের পর্যায়ে উনীত হ'ল।

এই বে দামাজিক পরিবর্তন এর স্থদ্র প্রদারী প্রভাব সম্পর্কে রান্ধণেরাও ক্রমশঃ সচেতন হয়ে উঠ্তে লাগলো। তাই তারা বে বর্ণ শ্রেষ্ঠ এই মর্যাদাকে রক্ষা করার জন্ম তারা ধর্মের সাহায্য নিয়ে ঘোষণা করলেন, পৃথিবীতে দাধারণ মান্থবের মন্দলমন্দল দাধনের দামর্থ কেবলমাত্র তাদের মধ্যেই দীমিত। ফলে দস্ভবতঃ তাদেরই অতি আগ্রহে জাতিভেদ প্রথা ক্রমশঃ জন্মগত ব্যবস্থা হয়ে দাঁড়ালো।

#### ॥ সামাজিক ব্যবস্থাপনা॥

সমাজের ভিত্তি হ'ল পরিবার। কতকগুলি পরিবার নিয়ে গঠিত হ'ত গ্রাম। এ সময় যৌথ পরিবার ব্যবস্থা প্রচলিত ছিল। বাল্য বিবাহ জনপ্রিয় ছিল না, তবে সঙ্গী নির্বাচনে পাত্র-পাত্রীর স্বাধীনতা ছিল। পণ প্রথাও ছিল। সাধারণভাবে নারীর স্বাধীনতা স্বীকৃতি ছিল। কিন্তু গ্রীক দেবীগণ ষেমন প্রস্তৃত ক্ষমতার অধিখরী ভারতীয় আর্বদের দেবীগণ তা নয়। বিধবাদের আত্মশোধনের প্রয়োজনে বিভিন্ন বিধি নিষেধ মেনে চলতে হ'ত। অবশ্য বিধবা বিবাহের নজীরও তুর্লভ নয়।

বাদগৃহ দাধারণতঃ কাঠ দিয়ে তৈরী হ'ত। পরবর্তীকালে মাটী দিয়ে দেওয়াল
নির্মাণ ব্যাপকভাবে প্রচলিত হয়। প্রধান থাত দ্রব্য ছিল ত্ধ, ঘি, শাকসজী, ফলমূল ইত্যাদি। উৎসব-অন্তর্গানে মাংস জক্ষণ ও স্বরাপান অনুমোদিত ছিল। পোযাক
পরিচ্ছদ ছিল খুবই দাধারণ। তবে অলংকার ব্যবহার ছিল খুবই জনপ্রিয়। অবকাশ
যাপনে নাচ-গান, জ্য়া থেলা, রথ প্রতিযোগিতা প্রভৃতি জনপ্রিয় ছিল।

#### ॥ সমাজ ও সংস্কৃতি ॥

বছদিন পর্যন্ত আর্যদের কোন হস্তাক্ষর ছিল না। ৭০০ গ্রীষ্ট পূর্বান্দ নাগাদ প্রথম তারা এ কৌশল আয়ত্ত করে এমন নজীর পাওয়া যায়। বৈদিক যুগে তাই শিক্ষা ছিল মূলতঃ মৌথিক। ব্রহ্মচর্যাশ্রম ব্যবস্থার স্থ্রপাত এ সময়েই। শিক্ষা ছিল সমাজের উচ্চ বর্ণের জন্ম। এবং বেদ প্রধানতঃ ব্রাহ্মণগণই অধ্যয়ন করতো।

#### ॥ ধর্মায় জীবন ॥

পরিদ্খমান জগতে যা কিছু ছিল নিয়ন্ত্রণ ও উপলব্ধির বাইরে তাই ছিল আর্যদের পরম ভীতির কারণ এবং তাই দেবছে উত্তীর্ণ। তাই তাদের দেবতা ইন্দ্র, অগ্নি, স্থ্য, যম প্রভৃতি। আর্যদের ধর্মীয় অমুষ্ঠানের অপরিহার্য অন্ধ্র হ'ল যাগ-যজ্ঞের অমুষ্ঠান। এই অমুষ্ঠানের উদ্দেশ্য হ'ল দেবতাদের আশীর্বাদ অর্জন। এই প্রসঙ্গে ঐতিহাসিক মন্তব্য করেছেন: The sacrifice was certainly a solemn institution, but it also served the purpose of releasing energies and inhibitions, through the general conviviality which fallowed at the end of the sacrifice and particularly after the liberal drinking of 'soma'." এইসব অমুষ্ঠানের ফলে রান্ধাণদের প্রতিপত্তি আরও বেড়ে গেল। কারণ লোকে বিশাস করতো, কেবলমাত্র রান্ধাণদের মাধ্যমেই দেবতা অদুশুভাবে মর্তে অবতীর্ণ হতেন। বেড়ে গেল রাজাদের প্রয়োজনও। কারণ এইসব বায় বহুল অমুষ্ঠান উদ্যাপন করা রাজাদের পক্ষেই দন্তব ছিল। তবে সবচেয়ে উল্লেখযোগ্য হ'ল, যাগ্যজ্ঞের প্রয়োজনেই দেম্বলার মান্ধ্যের গণিত শান্ধ সম্পর্কীত জ্ঞানের ক্রমবিকাশ হ'ল, এবং পশুবলীর প্রয়োজনে শারীর বিতা নিয়েও চর্চা আরম্ভ হ'ল।

আর্থণণ মৃতদেহ প্রথম দিকে কবর দিত। কিন্তু শেষের দিকে দাহ করার প্রথা প্রচলিত হ'ল। অবশ্য দাহ করার ব্যবস্থা যতই স্বাস্থ্য-সম্মত হোক না.কেন, এর কলে সবচেয়ে বেশী বঞ্চিত হলেন ঐতিহাসিকের। কেননা চীন বা মিশর দেশের কবর দেওয়ার ব্যবস্থা থাকলে সেই সময়কার মৃতদেহ আজ ঐতিহাসিকের সম্মুথে অনেক অজানা তথ্যের বার উল্লোচন করে দিত। আর্যগণ জন্মান্তরবাদে বিশ্বাস করতো। এ বিশ্বাস থেকেই এল কর্মফলবাদ। আর এই কর্মফলবাদ দিয়ে নানা ভাত্ত্বিক ও দার্শনিক বিচার বিশ্বেষ্বণের পরিণতি হ'ল আর্ণাক ও উপনিষদ।

## ॥ আর্য সভ্যতার মূল্যায়ন ॥

ভারতের ইতিহাসে স্থদ্র অতীতের এক গৌরবোজ্জন অধ্যায় হিসেবে আর্য সভ্যতা পরিচিত। কিন্ত এ সময়কার ইতিহাস রচনা যেমন অনিশ্চয়তা তেমনি অপূর্ণতার সন্তাবনা পূর্ণ। কিন্তু ভারতের সামাজিক ও ধর্মীয় সংগঠনে আর্য সভ্যতার অবদান অবিশ্বরণীয়। আর্যরাই ভারতের জীবনাদর্শ গড়ে তুলেছে। আর্যরা আমাদের কেবল সংস্কৃত ভাষা বা জাতিভেদ প্রথা বা ধর্মীয় অন্তর্চান পদ্ধতি, বা দার্শনিক চিন্তাধারাই আমাদের দিয়ে যায় নি, সঙ্গে জন্মলে পূর্ণ ভারতের বহু অঞ্চল পরিষ্কার করে তারা তাকে কৃষিযোগ্য করে তুলেছে।

ক্রমশঃ সংস্কৃত ভাষা শিক্ষিত ও উচচ শ্রেণীর ভাষায় রূপান্তরিত হ'ল। ফুলে আরম্ভ হ'ল ভারতে শিক্ষিত ও অশিক্ষিতের মধ্যে ব্যবধান রচনা, উচ্চ ও নীচু শ্রেণীর মধ্যে ভেদাভেদ।

আর্যদের জাতিভেদ প্রথা আজ হই হাজার বছর পরেও ভারতে সমান সক্রির। এই প্রথার উপর ভিত্তি করেই গড়ে উঠেছে ভারতের রাজনৈতিক কাঠামো। এমন কি উনবিংশ শতান্দীতে ভারতের ধর্মীয় ও সামাজিক সংস্কার আন্দোলন আরম্ভ হয়েছিল আর্য সভ্যতাকে ভিত্তি করেই। অস্বীকার করার উপায় নেই, "The development of India as we know it, stems from the impetus of the coming of the Aryans and the culture they brought." অবশ্য এরসঙ্গে আরম্ভ অনেক ঘটনার ঘনঘটা এবং সংঘাত নিশ্চয়ই ছিল। এবং ছিল বলেই ইতিহাস যেন এক বহুতা নদী।



#### ।। অশোক ও তাঁর "ধর্ম"।।

#### ॥ ভূমিকা ॥

দেশে-বিদেশে বহু ঐতিহাসিকের বিপুল বন্দনায় বন্দিত ভারতের ইতিহাসের সমাট অশোক। এই বন্দনা বহু ক্ষেত্রে অশোককে প্রায় দেবত্বে উত্তীর্ণ করেছে। কলে এই পৃথিবীরই একজন benevolent despot হিসেবে অশোকের মৃত্যুঞ্জয়ী কীন্তি কাহিনীর ষ্থায়থ মূল্যায়ন বারংবার বিশ্বিত হয়েছে। এমনি একটি উপেক্ষিত দিক হ'ল রাষ্ট্রনীতির প্রবক্তা হিসেবে অশোকের ক্বতিত্ব নিরূপণ।

#### ॥ অশেকের মতবাদ।

আজকের ভারতবর্ধের অশোক যে মর্যাদার আসনে স্প্রতিষ্ঠিত তার পেছনে আছে ভারতীয় রাষ্ট্র ও সমাজ সম্পর্কে তাঁর অভিনব মতবাদ। এই মতবাদই হ'ল তাঁর 'ধম্ম'। প্রাকৃত শব্দ 'ধম্ম' এসেছে সংস্কৃত 'ধর্ম' শব্দ থেকে। শব্দটির অর্থ হ'ল Universal Law বা বিশ্বজনীন নীতি, আর একটু ব্যাপক করে বললে সামাজিক ও ধর্মীয় নির্দেশনামা। অবশ্য অশোক শব্দটিকে ব্যবহার করেন আরও বৃহৎ অর্থে।

এতাবংকাল অশোক সম্পর্কে আলোচনার উৎস ছিল তৃটি: সিংহলের বৌদ্ধ ধর্ম সম্পর্কীয় রচনাবলী ও অশোকের বিভিন্ন শিলালিপি। কলে অশোককে একজন গোঁড়া বৌদ্ধ ধর্মীয় বলেই চিত্রিত করা হয়েছে। কলিল মুদ্দের পরবর্তীকালে তাঁর নাটকীয় ভাবে বৌদ্ধ ধর্ম গ্রহণ এই মতকে আরও দৃঢ় ভিডি দান করেছে। কিন্তু অশোক নিঃসন্দেহে বৌদ্ধ ধর্মের প্রতি আরুই হয়েছিলেন এবং একজন একনিষ্ঠ বৌদ্ধ ধর্মাবলম্বীতেও যে রূপান্তরিত হয়েছিলেন তাতেও সন্দেহ নেই। "But the Buddhism of his age was not merely a religious belief; it was in addition a social and intellectual movement at many levels, influencing many aspects of society." এবং এমন পারিপাশ্বিকতায় একজন সত্যিকারের রাষ্ট্রনেতা এই আন্দোলনের প্রবাহ থেকে নিজেকে বিভিন্ন রাথতে পারেন না। অশোকের যথার্থ মূল্যারনের স্বার্থে এই পটভূমিকাটি আমাদের শ্বরণে রাথতে হবে।

অশোকের শিলালিপিগুলিকে হুইভাগে ভাগ করে নেওয়া যেতে পারে। কিছু সংখ্যক শিলালিপি ছিল বৌদ্ধ ধর্মাবলম্বী রাজা হিসেবে বৌদ্ধ মঠের প্রতি নির্দেশনামা এইস্ব ক্ষেত্রে অশোকের কণ্ঠম্বর যেন কিঞ্চিত অসহিষ্ণু এবং অন্ধ বৌদ্ধ ধর্মাবলম্বীর। কিন্তু তাঁর অন্য শিলালিপি ছিল পর্বত গাত্রে কিংবা সম্ভাব্য জন-সমাগমের স্থান সমূহে স্থান্তের গাত্রে উৎকীর্ণ। এই শিলালিপিগুলি সর্বসাধারণের উদ্দেশ্যে প্রচারিত। এবং এগুলো থেকেই 'ধৃদ্ম' সম্পর্কে অশোকের মনোভাব পরিষ্কার জানা যায়।

#### ॥ মতবাদের মূল কথা॥

'ধন্ম' বলতে অশোক সাধারণ ধর্মীয় বিশাস থেকে কিছু সং কর্ম সম্পাদনকে রোঝান নি। বরং তিনি বৃহত্তর সামাজিক দায়িজবোধকেই বৃঝাতে চেয়েছেন। অতীতে ঐতিহাসিকেরা অশোকের 'ধন্ম'কে বৌদ্ধ ধর্মের সঙ্গে একাকার করে দিয়ে সিদ্ধান্ত করেছিলেন যে আশোকের ধন্মের লক্ষ্যই ছিল বৌদ্ধ ধর্মকে রাষ্ট্রায় ধর্মে পরিণত করা। কিন্তু এমন সিদ্ধান্ত প্রশ্নাতীতভাবে মেনে নেওয়া চলে না। কারণ "Dhamma' was aimed at building up an attitude of mind in which social responsibility, the behaviour of one person towards another, was considered of great relevance. It was a plea for the recognition of the dignity of man and for a humanistic spirit in the activities of society."

#### ॥ মতবাদের বিবর্তন ॥

কিন্ত অশোকের এমন মতাদর্শ গ্রহণের পটভূমিকা কি ? অবশাই তিনি মনে মনে এমন একটি আদর্শকেই লালন পালন করেছিলেন। কিন্তু এর চেয়েও বড় কথা সম-সামহিক সমস্থাবলীর পরিপ্রেক্ষিতে অশোক স্থির সিদ্ধান্তে এসেছিলেন যে তাঁর 'ধ্ম্ম' নামক মতাদর্শ দেই সমস্থার একমাত্র সমাধান i সাধারণ ভাবে মৌর্যগণ ছিলেন প্রচলিত ধর্মের বিরোধী। কিন্তু তাই বলে তারা কথনো ব্রাহ্মণ্য ধর্মের বিরুদ্ধাচরণ করেন নি। তা হলেও বিভিন্ন ধর্ম সে সময়কার সমাজ ব্যবস্থায় নানা সংঘাত সৃষ্টি করছিল। তা ছাড়াও ছিল নানাবিধ সমস্তা। যেমন সমাজে ব্যবসায়ী সম্প্রদায়ের ক্রমবর্গমান প্রতিপত্তি, শহরাঞ্চলে ধনিক সম্প্রদায়ের অপ্রতিহত ক্ষমতা, সম্পূর্ণ কেন্দ্রীয় শাসন-ব্যবস্থার সীমাবদ্ধতা এবং সাম্রাজ্যের ব্যাপক বিস্তৃতি—সব মিলিয়ে এক জটিল পরিস্থিতির সৃষ্টি হয়েছিল তথন। তাই তাৎক্ষণিক প্রয়োজন ছিল এমন এক দৃষ্টিভঙ্গী যা এইসব পরস্পর বিরোধিতার মধ্যেও এক স্থসংহত রূপ দান করতে পারে, বিরোধের মধ্যেও ঐক্যের বোধ জাগ্রত করতে পারে। আর মৌর্যযুগের ভারতবর্ধের যা ছিল সংগঠন সেখানে একমাত্র রাজাই পারেন এই সংহতি সাধনের পথ প্রদর্শক হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে। স্বশোকের ক্রতিত্ব এই যে তিনি তাঁর সময়ের সমস্থার গভীরে অবগাহন করতে পেরেছিলেন, সমস্তার স্বরূপ উদ্ঘাটন করতে পেরেছিলেন এবং সেই দমস্রার সমাধান হিদেবে একটি অভিনব মতবাদের প্রবক্তারপে নিজেকে প্রতিষ্ঠিত করতে পেরেছিলেন।

#### ॥ অশেকের 'থমের' কর্মপন্থা॥

ধন্মের নীতি সমূহ বিশেষ কোন ধর্মভিত্তিক নয়, বরং ধর্ম নিরপেক্ষ, স্বার ক্ষেত্রেই সমভাবে প্রযোজ্য। এমন কি ধন্ম বলতে কতকগুলি অন্ধ অনুশাসনের বন্ধনকেও বুঝায় না। এথানে সাধারণভাবে কতকগুলি নীতির উল্লেখ কর। হয়েছে, ধেগুলির উল্লেখ হ'ল মাকুষের আচরণগত পরিবর্তন সাধন।

যে মূল নীতিগুলির উপর অশোক বিশেষ গুরুত্ব আরোপ করেছিলেন তার মধ্যে প্রথমেই উল্লেখযোগ্য হ'ল সহনশীলতা। অশোকের মতে সহনশীলতা ত্'রকমের—প্রথমে পারম্পরিক সহনশীলতা, তারপর বিভিন্ন মতবাদ সম্পর্কে সহনশীলতা। আদর্শগত মতান্ধতাকে দূর করে ঐক্যবোধ জাগ্রত করার প্রয়োজনেই অশোক এই সহনশীলতার উপর এত গুরুত্ব আরোপ করেছিলেন। অবশু এ কথা নিশ্চয়ই বলা যেতে পারে যে সহনশীলতাবোধ তথনই স্বতঃফ্র্ ভাবে জাগ্রত হয়, যথন স্বাধীন ভাবে মতামত প্রকাশ করা যায় এবং মতহৈধতাকে মেনে নেবার মত মানসিক ঔদার্যও অর্জন করা যায়। অন্যদিকে "To suppress differences merily aggravates the concealed tensions" তব্ও অশোক এ পথই গ্রহণ করেছিলেন। তাতে এই সন্দেহ প্রকাশ করার স্থযোগ থেকে যায় যে তিনি সম্ভবতঃ সেই সময়ের জনসাধারণের অসাইফ্র্ মনোভাব সম্পর্কে আতংকগ্রন্থ ছিলেন এবং তাই তিনি কোন উৎসবকে কেন্দ্র জনসমাগ্য নিষিদ্ধ করে দিয়েছিলেন, কারণ এ ধরনের সমাবেশেই বিদ্বেষর বীজ অংকুরিত হয়।

অশোকের ধন্মের দিতীয় উল্লেখযোগ্য নীতি হ'ল অহিংসা। অশোক অহিংসা বলতে বুঝাতেন যুদ্ধ বর্জন এবং পশুহত্যা নিবারণ। আবার তিনি এমন অনিবার্য পরিস্থিতিকে মেনেও নিগেছেন যখন হিংসার পথ গ্রহণ অপরিহার্য হয়ে দাঁড়ায়। তাই তিনি নিজে যেমন হিংসার পথ পরিত্যাগ করেছিলেন তেমনি আশা প্রকাশ করেছেন যে তাঁর উত্তরস্থরীগণ যেন তাঁরই পথ অনুসরণ করে চলে এবং নিরুপায় হয়ে অস্ত্রধারণ করতে হলে সে ক্ষেত্রেও তারা যেন যতটা যতটা সম্ভব দয়া ও দাক্ষিণ্য প্রকাশে কার্পণ্য না করে।

অশোকের ধন্মের আরেকটি দিক হ'ল জনসাধারণের মঙ্গলসাধন। আজকের জনকল্যাণকামী রাষ্ট্রের কার্যাবলী বলতে যা ব্ঝায় অশোক তাঁর ধন্মের মাধ্যমে সেগুলিই সম্পন্ন করেছেন। রাভার পাশে বুক্ষরোপণ, কৃপ খনন, সরাইখানা স্থাপন প্রভৃতি কার্যাবলী অশোকের জনকল্যাণ কামিতার বহিঃপ্রকাশ।

অশোক তাঁর ধন্ম সম্পর্কীত নীতিগুলোকে কার্যকরী করার উদ্দেশ্যে এক শ্রেণীর কর্মচারী নিয়োগ করেছিলেন। এইসব কর্মচারীদের দায়িত্তই ছিল, জনসাধারণকে ধন্মের বিভিন্ন নীতি সম্পর্কে সজাগ ও সচেতন করে তোলা। প্রকৃতপক্ষে কালক্রমে এইসব কর্মচারীগণই ধন্মের মূল প্রবক্তায় পরিণত হয়। ফলে এক সময় দেখা গেল, ধন্মের প্রসার ঘটাতে গিয়ে তারাই এক নতুন শ্রেণীর পুরোহিত সম্প্রদর্ময়ে রূপান্তরিত হ'ল, যাদের প্রভাব জনজীবনে বহুল পরিমানে বৃদ্ধি পেয়েছিল। এ ভাবেই একদা মূল যে মহান নীতির উপর ভিভি করে প্রবভিত হয়েছিল ধন্ম, তা ক্রমশঃ বিনষ্ট হয়েছিল।

#### ॥ অশোকের ধন্মের ফলশ্রুতি॥

এটা খ্বই তুংখজনক যে স্থগভীর একনিষ্ঠতা ও একাগ্রতা থাকা সত্ত্বেও অশোকের ধন্ম ব্যর্থতায় পর্যবসিত হয়। এই ব্যর্থতার জন্ম অশোকের অতি আগ্রহও একটি কারণ হতে পারে। কিংবা রাজত্বের শেষভাগে তিনি তাঁর ধন্ম নিয়ে এমন আবিই হয়ে গিয়েছিলেন যে দেটাই তাঁর তুর্বলতাকে প্রকট করে তুলেছিল। তাছাড়া অশোক ভেবেছিলেন যে তাঁর ধর্মই সম্পাম্থিক সকল সমস্থাবলীর প্রতিবিধানতার যুক্তিহীনতা ক্রেমশং স্পষ্ট হয়ে যাচ্ছিল। কারণ সামাজিক বিভেদ ও সংঘাত যেমন ছিল তেমন থেকেই গেল। তাই "In a sense Dhamma was too vague a solution because the problems lay at the roots of the system." তথাপি সকল ব্যর্থতার মধ্যেও অশোকের ক্বতিত্ব এইখানেই যে তিনি অবস্থা যথাষ্থ অনুধাবন করে একটি স্থস্প্রই ব্যবস্থা গ্রহণে অগ্রণী হয়েছিলেন এবং সেই ব্যবস্থাবলীকে রূপাথিত করতেও সচেই হয়েছিলেন।

কেউ কেউ অশোককে এই বলে অভিযুক্ত করেছেন যে তাঁর ধম্মই মৌর্য সামাজ্যের পতনকে ধরায়িত করেছিল, তাঁর অভ্যুক্ত নীতি বান্ধানের বিক্ষুক্ত করে তুলেছিল। কিন্তু রাষ্ট্রের প্রশাসনিক দিক থেকে তিনি বৌদ্ধধর্মাবলম্বীও ছিলেন না, আবার বান্ধান্য ধর্মের বিরোধীও ছিলেন না। এর প্রমাণ বছক্ষেত্রে বহুভাবেই পাওয়া যায়। তাঁর বিক্ষদ্ধে আরেকটি অভিযোগ হ'ল, তাঁর অহিংসা নীতির ফলে মৌর্য সৈক্যবাহিনী হীনবীর্য হয়ে পড়েছিল। কিন্তু তাঁর মহিংস নীতি বাত্রবোধ বর্জিত ছিল না, কিংবা সৈক্যবাহিনীকে অক্ষম করে ফেলার মত কোন নীতিও তিনি গ্রহণ করেন নি।

স্তরাং অশোকের ধর্মের উপর মৌর্ঘ দান্রাজ্যের পতনের সকল দায়িত্বভার আরোপ না করে আমাদের অন্তদিকে দৃষ্টিপাত করা প্রয়োজন। এই দিক থেকে 'সবচেয়ে গুরুত্বপূর্ব হ'ল মৌর্য অর্থনীতির উপর ক্রমবর্ধমান চাপ। বিশাল সৈত্যবাহিনী রক্ষণাবেক্ষণের ব্যয়ভার, কর্মচারীদের বেতনদান, নতুন নতুন স্থানে বদতিস্থাপন প্রভৃতি কারণে রাজকোষের উপর অত্যধিক চাপ সৃষ্টি হয়েছিল। মৌর্য্যুগের শেবভাগে মুদ্রায় রৌপ্যের পরিমাণ ক্রমশং ব্রাস প্রেছিল। এটা মোর্য অর্থনীতির ক্রমাবনতিরই পরিচায়ক। মৌর্য অর্থনীতি বদিও ছিল যুলতঃ কৃষি নির্ভর তথাপি এর ব্যতিক্রমও ছিল। ফলে একদিকে যেমন অর্থনৈতিক স্থিতিশীলতা বিদ্নিত হয়েছিল তেমনি কেবলমাত্র কৃষি থেকে সংগৃহীত রাজস্বও সান্রাজ্য পরিচালনার পক্ষে যথেষ্ট ছিল না।

আসলে "An imperial atructure reares two essentials—a well—organised administration and the political loyalty of the subjects." মোর্য শাসন ব্যবস্থা যতই স্থগঠিত হোক না কেন ঐ ব্যবস্থার মধ্যেই নিহিত ছিল ব্যর্থতার দন্তাবনা। সম্রাটকে কেন্দ্র করে দম্য প্রশাসনিক কাঠামো সংগঠিত হওয়ার ফলে স্মাটের পরিবর্তনের সঙ্গে সম্প্র প্রশাসনিক আকুগত্যেরও পরিবর্তন হ'ত।

কর্মচারী নিয়োগ প্রথা উচ্চ পদাধিকারীদের অভিক্রচি দ্বারা পরিচালিত। ফলে এই নিয়োগ ব্যবস্থা কথনো শ্রেণী স্বার্থ বা জাতিগত স্বার্থকে অতিক্রম করতে পারে নি। তাই প্রশাসনের সঙ্গে জন সমর্থন বা জনমতকে যুক্ত করার কোন স্থবোগই ছিল না। বরং দায়াজ্যের বিভিন্ন তথ্য সংগ্রহ করার জন্ম যে গুপ্তচর বাহিনী নিযুক্ত ছিল তারা দায়াজ্যকে শক্তিশালী করার পরিকর্তে তাকে ক্রমান্বয়ে নানাভাবে শক্তিহীন করে ভুলছিল।

আর রাজনৈতিক আহুগত্য—সে তো অনেক গভীর বিষয় বলা হয়েছে, "The factor of political loyalty implies amongst its essentials loyalty to the State, the state being a concept which is over and above that of king and the Government. প্রাচীন ভারতে প্রজাতান্ত্রিক রাষ্ট্রগুলির পতনের সঙ্গে সঙ্গের রাষ্ট্র বিষয়ক চিন্তাধারাও অবসান ঘটে। পরিবর্তে রাজতান্ত্রিক প্রথা ক্রমশঃ প্রতিষ্ঠিত হতে থাকে এবং আহুগত্য বোধ রাষ্ট্রের পরিবর্তে জাতি বা গোষ্টাকেন্দ্রিক হয়ে যায়। ফলে রাষ্ট্রের ভিত্তি ক্রমশঃ তুর্বল হতে থাকে, বেমন হয়েছিল মৌর্য সাম্রাজ্যের ক্ষেত্রেও।

## । ভারতে যুসলমান আগমণের ফলাফল ঃ রাজনৈতিক, সামাজিক ও ধর্মীয়।

া। ভূমিকা।। যুগে যুগে ভারতে বহু বিদেশী এসেছে, কথনো কথনো বন্ধুর বেশে, কথনো আক্রমণকারীর ভূমিকায় আবার কথনো শোষকের ছন্নবেশে। কিন্তু কোন্
অসচেতন মুহূর্তে যেন বৃহৎ ভারত-আত্মায় তাদের স্থায়ী আসন স্থনিদিষ্ট হয়ে গিয়েছে। ৴
প্রাচীন ভারতে গ্রীক, শক, হুণ প্রভৃতি জাতির ভূমিকার কথা আমরা জানি। যদিও
তাদের প্রথমদিকে ফ্লেছ বলে মনে করা হ'ত তথাপি যেহেতু তারা গোঁড়া হিন্দু প্রধান
অঞ্চলে নিজেদের প্রাধান্ত বিস্তার করে নি, সে কারণে ধীরে ধীরে ক্রমশঃ ভারতীয়
জন-জীবনের সঙ্গে মিলে যাওয়া তাদের পক্ষে সহজ হয়েছিল। তাছাড়া তারা
নিজেদের সঙ্গে বিশেষ কোন ধর্মতে বা ধর্ম প্রচারক নিয়ে আসে নি। ফলে হিন্দুধর্মের
প্রবক্তাদের সঙ্গে সংশ্বুথ সংঘাতের কোন কারণ ঘটে নি।

কিন্তু মৃদলমানদের আগমণের দক্ষে দক্ষে অবস্থার ব্যাপক পরিবর্তন হয়ে গেল। তারা এদেশে এল ইদলাম ধর্ম এবং একটি পৃথক জীবনযাত্রা পদ্ধতি নিয়ে। এর আগে অক্যান্ত আক্রমণকারীর দক্ষে দহাবস্থানের স্থযোগে হিন্দু ও বৌদ্ধর্মের জনেক পরিবর্তন এদেছিল। কিন্তু ইদলাম ধর্মের ক্ষেত্রে এই পরিবর্তন স্বাভাবিক হ'ল না। তবে পরিবর্তনের গতিপথকে হুন্ধ করে দেওয়া বায় নিন ধেমন মৃদলমানগণ ধীরে ধীরে ভারতীয় খাত্য ও পোঘাকৈ অভান্ত হয়ে যাচ্ছিল। আবার মৃদলমান দমাজ-চিস্তা ভারতীয় জীবন্যাত্রার অঙ্গীভূত হচ্ছিল।

একদিক থেকে মোক্ষলগণ এই পারস্পরিক বোঝাপড়ার পথকে প্রশস্ত করেছিল।
কারণ তাদের বারংবার ভারত আক্রমণের ফলে আফগানিস্থান ও পশ্চিম এশিয়া
বিপুল সংখ্যায় বিদেশী এদেশে আসে নি। তাই ভারতে ইসলামকে বেঁচে থাকার জন্ত
মূলতঃ ধর্মাস্তরিতদের উপরই নির্ভর করতে হ'ত। আবার ভারতীয়গণ ধর্মাস্তরিত
হলেও তাদের জীবনমান্রায় বিশেষ কোন পরিবর্তন হ'ল না। ফলে তৈরী হতে লাগলো
ক্রমশঃ পারস্পরিক বোঝাপড়ার ক্ষেত্রটি।

কিন্ত দেশের শাসক সম্প্রদায়ের ক্ষেত্রে চিত্রটি ছিল অক্সরকম। কোন কোন ক্ষেত্রে ধর্মীয় প্রধানদের নির্দেশাসুসারে, কখনো কখনো রাজনৈতিক কারণে এই সম্প্রদায় সর্বদাই সাধারণ মান্তবের কাছ থেকে নিজেদের বিচ্ছিন্ন এবং দূরবর্তী রাখতে চাইতো। "The call to Muslim loyalty or Hindu loyalty could always be used for purpose other than religious and this sentiment could be exploited when convenient."

#### । রাজনৈতিক ক্লেত্র।

রাজনৈতিক ক্ষেত্র সম্পর্কে হিন্দ্ধর্মের প্রবক্তাদের উদাসীয়া সহজেই বুঝা যায়।
সমাজ-জীবনের সংঘবদ্ধতা বদ্ধার রাখতেই ছিল তাদের আগ্রহ। তাছাড়া রাজনৈতিক
সংগঠনের দিক থেকে স্থলতানী যুগের ব্যবস্থাপনা হিন্দুদের ব্যবস্থাপনার তুলনার খুব
একটা নতুন কিছু ছিল না। তাই বলে স্থলতানী ব্যবস্থাপনা যে অস্কভাবে ইসলামঅন্ত্যারী ছিল তাও নয়। যেমন রাজপদ সম্পর্কে দৈব বিশ্বাস ইসলাম-নির্দেশনার্থ
নয়। কিন্তু যেহেতু এ বিশ্বাস ভারতে প্রচলিত ছিল তারা নিজেদের স্থবিধার কারণে
এটা মেনে নিয়েছিল। তবে এসব পরিবর্তনের জন্তা ইসলাম ধর্মের প্রবক্তাদের
অন্ত্যমাদন নিতে হ'ত। প্রবক্তাগণও এসব ক্ষেত্রে অন্ত্যমাদন দিতেন। শুধু শর্ত
ছিল, স্থলতানগণ এ দের ধর্মীয় ক্ষেত্রে সর্বশক্তিমান বলে মেনে নেবেন। ফলে
হিন্দুদের মত তাদের মধ্যেও এই বিশ্বাস ঘনপিনদ্ধ হ'ল যে রাজা দেশের নিরাপতার জন্তা
অপরিহার্ম, তাঁর অন্তপস্থিতির অর্থই বিশৃদ্ধলা। স্থলতানগণও পরিবর্তে উলেমাদের
সম্মান করতেন, মসজিদ তৈরী করে দিতেন, আবার কথনো বিধ্নীদের উপর অত্যাচার
করে তাদের ধর্মান্তরাগের পরিচয় দিতেন।

অবশ্য সব স্থলতানই যে এমন ব্যবস্থা মেনে নিতেন তা নয়। এর ব্যতিক্রমণ্ড নিশ্চয়ই আছে আর ব্যতিক্রম হলেই উলেমারা আরও সতর্ক হতেন "Since it would have been impolitic in a country of non-believers to show any internal dissensions publicly." স্থলতানগণ তাঁদের রাজ সভায় যে জাঁক জমক ও বিলাস-বছলতার ব্যবস্থা করতেন, তার একমাত্র উদ্দেশ্য ছিল, শাসক ও শাসিতের মধ্যে দূরত্ব স্পাষ্ট করে দেখানো।

উলেমাগণ ষেভাবে ব্যাখ্যা করতেন সেই ব্যাখ্যা মত কোরাণের নির্দেশানুসারে

ফ্রলতানকে চলতে হ'ত। তাঁর প্রধান উপদেষ্টা ছিলেন কাজী বা বিচারক।
নাধারণতঃ রাজধানী ও মুসলমান প্রধান শহরাঞ্চলে ইস্লামীয় আইন প্রযুক্ত হ'ত।
হিন্দু এলাকাতে হিন্দু আইনই কার্যকারী হ'ত। এই দ্বিম্থী পদ্ধতি থাকার ফলে নানান
অফ্রবিধে দেখা দিত। শেষ পর্যন্ত স্থির হয় যে, প্রয়োজনমত যে কোন আইনই
প্রয়োগ করা যেতে পারে। শুধু লক্ষ্যণীয় হ'ল, কোন অবস্থাতেই রাষ্ট্রের নিরাপতা
যেন বিশ্বিত না হয়।

আইনতঃ স্থলতান ছিলেন থলিফার প্রতিনিধি। কিন্তু কার্যতঃ তিনি ছিলেন যাধীন। অবশু তাঁর উপর কতকগুলি বাধানিষেধ আরোপিত ছিল। যেমন তাঁর, কর্মপন্থার পেছনে ইসলামের সমর্থন। কিন্তু যর্চদশ শতান্দীতে আকবর যে এইসব বিধিনিষেধকে অগ্রাহ্য করতে পেরেছিলেন এতে প্রমাণ হয় যে ততদিনে রাষ্ট্রীয় প্রাশাসন ধর্মীয় কর্তৃত্ব থেকে মুক্তি পেয়েছে। যাই হোক, নিজের কর্তৃত্বকে প্রশাতীত রাথতে স্থলতানকে উলেমা, অভিজ্ঞাতবর্গ এবং সেনাপতিদের সর্বদাই সম্ভব্ট করতে হ'ত।

সাধারণ প্রশাসনের সর্বোচ্চে ছিলেন উজীর বা প্রধানমন্ত্রী। ইনি রাজস্ব সংগ্রহ
ও আয়-ব্যয়ের হিসেব তদারক করতেন। অক্যান্ত ক্ষেত্রে তাঁর ভূমিকা সাধারণভাবে
স্থলতানের সঙ্গে ব্যক্তিগত সম্পর্কের উপর নির্ভর করতো। অপর তুইজন গুরুত্বপূর্ণ
কর্মচারী হলেন সামরিক বিভাগীয় প্রধান ও বিভিন্ন প্রদেশের সঙ্গে সংযোগ রক্ষাকারী
প্রধান।

প্রাদেশিক শাসকদের ক্ষমতা ঘূটি অবস্থার উপর নির্ভন্ন করতো—এক, রাজধানী থেকে নৈকটা, ঘুই, কেন্দ্রীয় সরকারের প্রতিনিধির উপস্থিতি। তাছাড়া স্থলতানের সঙ্গে শাসকদের ব্যক্তিগত সম্পর্কের উপরও নির্ভর করতো। প্রাদেশিক শাসনের সর্বনিয় সংগঠনটি হ'ল পরগণা। পরগণার জন্ম ছিল পৃথক একদল কর্মচারী।

মোট কথা হ'ল, শাসনতান্ত্রিক কাঠামোর দিক থেকে হিন্দু ব্যবস্থার সঙ্গে মুসলমান ব্যবস্থার খুব একটা পার্থক্য ছিল না। কেবলমাত্র রাজকর্মচারীদের পদবীর পরিবর্তন হয়ে দেথানে পার্মিক নাম গৃহীত হয়েছিল এবং এই পরিবর্তনও ছিল খুবই স্বাভাবিক।

#### ॥ সামাজিক ক্ষেত্র॥

তুর্কী ও আফগানগণ এদেশে এসে শহরাঞ্চলে বসবাস আরম্ভ করে। ফলে শুরু হ'ল নগর সভ্যতার আরেক রূপ। ব্যবসা-বাণিজ্যের ব্যাপক প্রসারের সঙ্গে সঙ্গেজাত জীবন যাত্রার হুত্রপাত হ'ল। আর এই জীবন যাত্রার তাগিদের বিলাস দ্বোর চাহিদা বৃদ্ধি পেতে লাগলো। বিভিন্ন শহর ব্যবসা-কেন্দ্রে পরিণত হ'ল, ভারতীয়দের মধ্যেও ব্যবসায়ী সম্প্রদায়ের জন্ম হ'ল।

ভারতে ম্সলমান সমাজে পরিষ্ণার তিনটি ভাগ দেখা গেল। যেমন, ধর্ম-নিরপেক্ষ বা ধর্মান্ধ অভিজাত বর্গ, বিভিন্ন শিল্পে পারদর্শী শ্রমিক শ্রেণী এবং কৃষক সম্প্রদায়। অভিজাতদের মধ্যে ছিল তুর্কী, আফগান, পারস্ত ও আরব দেশীয় লোক। প্রথমে নিজেদের মধ্যে এই জাতিগত বৈষম্য তারা রক্ষা করে চলতো। তারপর ক্রমশঃ তারা যথন এদেশে স্থায়ীভাবে বসবাস করতে আরম্ভ করলো এবং দেখলো এদেশে তারাই হ'ল সংখ্যালঘিষ্ঠ তথন তাদের জাতিগত বৈষম্য দ্র হয়ে যেতে লাগলো।

প্রথমে স্থলতানের দয়া-দাক্ষিণ্য লাভের উপরই অভিজাতের স্তরে উন্নীত হওয়া নির্ভর করতো। পরে অবশ্য আভিজাত্য বংশান্থক্রমিক হয়ে যায়। তাদের আয়ের পরিমাণ ছিল বিলাদ-বহুল জীবন যাপনের পক্ষে যথেষ্ট, ফলে যথেষ্ট রাজনৈতিক ক্ষমতার অধিকারীও ছিল তারা। আলাউদ্দীন থিলজী যথোচিত কারণেই এদের আয় হ্রাদ করার চেষ্টা করেছিলেন। কিন্তু তাঁর মৃত্যুর পর এই ব্যবস্থাকে আর অব্যাহত রাখা যায় নি।

কার্যক্ষেত্রে অভিজাতদের ছিল তুটি ভাগ—এক, যারা অন্ত্র ধারণ করতো, তুই, যারা কলম নির্ভর ছিল। প্রথমোক্ত যারা, তারা মূলতঃ দামরিক শক্তিতেই ছিল শক্তিমান। আর ছিতীয় দল ধর্ম নিয়েই থাকতো। এরা ছিলেন গোঁড়া স্থনী সম্প্রদায়ভুক্ত। দমাজে বিশেষ সম্মানীয়। এমন কি স্থলতানের পক্ষেও প্রক্রেয় হিন্দু সমাজে গুরু বা সন্ম্যাদীগণ যে ম্থাদার অধিকারী মূদলমান সমাজে পীর বা শেখ ছিল সম মর্যাদা সম্পন্ন।

ম্দলমান শিল্পীদের বাদ ছিল প্রধানতঃ শহরাঞ্চলে। এরাই প্রধানতঃ ভারতীয় সভ্যতার দকে ইদলামীয় সভ্যতার সংমিপ্রণে প্রধান ভূমিকা গ্রহণ করেছিল। জীবন যাত্রার নৈমিত্তিকতায় কিংবা বিভিন্ন সামাজিক অনুষ্ঠানের মধ্যে উভয় সভ্যতার সংমিশ্রণ ক্রমশঃ ক্রতত্তর হতে থাকে।

তত্ত্বত দিক থেকে ম্সলমান সমাজে কোন জাতিভেদ না থাকলেও বাস্তবক্ষেত্রে অবস্থা ছিল অন্ত রকম। ভারতের ম্সলমানদের মধ্যে ধারা ছিল পুরোপুরি বিদেশী ( যথা, তুকী আফগান ) তাদের বলা হ'ত আশারফ বা সম্মানীয়। এরপর ছিল উচ্চ শ্রেণীর ভারতীয় ম্সলমানদের স্থান। সর্বনিমে ছিল অন্তান্ত ম্সলমানগণ। বিভিন্ন জাতির মধ্যে বৈবাহিক সম্পর্ক সাধারণতঃ স্থাপিত হ'ত না। "The grafting of caste on to profession was so firm and strong by now that no minority community could hope to dislodge to and this was at the root of social relationships."

বিদেশী মুসলমান দীর্ঘকাল নিজেদের পৃথক অন্তিত্ব বজায় রাখতে উদগ্রীব ছিল। কিন্তু ধীরে ধীরে এদেশের খাত ও পোষাক অভ্যান্ত হওয়ার সঙ্গে দঙ্গে এবং প্রধানতঃ রাজনৈতিক কারণে ভারতীয় মহিলাদের বিবাহ করার ফলে তাদের পৃথক সন্থা ক্রমশঃ হারিয়ে যেতে থাকে। তা ষাই হোক, হিন্দু সমাজের মত মুসলমান সমাজেও নারী ছিল অন্তঃপুর চারিণী। গার্গী, মৈত্রেয়ীর মত স্থলতানা রিজিয়াও অবশ্যই একটি ব্যতিক্রম। কৃষক বা অন্তান্ত শ্রমজীবী সম্প্রদায়ের মধ্যে অবশ্য মেয়েদের আনেক স্বাধীনতা ছিল। এবং "this was doubtless due to economic necessity."

মৃদলমানদের ভারত আগমনের ফলে ব্রাহ্মণগণ নমাফ্র জীবনে যে সম্মান ও মর্থাদা ভোগ করতো তা থেকে তারা বঞ্চিত হ'ল। আর তাদের শৃশুস্থান পূর্ণ করলো উলেমাগণ। আরও লক্ষ্যণীয়, ব্রাহ্মণদের মত উলেমাগণও যথেষ্ট ধর্মীয়, রাজনৈতিক ও সামাজিক প্রতিপত্তি ভোগ করতো।

ষষ্ঠদশ শতাকী নাগাদ হিন্দু ও মুসলমান এই তৃই সম্প্রদায়ের মধ্যে পারস্পরিক আদান-প্রদান অনেকাংশে পরিপূর্ণতা লাভ করেছিল। অবশ্য তথনো উভয় সম্প্রদায়কে একই মানদণ্ড দিয়ে বিচার করা হ'ত না। এমন কি নীচু বংশজাত ছিন্দু, মুসলমান ধর্মে ধর্মান্তরিতি হলে অনেক বেণী সামাজিক মর্যাদা ভোগ করতো। তাই জনৈক ক্রিহাসিক বলেছেন, "Had the muslims remained a foreign community there would have been a readier acceptance of there ideology by high-caste Hindus."

## ॥ ধর্মীয় ক্ষেত্র॥

এর ফল হ'ল কি ? ব্রাহ্মণগণ তাদের মর্যাদা হারিয়ে নিজস্ব সম্পদ ও ঐতিহ্যের নব মূল্যায়নে আত্ম নিয়োগ করলেন। এই উল্যোগই পূর্ণতা লাভ করলো এক নতুন সামাজিক আন্দোলনে। এই আন্দোলনই ভক্তি আন্দোলন নামে পরিচিত।

বৈহুব ও শৈব এই ছিল তথনকার হিনু সমাজের তুই প্রধান ধর্মত। রামানুজ, চৈতন্ত, মীরাবাঈ, স্বরদাস প্রভৃতি ছিলেন নতুন আন্দোলনের প্রধান প্রবক্তা। স্বস্থীকার করার উপায় নেই, এরা বহুলাংশে ইসলাম ধর্মের স্থানী মতবাদ ছারা প্রভাবাহিত হয়েছিলেন। লক্ষ্যণীয় হ'ল, এই নতুন আন্দোলনের প্রবক্তাগণ অধিকাংশই ছিলেন নীচ্বংশ জাত। এই আন্দোলনের মূল কথা হ'ল: "Institutionalized religion and objects of our ship were attacked, cast-disregarded, women were encouraged to join in the gatherings and the teaching was entirely in the local vernacular language."

ঐতিহাসিক দিক থেকে ভক্তি আন্দোলনে স্বাধিক অবদান হ'ল ক্বীর ও নান্কের "Who expressed the sentiments of the urban class in towns and of the artisians in the village who were in contact with the towns." অবশৃষ্ট তাঁদের বক্তব্যে ইসলাম ধর্মের প্রভাব ছিল অভ্যন্ত স্পষ্ট। ক্বীর ও নানকের নেতৃত্বে ভক্তি আন্দোলন এক নতুন বাঁক নিল। তাঁরা তৃজনেই স্বশক্তিমানের অন্বিভীয়ত্ব প্রচার করেন। তাই বলে হিন্দু-ম্নলমানের মিলন সাধনের কোন অভিসন্ধি তাঁদের ছিল না। তাঁরা শুধু তাঁদের উপলব্ধ সভ্যকে ঘোষণা করেছিলেন। তাই দেখা পেল, তাঁরা একধোগে বাহ্মণ ও উলেমাদের বিরোধিতার সমুখীন হয়েছিলেন।

কিন্তু তাঁরা যে প্রচুর জনসমর্থন পেয়েছিলেন এতে কোন সংশয় নেই। তাঁদের জনপ্রিয়তা লাভের সবচেয়ে বড় কারণ হ'ল, তাঁদের উদাত্ত কঠে সামাজিক সাম্য প্রতিষ্ঠার আহ্বান। ফলে জাতিভেদ প্রচার বলি হয়েছিল যে সব মান্থয় তারা আজ কবীর ও নানকের পাশে এসে দাঁড়ালো। একটি কথা এ প্রসঙ্গে উল্লেখযোগ্য। শেষ পর্যস্ত দেখা গেল, কবীরের তুলনায় নানক-ই অধিকতর স্থায়িত্ব লাভ করেন ভারতবর্ষে। কিন্তু এর কারণ কি? কবীর তাঁর বক্তব্যে মাঝে মাঝেই ভগবানের নামোল্লেখ করতেন। ফলে ধারণা হয়ে যায় কবীর সম্ভবতঃ একটি পৃথক হিন্দু ধর্মীয় গোষ্ঠী তৈরী করতেই আগ্রহী। অন্তদিকে নানক হিন্দু ও ইসলাম উভয় ধর্মকেই বর্জন করার কথা স্পষ্ট করে বলায় কোন ভূল ধারণার অবকাশ ছিল না।

#### ॥ সাংস্কৃতিক ক্ষেত্র॥

ষাই হোক ভক্তি আন্দোলনের অধিকাংশ প্রবক্তা সাধারণ মান্নুষের কথ্য ভাষায় নিজেদের বাণী প্রচার করায় দেখা গেল, বিভিন্ন আঞ্চলিক ভাষায় প্রাচীন সাহিত্য সমূহকে অন্ধবাদ করার এক অস্থির প্রবণতা। গীতা, রামায়ণ ও মহাভারতের ব্যাপক অন্থবাদ এ সময় থেকেই আরম্ভ হয়। অন্থাদিকে চৈতন্মদেবকে কেন্দ্র করে বাংলা ভাষার বিকাশ, শংকর দেবকে কেন্দ্র করে অসমীয়া ভাষার বিকাশ ক্রতত্ব হ'ল। কৈন ধর্মের প্রয়োজনে গুজরাটা ভাষা বিকশিত হ'ল। কবীর, নানক, স্বরদাদ ও মীরাবাদ্যয়ের সহায়তায় হিন্দি ভাষাও অধিকত্বর পরিচিতি অর্জন করলো।

অন্তদিকে মুসলমান স্থলতানগণ সংস্কৃত ভাষার পরিবর্তে পারশিক ভাষাকে রাট্রায় ভাষার মর্যাদা দান করায় বিভিন্ন প্রাদেশিক ভাষার প্রয়োজনও বহুলাংশে বৃদ্ধি পেল। কিন্তু তাই বলে সংস্কৃত ভাষা একেবারে উপেক্ষিত রইলো না। এই ভাষার চর্চাও অব্যাহত রইলো বিদ্ধজন পরিবেশে।

ভারতীয় সভাতার ক্ষেত্রে ইনলাম সভাতার আরেকটি প্রভাব হ'ল চিত্র, স্থাপতা ও ভারতীয় সভাতার ক্ষেত্রে। 'The Turks brought with them the traditions of Arab and Persian architecture, particularly the latter. Persian features included the pointed arch, the transverse vault, the dome and the octagonal form of the building under the dome. These were all new to Indian architecture, where the arch was topped by a linted or was rounded and the towers of Temples were corbelled.……Indian motifs, such as the lotus in various forms, found their way into the new buildings. These motifs were introduced together with the classic Islamic decorative motifs—the geometrical patterns, arabesques and calligraplic forms."

#### । **আলোচনা** ॥

গত প্রায় পঞ্চাশ বছর ধরে এমন এক স্টুকীর্ণ প্রবণতা প্রবল হয়ে উঠছে যাতে প্রমাণ করা যায় যে ভারতে কথনোই হিন্দু ও মুসলমান ভাবধারার পারস্পরিক আদান

প্রদান ঘটে নি। উভ্য় সম্প্রদায়ই সর্বদাই অত্যন্ত সতর্কভাবে নিজেদের পৃথক সম্বা ৰজায় রাখতে চেয়েছে। এই প্রবণতা 'historical back projection'' এর এক প্রকৃষ্ট প্রমাণ, যেখানে সমসাময়িকতাকে প্রতিষ্ঠিত করার জন্ম অতীতের আশ্রয় নেওয়া হয়। কিন্তু আমরা ভূলে যাই কি করে যে আজকের ভারতবর্ষে অধিকাংশ মুসলমানই হ'ল ধর্মান্তরিত হিন্দু? এটা কি প্রমাণ করে না যে তারা পরস্পার থেকে বিচ্ছিন্ন ছিল না প্রথম থেকেই ? তা না হলে ধর্মান্তরিত হওয়ার বা করার স্থ্যোগ আসে কেম্মন করে ? আসলে সংকীর্ণ পন্থীরা প্রমাণ হিসেবে দাখিল করেন ধর্মীয় প্রবক্তাদের অথবা স্থলতানদের সভাবদের বিবরণী। কিন্তু এরাতো স্পাষ্টতঃই রাজনৈতিক কারণে উভয় সম্প্রদায়ের বিভেদকে বড় করে দেখাবার চেষ্টা করেছেন। The fusion of cultures in any case cannot be jadged by the writings of a prejudiced minority determined to hold aloof: it can only be judged by the cultural pattern of the society as a whole". কোন সন্দেহ নেই যে স্থলতানী আমলে উভয় সভ্যতার সংমিশ্রণ হয়েছিল। তবে সেই সংমিশ্রণ নিশ্চয়ই সর্বপ্লাবী ছিল না। যেমন রাজনৈতিক জীবনে খুব একটি সক্রিয় প্রভাব নেই, কিন্তু সামাজিক ও ধর্মীয় জীবনে যে প্রভাব ছিল কত ব্যাপক তার প্রমাণ ভক্তি আন্দোলন। অবশুই এইসব সংমিশ্রণ প্রক্রিয়ায় সে সময় রক্ষণশীলতার প্রতিরোধ ছিল অত্যস্ত তীব্র এবং এই তীব্ৰতা হ্ৰাস পেয়েছিল মাত্ৰ উনবিংশ শতাকীতে "When with the emergence of the Indian middle class as a result of various factors, a new social and political pattern began to evolve."

# া। ভারতের ইতিহাসে আকবরের অবদান।।

।। ভূমিকা।। রাজতন্ত্রের মহিমা ব্যক্তি-নির্ভর। একক ব্যক্তিত্বের অপরিদীম কৃতিত্বের উপর একটি রাজবংশের ঐতিহাদিক স্থান নির্ভর করে। ভারতের ইতিহাদে মোগল রাজবংশের যা কিছু দাফল্য, কৃতিত্ব জনপ্রিয়তা দব কিছুই মূলতঃ আকবরের অবিশ্বরণীয় কার্য-কলাপের উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত। তাই একদিক থেকে আকবরের দঠিক ঐতিহাদিক মূল্যায়নের অর্থ ই হ'ল মোগল রাজবংশের ঐতিহাদিক তাংপর্য নির্ধারণ।

এই মূল্যায়নের জন্ম আমাদের প্রথম বিচার্য, ভারতের রাজনৈতিক রঙ্গমঞ্চে আকবর অবতীর্ণ হলেন কথন? চকিত বিহাৎ চমকের মত শেরশাহের আবির্ভাবের স্থিতি তথন মান। পিতা হুমায়্ন তাঁর হৃত সামাজ্য পুনক্ষরার করেছেন মাত্র। আকবর তথন অপরিণত বয়স্থ বালকমাত্র। ফলে ভারতের রাজনৈতিক দৃশ্যপটে তথন এক বিরাট শৃন্মতা বিরাজমান। এবং সেই শৃন্মতা যোগ্য নেতৃত্বের। মোগল রাজবংশের সৌভাগ্য এই বাঞ্ছিত নেতৃত্ব দানের প্রতিভা নিয়ে জন্ম ছিলেন আকবর এবং "that is why there is a Mughal Period in Indian history." বাবরের স্কৃতিত্ব আর

কতটুকু? তাঁর কৃতিত্ব এটুকুই যে তিনিই প্রথম ভারতে এদেছেন এবং তাঁর সামরিক সাফল্য উত্তর স্থরীদের মনে এক উদ্দীপকের কান্ধ করেছিলো। আর হুমায়্ন তাঁর পিতার অবদানকে ধরে রাখতে পেরেছিলেন মাত্র। কিন্তু "The work of both would have been in vain if his successor had not possessed genious on his own account."

## ॥ সাত্রাজ্য প্রতিষ্ঠা॥

আকবরের নেতৃত্ত্বেই অর্ধেকেরও বেশী ভারতের ভৌগোলিক পরিসীমার উপর মোগল সাম্রাজ্য একটি অত্যন্ত স্পষ্ট বাস্তব ঘটনা হিসেবে প্রতিষ্ঠিত হ'ল। "It was not the more existence of empire so much which was important but the shape which it took and this it owed to Akbar more than to any other man." অবশুই দাগ্রাজ্য বিস্তারের ক্ষেত্রে তাঁর দৃষ্টিভঙ্গীর অভিনবত্ব কিছু নেই। উনবিংশ শতাব্দীর লর্ড ডালহৌদীর মত তিনিও বিখাদ করতেন, ভারতবর্ষকে তাঁর অধীনে নিয়ে আসার অর্থ ই হ'ল সাধারণ মান্তবের মঙ্গল সাধন। তবে তাঁর ক্বতিত্ব হ'ল, অন্তরা এই লক্ষ্য নিয়ে যেখানে সামগ্রিক সাফল্য অর্জন করতে পারেন নি, আকবর তা পেরেছিলেন। বেমন: ডালহোসী সাম্রাজ্য বিস্তারের পথে এগিয়ে গিয়ে সিপাহী বিদ্রোহের পটভূমিকা রচনা করেছিলেন। আকবরের ক্ষেত্রে এ রকম কোন বিপরীত ও বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয় নি। কারণ "He possessed both personal magnetism, the ability to manoeuvre and to judge situations and the Napoleonic gift of rapid movement." মৃত্যুকালে তিনি বঙ্গোপদাগর থেকে কান্দাহার পর্যন্ত এক বিশাল ভূভাগের অধিপতি ছিলেন। ''His empire was balanced by the persian empire on the Iranian plateau, itself preoccupied with the Otteman turkish empire beyond and there was no one else whose power was comparable." ছিল তাঁর এক শক্তিশালী সংঘবন্ধ সৈত্ত বাহিনী, যা প্রায় অজেয়। ছিল তাঁর অধিকারভুক্ত রসাল বাংলাদেশের সম্পদ ও মধ্য-পূর্বাঞ্চলের বাণিজ্ঞা, যা সাম্রাজ্যকে করেছিল সমৃদ্ধশালী। এবং ছিল এক স্থদৃঢ় কেন্দ্রীয় প্রশাসন, যা এক প্রবল ব্যক্তিমকে প্রতিফলিত করে। এবং এদের সম্মেলনেই এক শতাব্দীব্যাপী স্থায়ী এক স্থৃদৃঢ় সাম্রাজ্যের মজবুত বনিয়াদ স্থাপিত হ'ল ৷

## ॥ নেতৃত্বের প্রতিভা॥

আকবরের শাসন ধনি শুধুমাত্র এক বিদেশী আক্রমণকারীর শাসন হিসেবেই প্রিগণিত হ'ত তাহলে "it would have been brittle, however. Outwardly brilliant." কিন্তু তা হয় নি। কারণ আকবর একজন সাম্রাজ্য-বিজেতামাত্র কেবল এই পরিচয়ে নিজেকে আবদ্ধ রাখতে চান নি। চেয়েছিলেন নিজেকে জনগণের নেতার

পদমর্ঘাদায় উন্নীত করতে। তিনি জানতেন. "Leadership, however inspired, is not enough; it has to be creative leadership if it is to charm a mixed people to Co-operate in goodwill rather than acquiesce through fear." তাই তিনি সংখ্যাল্ঘিষ্ঠ ম্সলমান সমাজের নেতার ভূমিকা থেকে সম্প্র হিন্দুখানের অবিদয়াদিত নেতায় রূপান্তরিত হয়েছিলেন।

এ কথা অবশ্য ঠিক যে আকবরের পূর্ববর্তী দিল্লীর স্থলতানেরাও হিন্দুদের দেশ শাসনকার্যে নিয়োগ করেছেন, সৈন্ম বাহিনীতে গ্রহণ করেছেন। কিন্তু তথন সাম্রাজ্য-শাসনের নীতি নির্দেশনার ক্ষেত্রে হিন্দের কোন রকম ভূমিকা ছিল না। তথন ছিল দেশে প্রকৃতপক্ষে সামরিক শাসন। জনগণ অনুগত অথবা সৌভাগাবান হলে সেই শাসন থেকে স্থবিধা পেতে পারতো। কিন্তু অক্তদিকে আকবর সম্পূর্ণ থোলামন নিয়ে সম্পূর্ণ নিঃশঙ্ক চিত্তে হিন্দুদের সহযোগিতা গ্রহণ করতে চেয়েছিলেন। এর ফলও পেয়েছিলেন তিনি হাতে হাতে। ভারতের শৌর্য ও বীর্যের প্রতীক রাজপুত জাতি বে কি অপরিমের সহযোগিতার হাত সম্প্রসারিত করেছিল আকবরের প্রতি তা তো সর্বজনবিদিত। প্রদক্ষকমে কেবলমাত্র একটি উদাহরণ উল্লেথযোগ্য। যে শিবাজী পরবর্তীকালে মোগল সামাজ্যের স্থায়িত্বের প্রতি চ্যালেঞ্জ জানিয়েছিলেন, প্রায় অপরাজেয় মোগল শক্তিকে পর্মুদন্ত করেছিলেন বারংবার, সেই শিবাজী একদা বন্দী ও ধৃত হয়ে মোগল দ্রবারে আনীত হয়েছিলেন এক রাজপুত বীরের সাহায্যেই—তিনি হলেন জয় সিংহ। তাই এক বিচক্ষণ দ্রদৃষ্টি সম্পন স্বযোগ্য নেতার মত আকবর সত্যিকারের শক্তির উৎস সন্ধান করে নিতে ভুল করেন নি। মৈত্রী বন্ধন স্থাপন করে, আত্মীয়তার যোগস্ত্ত রচনা করে আকবর ভাই রাজপুত জাতির সমর্থন সংগ্রহ করেছিলেন নিজেকে অধিকতর শক্তিশালী ও স্বপ্রতিষ্ঠিত করার তাগিদে। রাজপুত চিত্ত জয় করার মধ্য দিয়ে যে তিনি সমগ্র ভারত মনকে বশীভূত করতে পারবেন, এই সত্য অহুধাবনে তাঁর কোন বিভ্রম ঘটে নি। নেতা হিসেবে এটাই যে তাঁর এক বিরাট সম্পূর্ণ নিভূলি ও বলিষ্ঠ পদক্ষেপ এই সত্যকে অস্বীকার করার কোন উপায় নেই।

## ॥ প্রশাসনিক নৈপুণ্য॥

দেশ শাদনের প্রয়োজনে একটি স্বসংহত শাদন ব্যবস্থার প্রবর্তন বহু সমাটই করেছেন এবং তাঁরা বহুলাংশে সাফল্য অর্জনও করেছেন। কিন্তু আকবরের স্বকীয় বৈশিষ্ট্য ভ্রু এতেই সীমাবদ্ধ নয়, বরং তা অধিকতর পরিস্টু রাজকার্যের (imperial service) মর্যাদা বৃদ্ধিতে। প্রকৃতপক্ষে সমাটের প্রশাদনে সর্বান্তকরণে অংশগ্রহণ ঘে বিশেষ সম্মানীয় বিষয় এই বোধ আকবরই জাগ্রত করেছিলেন। অব্খ তাঁর কর্যচারীদের মধ্যে শতকরা সত্তর ভাগই ছিল অভারতীয় আর বাকী তিরিশ ভাগ ভারতীয় হিন্দু ও ম্সলমান। ষাই হোক রাজ কার্যের মর্যাদা বৃদ্ধিতে মনস্বদারী প্রথা বিশেষ ভূমিক।

ইতি-শিক্ষণ-১৩

গ্রহণ করেছিল। এই প্রথা সম্পর্কে সর্বাধিক উল্লেখযোগ্য বিষয়টি হ'ল, মনস্বদারী পদ কথনোই পৃষ্ণধানুক্রমিক ছিল না, বরং যে কোন যোগ্যতা সম্পন্ন ব্যক্তি আপন বোগ্যতার পরিচয় দিয়ে এই পদ মর্যাদায় অভিষিক্ত হতে পারতো। ফলে "'nstead of seeking fame in obscure local independence, in insurrection, or in gang robbery, such youths could find both distinction and an outlet for energy in the Constructive service of the state."

এইভাবে আকবর রাজকার্যকে এক ভিন্নতর দৃষ্টিকোণ থেকে দেখতে শিথিয়েছিলেন দেশের সাধারণ মান্ন্যফেন। এবং এক্ষেত্রে তিনি যে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছিলেন তার প্রমাণ, অষ্টাদশ শতাব্দীর মধ্য ভাগ পর্যন্ত আকবর প্রতিষ্ঠিত বিধি ব্যবস্থা সাধারণভাবে অপরিবর্তিত ছিল, এমন কি পদ মর্যাদা দানের উদ্দেশ্যে যে সব ব্যবস্থা গ্রহণ তিনি করেছিলেন তা হামদরাবাদের নিজাম ১৯৪৮ সালে হামদরাবাদের ভারত-ভুক্তির পূর্ব পর্যন্তও অন্নসরণ করেছিলেন।

#### ॥ মহিমা-মণ্ডিত সম্রাটের সিংহাসন ॥

আকবরের আরেকটি কৃতিত্ব হ'ল, সাধারণ মানুষের সমুথে সম্রাট ও তাঁর সিংহাসন সম্পর্কে কেমন এক রহস্ত মিশ্রিভ সম্রদ্ধ মনোভাব স্থাই করা। প্রাচীন হিন্দু রাদ্ধারাও চেটা করেছেন তাঁদের নিজেদের চারদিকে এমন এক পরিমণ্ডল রচনা করতে যেন সাধারণ মানুষের কাছে খুব পরিচিত হয়েও কেমন এক অপরিচয়ের আচরণে নিজেদের আবৃত রাথতে পারেন। এতে স্থবেধেটা এই, শাসক ও শাসিতের দ্রত্ব ষেমন বিল্লিত হয় না তেমনি থানিক রহস্তময়তার অন্তরালে থেকে এক অন্তৃত ব্যক্তিত্ব দুটে ওঠে—এবং সঙ্গে জাগ্রত হয় এক অজানিত আশংকা মিশ্রিত কুণ্ঠা বা শ্রদ্ধা। এমন অবস্থাই শাসকের পক্ষে স্থবিধাজনক। মুসলমান স্থলতানেরাও এই চেটা করেছিলেন, কিন্তু সফল যে হন নি তার প্রমাণ "each dynasty was forgotten within a generation of its overthrow."

কিন্তু আকবর "restored this concept of imperial sanctity, the symbol of success being the addition of the 'nimbus' or halo to the imperial head in Mughal paintings from Akbar's time onwards." এবং অত্যন্ত সতর্কতার সন্দেই এমন কথা মনে করার যুক্তি সংগত কারণ আছে যে আকবর সমাট সম্পর্কে এমন একটি মনোভাব স্পষ্ট করার তাগিদে দীন-ইলাহী নামক ধর্মের প্রবক্তা হিসেবে নিজেকে পরিচিত করতে চেয়েছিলেন। অবশ্যই আকবরের জ্ঞান-পিপাসা ছিল অপরিমেয়, হাদয়ের উদার্য ছিল বন্ধনহীন, উপলব্ধির গভীরতা ছিল অতল। কিন্তু জ্ঞান-পিপাসা বা উদার্য বা গভীর উপলব্ধি থাকলেই আকবরের মত একজন স্থাম্ম বাস্থবাদী রাজনীতিককে ধর্মীয় প্রবক্তার ভূমিকায় অবতীর্ণ হতে হবে—এমনটা কথনোই উদ্দেশ্য বিহীন হতে পারে। তাই সংগ্র হয়, তাঁর দীন-ইলাহী কতটা

ধর্মীয় তত্ত্ব ছিল, কতটা ছিল রাজনৈতিক তত্ত্ব। এ ছাড়াও আকবর যদি প্রবলভাবে ধর্মীয় ভাবেই অমুপ্রাণিত হয়ে থাকবেন তবে নিশ্চয়ই উত্যোগী হতেন তাঁর উপলব্ধ সত্য মেন জনসাধারণের মধ্যে সম্প্রসারিত হয়, সমাদৃত হয়। তাতো আকবর করেন নি এবং বাস্তবে তাঁর দীন-ইলাহি কথনো তাঁরই রাজসভার চৌহদী পেরিয়ে যেতে পারে নি।

স্থতরাং আমরা এমন সিদ্ধান্তে পৌছুতে পারি যে দীন-ইলাহি বহুলাংশে তাঁর রাজপদ সম্পর্কে যে বিশ্বাদ তাকেই অধিকতর বলিষ্ঠভাবে বিকশিত হতে দাহায্য করেছিল। এর প্রমাণ ? দীন-ইলাহি প্রবর্তিত হ'বার পরবর্তীকালে দেখা গেল "Akbar himself was treated as a superhuman or semi divine person." তুর্ এই নয়। তাঁর পুত্র জাহাদীর কি করেছিলেন ? "Jahangir retained some details which tended to glorify the monarch while he discarded the cult as a whole."

কোন কোন ঐতিহাসিক দীন-ইলাহীকে আক্বরের পরিণত বয়সের এক ভীমরতি বলে উড়িয়ে দেবার চেটা করেছেন। কিন্তু আকবর তো তাঁর ধর্মমত ব্যক্ত করেছিলেন চল্লিশ বংসর বয়দে এবং যখন তিনি তাঁর অপরিদীম প্রাণ প্রাচূর্যে পূর্ণ। আবার আরেক দল বলেছেন যে আকবর এমন অবাচীন ছিলেন না যে তিনি ধর্মের মত একটি বিষর নিয়ে প্রগল্ভ হয়ে তাঁর অক্যান্ত বৃহৎ নীতিগুলি সংকটাপন্ন করে তুলবেন। কিন্তু আসলে আকবর তাঁর ধর্মমতকেও যে একটি নীতি হিসেবে প্রকাশ করেছিলেন তাও তো অস্বীকার করা যার না। সেই নীতি কি? "The problem of every all Indian ruler in the past has been to find a basis for loyalty to the throne on the part of all classes. Akbar knew as well as anyone else that yau could neither draw Hindus and Muslims into a new religion nor induce one permanently to submit to the other. He therefore set out to establish a cult of the monarch, to present him as a semi-divine personage whom it was a religious duty to obey and sacrilege to oppose. Hence the aura, hence the religious prostrations."

এবং অক্যান্স নীতির মত তাঁর এই ধর্ম-ভিত্তিক এক স্বষ্ঠু বাস্তব-বোধ সম্পন্ন নীতিও
দক্তল হয়েছিল। তার প্রমাণ, ভারতীয়দের বিচারে মোগল সমাটগণ অক্যান্স রাজ্যামহারাজাদের তুলনায় এক ভিন্ন ভূমিকায় স্থান পেলেন, দেশ শাসন করার বিষয়ে তাঁদের
ক্রিশ্বরিক অধিকার মাত্র্য স্থীকার করে নিল। এবং এ কথাটা যে কতবড় সত্য তার
সবচেয়ে বড় প্রমাণ ১৮৫৭ সালের বিল্রোহেও মৃম্যু মোগল সমাটকে রক্ষার এক
ক্রিক্সজালিক মোহ যেন বিল্রোহীদের এবং তাদের সমর্থকদের আক্তর করতে পেরেছিল।

সত্থৰ "Akbar succeeded in re-growing the divinity that doth hedge a king. He provided India with the first Muslim dynasty to receive the free allegiaunce of Hindus as well as Muslims and whose claim to rule was accepted for reasons other than the possession of superior force."

## ॥ ভারতে ইংরেজ সাম্রাজ্যবাদ—তার অনিবার্যতা ॥ ॥ ভূমিকা ॥

হত্তপাতে যারা ছিলেন ভারতে ইংরাজ সাম্রাজ্যবাদী সংগঠনের একনিষ্ট কর্মী, তারা স্বাই ছিলেন মনে প্রাণে লর্ড ওয়েলেস্লীর নীতির অন্ধ অনুসারী। কিন্তু যত অনায়াদে তারা তাদের লক্ষ্যকে সফল করে তুললেন এবং সামাজ্য গঠনের স্থুযোগে যত বেশী ভারতীয় পারিপাধিকতা সম্পর্কে তাদের নিজেদের অনভিক্ততা নিজেদের কাছেই স্পষ্ট হয়ে যাচ্ছিল ততই তারা এক বিম্মারে নিজেদের অবিধাস্ত শাফল্যে হতবাক হয়ে যাচ্ছিলেন। ফলে অনায়াদে লব্ধ সাম্রাজ্যকে হারাবার এক কারণ আশংকায় যেন প্রথম থেকেই তারা সম্রস্ত। তাদের আশংকা হচ্ছিল, হয়তো ধর্মের মত কোন অবক্ষয়ী শক্তি তাদের নতুন সাত্রাজ্যের ভিত্তিকে মজবুত হতে দেকে না কথনো। এমন আশংকা ছিল বলেই, সাম্রাজ্যে যথন গড়ার কাজ চলছিল এবং সঙ্গে সঙ্গে সাম্রাজ্যকে দৃঢ় বন্ধনে সংঘবদ্ধ করার প্রয়োজনে নানাবিধ সংস্কারকমূলক কর্মপন্থা অনুস্ত হচ্ছিল, তখনই সাম্রাজ্যের সংগঠক এবং সংস্কারকণণ আপন কর্তব্য পালন কালেই হুত্র হুত্র বক্ষে স্বীকার করে ফেলেছিলেন যে হয়তো পাশ্চাত্ত্য ভাবধারা পুষ্ট এইসব সংস্থারাবলী একদা ভারতে তাদেরই কবর রচনা করবে। এমন সচেতনতঃ ছিল ইংরেজ সামাজ্যবাদীদের। স্কদরগ্রাহী আরও হ'ল, এবম্বিধ পরিস্থিতিতে তারা নিজেদের সাত্তনা খুঁজে নিয়েছিলেন, ধেমন এলফিনস্টোন বলেছিলেন, তেমন দিন এলে তা হবে "the most desirable death for us to die."

#### ॥ (योन नयना ॥

কিন্ত ইংরেজ দামাজ্যবাদের দাফল্যের চমৎকারীত্ব দত্যিই স্থা বিশ্লেষণের অপেক্ষার রাথে। কেননা মাত্র আশী বংসরেরও কম সময়ে ভারতবর্ষের মত একটি দেশকে, যার নিজের এক স্প্রাচীন ঐতিহ্যান্তিত সভ্যতা রয়েছে এবং যে দেশ রাজনৈতিক, সামরিক ও দাংস্কৃতিক অভিজ্ঞতায় সমৃদ্ধ তাকে কত অনায়াদে একটি বিদেশী বণিক সংস্থা সম্পূর্ণ করতল গত করে ফেললো। অতএব এই অভাবিত, হয়তো বা অপ্রত্যাশিত ইংরেজ সাফল্যের পটভূমিকা বিশ্লেষণ বিশেষভাবে ঐতিহাসিক তাৎপর্য মণ্ডিত।

#### ॥ স্মস্তার বিচার ॥

এই প্রশ্ন বিচার করতে গিয়ে উনবিংশ শতান্ধীতে যুরোপে যেটা জনপ্রিয় মতবাদ ছিল তা হ'ল, দর্বন্দেত্রে প্রাচ্যের তুলনায় পাশ্চান্তের শ্রেষ্ঠত্ব। তাই দেদিন থুব দহজেই বলা যেতে পারতো, "What could an Asian do against a Clive, or a Hastings, a Lawrence or a Nicholson." কিন্তু প্রবর্তীকালে এঁদের তুলনায় আরও বেশী যোগ্য ইংরেজদের ব্যর্থতা এই মতবাদের অসারতার প্রমাণ দেয়। কেউ কেউ আবার ইংরেজ চরিত্রের বিশ্বাস-ঘাতকতার প্রবণতা ও চ্ট প্রবৃত্তিকে এই সাফল্যের কারণ বলে বর্ণনা করেছেন। কিন্তু "there had never been a case where more badness produced such large results," আবার অভাদিকে খ্টান ধর্ম প্রচারকগণতো বলতেন, ভারতীয় সভাতার ভিত্তিই ছিল আসলে চুর্নীতিগ্রন্থ, যার ফলে ইংরেজ সাকল্য হরেছিল এত সহজ। কিন্তু এমন মত কি আর আজ গ্রহণযোগ্য ? স্বৃত্রাং সমস্থা সমাধানের স্থ্র অম্বেশ করতে হবে অন্যত্র।

অন্তর্ক যে বক্তব্যটি সর্বপ্রথম উথাপিত হয় তাহ'ল ভারতীয়দের তুলনায় ইংরেছদের অনেক বলিষ্ঠ এবং নৈপ্রুপ্র নেতৃত্বর প্রশ্ন। কিন্তু ভারতে ইংরেজ সামাজ্য প্রতিষ্ঠিতাদের তুলনায় ভারতীয় নেতৃত্ব, যেমন হায়দর আলি, টিপু স্থলতান, নানা ফড়নাবীশ কিংবা মাধে। রাও সিদ্ধিয়া মোটেই অযোগ্য ছিল না। আদলে "Brilliant loadership in itself can be disruptive as well as creative. The effectiveness of leadership depends on the milion of its exercise and it is here that we can see British advantage." অইদিশ শতাকীতে ভারতে ইংরেজগণ ছিল স্থশৃংথল এবং সমদৃষ্টি সম্পন্ন। অন্তদিকে একই সময়ে ভারতীয় নেতৃত্ব ছিল অর্থবান, কৃষক সম্প্রদায়ের পরোক্ষ এবং তাৎক্ষণিক ভাগ্যান্বেবীদের প্রত্যক্ষ সমর্থন পৃষ্ট। ফলে, "the Company's agents in a crisis tended to draw together, while prince's follower's, in the same situation tended to fly apart, Changing sides, setting up one's own, was normal practice in eighteenth-century India." প্রকৃতপক্ষে পার্দিভাল স্পীরারের এই কঠোর এবং স্পষ্ট মন্তব্য তো অগ্রান্থ করার উপায় নেই।

ইংরেজ চরিত্রের শৃংখলা পরায়ণতার দিকটি বিশেষভাবে উল্লেখের অপেক্ষা রাথে।
চরিত্রের এই দিকটিই তাদের একই যন্ত্রের সাধনে উদ্ধুক্ত করেছিল এবং তা শুধু সামরিক ক্ষেত্রেই নয়, সাধারণ প্রশাসনিক ক্ষেত্রেও। অবশু একথাও ঠিক যে উন্নত পর্যায়ের সমরক্শলতা প্রাথমিক শুরে ইংরেজদের সাফল্য অর্জনে বিশেষ সহায়ক হয়েছিল।
কিন্তু আমরা দেখেছি অতি অল্ল দিনের মধ্যে ভারতীয় রাজন্তবর্গও যুরোপীয় সমর কৌশল আয়ন্ত করেছিলেন এবং সেইভাবে নিজ নিজ সৈন্ত বাহিনীকে শিক্ষিত করে তুলেছিলেন। যেমন মার কাশিমের সৈন্ত বাহিনী, অথবা সিদ্ধিয়ার বাহিনী অথবা রণজিতের নেতৃত্বে শিথ বাহিনী। কিন্তু এরপরও যথন ইংরেজ সাফল্য অপ্রতিহত থাকে তথন তার সাফল্যের অন্ত নিহিত শুক্রটি আমাদের বুবে নিতে কট হয় না।

ইংরেজ-মানসিকতার শৃংথলাপরায়ণতার সঙ্গে আরেকটি যে উপাদান সংহত হয়েছিল তা হ'ল তাদের দলগত সংহতিনোধ। মুরোপের এই সময়কে বলা হয়েছে "one of mounting self-confidence and optimism." স্বভাবতঃই তাই ইংরেজ চরিত্রেও এই প্রত্যয় ও আশাবাদ প্রতিফলিত হয়েছিল এবং এরসঙ্গে যুক্ত হয়েছিল নিজেদের অধিকতর সম্প্রসারণের এক উদগ্র কামনা। আবার এই সম্প্রসারণের তাগিদ তারা পেয়েছিল শিল্প বিপ্লব উদ্ভূত স্থাবিধা এবং ক্রম-বর্ধমান বাণিজ্য থেকে। তাই বাধাহীন ভাবে কেবল সম্থের দিকে ধাবিত হওয়ার বাসনা যেমন একদা অন্তপ্রাণিত করেছিল ইসলামের প্রাথমিক পর্যায়ে আরবদের কিংবা সোভিয়েট রাশিয়ায় কম্যুনিষ্টদের, তেমনভাবে তাড়িত করেছিল সেইসব দিনগুলিতে ভারতে ইংরেজদের। তথন তাদের কাছে "No defeat was more than a set-back, a a rut in the golden road of manifest desting…… This state of mind gave the British leadership a tenacity of purpose, and a resilience which could not be matched on the Indian side."

আমাদের পরবর্তী বিবেচ্য হ'ল, পারস্পরিক শক্তি ও সামর্থের বিচার। সাধারণ দৃষ্টিতে একটি বৃহৎ উপমহাদেশের সঙ্গে একটি বাণিজ্যিক সংস্থার শক্তি সামথের তুলনামূলক বিচারই চলে না। কিন্তু বাস্তব অবস্থা ছিল অন্য রকম। কারণ ভারতীয় শক্তি ছিল বহুগা-বিচ্ছিন্ন, এমন কি কোন কোন ক্ষেত্রে নিজেদের বিক্রম্বেই প্রযুক্ত। আর ইংরেজরা অপূর্ব চাতুর্যের সঙ্গে ভারতীয়দের বিক্রম্বে ভারতীয় লোকবল ও অর্থবল প্রয়োগ করতে পেরেছিল। তা ছাড়া ভারতের কোন নিজস্ব মন্তবৃত আর্থিক মেক্রম্বেই ছিল না। অন্যদিকে প্রথর মধ্যাহ্নের মত উচ্চুদিত ছিল এ সময়ের ইংরেজ অর্থনীতি — সারা বিশ্বে পরিব্যপ্ত। তারপর তাদের সামুদ্রিক অভিজ্ঞতা ও প্রাধান্ত তাদের এক বাড়তি স্থবিধে দিয়েছিল। এক কথায় একদিকে ভারতীয় সম্পদ ছিল ক্ষয়িষ্কৃ, অন্যদিকে ইংরেজ সম্পদ্ ছিল বর্ধিষ্কৃ। তাই নিংসন্দেহে বলা চলে, "while the company's resources. with British state support were concentrated, relatively well organised, and expansive, those of India were divided, contracting rather than expanding and' irreplaceable after loss."

ভারতীয়দের বিভেদকামীতা ইংরেজদের ছিল আরেকটি স্থবিধা। প্রকৃতপক্ষে ভারতের ভৌগোলিক পরিস্থিতিটাই এমন যে এখানে বিচ্ছিন্নভাবে নানা জাতির বাস এবং নানা লংস্কৃতির বিকাশ সম্ভব হয়েছে। তাই প্রত্যেকটি গোটী একেকটি স্বত্তর জাতিতে রূপাস্থরিত হতে চেয়েছে, আভিজাত্যের গরিমায় নিজেকে স্বত্তর রাখতে চেয়েছে। তারপর একদা বিস্থৃতির অতল গর্ভে বিলীন হয়ে গিয়েছে। ফলে "There was never an Indian concept of the balance of power of stable states within the orbit of Indian Culture." অথচ এক বিশাল সাম্রাজ্য গঠন, এক ছত্রাধিপতি হওয়ার খ্যাতি অর্জন, এমন অভিজ্ঞতাও যে ভারতে নতুন নয় তার প্রমাণ রাজস্য বা অশ্যমধ যজের যুগ থেকে মোগল সাম্রাজ্য গঠন পর্যস্থ প্রচ্ব। তথাপি ভারতীয় রাখ্রীয় চেতনায় সংহতি বলে কিছু ছিল না, ছিল না সামগ্রিক শক্তিসাম্য অন্ধ্র রাখার কোন উত্যোগ।

তাই এই সময় যে জাতীয় চেতনা ইউরোপে অত্যস্ত প্রবল ভারতে ছিল তা চিন্তারও বাইরে। বরং "In India the horizontal divisions of caste and the vertical divisions of religion were more important than those of тасо" তাই দেখি, উচ্চ গাঙ্গেয় উপত্যকার রোহিলাগন কখনো একটি জাতিতে উনীত হতে পারলো না, কারণ ধর্ম ও সম্প্রদায় গত বিভেদের ফলে তারা ছিল স্থানীয় হিন্দু কৃষক ও ভৃস্বামীদের থেকে বিচ্ছিন। মাতৃভূমির প্রতি স্থগভীর আমুগত্য থাকা সংখ্যু রাজপুতগণ বিচ্ছিন্ন এক অভিজাত সম্প্রদায়ই থেকে গেল, কারণ "they could not unite physically and psychiacally with their immediate neighbours." শত্যিকারের জাতীয়তাবোধের স্ফুলিঙ্গ কেবলমাত্র আমরা দেখতে পাই মারাঠাদের মধ্যে। এর কারণও অস্পষ্ট নয়। তারা ভৌগোলিক দিক থেকেই বিচ্ছিন্ন একটি অঞ্চলে বসবাদ করতো, তাদের ভাষা ছিল এক, স্বাধীন চেতা ছিল তারা, বিদেশী মোগলদের হস্তক্ষেপে তারা ঐক্যবদ্ধ হয়েছিল, ইসলাম ধর্মের বিরোধিতায় তারা ঘনপিনদ্ধ হয়েছিল, আর শিবাজীর স্থযোগ্য বলিষ্ঠ নেতৃত্ব তাদের একটি জাতিতে পরিণত করেছিল। অ্থচ এই মারাঠা জাতিও মাত্র পঞ্চাশ বৎসরের মধ্যে নিজেদের ক্ষর করে ফেললো এবং তার কারণও ঐ গতারুগতিক—ক্ষুদ্র ব্যক্তিস্বার্থ, জাতি বৈষ্ম্য, পারস্পরিক সম্প্রীতি ইত্যাদি। সবচেয়ে ত্ঃথের হ'ল, এই জাতীয় চেতনার অভাব হেতু দেখা গিয়েছে যুগে যুগে ভারতীয় রাজ্মবর্গ তাদের নিজদেশীয় কোন প্রতিবেশী আক্রমণকারী বা শক্তির কাছে সাহাধ্যপ্রাথী হতে কখনে। কুঠাবোধ করেন নি।

এর সঙ্গে সংশ্ব যে প্রসঙ্গ এসে যায় তা হ'ল ভারতীয়দের ক্রমবর্ধমান দারিত্র।
মোগল শাসনকালে প্রচ্নর সম্পদ নিয়মিত সঞ্চিত হ'ত কেন্দ্রীয় সরকারের রাজকোষে।
মোগল শাসনকালে প্রচ্নর সম্পদ নিয়মিত সঞ্চিত হ'ত কেন্দ্রীয় সরকারের রাজকোষে।
ভাগ-বিলাসে মোগল স্থাটিগণ প্রচ্নর অর্থ বায় করেও, অবশিষ্ট অর্থ দিয়ে তাঁরা
ভাজন্যের সন্দেই দেশ শাসন বা বিদেশী আক্রমণ প্রতিহত করতে পারতেন।
স্বান্ধ্যনের সন্দেই দেশ শাসন বা বিদেশী আক্রমণ প্রতিহত করতে পারতেন।
কিন্তু মোগল যুগের শেষ ভাগে দীর্ঘকাল বাাপী মারাঠা, পারত্র ও আফগানদের
কিন্তু মোগল যুগের শেষ ভাগে দীর্ঘকায় করশার ক্রমশঃ শৃত্ত হয়ে যায়। ফলে দেশ
মোকাবিলা করতে গিয়ে মোগল রাজকোয় ক্রমশঃ শৃত্ত হয়ে যায়। ফলে দেশ
শাসনেও এল তুর্বলতা। এরই স্থযোগে কেন্দ্রীয় সরকারকে অবক্তা করবার সাহস
শাসনেও এল তুর্বলতা। এরই স্থযোগে কেন্দ্রীয় সরকারকে অবক্তা এমন পর্যায়ে গিয়ে
পেল বিভিন্ন প্রাদেশিক শাসনকর্তাগণ। শেষ পর্যন্ত অবক্তা এমন পর্যায়ে গিয়ে
পৌছালো যথন লুঠতরাজই ছিল সৈন্তবাহিনী পোষণ করার একমাত্র লক্ষ্য এবং এই
পৌছালো যথন লুঠতরাজই ছিল সৈন্তবাহিনী পোষণ করার একমাত্র লক্ষ্য এবং এই
পৌছালো যথন লুঠতরাজই ছিল সেন্তবাহিনী পোষণ করার একমাত্র লক্ষ্য এবং এই
পৌছালো যথন লুঠতরাজই ছিল অবধারিত। তাই সেনাপতিগণ শক্রদের চেয়েও
হলে সেনাপতিদের বিপর্যয় ছিল অবধারিত। তাই সেনাপতিগণ শক্রদের চেয়েও
হলে সেনাপতিদের তির্থব্য ছিল অবধারিত।


এই ছিল সামগ্রিক ভাবে সমসাময়িককালের ভারতীয় পরিস্থিতি এবং এমন পরিস্থিতিতে খুব সরল গাণিতিক নিয়মেই এসেছিল ইংরেজদের সহজ সাফলা। কিন্তু পরিস্থিতিতে খুব সরল গাণিতিক নিয়মেই এসেছিল ইংরেজদের সহজ সাফলা। কিন্তু তাহলেও সকল প্রশ্ন মীমাংসিত হ'ল না। অতঃপর যে প্রশ্ন অমীমাংসিত থেকে যায় তাহলেও সকল প্রশ্ন মীমাংসিত হ'ল না। অতঃপর যেও ইংরেজগণ নিজেদের মূল ভূথগুতা হ'ল, একটি সাধারণ বাণিজ্যিক সংস্থা হয়েও ইংরেজগণ নিজেদের মূল ভূথগু

থেকে বহুদূরবর্তী একটি পররাজ্য গ্রাদে উত্যোগী হ'ল কেন? পার্নিভাল স্পীয়ার বলেছেন, "The essential answer is commerce and vested interests."

এদেশে ইংরেডদের প্রধান বাণিজ্যিক দ্রব্য ছিল তুলা, মসলা, নীল, লবন প্রভৃতি। কোম্পানীর বাণিজ্য ছাড়াও পাশাপাশি গড়ে উঠেছিল কোম্পানীর কর্মচারীদের ব্যক্তিগত ব্যবসা এবং এই ব্যবসা-বাণিচ্চাগত কারণেই তারা ভারতে অষ্টাদশ শতাদীতে ফরাদীদের সদে সংঘাতে অবতীর্ণ হয়েছিল। আর এই সংঘর্ষের পরিণতিতে তাঁরা বিশ্বয়ের দক্ষে দেখলো, যুদ্ধ শুধু তাদের বাণিজ্যিক নিরাপতাই ছিল না, পরস্ত এক সামাজ্য গড়ে তোলার স্বর্ণদার উল্লুক্ত করে দিল। অবশ্রু ওয়ারেন হেক্টিংসের শাদনকাল পর্যন্ত তারা ভারতীয় সাম্রাজ্য সম্পর্কে এমন নিশ্চিত্ত-বোধ করে নি যার জন্ম কোন পরিচ্ছন্ন নীতি গ্রাহণ করতে পারে নি। কিন্তু এর পরের অবস্থা অন্ত রকম। তারা নিশ্চিত যে ভারতবর্ষ তাদেরই করতলগত। স্বতরাং এবার প্রয়োজন হ'ল এক মৌল প্রশ্ন বিচার করার। তা হ'ল, সমগ্র ভারতবর্ষ জয় করে তাকে শাসন করাই কম ব্যন্ত সাপেক্ষ না প্রস্পর বিবদ্মান ভারতের রাজ্য-গুলির অস্থিরতা ও অনি\*চয়তার স্থযোগ নেবার উদ্দে<del>খে বোধাই,</del> মাদ্রাঞ্<mark>জ ও</mark> কলকাতা এই তিন কেন্দ্রে স্থপজ্জিত সদাজাগ্রত সৈক্সবাহিনী পোষণ করাই অধিকতর ব্যয় সংকোচের স্থযোগ ? "The imperialist answer, represented by Lord Wellesley was an unhesitating 'March'." অব্ভা এই সময় নেপোলিয়নের ভারত আক্রমণের আশংকা ওয়েলেদ্লীর বক্তবাকে আরও জোরদার করে তুলেছিল। কিন্তু পিট ও তাঁর উত্তরস্ত্রীগণ যে ভারতে সাম্রাজ্যবাদী মনোভাবকে সমর্থন জানিয়ে ছিলেন তার পেছনে বাণিজ্যিক কারণই ছিল প্রধান। প্রকৃতপক্ষে এদেশের শাসন তান্ত্রিক ব্যয় নির্বাহ করে কোম্পানীর বাণিজা খুব লাভজনক ছিল না। বরং চীন দেশ থেকে চা আমদানী করে কোম্পানী অনেক বেশী লাভবান হ'ত। "While China provided tea for the company it was willing to take opium from India." আর এই আফিং চীন দেশে চোরা পথে চালান করে কোপ্পানীর লাভের পরিমাণ ক্রমশঃই স্ফীত হচ্ছিল। এবং এই বাণিজ্ঞাকে সচল ও সক্রিয় রাখার ভাগিদে প্রয়োজন ভারতের রাজনৈতিক কর্তৃত্ব দখল। অতএব "A cogent econcmic argument for the hegemony of India was the preservation of the china trade."

এভাবেই চলছিল এবং মান্ববের লোভ তো ক্রমবর্ধমান। লণ্ডনের ব্যবসায়ীগণ ভারতের আয়তন ও জনসংখ্যার বিচারে একটি বিরাট ব্যবসায় কেন্দ্রের সন্তাব্য ক্ষেত্র নিয়ে ক্রমশং প্রালুক হচ্ছিল। তারা দেখলো, কোম্পানীর একচেটিয়া বাণিজ্যিক অধিকার তাদের বাণিজ্যিক উচ্চাকাজ্ঞাকে চরিভার্থ করার একমাত্র প্রতিবন্ধক। অভএব তারা চাইলো, কোম্পানী রাজনৈতিক বিষয় নিয়ে ব্যতিব্যস্ত হোক্, আর এই স্থযোগে তারা তাদের ব্যক্তিগত ব্যবসাকে সম্প্রসারিত কক্ষক।

